সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী কৃষি যন্ত্রপাতি ও মৎস্য-সংক্রান্ত শুমারি

পশ্চিমবঙ্গ সরকার

ভিত্তি তারিখ : ১৫ই অক্টোবর, ২০০৩

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবেদন

১ম খণ্ড

(পশ্চিমবঙ্গ রাজ্য সমগ্র)

প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার
পশ্চিমবঙ্গ সরকার

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবেদন

১ম খণ্ড

(পশ্চিমবঙ্গ রাজ্য সমগ্র)

পশ্চিমবঙ্গ রাজ্য প্রতিবেদন ৪টি খণ্ডে বিভক্ত

প্রতিটি জেলার প্রতিবেদন এক বা একাধিক খণ্ডে বিভক্ত

বিষয়বস্তু, সন্নিবেশ এবং বিশ্লেষণ

তুষার রঞ্জন নাথ

উপ রাজ্য প্রাণী শুমারি আধিকারিক

সহযোগিতায়

ডঃ অরিন্দম কুণ্ডু এবং সুপ্রিয়া রায়

প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার, পশ্চিমবঙ্গ সরকার

কম্পিউটার প্রযুক্তিতে

শিল্পবার্তা প্রিন্টিং প্রেস লিমিটেড

(পশ্চিমবঙ্গ সরকারের অধীনস্থ)

২৫ ও ২৭ ক্যানাল সাউথ রোড

ট্যাংরা ইণ্ডাস্ট্রিয়াল এস্টেট

কোলকাতা- ৭০০ ০১৫

পশ্চিমবঙ্গ

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী কৃষি যন্ত্রপাতি ও মৎস্য-সংক্রান্ত শুমারি পশ্চিমবঙ্গ সরকার

ভিত্তি তারিখ : ১৫ই অক্টোবর, ২০০৩

প্রকাশক

অধিকর্তা, প্রাণী সম্পদ এবং প্রাণী স্বাস্থ্য অধিকার

প্রাণী সম্পদ বিকাশ বিভাগ

পশ্চিমবঙ্গ সরকার

মহাকরণ, ব্লক-এফ, ৫ম তল, কলকাতা-৭০০ ০০১

মুখ্যমন্ত্রী
পশ্চিমবঙ্গ

নং· ৩৯৬-পি.সি.এম.
২১ জানুয়ারি, ২০০৮

সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী শুমারির অঙ্গ হিসেবে পশ্চিমবঙ্গের গৃহপালিত প্রাণী, কৃষি-যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমারির ইংরেজি প্রতিবেদনের একটি বাংলা সংস্করণ শীঘ্রই প্রকাশিত হবে জেনে আনন্দিত হয়েছি। রাজ্য সরকারের প্রাণী সম্পদ বিকাশ বিভাগের এই উদ্যোগকে স্বাগত জানাই।

রাজ্যের প্রতিটি জেলার গ্রামাঞ্চল ও শহরাঞ্চলের যথাক্রমে মৌজা ও পাড়াভিত্তিক গৃহপালিত প্রাণীদের সম্পর্কে বিস্তারিত তথ্য-সংবলিত এই বইটি সংশ্লিষ্ট সকল পক্ষকে বিশেষভাবে সাহায্য করবে বলে আমি বিশ্বাস করি।

এই প্রকাশনাটির সঙ্গে যুক্ত সকলকে আন্তরিক শুভেচ্ছা জানাই।

(বুদ্ধদেব ভট্টাচার্য)

ANISUR RAHAMAN
MINISTER-IN-CHARGE

অবতরণিকা

পশ্চিমবঙ্গ সরকারেব প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার দ্বারা পরিচালিত সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমারি এ বাজ্যে যথাসময়ে সম্পন্ন হয়েছে, ১৫ই অক্টোবর ২০০৩ কে ভিত্তি তারিখ হিসেবে ধরে।

বর্তমান প্রতিবেদনটি (যার ইংরেজী সংস্করণ ও সি.ডি. প্রকাশিত হযেছে গত ২৪.২.২০০৬ তারিখে) প্রতি জেলার গ্রামাঞ্চল / শহবাঞ্চল ও মৌজা / পাড়া ভিত্তিক বিশদ তথ্য সমৃদ্ধ। এই রিপোর্টটির আরেক উল্লেখযোগ্য বৈশিষ্ট হ'ল গ্রামাঞ্চলেব ক্ষেত্রে মৌজা, গ্রাম পঞ্চায়েত, ব্লক, মহকুমা (গ্রামাঞ্চল) ও সর্বোপরি জেলা (গ্রামাঞ্চল) ভিত্তিক এবং শহবাঞ্চলের ক্ষেত্রে ওয়ার্ড, পৌব এলাকা, মহকুমা (শহবাঞ্চল) এবং জেলা (শহরাঞ্চল) ভিত্তিক প্রাণী সংক্রান্ত তথ্যের মানচিত্র সহ ভৌগোলিক তথ্য প্রযুক্তি ব্যবস্থার (GIS) প্রবর্তন - যা এ বাজ্যে এই প্রথম।

প্রাণী শুমারির এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করার জন্য যারা প্রশংসনীয় উদ্যোগ নিয়েছেন তাদের মধ্যে বিশেষভাবে উল্লেখ্য যুগ্ম অধিকর্তা (পরিসংখ্যান) ও অতিরিক্ত রাজ্য প্রাণী শুমারি আধিকারিক ডঃ পি.কে. ভট্টাচার্য্য, পবিসংখ্যান আধিকাবিক ও উপ-রাজ্য প্রাণী শুমারি আধিকারিক শ্রী তুষার বঞ্জন নাথ এবং প্রাণী সম্পদ বিকাশ বিভাগের অন্যান্য আধিকাবিক ও কর্মচারী। সংশ্লিষ্ট সকলকে আমি ধন্যবাদ ও কৃতজ্ঞতা জানাই।

তথ্য সমৃদ্ধ, প্রামাণ্য এই প্রতিবেদন প্রাণী পালন ক্ষেত্রে কর্মরত গবেষকদেব কাজে ও এই ক্ষেত্রের পরিকল্পনা প্রণেতাদের উন্নযনমূলক খসড়া তৈবিতে, বিশেষ কবে ত্রিস্তর পঞ্চায়েতেব কর্মকর্তা সহ সকল সদস্য / সদস্যাদের ও সর্বোপরি প্রাণী সম্পদ বিকাশ বিভাগ ও সংশ্লিষ্ট সকল বিভাগের কর্মী আধিকারিকদের বিশেষ সাহায্য করবে বলে আমি আশা রাখি।

কলকাতা
১৮ই ডিসেম্বর, ২০০৭

(আনিসুর রহমান)

দিলীপ কুমার চক্রবর্তী, আই.এ এস
প্রধান সচিব
প্রাণী সম্পদ বিকাশ বিভাগ
পশ্চিমবঙ্গ সরকার
মহাকরণ, কলকাতা-৭০০ ০০১
ফোন / ফ্যাক্স (০৩৩) ২২১৪ ৩৬৯০/২২১৪ ৫০০৬

DILIP KUMAR CHAKRABORTY, I.A.S.
Principal Secretary
Animal Resources Development Department
Government of West Bengal
Writers' Buildings, Kolkata 700 001
Tele/Fax (033) 2214 3690/2214 5006

এটি পশ্চিমবঙ্গ বাজ্যের সপ্তদশ প্রাণী শুমারির (ভিত্তি তারিখ ১৫.১০.২০০৩) পূর্ণাঙ্গ ও সম্পূর্ণ প্রতিবেদন । প্রতি জেলাব মৌজা / পাড়া স্তর পর্যন্ত গৃহপালিত প্রাণী ও মুবগির সংখ্যা, কৃষি যন্ত্রপাতি, মৎস্য চাষ এবং প্রাণী পালন ও মৎস্য চাষের পবিকাঠামো সম্পর্কিত প্রামাণ্য ও সাম্প্রতিক তথ্য সম্বলিত এই প্রতিবেদন প্রমাণ কবে যে শুমারি পরিচালনা ও সংগৃহীত তথ্যাদি প্রকাশ করা উভয় ক্ষেত্রেই উল্লেখযোগ্য পারদর্শিতা ও তৎপরতার প্রতিফলন ঘটেছে।

প্রাণী সম্পদ বিকাশ দপ্তরের আধিকারিক ও কর্মীদের নিরন্তর সহযোগিতা ও কঠোর পবিশ্রম ছাড়া তথ্য সংগ্রহ ও প্রতিবেদন প্রকাশনার কাজ যথাসময়ে সম্পন্ন করা সম্ভব হত না। এই কাজে বিভাগেব যুগ্ম অধিকর্তা (পরিসংখ্যান) ও অতিবিক্ত বাজ্য প্রাণী শুমারি আধিকারিক ডঃ পি.কে. ভট্টাচার্য এবং পরিসংখ্যান আধিকারিক ও উপ-রাজ্য প্রাণী শুমারি আধিকারিক শ্রী টি.আর. নাথেব আন্তরিক প্রচেষ্টার কথা বিশেষ উল্লেখেব দাবী রাখে ।

প্রাণী শুমারি সংক্রান্ত তথ্য যাদের কাজের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও প্রাসঙ্গিক, তাদেব কাজে এই বিপুল ও প্রামাণ্য তথ্যাবলীর উপযোগিতা অনস্বীকার্য হবে এই আশা রাখি ।

কলকাতা

ডিসেম্বব, ২০০৭

(দিলীপ কুমার চক্রবর্ত্তী)

ডাঃ দিলীপ কুমার দাস
অধিকর্তা
প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকাব
পশ্চিমবঙ্গ সরকার
কার্যালয়
মহাকরণ, ব্লক এফ (৫ম তল), কলকাতা ১ এবং
নব মহাকরণ (৪র্থ তল), ১, কে এস রায় রোড, কলকাতা ১
দূরভাষ (০৩৩)২২৪৮ ৫৫৪৫/৬২৭১, ২২৪৩ ৯২৮৪ সম্প্রসারণ ৩০৩৫
মোবাইল ৯৩৩১২৭৫৫১১
ফ্যাক্স (০৩৩) ২২৪৮-৫৫৪৫/২২৪৩ ৯২৮৪
ই মেল ডিএএইচভিএসডব্লিউবি@রেডিফমেল কম

DR. DILIP KUMAR DAS
Director of Animal Husbandry &
Veterinary Services, West Bengal
Government of West Bengal
Office :
Writers' Buildings, Block-F (4th Floor), Kolkata-1
and New Secretariat Buildings (3rd Floor)
1, K S Ray Road, Kolkata-1
Tel (033)2248-5545/6271,2243-9284 Ext 3035
Mobile 9331275511
Tele Fax (033) 2248-5545/2243 9284
E mail dahvswb@rediffmail.com

ভূমিকা

পশ্চিমবঙ্গে সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমাবি পরিচালনা করাব সম্পূর্ণ দাযিত্ব প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকারের। শুমারির অন্তর্ভূক্ত বিষয়গুলি হল সম্পূর্ণ গণনা, তদারকি, গণনা ও ছক তৈরি, সম্পূর্ণ তথ্য কম্পিউটারে নথিভূক্ত করা, এ সংক্রান্ত সফ্‌টওয়্যার তৈরি করা এবং যথাসময়ে প্রতিবেদন পেশা করা। ভাবত সরকাব রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চল সমূহেব কাজের মধ্যে সমন্বয় রক্ষা করে এবং তথ্য সংগ্রহ ও সংকলনের ক্ষেত্রে প্রয়োজনীয় পথ নির্দেশ করে।

প্রাণী শুমারির বিভিন্ন বিষয় সম্পর্কে পূর্ব ধারণা ও সংজ্ঞার কিছু কিছু সূক্ষ্ম পরিবর্তন হেতু প্রতি শুমারিতেই কাজের সুযোগ ও পরিধি বৃদ্ধি পায়। এই বছরেও খরগোশ ও সংকর গরুর প্রজাতি ভিত্তিক তথ্য নতুন সংযোজন হয়েছে।

এই বিভাগের সেইসব কর্মচারী ও আধিকারিক, যারা বাড়তি দায়িত্ব নিয়ে প্রাণী শুমারিব কাজ সুসম্পন্ন করেছেন, তাদের উদ্যোগ সর্বতোভাবে প্রশংসনীয়।

একথা উল্লেখ্য যে যুগ্ম অধিকর্তা, প্রাণী সম্পদ বিকাশ (পরিসংখ্যান) এবং অতিরিক্ত বাজ্য প্রাণী শুমারি আধিকারিক ডঃ পি.কে. ভট্টাচার্যের সঠিক পথ নির্দেশ এবং পরিসংখ্যান আধিকারিক ও উপ রাজ্য প্রাণী শুমাবি আধিকারিক শ্রী টি.আর. নাথ ও অধিকারের অন্যান্য আধিকারিক ও কর্মীদের অক্লান্ত প্রচেষ্টা এই কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন করতে সাহায্য করেছে।

নিঃসন্দেহে এই শুমারি লব্ধ তথ্যাবলী প্রাণী পালন, মুরগি পালন, কৃষি ও গ্রামোন্নয়ন ক্ষেত্রে গবেষণাবত অসংখ্য গবেষক ও পরিকল্পনা প্রণেতাদের কাজে লাগবে। পশ্চিমবঙ্গে মাইক্রো স্তরে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নের ক্ষেত্রে এই প্রতিবেদনে প্রকাশিত তথ্যাদি কাজে লাগানো গেলে তবেই এই প্রকাশনার উদ্দেশ্য ও প্রচেষ্টা সার্থক হবে

প্রবীর কুমার ভট্টাচার্য্য
এম.এস.সি. (পরিসংখ্যান), পি.এইচ.ডি.
যুগ্ম অধিকর্তা, প্রাণী পালন (পরিসংখ্যান)
প্রাণী সম্পদ ও প্রাণী স্বাস্থ্য অধিকার
পশ্চিমবঙ্গ সরকার
মহাকরণ, ব্লক-এফ, ৫ম তল, কলকাতা-১
দূরভাষ : (০৩৩) ২২৫৪-৪২৬৩

P.K. BHATTACHARJEE
M.Sc. (Statistics), Ph.D.
Joint Director of Animal Husbandry (Statistics)
Directorate of Animal Resources & Animal Health
Government of West Bengal
Writers' Buildings,
Block-F, 4th Floor, Kolkata-1
Phone : (033) 2254-4263

সপ্তদশ প্রাণী শুমারির প্রযুক্তিগত দিক

গৃহপালিত প্রাণীব মোট সংখ্যা এবং এব নানা প্রজাতিগত ভিত্তি সম্বন্ধে সম্যক ধাবণা করাব একমাত্র গুরুত্বপূর্ণ ও নির্ভবযোগ্য উৎস হল প্রাণী শুমাবি। ভিত্তি তারিখ ১৫.১০.২০০৩ ধবে ভারত সবকারেব কৃষি মন্ত্রকেব অধীন প্রাণী পালন, দোহ ও মৎস্য বিভাগ ১৭তম এই প্রাণী শুমারি পরিচালনা করে।

বিভিন্ন বাজ্যে ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলিতে সংশ্লিষ্ট সরকার এই শুমাবি সম্পাদনার দায়িত্বে থাকে। এটি মূলতঃ পবিসংখ্যান ভিত্তিক একটি ব্যাপক কর্মকাণ্ড । একই সঙ্গে প্রাণী সম্পদ উন্নযন মূলক বিবিধ কর্মসূচী রূপায়নের জন্য রাজ্যেব ও দেশেব গৃহপালিত প্রাণীর সংখ্যার গঠনগত বা কাঠামো সম্পর্কে ধাবণা করার ক্ষেত্রেও এই শুমাবি একান্ত অপবিহার্য। এই শুমাবি প্রাণী গণনা ছাড়াও মৎস্য ও কৃষি যন্ত্রপাতি বিষয়েও তথ্য সংগ্রহ করে।

১৯১৯-২০ সালে প্রথম প্রাণী শুমারি শুরু হয় এবং পববর্তী শুমারি প্রতি ৫ বছর অন্তব করা হযে থাকে। এ পর্যন্ত মোট ১৭টি প্রাণী শুমারি সম্পন্ন হয়েছে।

পশ্চিমবঙ্গে সংকব গরুর প্রজাতি ভিত্তিক তথ্য এবং খরগোশের তথ্য সর্বপ্রথম সংগৃহীত হয সপ্তদশ প্রাণী শুমারিতে। জার্সি, হলস্টিন ইত্যাদির মত স্বীকৃত প্রজাতির গবাদি প্রাণীর ক্ষেত্রে আগের বারের মত বর্তমান রিপোর্টেও সংকব এবং দেশি গরুকে একত্র করা হয়েছে · যাতে অতীতেব অবস্থার সাথে একটি তুলনামূলক বিশ্লেষণ কবা যায়।

প্রতিটি বাড়ির জন্য যে প্রশ্নেব তালিকা তৈরী কবা হয়েছে তা থেকে বাড়ি পিছু মোট ২৮৮টি বা আরো বেশি বিষয়ে তথ্য সংগ্রহ করা সম্ভব হবে। এছাড়াও প্রতিটি মৌজা এবং ওয়ার্ড থেকে গবাদি প্রাণী এবং মৎস্য এই দুটি ক্ষেত্রের পরিকাঠামো সম্বন্ধেও কিছু তথ্য পাওয়া সম্ভব হয়। ফিল্ড ওয়ার্কারবা বাড়ি বাড়ি গণনার মাধ্যমে বাড়ি ও প্রতিষ্ঠান, সংস্থাভিত্তিক গবাদি প্রাণী, কৃষি যন্ত্রপাতি, মাছ ধরার সরঞ্জাম ও নৌকো ইত্যাদির (সেই সঙ্গে মৎস্য চাষ ও সংশ্লিষ্ট ক্ষেত্রে মোট কতজন নিযুক্ত আছেন তাবও হিসেব পাওয়া যায়) মোট সংখ্যা সুনিশ্চিত করে।

বাড়ি বাড়ি ঘুরে তথ্য সংগ্রহের প্রাথমিক স্তরের এই কাজ প্রধানত প্রাথমিক সমীক্ষা কর্মীরা করে থাকেন । যাদেব নিয়োগ করা হয় প্রাণী সম্পদ বিকাশ বিভাগ এবং প্রাণীবন্ধুদের মধ্য থেকে।

রাজ্যের সবকটি জেলাতে নির্দেশিকা সম্বলিত পুস্তিকা পাঠানো হয়েছে। ভারত সরকারের প্রাণী পালন, দোহ ও মৎস্য বিভাগের অধিকর্তার উপস্থিতিতে রাজ্য সদরে রাজ্য স্তরের প্রশিক্ষক-প্রশিক্ষণ আযোজিত হয়েছিল । রাজ্য স্তরের প্রাণী শুমারি আধিকারিকগণ, হেড কোয়ার্টারের পরিসংখ্যান শাখার আধিকারিকগণ প্রশিক্ষণ দেন ব্লক, পৌরসভা ও মহকুমা প্রাণী শুমারি আধিকারিকদের। একটি ট্যাবুলেশন পুস্তিকা প্রস্তুত করা হয়েছে এবং সবকটি জেলায় সেটি পাঠানো হয়েছে ট্যাবুলেটেড ফর্মে তথ্য সংগ্রহের জন্য।

প্রাণী শুমাবিব চাবটি স্তব আছে - গবাদি প্রাণী, হাঁস মুবগি, কৃষি যন্ত্রপাতি এবং মৎস্য সংক্রান্ত তথ্য। এই চাবটি পর্যাযে একত্রে প্রচুর তথ্য সংকলন কবতে হয বলে এই কাজের উপযোগী একটি কম্পিউটাব সফ্‌টওয়্যাব তৈবি করা হযেছে (Livestock Census Mangement System)। পশ্চিমবঙ্গে সর্ব প্রথম এই শুমারিব কাজে ব্যবহৃত হয়েছে GIS (ভৌগোলিক তথ্য ব্যবস্থা) প্রযুক্তি যাব সাহায্যে রাজ্যেব প্রতিটি জেলাব প্রতিটি স্তবে গবাদি প্রাণী সংক্রান্ত তথ্যাদি ডিজিটাল মানচিত্রেব মাধ্যমে সাজানো হযেছে। সপ্তদশ সর্বভারতীয় গৃহপালিত প্রাণী, কৃষি যন্ত্রপাতি ও মৎস্য সংক্রান্ত শুমাবিতে যাবতীয় তথ্য (মৌজা, পাড়া স্তব পর্যন্ত) প্রস্তুত কবা হযেছে। এছাড়াও জেলাভিত্তিক বঙিন গ্রাফ এবং বিভিন্ন প্রাসঙ্গিক লেখা বাজ্যেব গবাদি প্রাণী সংক্রান্ত এক পূর্ণাঙ্গ চিত্র তুলে ধবে।

বাজ্যেব প্রাণী সম্পদ বিকাশ বিভাগেব মাননীয মন্ত্রী শ্রী আনিসুব বহমান, এই বিভাগের সচিব শ্রী এস.কে. দাস, আই.এ.এস., এবং ডাঃ এস.কে. দাশগুপ্ত, অধিকর্তা-কে আমি আন্তবিক ধন্যবাদ জানাচ্ছি। এদেব মূল্যবান পবামর্শ ছাড়া একাজ কবা সম্ভব হত না।

ডাঃ দিলীপ কুমাব দাস, মুখ্য কার্য নির্বাহী আধিকাবিক, পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থা-কেও ধন্যবাদ জানাই তথ্য সংগ্রহেব কাজে প্রাণীবন্ধুদেব নিযোগে তাব সহযোগিতা এবং উৎসাহেব জন্য।

ডঃ এস. পান বীডাব, পশ্চিমবঙ্গ প্রাণী ও মৎস্য বিজ্ঞান বিশ্ববিদ্যালয, গবাদি প্রাণী প্রজাতিগুলিব বিবরণ সম্বলিত একটি মূল্যবান লেখা, জেলাভিত্তিক গবাদি প্রাণীব বিন্যাস এবং অন্যান্য গবেষণামূলক লেখা দিযে অকুণ্ঠ সাহায্য কবেছেন।

প্রকৃতপক্ষে রাজ্যের প্রাণী সম্পদ বিকাশ বিভাগেব কর্মচাবী ও আধিকারিকদেব সম্মিলিত প্রয়াস ছাড়া এই তথ্য সংগ্রহ ও সংকলনেব কাজ সম্ভব হত না।

শ্রী টি.আব. নাথ, পবিসংখ্যান আধিকাবিক এবং উপ-বাজ্য প্রাণী শুমাবি আধিকাবিক অত্যন্ত নিষ্ঠা ও দৃঢ়তাব সাথে সপ্তদশ শুমাবিব পূর্ণাঙ্গ প্রতিবেদন সম্বলিত বইগুলি ন্যূনতম সম্ভাব্য সময়ে প্রকাশ করাব লক্ষ্যে অবিচল থেকেছেন। উনি কম্পিউটাবেব মাধ্যমে তথ্য সংকলনেব কাজ, ডিজিটাল মানচিত্র তৈবি, বিশ্লেষণমূলক গ্রাফ, চার্ট, সাবণি ইত্যাদি প্রস্তুত কবেছেন। তিনি ডঃ অবিন্দম কুণ্ডু, সিনিযব টেকনিক্যাল অ্যাসিস্ট্যান্ট (পবিসংখ্যান) ও শ্রীমতি সুপ্রিয়া বায, বাংলা অনুবাদক-এব সহযোগিতায় প্রতিটি জেলাব পরিচিতি তৈরি কবেছেন। শ্রীমতি সুপ্রিযা রায় সার্বিকভাবে পশ্চিমবঙ্গ রাজ্যেব এবং পৃথকভাবে ১৯টি জেলাব প্রতিটিব তথ্য সমৃদ্ধ বিশদ ভূমিকা বা পবিচযলিপি তৈবি কবে এক গুরু দাযিত্ব পালন করেছেন। সেই সঙ্গে এই বিভাগের অন্যান্য আধিকারিক ও কর্মীদেরও জানাই আন্তবিক ধন্যবাদ, কারণ তাদেব অক্লান্ত সহযোগিতা ছাড়া স্বল্প সমযে এই বিপুল কাজ সম্পন্ন কবা সম্ভব হত না।

বই ছাপানো, কম্পিউটাবাইজড ট্যাবুলেশন ইত্যাদি কাজ সুষ্ঠুভাবে সম্পন্ন কবাব জন্য শিল্পবার্তা প্রিন্টিং প্রেসকেও ধন্যবাদ জানাই।

আশা বাখি, প্রাণী শুমারিব প্রতিবেদনে প্রকাশিত বিপুল ও বহুবিধ তথ্য সম্ভার সংশ্লিষ্ট ক্ষেত্রের বিজ্ঞানী, গবেষক, তথ্য সংগ্রহকারী ও সরকারি নীতি নির্ধাবকদের গুরুত্বপূর্ণ কাজে বিশেষভাবে সাহায্য কববে।

প্রবীর কুমার ভট্টাচার্য

(প্রবীর কুমার ভট্টাচার্য্য)

যুগ্ম অধিকর্তা, প্রাণী পালন (পরিসংখ্যান)

এবং

অতিরিক্ত রাজ্য প্রাণী শুমারি আধিকারিক,

সপ্তদশ প্রাণী শুমারি, পশ্চিমবঙ্গ

কলকাতা

ডিসেম্বব, ২০০৭

সূচীপত্র

জেলা ও মহকুমা ভিত্তিক পশ্চিমবঙ্গ
সিকিম
ভু টা ন
নেপাল
দার্জিলিং
জলপাইগুড়ি
কুচবিহার
অসম
উঃ
পঃ
পূঃ
দঃ
উত্তর দিনাজপুর
বিহার
দক্ষিণ দিনাজপুর
মালদা
বাংলাদেশ
মুর্শিদাবাদ
বীরভূম
ঝাড়খণ্ড
বর্ধমান
নদীয়া
পুরুলিয়া
বাঁকুড়া
হুগলী
উত্তর ২৪ পরগনা
হাওড়া
কলকাতা
পশ্চিম মেদিনীপুর
পূর্ব মেদিনীপুর
দক্ষিণ ২৪ পরগনা
ওড়িশা
ব ঙ্গো প সা গ র

পশ্চিমবঙ্গের মহকুমাসমূহ

কুচবিহার জেলা
০১ কুচবিহার (সদর)
০২ দিনহাটা
০৩ মাথাভাঙ্গা
০৪ মেখলিগঞ্জ
০৫ তুফানগঞ্জ

জলপাইগুড়ি জেলা
০১ আলিপুরদুয়ার
০২ জলপাইগুড়ি (সদর)
০৩ মাল

দার্জিলিং জেলা
০১ দার্জিলিং সদর
০২ কালিম্পং
০৩ কার্শিয়াং
০৪ শিলিগুড়ি

উত্তর দিনাজপুর জেলা
০১ ইসলামপুর
০২ রায়গঞ্জ

দক্ষিণ দিনাজপুর জেলা
০১ বালুরঘাট
০২ গঙ্গারামপুর

মালদা জেলা
০১ মালদা সদর
০২ চাঁচোল

মুর্শিদাবাদ জেলা
০১ বহরমপুর
০২ জঙ্গীপুব
০৩ কান্দি
০৪ লালবাগ
০৫ ডোমকল

নদীয়া জেলা
০১ কল্যানী
০২ কৃষ্ণনগর সদর
০৩ রানাঘাট
০৪ তেহট্ট

উত্তর ২৪ পরগনা জেলা
০১ বারাসাত সদর
০২ বারাকপুর
০৩ বসিরহাট
০৪ বনগাঁ
০৫ বিধাননগর

দক্ষিণ ২৪ পরগনা জেলা
০১ আলিপুর সদর
০২ বারুইপুর
০৩ ক্যানিং
০৪ ডায়মণ্ডহারবার
০৫ কাকদ্বীপ

হাওড়া জেলা
০১ হাওড়া সদব
০২ উলুবেড়িয়া

হুগলী জেলা
০১ আরামবাগ
০২ চন্দননগর
০৩ চুঁচুড়া
০৪ শ্রীরামপুব

পূর্ব মেদিনীপুর জেলা
০১ কাঁথি
০২ হলদিয়া
০৩ তমলুক সদব
০৪ এগবা

পশ্চিম মেদিনীপুর জেলা
০১ ঘাটাল
০২ ঝাড়গ্রাম
০৩ খড়গপুব
০৪ মেদিনীপুব সদর

পুরুলিয়া জেলা
০১ পুরুলিয়া সদর (পূর্ব)
০২ পুরুলিয়া সদর (পশ্চিম)
০৩ রঘুনাথপুর

বাঁকুড়া জেলা
০১ বাঁকুড়া সদর
০২ বিষ্ণুপুর
০৩ খাতরা

বর্ধমান জেলা
০১ আসানসোল
০২ বর্ধমান সদর (দক্ষিণ)
০৩ বর্ধমান সদর (উত্তর)
০৪ দুর্গাপুর
০৫ কালনা
০৬ কাটোয়া

বীরভূম জেলা
০১ বোলপুর
০২ রামপুরহাট
০৩ সিউড়ী সদর

পশ্চিমবঙ্গের নদী, সড়ক ও রেল পথ

মানবজগৎ ও প্রাণীজগতের পরস্পর নির্ভরশীলতা

তুষার রঞ্জন নাথ
উপ-রাজ্য প্রাণী শুমারি আধিকারিক

খাদ্য, বস্ত্র ও বাসস্থানের [illegible] মানব জগতের নিরলস প্রচেষ্টার অপরিহার্যতা মানুষকে প্রাণীপালনে আকৃষ্ট করেছে। এই দুই জগতের [illegible] প্রকৃতপক্ষেই আমাদের জ্ঞান ও জানাব পরিধিতে এক বিস্ময়কর সংযোজন। বস্তুত গভীরতব বিশ্লেষণ, পুঙ্খানুপুঙ্খ নিরীক্ষা এবং বিশদ গবেষণা এই বিষয়ে নানা প্রাসঙ্গিক আবিষ্কার, অজানা তথ্য উদঘাটিত করে চলেছে [illegible] এবং বিষয়টির প্রতি গভীর আগ্রহ তৈরি করে। এই দুই জগতের পরস্পরের অভিমুখে যে একটি নিরন্তর প্রবাহ [illegible] থেকে এই দুই জগতের মধ্যে একটি অভূতপূর্ব সমতারক্ষাকাবী চক্রের অস্তিত্বের সন্ধান পাওয়া যায় [illegible] জৈবিক, পরিবেশ বিষয়ক এবং আর্থিক- সবদিকেই বর্তমান। এইভাবেই মানুষ এবং গবাদি প্রাণী [illegible] ঘনিষ্ঠ সম্পর্ক প্রতিষ্ঠিত করা সম্ভব হয় এবং এই দুই জগত একে অন্যের পরিপূরক হয়ে ওঠে।

বিভিন্ন জনগণনাবর্ষে ভারত ও পশ্চিমবঙ্গের জনসংখ্যা			
জনগণনা বছর	১৯৫১	১৯৮১	২০০১
সমগ্র ভারতের জনসংখ্যা (লাখে)	৩৬১০	৬৮৩৩	১০২৭০
পশ্চিমবঙ্গের জনসংখ্যা (লাখে)	২৬৩	৫৪৬	৮০২
পশ্চিমবঙ্গের অনুপাত (%)	৭.২৯%	৭.৯৯%	৭.৮১%

ফ্লোচার্টের গভীরে যাওয়ার আগে আমরা যে পারিভাষা দুটি ব্যবহার করেছি তাদের অর্থ বোঝা দরকার। মানুষের অর্থনৈতিক ও সামাজিক অবস্থানের উর্ধ্বে তার সামাজিক প্রয়োজন, চাহিদা এবং কাজকর্ম নিয়েই মানবজগৎ। গবাদি প্রাণীজগৎ বলতে গরু, মোষ, ছাগল, ভেড়া, হাঁস, মুরগিসহ অন্যান্য গৃহপালিত প্রাণী এবং বানিজ্যিকভাবে পালন করা যায় এমন আরও কিছু পাখিকেও ধরা হয়।

২০০৩ প্রাণীশুমারি বর্ষে গবাদি প্রাণীর সংখ্যা (লাখে)						
	গরু	মোষ	ভেড়া	ছাগল	শূকর	হাঁস-মুরগী
সমগ্রবিশ্বে	১৩৭১১	১৭০৭	১০২৪০	৭৬৭৯	৯৫৬০	--
সমগ্র ভারতে	১৮৫১.৮১	৯৭৯.২২	৬১৪.৬৯	১২৪৩.৫৮	১৩৫.১৯	৪০৭৩.৫৮
বিশ্বের তুলনায় (%)	১৩.৫১%	৫৭.৩৬%	৬.০০%	১৬.১৯%	১.৪১%	--
পশ্চিমবঙ্গে	১৭৯.৮৪	৮.৭৬	১৪.১১	১১৭.৫৭	৮.৯৯	৫১১.১৫
ভারতের তুলনায় (%)	৯.৭১%	০.৮৯%	২.৩০%	৯.৪৫%	৬.৬৫%	১২.৫৫%

প্রাণীজগতের উৎপাদন ও প্রত্যক্ষ পরিষেবা : আমাদের আলোচনা শুরু করা যাক, গবাদি প্রাণী কীভাবে প্রত্যক্ষভাবে মানব জগতকে প্রভাবিত করে, সেই বিষয় থেকে। গরু-বলদ জাতীয় প্রাণীদের কৃষিক্ষেত্রে এক উল্লেখ্য ভূমিকা আছে, কারণ এরা একদিকে চাষকে চাষের কাজে সরাসরি সাহায্য করে এবং অন্যদিকে যাতায়াতের কাজেও লাগে। গ্রামাঞ্চলে বলদ টানা গাড়ি মাল পরিবহনের কাজে ব্যবহার করা হয়। এছাড়া এই জাতীয় প্রানীরা ঘানিতে, সেচের কাজে এবং ইঁট ভাটাতে প্রত্যক্ষ শ্রমের জন্য ব্যবহৃত হয়। সর্বোপরি বিভিন্ন প্রাণীজ উৎপন্নদব্য একদিকে মানুষের কাজে অপরিহার্য তার প্রয়োজনীয় অতি দৈনন্দিন পুষ্টির জন্য, অন্যদিকে গুরুত্বপূর্ণ জীবিকাসংস্থানের জন্য। হাঁস, মুরগি, থেকে মাংস, ডিম পাওয়া যায়। গরু, ছাগল, শূকর ইত্যাদি প্রাণীরা মানুষের বিভিন্ন গুরুত্বপূর্ণ কাজে লাগে। দুগ্ধজাত ঘি, মাখন, চিজ, গুঁড়ো বা ঘন করা দুধ মানুষের খাদ্য তালিকায় অপরিহার্য সংযোজন, কারণ এগুলি প্রোটিন-এবং স্নেহ পদার্থ সমৃদ্ধ।

মানবজগৎ ও প্রাণীজগতের মধ্যে সমতারক্ষাকারী চক্র

পণ্য ও পরিষেবা তীর চিহ্নের অভিমুখে বহমান।
অর্থের গতি বিপরীতমুখী।

দই এবং বিভিন্ন ধরনের মিষ্টি ও অত্যন্ত জনপ্রিয়। কিছু শ্রেণির মানুষের কাছে শূকরের মাংসও অত্যন্ত উপাদেয় বলে পরিগণিত হয়। শূকরের মাংস থেকে তৈরি হ্যাম, বেকন যেমন জনপ্রিয়, তেমনি হোটেল, রেষ্টুরেন্টে শূকরের মাংসের চাহিদা যথেষ্ট। রাস্তার ধারের স্ন্যাক্সবার, রোলের দোকান এবং চটজলদি খাবার দোকানগুলি নিয়মিত এই মাংস কিনে থাকে। ছাগল পালনও লাভজনক পরিগণিত হয়। বিশেষ বিশেষ শ্রেণীর মানুষের কাছে গরুর মাংসের চাহিদাও খুব বেশি।

পশ্চিমবঙ্গে মানুষ ও গবাদি প্রাণীর সংখ্যার তুলনা (২০০২-০৩)

	সংখ্যা (লক্ষ)	ঘনত্ব পতি বর্গ কি.মি.	১০০টি বাড়ি পিছু সংখ্যা	গ্রামাঞ্চলে সংখ্যার অনুপাত (%)	গ্রাম পিছু গড় সংখ্যা
মানুষ	৮১৮.২৫	৯২২	৫১১	৭২.৫২%	১৫৬৫
সংকর গরু	১০.৩৮	১২	৭	৮৪.০৫%	২৩
দেশি গরু	১৭৬.৭২	১৯৯	১১০	৯৭.০৩%	৪৫২
মোট গরু	১৮৭.১০	২১১	১১৭	৯৬.৩৪%	৪৭৫
মহিষ	১০.১৯	১১	৬	৯৩.২৯%	২৫
ভেড়া	১৪.৬৩	১	৯	৯৮.৪৮%	৩৮
ছাগল	১৮৫.৭৯	২০৯	১১৬	৯৬.৭৯%	৪৭৪
শূকর	১২.৪৫	১	৮	৯৩.৩৪%	৩১
মুরগি	৩৭৮.৫৫	৪২৭	২৩৬	৯৩.৩৫%	৯৩২
হাঁস	১৬৭.০১	১৮৮	১০৪	৯৬.৯৫%	৪২৭

পশ্চিমবঙ্গের মোট বাড়ির কত শতাংশে কী ধরনের গৃহপালিত প্রাণী আছে

	গরু	মহিষ	ভেড়া	ছাগল	শূকর	কুকুর	দেশি মুরগি	উন্নত মুরগি	হাঁস	এগুলির মধ্যে যে কোনও ধরনের গৃহপালিত প্রাণী
গ্রামাঞ্চল	৫১.৬% (৩.২৫)	৪.০% ২.৪১%	৩.২% (৪.৬৯)	৩৬.৩% (৩.৯৭)	২.৪% (৪.১২)	৯.৬% (১.৭৬)	৪৩.৬% (৫.৬৭)	১.৪% (৩৪.০৭)	২৮.৬% (৪.২৯)	৭৩.০%
শহরাঞ্চল	৭.৬% (২.৩২)	(০.৬%) (৩.৮৭)	০.৩% (২.৯০)	৫.৬% (২.৯২)	১.০% (২.৪৮)	৫.৪% (১.৬৮)	৭.১% (৬.০১)	০.৮% (৩৫.৮৮)	৩.৫% (৩.৭২)	২০.৫%
মোট পশ্চিমবঙ্গ	৪১.৬% (৩.২১)	৩.২% ২.৪৮%	২.৬% (৪.৬৪)	২৯.৩% (৩.৯২)	২.১% (৩.৯৫)	৮.৬% (১.৭৫)	৩৫.৩% (৫.৬৮)	১.২% (৩৪.৩৪)	২২.৯% (৪.২৮)	৬১.১%

বিভিন্ন প্রজাতির গাভীর দুধ উৎপাদন

	সংকর গরুর দুধ	দেশি গরুর দুধ	মোট গরুর দুধ	মহিষের দুধ	ছাগলের দুধ	মোট দুধ
পশ্চিমবঙ্গে বার্ষিক উৎপাদন (২০০২-০৩) লক্ষ টন	৯.৬৪	২২.২২	৩১.৮৬	২.৯৭	১.১৭	৩৬.০০
ভারতে পশ্চিমবঙ্গের অনুপাত (%)	৮.০৭%	১১.৬৪%	১০.২৩%	০.৭৮%	৩.৬২%	৪.৭৭%
ভারতে দুধ দেওয়া প্রাণী পিছু দৈনিক উৎপাদন (কিঃ গ্রাম)	৬.৪৬০	১.৮৯০	-	৩.৯১০	০.৩০০	-

গবাদি প্রাণীজাত উৎপন্নদ্রব্য সম্পর্কে আলোচনা করতে গিয়ে এই ক্ষেত্রটির বিভিন্ন দিক উল্লেখ করা প্রাসঙ্গিক। প্রতিটি গৃহপালিত প্রাণীই বিভিন্ন শিল্পের জন্য অপরিহার্য নানা ধরনের কাঁচামাল যোগান দিয়ে থাকে। হস্তশিল্প তৈরিতে যেমন পাখির পালক কাজে লাগে। মাংসের জন্য কাটা প্রাণীদেহের বিভিন্ন অংশ থেকে চামড়ার জুতো ব্যাগ, ছুরির হাতল, আঠা, মোমবাতি, আসবাব, পশমের জামা কাপড় ইত্যাদি তৈরি হয়। বর্তমানে চামড়াজাত বিভিন্ন সামগ্রী, গুঁড়ো দুধ, মাখন, ওষুধ, পশম, চকোলেট, কার্পেট ইত্যাদির শিল্প যথেষ্ট সমৃদ্ধ। রপ্তানি এবং অভ্যন্তরীণ ব্যবহার উভয়ের জন্য এই শিল্পগুলি উৎপাদন করে থাকে। বিকেন্দ্রীকরণ পদ্ধতিতে এইসব শিল্পগুলি কর্মসংস্থানের সুযোগ তৈরি করে। রাস্তার ধারের রেষ্টুরেন্ট এবং স্ন্যাক্সবারগুলি একদিকে যেমন ঝুঁকিবহুল ব্যবসা করে তেমনি বেকার যুবকদের কাজের সন্ধানও দেয়। গরু মোষের হাড় মিলে গুঁড়ো করা হয় যা জৈবসার হিসেবে ব্যবহৃত হয়। গরু মোষের শিং, খুর, রক্ত, হাড় ছোট ও বড় উভয় শিল্পেই ব্যবহৃত হয়। উপজাত দ্রব্য যেমন ছানা, ঘি, চীজ, দৈ ইত্যাদিতে সামগ্রীকে ভিত্তি করে বিশেষ করে বড় শহর ও ছোট শহরের বিশাল চাহিদা মেটানো হয়। কাজেই গবাদি পশুর উপজাত দ্রব্যের ওপর ভিত্তি করে নানা শিল্প গড়ে উঠেছে যা আবার এ সমস্ত দ্রব্যের বিপণন কাজের সৃষ্টি করে ও দেশের অর্থনীতিতে আয় সংবাহিত হয়। পাইকারেরা উৎপাদিত দ্রব্য বিভিন্ন শিল্পের কাছ থেকে কিনে বাজারে আনে আবার এই উৎপাদিত দ্রব্যগুলি খুচরো দোকান-শৃঙ্খলের মাধ্যমে সমস্ত বাজারে বণ্টিত হয়। মিষ্টির দোকান, রেষ্টুরেন্ট, কাফে এবং চায়ের দোকানগুলো গবাদি প্রাণীর উপজাত সামগ্রী যেমন মাংস, ডিম, দুধ, মাখন, চীজ ইত্যাদি অনেক পরিমানে নিয়মিতভাবে ব্যবহার করে।

প্রাণীসম্পদের গুরুত্ব বিচার করার সময় বর্জ্য পদার্থের ভূমিকাও পুরোপুরি এড়িয়ে যাওয়া যাবে না। কারণ সেগুলি সার থেকে জ্বালানি বহুভাবেই ব্যবহৃত হয়ে আসছে। গবেষণা ও পরীক্ষা-নিরীক্ষার ফলে গোবর, গো-মূত্র ও মুরগির বিষ্ঠা উৎকৃষ্ট সার বলে প্রমাণিত হয়েছে। গ্রামাঞ্চলের মানুষজনের মধ্যে জ্বালানি হিসাবে ঘুঁটের বহুল প্রচলন রয়েছে। সাম্প্রতিককালে বিজ্ঞানীরা গোবর থেকে গ্যাস তৈরি করার অনবদ্য পদ্ধতি আবিষ্কার করেছেন- গোবর গ্যাস প্ল্যান্ট। গ্রামের লোকেদের কাছে গোবর শুধু জ্বালানি নয়। ঘরের মেঝে লেপা ও অন্যান্য গৃহস্থালি কাজেও ব্যবহার করে থাকেন।

টন। বিশ্বে ডিম উৎপাদনে প্রথম-চিন (সমগ্র বিশ্বের উৎপাদনের ২৬.১৬%), দ্বিতীয়-যুক্তরাষ্ট্র (৫.১২%), তৃতীয়-জাপান (২.৫০), চতুর্থ-ভারত(২.২০%)।

সাল	সমগ্র ভারতে ডিম উৎপাদন (বছরে কোটি সংখ্যায়)	মাথাপিছু প্রাপ্তি (বছরে সংখ্যায়)
১৯৫০-৫১	১৮৩	৫
১৯৭৯-৮০	৯৫২	১৪
২০০০-০১	৩১৭৭	৩২

ভারতে ডিম উৎপাদনের চিত্র (২০০০-০১ সালে) প্রথম-অন্ধ্রপ্রদেশ (বছরে ৬৮০ কোটি), দ্বিতীয়-তামিলনাড়ু (৩৯৩ কোটি), তৃতীয়-মহারাষ্ট্র (৩১০ কোটি), পঞ্চম-পশ্চিমবঙ্গ (২৭০ কোটি)। যদিও পশ্চিমবঙ্গের স্থান দেশিয় মুরগির ডিম উৎপাদনে দ্বিতীয় এবং হাঁসের ডিম উৎপাদনে প্রথম।

	দেশি মুবগির ডিম	উন্নত মুরগিব ডিম	মোট মুরগির ডিম	হাঁসের ডিম
সমগ্র ভাবতে মোট উৎপাদনেব অনুপাত	২৮.২%	৬৬.৯%	৯৫.১%	৪.৯%
পশ্চিমবঙ্গের মোট উৎপাদনের অনুপাত	৪৯.৩%	১৫.৯%	৬৫.২%	৩৪.৮%
ভারতে ডিম দেওয়া পাখি প্রতি বছরে উৎপাদন	১০৪	২৩৮	-	১১৮

পশম উৎপাদন ঃ সমগ্র ভারতে বছরে (২০০১-০২) পশম উৎপাদন ৫০৭ লক্ষ কি.গ্রা.। প্রথম স্থানে রাজস্থান-২০১ লক্ষ কি.গ্রা, দ্বিতীয় জম্মু ও কাশ্মীর-৬৫ লক্ষ কি.গ্রা., তৃতীয় কর্নাটক-৫৭ লক্ষ কি.গ্রা.। পশ্চিমবঙ্গের পশম উৎপাদন ৬.৪ লক্ষ কি.গ্রা. অর্থাৎ এটি পশম উৎপাদনের উপযুক্ত অঞ্চল নয়। পুরুলিয়া, বাঁকুড়া ইত্যাদি রুক্ষ জেলাগুলিতে পশম উৎপাদন বেশি হয়।

সমগ্র ভারতে ও পশ্চিমবঙ্গে বছরে মাংসের উৎপাদন (হাজার টন)

	সাল	গরুর	মহিষের	ভেড়ার	ছাগলের	শূকরের	হাঁস-মুরগির	মোট মাংস
সমগ্র ভারত	২০০০	১৪৪২	১৪২১	২২৯	৪৬৭	৫৬০	৫৭৫	৪৬৯৪
পশ্চিমবঙ্গ	২০০২-০৩	১১৩.৩	৯.৯	১৩৮.৯	১৫.৪	৩৪.১	১৩৮.৩	৪৫০.০

** মাংস উৎপাদনে সারা দেশের মধ্যে প্রথম স্থানে*

জেলাভিত্তিক উৎপাদনে এবং রাজ্যের মোট উৎপাদনে ওই জেলার শতাংশ হার

	প্রথম স্থান	দ্বিতীয় স্থান	তৃতীয় স্থান
দুধ উৎপাদন	বর্ধমান (১২.৯২%)	নদীয়া (১২.৮৩%)	উত্তর ২৪ পরগনা (১২.০৫%)
ডিম উৎপাদন	দক্ষিণ ২৪ পরগনা (১২.৯৫%)	মুর্শিদাবাদ (৯.৯০)	বর্ধমান (৯.৪৮%)
মাংস উৎপাদন	কলকাতা (১৫.১০%)	উত্তর ২৪ পরগনা (১০.৩২%)	মুর্শিদাবাদ (৮.২৬%)
পশম উৎপাদন	পুরুলিয়া (৩১.০৯%)	বাঁকুড়া (১২.৫৭ %)	বর্ধমান (৯.৪৯%)
কৃত্রিম প্রজননের মাধ্যমে সংকর বাছুর উৎপাদন	মুর্শিদাবাদ (১৮.৪১%)	নদীয়া (১১.৮৫%)	হুগলী (১০.২১%)

গোবরে প্রচুর খনিজ থাকায় মাটির সঙ্গে মেশালে এটি শস্য বৃদ্ধিতে সাহায্য করে এবং খুব সস্তা ও সহজলভ্য হওয়ার দরুন এটি ভারতীয় কৃষকদের কাছে সার হিসাবে আদর্শ। মাছের খাবার হিসাবেও মুরগির বিষ্ঠা ও গোবরের প্রয়োজনীয়তা স্বীকৃত।

প্রাণীসম্পদ ও মানবজগৎকে জড়িয়ে এক অনন্য ভারসাম্যযুক্ত শক্তিচক্রের উপস্থিতি লক্ষ্য করা যায়। নানাভাবে পরস্পরের কল্যাণ সাধনের মাধ্যমে তারা এক অনন্য পারস্পরিক সম্পর্ক গড়ে তুলেছে। এইভাবে বিজ্ঞানভিত্তিক পদ্ধতিতে মুরগি পালন বহুভাবে মানব সমাজের উপকারে আসতে পারে এবং একটি লাভজনক শিল্পও হয়ে উঠতে পারে।

পশ্চিমবঙ্গে গরু মহিষের গোবরের উৎপাদন ও ব্যবহার (২০০২-০৩)

প্রাণী	মোট গরু মহিষের সংখ্যা	দৈনিক উৎপাদন (প্রতি গরু মহিষ) (কি.গ্রা.)	মোট গোবর উৎপাদন (বছরে হাজার মেট্রিক টন)	গোবরের ব্যবহার		
				সার তৈরিতে	জ্বালানি তৈরিতে	অন্যান্য কাজে
সংকর গরু	১০,৩৮,২৫৯	৭.৪৫৭	২৮২৬			
দেশি গরু	১,৭৬,৭২,০৮২	৫.১৬৭	৩৩,৩২৯			
মহিষ	১০,১৯,৪৮৭	৯.১২০	৩৩৯৪			
মোট	১,৯৭,২৯,৮২৮	৫.৪৯২	৩৯,৫৪৯	৪০.৯৩%	৫০.৯৫%	৮.১২%*

** অন্যান্য কাজে যেমন গোবর গ্যাস প্ল্যান্টে, মাছ চাষে, দেওয়াল ও মেঝে তৈরি ইত্যাদি*

প্রাণীসম্পদজাত দ্রব্যাদির উপর ভিত্তি করে বেশ কিছু শিল্প গড়ে উঠেছে। গ্রাম ও শহরাঞ্চলে প্রাণীপালন ও পোলট্রি খামারগুলির বিকাশের ভবিষ্যৎ সম্ভাবনা খুবই উজ্জ্বল। কৃষি সবসময় লাভজনক পেশা না হওয়ায় এবং কতকগুলি বিশেষ শর্ত যেমন অনুকূল আবহাওয়া ও মাটির গুণাগুণ ইত্যাদির উপর কৃষি নির্ভরশীল হওয়ায় গ্রাম ছেড়ে মানুষের শহরে চলে আসার প্রবণতা বরাবরের।

সমগ্র ভারতে খাদ্য ও অন্যান্য বিষয়ে ব্যয়ের অনুপাত (মোট ব্যয়) (Expenditure-এর নিরিখে)

অঞ্চল	দুধ ও দুধজাত দ্রব্য	মাংস, ডিম ও মাছ	মোট খাদ্য গ্রুপ	খাদ্য ছাড়া অন্যান্য গ্রুপ
গ্রামাঞ্চল	৮.৮%	৩.৩%	৫৯.৪%	৪০.৬%
শহরাঞ্চল	৮.৭%	৩.১%	৪৮.১%	৫১.৯%

সমগ্র ভারতে প্রাণীজাত উৎপাদনের ক্ষেত্রে বছরে (১৯৯৯-২০০০) value of output- ১৩০২৩৪ কোটি টাকা। তার মধ্যে দুধ গ্রুপ-৯০৩৫৮ কোটি টাকা। মাংস গ্রুপ ২০৮৫৬ কোটি টাকা [মাংস গ্রুপঃ ছাগলের মাংস-১৭৭৩২ কোটি টাকা; গরু-মহিষের-২৩৩৬; ভেড়ার-৭৯৩১; শূকরের-১২৩৬; হাঁস-মুরগির মাংস-৬২২৯ কোটি টাকা]। মাংস জাত দ্রব্য-৭৩৫ কোটি টাকা। মাংস উপজাত দ্রব্য-২৩৮৯ কোটি টাকা [চামড়া (Hides)-৯১৬ কোটি টাকা; পশু-ছাল(Skins)-১০৮৫; অন্যান্য উপজাত দ্রব্য-৩৮৮]; ডিম-৪০০৫; পশম ও লোম-৩৪৮ [পশম-২৮৫; প্রাণীলোম (Hair & Bristles) -৬৩]; গোবর-১০১৮২ [ঘুঁটে-৪৪৮২, গোবর সার-৫৭০০] রেশম গুটি ও মধু-১৬৩৪ কোটি; নিট প্রাণী সংখ্যা বৃদ্ধি-২৮৫০ কোটি টাতা বছরে।

পশ্চিমবঙ্গে প্রাণীজাত উৎপাদনের ক্ষেত্রে (value of output) বছরে (২০০২-০৩) ১০১৮৭ কোটি টাকা।

সমগ্র ভারতে মোট অভ্যন্তরীণ উৎপাদন (Gross Domestic Product) বছরে (১৯৯৯-২০০০) ১৭৮৬৫০০ কোটি টাকা। তার মধ্যে প্রাণীজাত উৎপাদনের G.D.P.-৯৮৪০০ কোটি টাকা (৫.৫১%)।

পোলট্রি চাষিরা কিন্তু গ্রামের মানুষজনকে গ্রামেই থেকে যেতে অনুপ্রাণিত করতে পারেন। যেহেতু প্রাণী পালন ও পোলট্রি খামার চালানোর জন্য যথাযথ পরিচর্যা ও বৈজ্ঞানিক সহায়তাই যথেষ্ট। এগুলির সংস্থান করা হলে গ্রামীণ মানুষজন তাঁদের নিজেদের গ্রামেই থেকে যাবেন এবং এইভাবে শহরগুলিতে জনবাহুল্য এড়ানো সম্ভব হবে।

এবার প্রাণীপালন ও পোলট্রি খামারভিত্তিক শিল্পগুলির বৃদ্ধি এবং অপরাপর আনুষঙ্গিক শিল্পগুলির সম্ভাবনা সম্পর্কে আলোচনা করা যাক। এই সমস্ত শিল্পে বিনিয়োগের উপর দৃষ্টিপাত করলে আমরা কিছু গুরুত্বপূর্ণ তথ্য পাব যেহেতু আমাদের অর্থনীতিতে ক্ষুদ্রশিল্পের যথেষ্ট সম্ভাবনা সম্পর্কে সকলেই অবহিত। প্রাণীপালন ও পোলট্রি খামারভিত্তিক ক্ষুদ্রশিল্পগুলি শুধুমাত্র আয় সৃষ্টিই নয়, ওই সমস্ত সংস্থার উৎপাদিত ও উপজাত নির্ভর বৃহৎ শিল্পগুলির বিকাশের সহায়ক হবে। ওই সমস্ত শিল্পের উন্নয়ন, প্রাণীপালন পোলট্রি-খামার ক্ষেত্র থেকে সরবরাহ করা এই সমস্ত দ্রব্যাদির উপরই একান্তভাবে নির্ভরশীল। আবার ওই শিল্পগুলি এমন বেশ কিছু সামগ্রী উৎপাদন করে থাকে যেগুলি পোলট্রি শিল্পের জন্য অপরিহার্য।

বর্তমানে পোলট্রি খামারের প্রসারের সঙ্গে সঙ্গে প্রাণী বিষয়ক গবেষণার জন্য বিজ্ঞানের একটি শাখা গড়ে উঠেছে যাতে এই সমস্ত প্রাণীসম্পদ ও পোলট্রির সম্ভাবনা ও অবদান সম্পর্কে চর্চা করা হয় এবং প্রাণীপালন ও পোলট্রির ক্ষেত্রে বিপ্লব ঘটানোর জন্য সাম্প্রতিকতম উন্নত কৃৎকৌশলের সন্ধানে নিরন্তর প্রচেষ্টা চালানো হয়। সেজন্য বেশ কিছু (ভেষজ, প্রতিষেধক ইত্যাদি) রাসায়নিক শিল্পও গড়ে উঠেছে।

আমরা জানি যে ধান, খড় ও শাক সবজির বর্জ্যের উপজাতসমূহ খনিজসমৃদ্ধ হওয়ায় পশুখাদ্য প্রক্রিয়াকরণ শিল্পে গুরুত্বপূর্ণ কাঁচামাল হিসাবে ব্যবহৃত হয়ে থাকে। এই শিল্পগুলি প্রাণী ও পোলট্রি খামারগুলির জন্য প্রয়োজনীয় পশুখাদ্য উৎপাদন করে থাকে। ওই পশুখাদ্য প্রথমে পাইকারি বাজারে ও সেখান থেকে দোকান মারফৎ প্রাণীপালক ও পোলট্রি চাষিদের কাছে পৌঁছায়। এইভাবে পশুখাদ্য শিল্প শুধুমাত্র পশুদের জন্য খাদ্য উৎপাদনই করে না - পশু খাদ্য কারখানাগুলিতে এবং অন্তর্বর্তী স্তরগুলিতে অর্থাৎ পশু খাদ্য কেনা ও চাষিদের কাছে যোগান দেওয়ার কাজে জড়িত ব্যক্তিদের জন্য কর্মসংস্থানেরও সুযোগ করে দেয়।

পশ্চিমবঙ্গে ১৯৭৬ থেকে ২০০৪ সাল পর্যন্ত বাৎসরিক উৎপাদন ও পরিষেবা

	১৯৭৬-৭৭	১৯৮৬-৮৭	১৯৯৬-৯৭	২০০১-০২	২০০৩-২০০৪
দুধ উৎপাদন হাজার টন	১০৬৪	২৫৯৭	৩৩৮৭	৩৫১৫	৩৭০৫ (P)
ডিম উৎপাদন (কোটিতে সংখ্যায়)	৬৮	২২০	২৬০	২৭১	২৮২ (P)
মাংস উৎপাদন (হাজার টন)	১২৯	২৬৬	৪২১	৪৪২	৪৬২ (P)
পশম উৎপাদন (হাজার কি.গ্রা.)	৪২৫	৫২৭	৬২৬	৬৪০	৬৫২ (P)
তরল বা হিমায়িত গো-বীজ দ্বারা কৃত্রিম প্রজনন (হাজারে)	২৪৩	৫৯২	৬১৬	১০০৬	১১১৫
সংকর বাছুরের জন্ম (হাজারে)	৮১	১৫২	২০৬	৩১০	৪১০
মোট প্রাণীর চিকিৎসা (হাজারে)	৩২৬৩	৫১১৮	৭৬৪৭	১২০৩৩	১১৫১৮ (P)
মোট প্রাণী প্রতিষেধক প্রয়োগ (হাজারে)	৮৩২৫	১৫২৬২	১৫৩৮৯	১১৬৭১	৯১১৫ (P)

** Provisional*

পশ্চিমবঙ্গে প্রাণীজাত দ্রব্য উৎপাদনে কর্মসংস্থানের সুযোগ (আনুমানিক) (২০০৩-০৪)

	দুধ	ডিম	মাংস	পশম	মোট
উৎপাদন P (বছরে)	৩৭ লক্ষ টন	২৮২ কোটি ডিম	৪৬২ হাজার টন	৬৫২ কি. গ্রা.	-
সারা বছর আনুমানিক মোট কর্মসংস্থানের সুযোগ	৯৫৬ হাজার	৫৫ হাজার	৬৪৮ হাজার	২ হাজার	১৬৬০ হাজার

(ক) আনুমানিক মোট প্রাথমিক কর্মসংস্থানের সুযোগ (Primary Employment Generation)	১৬৬০ হাজার
(খ) দ্বিতীয় পর্যায়ে (আনুমানিক) কর্মসংস্থানের সুযোগ (Secondary Employment Generation)	১৪৮৯ হাজার
(গ) তৃতীয় পর্যায়ে (আনুমানিক) কর্মসংস্থানের সুযোগ (Tertiary Employment Generation)	৬৯৪ হাজার
আনুমানিক মোট কর্মসংস্থানের সুযোগ (ক+খ+গ)	৩৮৪৩ হাজার

ভারতে ও পশ্চিমবঙ্গে সবুজ পশুখাদ্য (Green fodder) ও শুকনো পশুখাদ্য (Dry fodder) উৎপাদন (১৯৯৯-২০০০) (লক্ষ টন)

	সবুজ পশুখাদ্য	শুকনো পশুখাদ্য	মোট (হাজার টন)
ভারতে	৪২৪৩	৪৫৭৭	৮৮২০
পশ্চিমবঙ্গে	১৯	২১৩	২৩২

পশ্চিমবঙ্গে দুগ্ধবতী গরু, মহিষের গড় খাদ্য গ্রহণ (প্রাণীপিছু দৈনিক কি.গ্রা.) ২০০২-২০০৩

দুধেল প্রাণী	সবুজ গোখাদ্য (খড় ইত্যাদি)	শুকনো গোখাদ্য	সুষম দানা খাদ্য (ভুষি ইত্যাদি)	অন্যান্য খাদ্য (সবজির বাতিল অংশ ইত্যাদি	মোট (কি.গ্রা.)
সংকর গরু	২.৪৪৭	৭.৫০০	২.৯০৭	০.২৩০	১৩.০৮৪
দেশি গরু	১.৪২৭	৩.৮৫৭	০.৬১৯	০.৪৭১	৬.৩৭৪
মহিষ	১.১৮৯	৮.৫৮৬	২.৭৮৪	০.৭৪৪	১৩.৩০৩

প্রাণী পালন ও হাঁস মুরগী পালনের সঙ্গে ফিড প্ল্যান্ট বা প্রাণীখাদ্য প্রস্তুতি শিল্পেরও ঘনিষ্ঠ সম্পর্ক রয়েছে। ভুট্টা ও গম দানা, চালের কুঁড়ো, জোয়ার দানা, চালের খুদ, সরষের খোল, বাদাম খোল, সয়াবিন, তিল খোল ইত্যাদি অতি উচ্চমানের প্রাণীখাদ্য। এর সঙ্গে শুঁটকি মাছের গুঁড়ো, হাড়ের গুঁড়ো বাণিজ্যিকভাবে মেশালে পশুখাদ্য হিসাবে এর চাহিদা বিপুল। আবার অন্যান্য গুরুত্বপূর্ণ খনিজ ও ভিটামিন মেশালে এই প্রাণীখাদ্য অতি উচ্চমানের প্রাণীখাদ্য হয়ে ওঠে। এই তৈরি খাবার পাইকাররা কিনে নিয়ে খুচরো বিক্রেতাদের মাধ্যমে বাজারজাত করে। ফলতঃ পোলট্রি খামার চাষিদের কাছে বেছে নেওয়ার মতো একাধিক সুযোগ থাকে।

ওষুধ কারখানাগুলিও প্রাণীপালন ও পোলট্রি খামারগুলির দরুন যথেষ্ট লাভবান হচ্ছে। এর আগে ওষুধপত্র শুধুমাত্র মানুষের রোগ ব্যাধি উপশম ও প্রতিরোধের জন্য উদ্দিষ্ট ছিল। কিন্তু বর্তমানে হাঁস মুরগী, গরুবাছুর ও অন্যান্য প্রাণীর জন্য টিকা ও নানা ধরনের ওষুধপত্র অপরিহার্য হয়ে উঠেছে। গবেষণা ও প্রযুক্তি এই ক্ষেত্রে প্রভূত উন্নতি করেছে। গবাদি প্রাণীর প্রজাতিগত মানোন্নয়নের জন্য কৃত্রিম প্রজনন এখন একটি ব্যাপক ব্যবহৃত প্রযুক্তি যা প্রত্যন্ত গ্রামের চাষীর দোরগোড়ায় পৌঁছে গেছে। রোগের প্রাদুর্ভাব, উচ্চ মৃত্যুহার এবং নিম্নমুখী জন্মহার একদা ভারতীয় গবাদি প্রাণীও মুরগী পালনের ক্ষেত্রে স্বাভাবিক ছিল। আধুনিক ওষুধ ও টিকার প্রবর্তনের ফলে তা বহুলাংশে নিয়ন্ত্রিত হয়েছে।

পৃথিবীর বিভিন্ন প্রকার গবাদিপশুর সংখ্যার অনুপাত (২০০৩)
অন্যান্য পশু
৩ ১১%
গরু
৩০.৯৭%
শূকর
২১ ৫৯%
মহিষ
৩.৮৬%
ছাগল
১৭ ৩৪%
ভেড়া
২৩ ১৩%
অন্যান্য গবাদিপশুর মধ্যে উট, ঘোড়া, খচ্চর ও গাধা অন্তর্ভুক্ত করা হয়েছে।

ভারতে গবাদিপশুর সংখ্যা বৃদ্ধি
গরু
মহিষ
ভেড়া
ছাগল
শূকর
পোল্ট্রি পাখি

পশ্চিমবঙ্গে গবাদিপশুর সংখ্যা বৃদ্ধি
গরু
মহিষ
ভেড়া
ছাগল
শূকর
মুরগি
হাঁস

সব দ্রব্যের, খাদ্য সামগ্রীর ও গবাদিপশুজাত দ্রব্যের তুলনামূলক পাইকারী মূল্যমানের সূচক

দ্রব্য	৯৩-৯৪	৯৪-৯৫	৯৫-৯৬	৯৬-৯৭	৯৭-৯৮	৯৮-৯৯	৯৯-০০	০০-০১	০১-০২	০২-০৩	০৩-০৪
সমস্ত দ্রব্য	১০০	১১২.৬	১২১.৬	১২৭.২	১৩২.৮	১৪০.৭	১৪৫.৩	১৫৫.৭	১৬১.৩	১৬৬.৮	১৭৫.৯
খাদ্য দ্রব্য	১০০	১১২.৮	১২২.২	১৩৭.৩	১৪১.৪	১৫৯.৪	১৬৫.৫	১৭০.৫	১৭৬.১	১৭৯.২	১৮১.৫
দুধ	১০০	১১০.৩	১১৪.৩	১১৯.৭	১২৫.৫	১৩৬.০	১৪৭.৬	১৬৩.২	১৬৬.২	১৭১.২	১৭৬.০
গরু-মোষের খাদ্য	১০০	১০৭.২	১২১.৭	১৩৭.৩	১৪৬.৯	১৫৫.৮	১৭৩.৪	১৭৫.৭	১৭৪.৭	১৭৬.৬	১৮৭.৬
শুকনো প্রাণী খাদ্য	১০০	১০৯	১১০.৬	১২৬.২	১৩৫.৭	১১৫.৪	১০৬ ১	১০৭.৪	১৩৬.০	১৮৭.৭	২০৬.০
ডিম	১০০	১১২.১	১১৪.৯	১২৪.৩	১৩৬.৬	১৩০.৭	১৩৭.০	১৪০.০	১৪১.৫	১৩৭.৩	১৩৪.৮
খামারের মুরগী	১০০	১০৯.১	১০৪.১	১২৬.৭	১২২.২	১২৯.৯	১২১.৪	১১৮.৫	১১৬.৬	১০২.৪	৯১.৬
ছাগল-ভেড়ার মাংস	১০০	১২৫.৩	১৪৪.৬	১৬৯.৬	১৮০.০	১৯০.১	১৯১.১	২০০.৬	১৯২.৭	১৬৯.৯	২০৪.৬
মাছ-অন্তর্দেশীয়	১০০	১০৫.৯	১২৯.৭	১২৯.৭	১৫৯.৬	১৬৫.৯	২০২.৬	২৩৩.৬	২৬০.০	২৮৭.০	২৫৪
কাঁচা চামড়া	১০০	১১৬.৩	১৫৫.২	১৬৪.২	১৬০.৯	১৫৫.০	১৪৯.৪	১৩৮.৯	১৫৮.০	১৫৭.৬	১৫৮.৮
কাঁচা পশম	১০০	১৫৬.৯	১৭০.৬	১৭০.৬	১১১.১	৯২.৪	৮৯.১	৭৭.৬	৮১.৮	৮৬.৫	৯৪.৬

তথ্যের উৎস ঃ অর্থনৈতিক উদেষ্টার দপ্তব, বাণিজ্য ও শিল্প মন্ত্রক, ভারত সবকার

পশ্চিমবঙ্গের পার্শ্বচিত্র

ঐতিহাসিক প্রেক্ষাপটে বাংলা রাজ্যের সীমানা বিস্তৃত ছিল বর্তমান পশ্চিমবঙ্গ এবং বাংলাদেশ রাষ্ট্রের সীমানা বহুলাংশে ছাড়িয়ে। যদিও প্রাচীন বাংলার খুব সামান্য প্রামাণ্য তথ্যই পাওয়া যায়, তবু একথা বলা যায় যে সম্ভবতঃ বাংলা নামের উৎপত্তি ঘটেছে ''বঙ্গ'' শব্দটি থেকে, যা এই রাজ্যের বহু নামের একটি।

পাল বংশ (৭৫০-১১৬১ খ্রীষ্টাব্দ) ঃ

প্রাচীনকালে বাংলা ''বঙ্গ'' বা ''গৌড়'' নামে পরিচিত ছিল। এই রাজ্য নিঃসন্দেহে গুপ্ত সাম্রাজ্যের অন্তর্ভূক্ত ছিল। চন্দ্রগুপ্তের লৌহস্তম্ভে (আয়রনপিলার) গৌড় জয়ের বিবরণ আছে। পুন্ড্রবর্ধনের (উত্তরবঙ্গ) গুপ্ত রাজপ্রতিনিধিদের অবস্থানের সাক্ষ্য একাধিক গুপ্ত তাম্রফলকে পাওয়া গেছে।

স্বতন্ত্র রাজ্য হিসেবে বাংলা সম্বন্ধে ঐতিহাসিক তথ্য গুপ্ত আমল থেকেই পাওয়া যায়। রাজধানী মগধকে কেন্দ্র করে ৩২০-৫২০ খ্রীষ্টাব্দ পর্যন্ত ব্যাপ্ত এই গুপ্ত শাসনকাল ভারতের ইতিহাসে স্বর্ণযুগ বলে বিবেচিত হয়। গুপ্ত সাম্রজ্যের পতনের পর বাংলার রাজধানী গৌড় খ্যাতির শিখরে ওঠে। শশাঙ্ক (আনুমানিক ৬০৬ খ্রীষ্টাব্দ) ছিলেন বাংলার প্রথম স্বাধীন রাজা। উত্তরে পার্বত্য অঞ্চলের পাদদেশ পর্যন্ত, পূর্বে আসাম এবং পশ্চিমে উড়িষ্যার মহানদী পর্যন্ত শশাঙ্কর রাজ্য বিস্তৃত ছিল। ''মহারাজাধিরাজ'' উপাধি গ্রহণ করে তিনি কঙ্গদের (গঞ্জাম) মাধবরাজের কর্তৃত্ব খর্ব করে তাঁকে একজন সামান্য সামন্তে রূপান্তরিত করেন। পরবর্তীকালে শশাঙ্কের অধীনস্থ আসামের পার্শ্ববর্তী কিছু অঞ্চল আসামের কুমারের দখলে চলে যায় এবং বাকী অংশ হর্ষবর্ধনের হস্তগত হয়। আশ্চর্যের বিষয় এই যে হিউয়েন সাঙ শশাঙ্ককে শাসনকর্তা হিসেবে উল্লেখই করেননি।

শশাঙ্কের মৃত্যুতে বাংলার ভাগ্যাকাশে কিছুটা অনিশ্চয়তা দেখা দেয়। হর্ষবর্ধনের পর বাংলার কিছু অংশ গুপ্ত সম্রাট আদিত্যসেনা ও তার বংশধরদের হাতে চলে যায়। সপ্তম শতাব্দীর দ্বিতীয়ার্ধে খড়গ বংশ স্বাধীনভাবে সমতটে (পূর্ব ও দক্ষিণ বাংলা) রাজত্ব করে। যদিও তারা বৌদ্ধ ধর্মাবলম্বী ছিলেন, কিন্তু তাদের সীলমোহরে খোদাই করা বৃষমূর্তি থেকে শৈব ও বৌদ্ধ ধর্মের ঘনিষ্ঠ সাযুজ্য দেখা যায় যা প্রকৃতপক্ষে পূর্বের সামন্ততান্ত্রিক রাজ্যগুলির একটি লক্ষণীয় বৈশিষ্ট্য।

আদিশূর ঃ

হিন্দু ঐতিহ্য বলে রাজা আদিশূরের কথা যিনি কনৌজ থেকে পাঁচ ব্রাহ্মণ ও পাঁচ কায়স্থকে আমন্ত্রণ করে বাংলায় ডেকে এনেছিলেন প্রাচীন হিন্দু সংস্কৃতি পুনরুজ্জীবনের জন্য। প্রকৃতপক্ষে এরাই বাংলার বহু বিশিষ্ট ও প্রাচীন বংশের পূর্বসূত্র। আদিশূরের ঐতিহাসিক প্রামাণ্যতা সম্বন্ধে কিছুটা সন্দেহের অবকাশ থাকলেও আনুমানিক ৭০০ খ্রীষ্টাব্দে একজন স্থানীয় শাসনকর্তা হিসেবে গৌড় ও পার্শ্ববর্তী অঞ্চলে তাঁর অস্তিত্ব মেনে নেওয়া যেতে পারে।

এখানে উল্লেখ্য যে স্থানীয় কোন ব্রাহ্মণ গোষ্ঠীর না থাকার কারণে নয়, ভারতীয় আর্য সংস্কৃতির কেন্দ্রের সাথে যোগাযোগ রাখার তাগিদেই ব্রাহ্মণদের বাংলায় ডেকে আনা হয়েছিল। ৭৩০-৪০ খ্রীষ্টাব্দের মধ্যে গৌড়ের একজন অনামা রাজা কনৌজের যশোবর্মনের হাতে নিহত হয়েছিলেন। ৭৫০ খ্রীষ্টাব্দে গোপাল (৭৫০-৭৭৫) গৌড়ের রাজার স্থলাভিষিক্ত হলে বাংলায় পাল বংশের সূচনা হয়। গোপালের উত্তরসূরী হল পুত্র ধর্মপাল যার রাজত্বকাল ৭৭৫-৮১০ খ্রীষ্টাব্দ। এরপর তার পুত্র দেবপাল (৮১০-৮৫০) সিংহাসনে বসেন। এরা তিনজনেই বাংলা ও পার্শ্ববর্তী অঞ্চলে নিজেদের ক্ষমতা সুপ্রতিষ্ঠিত করে, পাল বংশকে সেই সময়কার এক অন্যতম পরাক্রমশালী শক্তিরূপে পরিণত করেন।

নারায়ণ পালের (রাজত্বকাল ৮৫৪-৯০৮ খ্রীষ্টাব্দ) রাজত্বকালে এই বংশের পতন শুরু হয়। মহীপাল-১ এর (রাজত্বকাল ৯৭৭-১০২৭) বাজত্বকালে পাল বংশের কিছুটা উত্থান পরিলক্ষিত হয়। মহীপাল-১ হাবানো বাজত্বের এক বিবাট অংশ পুনরুদ্ধাব করলেও দক্ষিণ ভারতের চোল রাজার কাছে পরাজিত হন। ক্রমান্বয়ে একে একে যুদ্ধে পরাজয় ও অর্ন্তকলহ পালদের দুর্বল করে তোলে এবং এরই ফলস্বরূপ বাংলাতে নানা স্বাধীন রাজ্য স্থাপিত হয়। রামপাল তাঁর রাজত্বে (১০৭৭-১১৩৩) কিছুটা দৃঢ়ভাবে আবাব বাংলায় পালদেব ক্ষমতা পুনরুদ্ধার করতে সক্ষম হন। মদন পালই (১১৪৩-১১৬১) ছিলেন শেষ পাল রাজা। এই সময়কালে বাংলার অপর একটি গুরুত্বপূর্ণ রাজবংশ ছিল দক্ষিণের চন্দ্র-রা। এখানে উল্লেখ্য যে পাল এবং চন্দ্র বাজাবা সবাই বৌদ্ধধর্মাবলম্বী ছিলেন।

মল্ল বংশ ঃ

খ্রীষ্টের জন্মের পর সপ্তম শতাব্দীর শেষ ভাগে রঘুনাথ বা আদিমল্ল মল্লবংশ প্রতিষ্ঠা করেন। মল্লবংশ বাংলাব পশ্চিমের এক অংশে এক হাজার বছর রাজত্ব করেন। শাসনকর্তারা প্রথমে ছিলেন শৈব এবং পরে তাঁরা বৈষ্ণব হন। বাজধানী বিষ্ণুপুরে স্থানান্তবিত হয জগৎ মল্লের সময়, যিনি ৯৯৪ খ্রীষ্টাব্দে সিংহাসনে আবোহন করেন। বীর হাম্বিরেব রাজত্বকালই মল্লদের স্বর্ণযুগ হিসাবে পরিগণিত হয। তাঁদের রাজত্বকালে মল্লরা বিষ্ণুপুরে (অত্যুৎকৃষ্ট স্থাপত্যশৈলীর নিদর্শন) বহু সুন্দর ইমারত ও মন্দিব তৈরী করেছিলেন।

সেন বংশ (১০৯৫-১২৬০ খ্রীষ্টাব্দ) ঃ

সেন'রা মূলতঃ কর্ণাটক থেকে এসেছিলেন। প্রথম সেন রাজা হেমন্তসেন ১০৯৫ খ্রীষ্টাব্দে সিংহাসনে আরোহন করেন এবং সম্ভবতঃ তিনি পাল রাজা রামপালের অধীনে এক ক্ষুদ্র শাসনকর্তা ছিলেন। সেন'রা হিন্দু ছিলেন এবং হিন্দু শক্তি এদের সময় ক্রমশ প্রতিষ্ঠা লাভ কবে এবং তাদের সাম্রাজ্য বিস্তার লাভ করে। বামপালের মৃত্যুর পর, (অনুমান করা হয় যে,) হেমন্তসেন সম্ভবতঃ স্বাধীন রাজত্ব প্রতিষ্ঠা করেন। তাঁর পুত্র বিজয়সেনের (রাজত্বকাল ১০৯৬-১১৫৯) অধীনে সেন'রা বাংলার এক গুরুত্বপূর্ণ শক্তি হিসাবে প্রকাশ লাভ করে। ১১৫৮ সালে বল্লালসেন সিংহাসনে আরোহন করেন। তাঁর পুত্র লক্ষ্মণসেন ১১৭৯ সালে পিতার স্থলাভিষিক্ত হন। উনি নবদ্বীপে বসবাস শুরু করেন এবং তাঁর রাজত্ব প্রায় ২০ বছর স্থায়ী হয়।

এই সময় উত্তর ভারত মধ্য-এশিয়া থেকে আগত তুর্কী আক্রমণকারীদের কবলে পড়ে। ১২০৩-১২০৪ সালে মুহম্মদ বক্তিয়ার খিলজী নামে এক তুর্কী সেনাপতি নবদ্বীপ আক্রমণ করে। লক্ষ্মণসেন পরাজিত হন, কিন্তু পালিয়ে যেতে সক্ষম হন। তাঁর মৃত্যুর পর বিশ্বরূপসেন এবং কেশবসেন নামে তাঁর পুত্ররা রাজত্ব করেন এবং তাঁরাই ছিলেন শেষ গুরুত্বপূর্ণ সেন শাসনকর্তা।

দেব বংশ, যাঁরা পূর্ব বাংলা শাসন করতেন, সম্ভবতঃ বাংলার শেষ স্বাধীন হিন্দু বংশ ছিল। সোনারগাঁওতে (বর্তমান ঢাকার কাছাকাছি) তাঁদের রাজধানী ছিল বলে বিশ্বাস করা হয়। পাল এবং সেনদের আমলেই বাংলা ভাষার উন্নতি দেখা যায়। বাংলার বিখ্যাত কবি জয়দেব (দ্বাদশ শতক) লক্ষ্মণসেনের রাজসভায় পঞ্চরত্নদের মধ্যে একজন ছিলেন। জয়দেব গীতগোবিন্দ রচনা করেন যা বাংলা ভাষার প্রথম সাহিত্যকীর্তির মধ্যে একটি।

বাংলায় মুসলমান রাজত্ব ঃ

নবদ্বীপ জয়ের পর বখ্‌তিয়ার খিলজী বাংলার বিভিন্ন অংশে মুসলমান শাসন প্রতিষ্ঠা করেন। ধীরে ধীরে বাংলার বেশীর ভাগ অংশই মুসলমান শাসনের অধীনে চলে আসে। বাংলার ভাগ্য নিয়ন্ত্রণ কেন্দ্র উত্তর ভারতের ক্ষমতার কেন্দ্র দিল্লীতে স্থানান্তরিত হয়ে যায়। তুর্কী এবং আফগান আক্রমণকারীদের ক্ষমতার দ্বন্দ্বের ফলে দিল্লী এবং উত্তর ভারতের রাজত্ব এক বংশ থেকে আরেক বংশে হাত বদল হতে থাকে। বাংলাও এর প্রভাব থেকে দূরে থাকতে পারেনি এবং বাংলার শাসনকর্তারা অনেক সময়ই দিল্লী ও উত্তর ভারতের বিভিন্ন শাসনকর্তার অধীনে নিয়ন্ত্রিত হতেন।

বাংলার প্রথমদিককার সুলতানেরা ১২৮২ সাল পর্যন্ত রাজত্ব করেছেন। এর পরেই অনেকগুলি বংশ পরপর শাসন ক্ষমতায় আসে। ইলিয়াস শাহী বংশের (১৩৪২-১৪১২) ইলিয়াস শাহী (রাজত্বকাল ১৩৪২-১৩৫৮) বাংলার ওপর সম্পূর্ণ নিয়ন্ত্রণ প্রতিষ্ঠা করেন এবং রাজধানী সোনারগাঁও-এ (বর্তমান ঢাকার কাছে, বাংলাদেশ) সরিয়ে নিয়ে যান। উনি বাংলার স্বাধীন শাসনকর্তাদের অন্যতম। ওঁর পুত্র সিকান্দার শাহ (রাজত্বকাল ১৩৫৮-১৩৯০-এর কাছাকাছি) পাণ্ডুয়াতে (গৌড়ের কাছে) এই উপমহাদেশের সবচেয়ে বড় মসজিদ আদিনা মসজিদ তৈরী করেন। তারপরেও আরও কিছু মুসলমান বংশ রাজত্ব করে।

সুরি এবং মুঘলরা ঃ

ইতিমধ্যে উত্তর ভারতে তদানীন্তন এশিয়ার অন্যতম বিশাল শক্তি মুঘলদের উত্থান বাংলার রাজনৈতিক অবস্থানের ওপর বিশাল প্রভাব বিস্তার করে। তুর্কী বংশীয় বাবর তৈমুর আর চেঙ্গিস খাঁর আত্মীয় ছিলেন। উনি উত্তর ভারত আক্রমণ করেন এবং ১৫২৬ সালে দিল্লীর লোদী বংশের আফগান রাজা ইব্রাহিম লোদীকে পরাস্ত করে ভারতে মুঘল সাম্রাজ্যের প্রতিষ্ঠা (১৫২৬-১৫৩০) করেন। তাঁর মৃত্যুর পর তাঁর পুত্র হুমায়ুন সম্রাট হলেন। এই সময় শেরশাহ সুরির (জন্ম ফরিদ খান হিসাবে ১৪৭২-১৫৪৫) উত্থান পরিলক্ষিত হয়। উনি একজন আফগান ছিলেন যিনি ধীরে ধীরে নিজেকে বিহার অঞ্চলের শাসকর্তা হিসাবে প্রতিষ্ঠা করেন। উনি বাংলার রাজা মুহম্মদ শাহকে ১৫৩৪-এ পরাজিত করেন। ১৫৩৭ খ্রীষ্টাব্দে উনি গৌড় আক্রমণ করে শহরটিতে লুঠতরাজ চালান। ১৫৩৯ সালে মুঘল সম্রাট হুমায়ুন শেরশাহকে দমন করার জন্য বাংলার দিকে অগ্রসর হন। কিন্তু তাঁকে চৌসাতে পরাজয় বরণ করতে হয়।

১৫৪০ সালে কনৌজে হুমায়ুন শেরশাহের কাছে পরাজয় বরণ করে দেশান্তরী হয়ে যান। শেরশাহ দিল্লী এবং আগ্রা অধিকার করেন এবং খুব অল্প সময়ের মধ্যেই পূর্বে বাংলার একটি বিরাট অঞ্চল থেকে আরম্ভ করে পশ্চিমে সিন্ধু নদ পর্যন্ত কর্তৃত্ব প্রতিষ্ঠা করেন। তাঁর রাজত্ব ১৫৪০ থেকে শুরু করে ১৫৪৫-এ শেষ হয়। তিনি অনেক উন্নয়ণমূলক কাজ ও শাসনব্যবস্থার সংস্কার সাধনের বিরল কৃতিত্বের অধিকারী। তাঁরই রাজত্বকালে বর্তমান বাংলাদেশের সোনারগাঁও এবং উত্তর পশ্চিম সীমান্ত প্রদেশের পেশোয়ারকে (পাকিস্তান) সংযোগসাধনকারী গ্রাণ্ড ট্রাঙ্ক রোড তৈরী হয়েছিল। শেরশাহ, তাঁর উত্তরসূরীরা ও সুরিদের দ্বারা নিয়োজিত শাসনকর্তারা বাংলাকে ১৫৩৮ থেকে ১৫৫৩ সাল পর্যন্ত শাসন করেছিল।

১৫৫৪ সালের মধ্যেই সুরি বংশ নানা অন্তর্কলহে জড়িয়ে পড়ে। এই সুযোগে হুমায়ুন পুনরাক্রমণ করে লাহোর এবং দিল্লী অধিকার করেন। উনি অবশ্য ১৫৫৬ সালে দিল্লীতে গ্রন্থাগারের সিঁড়ি থেকে পড়ে মৃত্যুবরণ করেন। এর পর হুমায়ুনের স্থলাভিষিক্ত হন আকবর যাঁর রাজত্ব (১৫৫৬-১৬০৫) সমস্ত মুঘল শাসনকর্তাদের রাজত্বের মধ্যে সর্বশ্রেষ্ঠ বলে বিবেচিত হয়। আকবর বাংলার কাররানী বংশের (১৫৬৪-১৫৭৬) দাউদ খাঁ কাররানীকে পরাজিত করেন। এর সঙ্গে বাংলার শাসনভার মুঘল সম্রাটদের প্রতিনিধির হাতে স্থানান্তরিত হয়। এই রাজপ্রতিনিধিরা ১৫৭৬ থেকে ১৭১৬ খ্রীষ্টাব্দ পর্যন্ত বাংলা শাসন করেন।

মুর্শিদকুলি খান ১৭১৭ খ্রীষ্টাব্দে বাংলায় মুঘল সম্রাটের প্রতিনিধি নিযুক্ত হন। এখান থেকেই বাংলার ইতিহাসের এক নব অধ্যায়ের শুরু, দিল্লীর আধিপত্য থেকে মুক্ত হওয়ার সূচনা। একদিকে দিল্লীতে অধিষ্ঠিত ক্রমক্ষীয়মান মুঘল সাম্রাজ্য এবং অপরদিকে বাংলার স্বাধীনচেতা নবাবদের স্বাধীন হওয়ার প্রচেষ্টা - এই দুয়ের ক্ষমতার দ্বন্দ্বের মধ্যে আরেকটি নতুন শক্তির আবির্ভাব হল - ভারতে তথা বাংলায় ইউরোপীয়দের আগমন। ষোড়শ শতাব্দীতে ভারতীয় উপমহাদেশে মুঘল সাম্রাজ্যই সর্বাপেক্ষা শক্তিশালী সাম্রাজ্য ছিল। এই একই সময়ে ইউরোপীয় ব্যবসায়ীরা তাঁদের কুঠি বা দূরবর্তী ঘাঁটি ভারতে স্থাপন করা শুরু করে। এই সমস্ত ঘাঁটি স্থাপনের অনুমতি দিল্লীর মুঘল সম্রাটরাই দিয়েছিলেন। বাংলাও পর্তুগীজ, ওলন্দাজ, ফরাসী, দিনেমার এবং ইংরেজ ব্যবসায়ীদের দৃষ্টি আকর্ষণ করে। সমস্ত ইউরোপীয় বাণিজ্যিক সংস্থাগুলির মধ্যে অবশ্য ইংল্যাণ্ডে অবস্থিত ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী শেষ পর্যন্ত সর্বাপেক্ষা সাফল্যমণ্ডিত হয়। এই সংস্থা রাজসনদ লাভ করে পূর্বভারতে একচ্ছত্র বাণিজ্যের অধিকার পায়।

বাংলার (মুর্শিদাবাদের) নবাবরা ঃ

১৭১৭ - ১৭২৭ মুর্শিদকুলি খাঁ
১৭২৭ - ১৭৩৯ সুজাউদ্দিন মহম্মদ খাঁ
১৭৩৯ - ১৭৪০ সরফরাজ খাঁ
১৭৪০ - ১৭৫৬ আলিবর্দী খাঁ
১৭৫৬ - ১৭৫৭ সিরাজউদ্দৌলা (বাংলার শেষ স্বাধীন শাসনকর্তা)
১৭৫৭ - ১৭৬০ মীর জাফর
১৭৬০ - ১৭৬৩ মীর কাশেম
১৭৬৩ - ১৭৬৫ মীর জাফর (দ্বিতীয় বার)

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানী ও ইংরেজ শাসনের শুরু ঃ

বাংলাতে হুগলী, কাশেম বাজার ও ইংরেজ বাজারে কোম্পানী কুঠি স্থাপন করে। ১৬৫৮ সালে কোম্পানীর সমস্ত সম্পত্তি ফোর্ট সেন্ট জর্জ, মাদ্রাজের অধীনে আনা হয়। ঐ একই বছরে সম্রাট আওরঙ্গজেব মুঘল সিংহাসনে আরোহন করেন।

ইতিমধ্যে বাংলাতে কোম্পানীর ব্যবসা বিস্তারের প্রচেষ্টা সফল হচ্ছিল না। স্থানীয় প্রশাসন ও কোম্পানীর মধ্যে শত্রুতা চলতে থাকে। কোম্পানী তাঁদের কয়েকটি দূরবর্তী ব্যবসায়িক ঘাঁটি ত্যাগ করতে বাধ্য হয়। ক্রমাগত হুগলী নদীতে পলি জমাতেও ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীব কিছু কুঠিতে যাওয়া কঠিন হয়ে দাঁড়ায়।

১৬৮৭ সালে কাশেম বাজারের ইংবেজ কুঠির প্রধানের প্রতিনিধি জব চার্ণক সুতানুটিতে একটি কুঠি স্থাপনের অনুমতি পান। মুঘলদের এবং কোম্পানীর মধ্যে ১৬৯০ সালে একটি শান্তি চুক্তি স্বাক্ষরিত হয় যা কোম্পানীকে খানিকটা স্বস্তি দেয়।

১৬৯০ সালের ২৪শে আগষ্ট চার্ণক সুতানুটিতে একটি আধুনিক কুঠি স্থাপন করেন। আধুনিক কলকাতাব প্রতিষ্ঠা দিবস হিসাবে এই তারিখই সাধারণতঃ মানা হয়। ১৬৯৮ সালে আওরঙ্গজেব তাঁর নাতি মহম্মদ আজিম আল দীনকে বাংলার সুবেদার নিয়োগ করেন এবং এই বছরে কোম্পানী সুতানুটি, কলিকাতা ও গোবিন্দপুরের জমিদারী (জমির খাজনা আদায়ের অধিকার) সাবর্ণ-চৌধুরী পরিবার থেকে কিনে নেয়।

কলকাতার জন্ম ঃ

কলকাতা, সুতানুটি ও গোবিন্দপুর এই তিনটি গ্রামের সমাহার কলকাতা বলে পরিচিত হয়। কি করে কলকাতা নাম হল এ সম্বন্ধে অবশ্য বিভিন্ন রকম মতবাদ প্রচলিত আছে। ১৬৯৯ সালে কোম্পানী প্রথম ফোর্ট উইলিয়াম দুর্গ (রাজা ১ম উইলিয়ামের নামে) বানানো শেষ করে। ইতিমধ্যে মুর্শিদকুলি খাঁকে ১৭০০ সালে বাংলার সুবেদার নিযুক্ত করা হয়। ১৭০৭ সালে আওরঙ্গজেবের মৃত্যুতে ক্রমে ক্রমে মুঘল সাম্রজ্য দুর্বল হয়ে পড়ে এবং প্রাদেশিক সুবেদারদের ওপরও নিয়ন্ত্রণ শিথিল হয়ে পড়ে। মুর্শিদকুলি খাঁ তাঁর রাজধানী ঢাকা থেকে মুর্শিদাবাদে স্থানান্তরিত করেন। ধীরে ধীরে বাংলার নবাবরা প্রকৃতপক্ষে মুঘলদের আওতা থেকে স্বাধীন হয়ে পড়লেন। ১৭০৭ সালে কলকাতা লণ্ডনের ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর ডিরেক্টরদের অধীনে আলাদা প্রেসিডেন্সিতে রূপান্তরিত হল। ১৭১৭ সালে তৎকালীন মুঘল সম্রাট ফারুকসিয়ার কোম্পানীকে সমগ্র বাংলা প্রদেশে তিন হাজার টাকা বিনিময়ে নিষ্কর বাণিজ্যিক অধিকার দেন। এই সনদ মুর্শিদকুলি খাঁকে খুশি করতে পারেনি। কোম্পানী এবং নবাবের মধ্যে সম্পর্কের অবনতি হওয়া সত্ত্বেও কলকাতা একটি গুরুত্বপূর্ণ বন্দর এবং বাণিজ্যকেন্দ্র হিসাবে রূপান্তরিত হয় এবং ১৭৩৫ সালের মধ্যেই লোকসংখ্যা বেড়ে ১,০০,০০০ হয়।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর আকার বৃদ্ধির সঙ্গে সঙ্গে ক্ষমতার লিপ্সাও বৃদ্ধি পেতে লাগলো। মুঘল সাম্রাজ্যের পতন এবং বাংলার মত আঞ্চলিক প্রদেশের উত্থান কোম্পানীকে রাজনৈতিক হস্তক্ষেপের সুযোগ এনে দিল। ১৭৪০ সালে বাংলার নবাব আলিবর্দী খাঁ প্রকৃতপক্ষে স্বাধীন হলেন। ১৭৫৬ সালে তাঁর মৃত্যুতে তাঁব বিধবা স্ত্রী ঘসেটি বেগম ও নাতি সিরাজদ্দৌলার, (যিনি বাংলার নবাব হয়েছিলেন) মধ্যে এক ক্ষমতার দ্বন্দ্বের উদ্ভব হয়।

ঘসেটি বেগমকে কোম্পানী সমর্থন কবাব ফলে সিবাজ কোম্পানীব ওপর রুষ্ট হন। সিবাজেব অনুমতি ছাড়াই কোম্পানী ফোর্ট উইলিয়ামের শক্তি বৃদ্ধি করতে থাকে। ১৭৫৬ সালের ২০শে জুন সিরাজ ফোর্ট উইলিযাম আক্রমণ ও দখল করেন। অনেক ইংরেজ বন্দী, যাঁদের একটি ছোট কুঠরিতে বাখা হয়েছিল, ফলতঃ মাবা যান। এ ঘটনাকে অনেক সময় কলকাতার কালো গর্ত (Black Hole) বলে চিহ্নিত করা হয়। অনেকেই বিশ্বাস করেন যে এই ঘটনাটিকে কোম্পানীর স্বার্থ চরিতার্থ করবার জন্য বহুলাংশে অতিরঞ্জিত করা হয়েছে।

কোম্পানী মাদ্রাজের প্রধান কার্যালয় ফোর্ট সেন্ট জর্জ থেকে সাহায্য কববার জন্য অতিরিক্ত সৈন্যদল পাঠায়। ববার্ট ক্লাইভ ও অ্যাডমিরাল ওয়াট্‌সনেব নেতৃত্বে এই সৈন্যদল ১৭৫৭ সালেব ২রা জানুয়ারী কলকাতা পুনরাধিকার করেন। নবাব এবং কোম্পানীর মধ্যে স্বাক্ষরিত হয় আলিনগবেব চুক্তি।

এদিকে ক্লাইভেব সামবিক উচ্চাকাঙ্খা ক্রমশঃ বাড়তে থাকে। তাঁর সৈন্যরা চন্দননগরের ফবাসী উপনিবেশ দখল করে। উনি সিরাজেব কাকা মীর জাফবকে নবাবীর প্রতিদানে তাঁর শিবিরে যোগ দেবাব জন্য প্রলুব্ধ কবতে থাকেন। ১৭৫৭ সালের ২৩শে জুন কোম্পানীর সৈন্য সিরাজের বিরুদ্ধে যুদ্ধযাত্রা করে। নিজের লোকজন দ্বাবা প্রতারিত হয়ে মাত্র কযেক ঘন্টা স্থায়ী পলাশীর যুদ্ধে পরাজিত হন। এর পরেই সিরাজকে তাঁব বাজধানী মুর্শিদাবাদে হত্যা কবা হয়। এভাবেই কোম্পানী বণিক শ্রেণী থেকে বাংলার ভাগ্য নিয়ন্তায় রূপান্তরিত হয় এবং মীর জাফবকে নতুন নবাব হিসাবে প্রতিষ্ঠা করা হয়। ক্লাইভ নতুন নবাবের কাছ থেকে তাঁর প্রাপ্য হিসাবে ২,৩৪,০০০ পাউন্ড এবং তাঁর বার্ষিক মাইনে হিসেবে ৩০,০০০ পাউন্ড আদায় করে নেন। এই ব্যবস্থা তাঁকে পৃথিবীর ইংরেজদের মধ্যে একজন অন্যতম ধনী হিসাবে প্রতিষ্ঠা দেয। কোম্পানীও কলকাতার দক্ষিণে এক বিরাট এলাকার অধিকার প্রাপ্ত হয়। নতুন ফোর্ট উইলিয়ামের নির্মাণের কাজ আরম্ভ হয় এবং ১৬ বছরে ১৭৭৩ সালে সম্পূর্ণ হয়। এই সব ঘটনাবলীই কলকাতার উত্থান ও মুর্শিদাবাদের পতনের কারণ হিসাবে চিহ্নিত হয়।

১৭৬০ সালে মীর জাফরের জামাতা মীর কাশেম তাঁর স্থলাভিষিক্ত হন। তিনি চট্টগ্রাম, মেদিনীপুর ও বর্ধমান জেলা কোম্পানীর হাতে তুলে দেন। ঐ একই বছরে রবার্ট ক্লাইভ ইংল্যাণ্ডে ফিরে যান। মীর কাশেম (রাজত্বকাল ১৭৬০ থেকে ১৭৬৩) বাংলাকে ইংরেজদের হাত থেকে উদ্ধার করার একবার চেষ্টা করেছিলেন। ১৭৬৪ সালে মুঘল সম্রাট শাহ আলম-২ এবং আউধের নবাব সুজাউদ্দৌলার সাহায্য নিশ্চিত করেছিলেন। কিন্তু তাঁদের সৈন্যদল মেজর হেক্টর মনরোর নেতৃত্বে কোম্পানীর সৈন্যদের হাতে বক্সারের যুদ্ধে পরাজিত হয়। রবার্ট ক্লাইভ ১৭৬৫ সালে ভারতে ফিরে আসেন। ১২ই আগষ্ট মুঘল সম্রাট শাহ আলম-২ এবং রবার্ট ক্লাইভের মধ্যে এক চুক্তি সম্পাদিত হয় যার ফলে ইংরেজরা বাংলা, বিহার ও উড়িষ্যা প্রদেশের দেওয়ানী (কর আদায়ের অধিকার) প্রাপ্ত হয়। প্রতিদানে মুঘল সম্রাটকে বাৎসরিক দু'লক্ষ ষাট হাজার টাকা দেওয়ার প্রতিশ্রুতি দেওয়া হয়। ক্লাইভ ১৭৬৭ সালে ইংল্যাণ্ড ফিরে যান এবং ১৭৭৪-এ উনি আত্মহত্যা করেন।

পলাশী এবং বক্সারের যুদ্ধ প্রায় দু'শো বছরের ইংরেজ ঔপনিবেশিক রাজত্বের পথ তৈরী করে দেয়। যেমন কোম্পানীর ধনরাশির ও কর আদায়ের এলাকা বৃদ্ধি পেতে থাকে সেরকম এই এলাকার কোম্পানীর প্রধান প্রশাসনিক কার্যালয় থাকার কারণে কলকাতার গুরুত্বও ক্রমশ বৃদ্ধি পায়।

১৭৭১ সালে ওয়ারেন হেস্টিংস নামে কোম্পানীর এক আমলা কলকাতা প্রেসিডেন্সির প্রধান হন। উনি ১৭৭২

সালে বাংলার রাজ্যপাল হন। ১৭৭৩ সালে ব্রিটিশ পার্লামেন্টে রেগুলেটিং অ্যাক্ট নামে আইন পাশ হওয়ার সঙ্গে সঙ্গে ওয়ারেন হেস্টিংস প্রথম গভর্নর জেনারেল (ফোর্ট উইলিয়াম, বাংলা) নিযুক্ত হন। কলকাতাই হয় ব্রিটিশ ভারতের রাজধানী এবং মাদ্রাজ ও বোম্বাই প্রেসিডেন্সিদ্বয়-এর অধীনে আসে। ১৭৭৪-এ ব্রিটিশ পার্লামেন্ট কলকাতায় সুপ্রীম কোর্ট প্রতিষ্ঠা করেন এবং স্যার এলিজা ইম্পে প্রধান বিচারপতি নিযুক্ত হন।

কোম্পানী রাজত্ব বিস্তার ও ভারতে ভিত্তি শক্তিশালী করার নীতি নিয়ে চলতে থাকে। ১৭৮৪ সালে পিট-এর (উইলিয়াম পিট, ব্রিটেনের প্রধানমন্ত্রী) ইণ্ডিয়া অ্যাক্ট পাশ হয় যার দ্বারা ভারতের যাবতীয় বিষয়ের প্রশাসনিক নিয়ন্ত্রণ ক্ষমতা রাজার হাতে ন্যস্ত হয়। এ বিল পাশ হওয়ার সঙ্গে সঙ্গে কলকাতার গুরুত্ব আরও বেড়ে যায়। লর্ড কর্ণওয়ালিস ভারতের গভর্নর জেনারেল নিযুক্ত হন। ১৭৯৩ সালে লর্ড কর্ণওয়ালিস বাংলার স্থায়ী স্বত্বভোগী আইন (Permanent Settlement of Bengal) পাশ করেন যাতে স্থানীয় জমিদারদের কাছ থেকে কোম্পানীর কোষাগারে করসমূহের প্রাপ্ত অর্থের যোগান অব্যাহত থাকে।

লর্ড উইলিয়াম বেন্টিকের রাজত্বকাল (১৮২৮-৩৫) নানা রকম সামাজিক সংস্কার বিষয়ক আন্দোলন ও শিক্ষা প্রসারের সাক্ষী। উনি সমাজ সংস্কারক রামমোহন রায়কে সমর্থন করেন এবং (সতীদাহ প্রথা) ১৮২৯ সালে -'নিষিদ্ধ করেন। ১৮৩৩ সালে চার্টার অ্যাক্ট নামে আইন পাশ হওয়ার ফলে কোম্পানীর বাণিজ্যির অধিকারের বিলুপ্তি ঘটে।

ওয়ারেন হেস্টিংসের সময়কালে কলকাতার জনসংখ্যা বেড়ে দুই লক্ষের বেশী হয়। কলকাতা আফিম ব্যবসার এক গুরুত্বপূর্ণ কেন্দ্র হয়ে ওঠে কারণ কোম্পামী এখান থেকেই চীনদেশে আফিম রপ্তানি করে বিশাল অর্থ আয় করে। এছাড়া কোম্পানী গন্ধক, নীল, মসলিন, রেশম ও মশলারও ব্যবসা করত। কলকাতাকে প্রধান বাণিজ্য কেন্দ্র করার বীজ বপন করা হয়। ব্রিটিশ ভারতের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ নগর হিসাবে পরিকাঠামোর উন্নতি এবং পাশ্চাত্য শিক্ষার প্রসার কলকাতার নাগরিকদের ওপর ছাপ ফেলতে লাগল। ১৭৮৪তে স্যার উইলিয়াম জোন্স এশিয়াটিক সোসাইটি প্রতিষ্ঠাতা করলেন। উইলিয়াম কেরী, একজন ধর্মপ্রচারক, ১৭৯৯ সালে একটি ছাপাখানা এবং এশিয়ার প্রথম আধুনিক বিশ্ববিদ্যালয় শ্রীরামপুরে (দিনেমার উপনিবেশ) ১৮২৭ সালে প্রতিষ্ঠা করেন। বাংলা ভাষা, সাহিত্য ও সংস্কৃতি এক নবজাগরণের সময়ের মধ্য দিয়ে অগ্রসর হয় এবং কলকাতা বাংলার নবজাগরণের কেন্দ্র হিসাবে পরিগণিত হয়। ভারতের অনেক আধুনিক সংস্কার আন্দোলন কলকাতাতেই শুরু হয়। এই সময়েই কিছু বিখ্যাত লোক পাদপ্রদীপের আলোয় আসেন। এদের মধ্যে অন্যতম হলেন রাজা রামমোহন রায় (১৭৭৪-১৮৩৩) সমাজ-সংস্কারক, ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর (১৮২০-১৮৯১) সংস্কারক এবং শিক্ষাব্রতী, হেনরী লুই ভিভিয়ান ডিরোজিও (১৮০৯-১৮৩১) একজন কবি এবং জাতীয়তাবাদী, রায়বাহাদুর বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-১৮৯৯) আধুনিক বাংলা সাহিত্যের জনক এবং কবি মাইকেল মধুসূদন দত্ত (১৮২৯-১৮৭৩)। মহান আধ্যাত্মিক নেতা, যেমন রামকৃষ্ণ পরমহংস (গদাধর চট্টোপাধ্যায়) (১৮৩৬-১৮৮৬) এই ক্ষেত্রে আবির্ভূত হয়েছিলেন। কলকাতা ভারতের বুদ্ধিজীবিদের এবং নেতৃত্বের কেন্দ্র হয়ে উঠেছিল।

ইষ্ট ইণ্ডিয়া কোম্পানীর স্বৈরাচারী কাজসমূহ কোম্পানীকে ভারতীয়দের বিরাগভাজন করে তুলেছিল। মানুষের অবরুদ্ধ ক্রোধ বুলেটে গরু এবং শূওরের চর্বি ব্যবহারকে কেন্দ্র করে বিরাট আকার ধারণ করল কারণ এই কাজ ভারতীয় সৈন্যদের ধর্মীয় সংস্কারকে আঘাত করল। পলাশী যুদ্ধের ঠিক শতবর্ষ পরে ১৮৫৭ সালে - সিপাহী মঙ্গল পাণ্ডে কুচকাওয়াজের ময়দানে তাঁর সার্জেন্ট মেজরকে (কলকাতার কাছেই ব্যারাকপুর সেনা ছাউনিতে) গুলি করল। তাঁকে ফাঁসি দেওয়া হল এবং তাঁর পদাতিক বাহিনীকে ভেঙে দেওয়া হল। এই ছিল প্রথম স্বাধীনতা সংগ্রাম বা সিপাহী বিদ্রোহের (ঐতিহাসিক দৃষ্টিভঙ্গি অনুসারে) প্রথম ঘটনাবলীর অন্যতম। বিভিন্ন আকারে এই বিদ্রোহ সারা দেশে ছড়িয়ে পড়ল কিন্তু কোম্পানী এই

বিদ্রোহ দমন ক'রতে সফল হয়েছিল। এই সংগ্রাম শেষ হওয়ার সাথে সাথে একদা মহাশক্তিধর মুঘল সাম্রজ্যের অবশিষ্টাংশেরও শেষ হল। মুঘল বংশের শেষ সম্রাট বাহাদুর শাহ-দ্বিতীয় কে পদচ্যুত করা হয় এবং তিনি ব্রহ্মদেশে মারা যান।

১৮৫৭-র বিদ্রোহের ফলে ব্রিটিশ রাজ ভারতীয় ভূখণ্ডের সম্পূর্ণ নিয়ন্ত্রণভার নিলেন। রানী ভিক্টোরিয়া ১লা নভেম্বর ১৮৫৮ থেকে ভারতের শাসনভার গ্রহণ করলেন। কলকাতা ভারতের রাজকীয় রাজধানী হল যেখান থেকে গভর্নর জেনারেল এবং রাজপ্রতিনিধির শাসনকার্য চালাবার ব্যবস্থা হল। রানী ভিক্টোরিয়া ১লা জানুয়ারী, ১৮৭৭ ভারতের সম্রাজ্ঞী হলেন এবং কলকাতা ভারতে ইংরেজ সাম্রাজ্যের রাজধানী হল।

প্রথম স্বাধীনতার সংগ্রাম অসফল হওয়ার অব্যবহিত পরেই জাতীয় চেতনার উন্মেষ ঘটল। ভারতের প্রধান শহর হিসাবে কলকাতা জাতীয়তাবাদীদের এক বিশেষ কেন্দ্র হয়ে উঠল এবং ক্রমে ক্রমে সংগ্রাম আরও কঠোরতর হয়ে উঠল। রাসবিহারী ঘোষ (১৮৪৫-১৯০১) সুরেন্দ্রনাথ ব্যানার্জী (১৮৪৮-১৯২৫) রাজনীতির মঞ্চে অবতীর্ণ হলেন। সুরেন্দ্রনাথ ব্যানার্জী ১৮৭৬ সালে ইণ্ডিয়ান অ্যাসোসিয়েশন প্রতিষ্ঠা করলেন এবং উনিই ছিলেন ভারতে ব্রিটিশ সাম্রাজ্যের প্রথম রাজনৈতিক বন্দী।

বাংলার নবজাগরণ ঃ

তদানীন্তন কিছু বিখ্যাত ব্যক্তিত্ব হলেন রাজা রামমোহন রায় (১৭৭৪-১৮৩৩), হেনরী লুই ভিভিয়ান ডিরোজিও (১৮০৯-৩১), ঈশ্বর চন্দ্র বিদ্যাসাগর (১৮২০-৯১), মাইকেল মধুসূদন দত্ত (১৮২৪-৭৩), বঙ্কিম চন্দ্র চট্টোপাধ্যায় (১৮৩৮-৯৪), দেবেন্দ্রনাথ ঠাকুর (১৮১৭-১৯০৫), রবীন্দ্রনাথ ঠাকুর (১৮৬১-১৯৪১), স্বামী বিবেকানন্দ (১৮৬২-১৯০২), জগদীশ চন্দ্র বোস (১৮৫৮-১৯৩৭) ও প্রফুল্ল চন্দ্র রায় (১৮৬১-১৯৪১) যাঁরা বাংলা তথা ভারতীয় সমাজ, ধর্ম, প্রজ্ঞা ও সংস্কৃতির ওপর সামগ্রিকভাবে গভীর ছাপ ফেলে গেছেন। অনেক আধুনিক পণ্ডিতেরা দাবী করেন যে উনবিংশ শতাব্দীর প্রথম দিকে, আবার কেউ কেউ দাবী করেন যে গোটা উনবিংশ শতাব্দীব্যাপী যে মেধার জাগরণ দেখা গিয়েছিল সেই জাগরণকে ইউরোপীয় রীতি অনুসারে নবজাগরণ আখ্যা দেওয়াই যুক্তিযুক্ত। এশিয়াটিক সোসাইটি অফ বেঙ্গলের মত (১৭৮৪ তে প্রতিষ্ঠিত), ব্যাপটিষ্ট মিশন অফ শ্রীরামপুর (১৮০০), ফোর্ট উইলিয়াম (১৮০০), হিন্দু কলেজ (১৮৩৫), কলকাতা বিশ্ববিদ্যালয় (১৮৫৭) প্রতিষ্ঠানগুলির নবজাগরণে যথেষ্ট অবদান রয়েছে। অনেকগুলি সামাজিক অনাচার, যেমন সতী, বহুবিবাহ, বাল্যবিবাহ, অস্পৃশ্যতাকে আক্রমণ করা হয়েছিল এবং তার মধ্যে কিছু সম্পূর্ণভাবে এবং কিছু আংশিকভাবে দূরীভূত হয়েছে। ১৮২৯ সালে গভর্ণর জেনারেল উইলিয়াম বেন্টিঙ্ক সতীপ্রথার (হিন্দু বিধবাদের তাঁদের মৃতস্বামীর চিতায় পোড়ানো) বিলোপ সাধন করেছিলেন এবং রামমোহন এই আইনকে সমর্থন করেছিলেন। ১৮৫৬ সালে বিদ্যাসাগর বিধবাবিবাহ আইন কার্যকর করতে সফল হয়েছিলেন এবং কুলীন ব্রাহ্মণদের একাধিক বিবাহের বিরুদ্ধে আন্দোলনের নেতৃত্ব দিয়েছিলেন। ১৫ বছর হিন্দু এবং খ্রীষ্টানদের সাথে বিবাদের পর রামমোহন রায় ব্রাহ্ম একেশ্বরবাদ প্রতিষ্ঠা করতে সফল হয়েছিলেন এবং হিন্দু মহিলাদের মুক্তির জন্য সংগ্রাম করেছিলেন। নবজাগরণের সবচেয়ে উল্লেখযোগ্য পদক্ষেপ ছিল বেশ কিছু - সংস্কার আন্দোলন (ধর্মীয় এবং সামাজিক)। অপর একটি বিশেষ দিক ছিল যুক্তিবাদী মুক্ত চিন্তার জন্য ধর্মনিরপেক্ষ সংগ্রাম। আধুনিক বাংলা সাহিত্যের উন্নতি, পাশ্চাত্য চিন্তা ও শিক্ষার প্রসার, ঐকান্তিক, বৈচিত্র্যময় ও যুক্তিগ্রাহ্য অনুসন্ধানই ছিল নবজাগরণের ফলশ্রুতি। বাংলার নবজাগরণ জাতীয়তাবাদের সাথে যুক্ত ছিল এবং জাতীয়তাবাদ ভারতের পরাধীনতা বিষয়ে সচেতনতা ও প্রতিরোধে সরব ছিল।

বঙ্গভঙ্গ, সশস্ত্র সংগ্রামের জন্ম, মুসলীম লীগের জন্ম, বঙ্গভঙ্গ রদ এবং দিল্লীতে রাজধানী স্থানান্তরণঃ

বাংলার বিপ্লবী অভ্যুত্থান নিয়ন্ত্রণের চেষ্টায় ১৬ই অক্টোবর, ১৯০৫ তারিখে সে সময়কার গভর্ণর জেনারেল লর্ড কার্জন বাংলা বিভাজন করেন। বাংলার পশ্চিমাংশ, বিহার এবং উড়িষ্যাকে একত্র করে বাংলা করা হয়। এর ফলে বাংলায় বাঙালীরাই সংখ্যালঘু হয়ে পড়ে। সংখ্যাগরিষ্ঠ মুসলমানদের নিয়ে বাংলার পূর্বাংশে একটি আলাদা প্রদেশ গঠিত হয়। এই বিভাজনের উদ্দেশ্য ছিল জাতের ভিত্তিতে হিন্দু ও মুসলমানদের ভাগ করে ক্রমবর্ধমান জাতীয়তাবাদী আন্দোলনকে নিয়ন্ত্রণ করা। ১৯০৬ সালে বাংলার ঢাকাতে মুসলিম লীগের জন্ম হল। পূর্ববঙ্গে (এখন বাংলাদেশ) যেখানে মুসলমানরা সংখ্যাগরিষ্ঠ ছিলেন, সেখানে ব্রিটিশ প্রশাসন অবস্থার সম্পূর্ণ ফায়দা তুলতে চাইল। হিন্দু-মুসলমান দাঙ্গা নিত্যনৈমিত্তিক ব্যাপার হয়ে দাঁড়াল।

বাংলা বিভাজনের কারণে এদিকে জাতীয়তা বোধ আরও গভীর হল। ব্যাপক প্রতিবাদ, ব্রিটিশ পণ্য প্রত্যাখ্যান এবং সশস্ত্র প্রতিরোধ ব্রিটিশদের তাঁদের কৌশল সম্বন্ধে পুনরায় ভাবতে বাধ্য করল। ব্রিটিশ পণ্য প্রত্যাখ্যান করাতে স্থানীয় শিল্পে জোয়ার এল। কলকাতা ভারতের স্বাধীনতা আন্দোলনের স্নায়ু কেন্দ্রে পরিণত হল।

বাংলার বরিশালে ১৯০৬এ কংগ্রেস পার্টির এক জনসভায় নিষ্ঠুর পুলিশি অত্যাচারের পর অনেক নেতারই চিন্তাধারার কিছু পরিবর্তন হল। বিখ্যাত বিপ্লবী ত্রয়ী লাল-বাল-পালের (লালা লাজপত রাই, বাল গঙ্গাধর তিলক ও বিপিন চন্দ্র পাল) এবং অরবিন্দ ঘোষের নেতৃত্বে ভারতীয় জাতীয় কংগ্রেসের এক অংশ ইংরেজদের ''চোখের বদলে চোখ'' নীতিতে মোকাবিলা করতে প্রস্তুত হলেন। কংগ্রেসের আভ্যন্তরীণ দুটি শিবিরের নেতাদের অপরিবর্তনীয় মত পার্থক্যের জন্য তাঁরা বিশেষ সমস্যার সম্মুখীন হলেন। শেষ পর্যন্ত নরমপন্থীরা দলকে নিয়ন্ত্রণে রাখতে সমর্থ হলেন।

ইংরেজের বিরুদ্ধে আন্দোলনের একটি পন্থা হিসেবে চরমপন্থা তরুণ ভারতীয়দের কাছে জনপ্রিয় হয়ে উঠল। ব্রিটিশরা অত্যন্ত কঠিন হাতে এই আন্দোলনের মোকাবিলা করতে উদ্যত হলেন কিন্তু বিশেষ সাফল্য লাভ করলেন না।

অবশেষে ১৯১১ সালে রাজা পঞ্চম জর্জ বঙ্গভঙ্গ রদ করলেন। কলকাতাকে রাজধানী করে বাংলা প্রেসিডেন্সী [illegible] দেশের শাসনব্যবস্থায় বাঙালী জাতীয়তাবাদীদের প্রভাব কমাতে ভারতের রাজধানীকে কলকাতা থেকে দিল্লীতে [illegible]রিত করা হল।

স্বাধীনতা অভিমুখে ঃ

প্রথম মহাযুদ্ধ শেষ হওয়ার সঙ্গে সঙ্গে শীঘ্রিই ব্রিটিশরা সারা ভারতব্যাপী প্রতিরোধের সম্মুখীন হল। মহাত্মা গান্ধী, জওহরলাল নেহেরু, সুভাষ বোসের মত নেতৃবৃন্দ স্বাধীনতা আন্দোলনকে আরও জোরদার করে তুললেন। ১৯২০ সালে কলকাতার বিশেষ কংগ্রেস অধিবেশনে গান্ধীজী অহিংস অসহযোগ আন্দোলন করবেন বলে স্থির করলেন। গান্ধীজীর অহিংস মতবাদের অনেক সমালোচক ছিলেন এবং মোটামুটি এই সময়ে বাংলা এবং কলকাতার অনেক বিপ্লবী নেতা কংগ্রেসের আদর্শ থেকে ভিন্ন মতবাদ পোষণ করতে থাকেন। কংগ্রেস আইন-অমান্য আন্দোলন (১৯৩০-১৯৩৪) শুরু করল এবং ভারত ছাড়ো আন্দোলন শুরু হল ১৯৪২ সালে। সমান্তরালভাবে একই সঙ্গে ব্রিটিশ শাসনের বিরুদ্ধে সশস্ত্র বৈপ্লবিক প্রতিরোধও চলতে থাকল।

অবস্থা নিয়ন্ত্রণের বাইরে চলে যাওয়াতে এবং পৃথিবীব্যাপী নজর গান্ধিজীর এই আন্দোলনের প্রতি পড়াতে ব্রিটেন শেষ পর্যন্ত নীতিগতভাবে ভারতকে স্বাধীনতা দেওয়া স্থির করল। এম.কে. জিন্নার নেতৃত্বে মুসলিম লীগ এই উপমহাদেশের সমস্ত মুসলমানদের জন্য আলাদা রাষ্ট্রের দাবীতে সোচ্চার হল। ১৯৪৬ সালের ফেব্রুয়ারী মাসে কলকাতায় হিন্দু ও মুসলিমদের মধ্যে ব্যাপক সংঘর্ষ ও হত্যা সংঘটিত হয়। আগষ্ট মাসেই আবাব এই দাঙ্গার পুনরাবৃত্তি ঘটল।

ভারত ১৯৪৭ সালেব ১৫ই আগষ্ট স্বাধীনতা পেল, কিন্তু ভারী মূল্যের বিনিময়ে। ভাবতকে দ্বিখণ্ডিত করা হল, ভাবত - ধর্মনিবপেক্ষ দেশ এবং পাকিস্তান - এক মুসলিম রাষ্ট্র।

এর সঙ্গেই বাংলাও দুভাগে ভাগ হল। বাংলাব পূর্বার্ধ হল পূর্ব-পাকিস্তান (বর্তমান বাংলাদেশ)। ঢাকা হল প্রাদেশিক রাজধানী। পশ্চিমার্ধ হল ভারতীয় রাজ্য পশ্চিমবঙ্গ, কলকাতা হল তার রাজধানী।

অবস্থান ঃ

পশ্চিমবঙ্গ ভারতীয় প্রজাতন্ত্রের একটি অঙ্গরাজ্য। পশ্চিমবঙ্গের অবস্থান পূর্ব ভারতেব সামরিক গুরুত্বপূর্ণ স্থানে এবং ২১°৩১ এবং ২৭°১৪ উত্তর অক্ষাংশ এবং ৮৬°৩৫ এবং ৮৯°৫৩′ পূর্ব দ্রাঘিমাংশের মধ্যে। কর্কটক্রান্তি রেখা এই রাজ্যেব ভেতর দিযে গেছে। এই বাজ্যের বিস্তার উত্তবে ববফে ঢাকা হিমালয় থেকে দক্ষিণে বঙ্গোপসাগর পর্যন্ত।

এই রাজ্যের আন্তর্জাতিক সীমানা বাংলাদেশ, ভুটান এবং নেপালের সাথে আছে। অন্যান্য ভারতীয় রাজ্য যারা পশ্চিমবঙ্গের সাথে সীমানা ভাগ করে তাবা হল উড়িষ্যা, বিহার, ঝাড়খণ্ড, সিকিম এবং আসাম।

ভূ-প্রকৃতি ঃ

সাধাবণভাবে বলা যেতে পারে পশ্চিমবঙ্গের দুইটি প্রাকৃতিক বিভাগ আছে - উত্তবে হিমালযের পার্বত্য অঞ্চল এবং এব দক্ষিণে পলিমিশ্রিত সমতলভূমি, বঙ্গোপসাগব রাজ্যেব দক্ষিণ তটবেখা চিহ্নিত কবে। এটি পৃথিবীব মধ্যে সর্ববৃহৎ উপসাগরগুলিব মধ্যে একটি।

উত্তরবঙ্গের হিমালয় অঞ্চলকে তিনটি সাধারণ ভাগে ভাগ করা যেতে পারে - অতি উচ্চতা বিশিষ্ট পার্বত্য অঞ্চল, পর্বতের পাদদেশের এলাকা বা তবাই অঞ্চল এবং মিশ্র পর্ণমোচী বনাঞ্চল এবং তৃণভূমি যাকে ডুয়ার্স বলা হয়।

গঙ্গা এবং এর অসংখ্য শাখানদী দিয়ে গঙ্গাব মুখে পৃথিবীর সর্ববৃহৎ বদ্বীপ এলাকা গঠিত হয়েছে। এই বদ্বীপ অঞ্চলে পৃথিবীর সর্ববৃহৎ গরাণ গাছের জঙ্গল অবস্থিত। সুন্দববন নামে পরিচিত এই অরণ্যাঞ্চল পৃথিবীর অন্যতম সেরা বৈচিত্র্যপূর্ণ ও সমৃদ্ধ প্রাকৃতিক পরিবেশ হিসেবে পরিচিত। যদিও পশ্চিমবঙ্গের তটরেখা আছে কিন্তু এর তটভূমির পরিমাণ বেশী নয়। তবে এর মধ্যে সর্বাপেক্ষা জনপ্রিয় হল বঙ্গোপসাগরের তীরে অবস্থিত দীঘার বেলাভূমি। তটরেখার অধিকাংশ অঞ্চলেই গরাণ গাছের বন দেখা যায়।

গঙ্গা এবং তার অসংখ্য শাখানদীগুলি পৃথিবীর সর্বাপেক্ষা উর্বর ভূমিগুলির অন্যতম ভূমি সৃষ্টি করেছে। কৃষিকাজই প্রায় ৭০% অধিবাসীর প্রধান জীবিকা। পশ্চিমবঙ্গে জমির ব্যবহার এই রকম-চাষযোগ্য জমি ঃ ৬২.৮% (৫৫.৪১৪ বর্গ কিলোমিটার), বনাঞ্চল ঃ ১৩.৩৮%, অবশিষ্টাংশ অন্যান্য কাজে ব্যবহৃত হয়।

খনিজ পদার্থ ঃ

রাজ্যের বর্ধমান এবং বীরভূম জেলাতে প্রচুর পরিমান কয়লার ভাণ্ডার আছে। অন্যান্য খনিজ পদার্থ যা পাওয়া যায় তা হল আকরিক লোহা, ম্যাঙ্গানিজ, সিলিকা, চুনাপাথর, চীনামাটি এবং ডলোমাইট।

কৃষি ঃ

ভারতে কৃষিতে উন্নত অগ্রণী রাজ্যগুলির মধ্যে পশ্চিমবঙ্গ অন্যতম। প্রধান ফসলগুলির মধ্যে ধান, খাদ্যশস্য, তেলের বীজ, পাট, আলু, চা, আম, আনারস, কলা, পেঁপে, কমলালেবু, পেয়ারা এবং লিচু অন্যতম। ফুলের চাষে মোট উৎপাদন ৫০,০০০ টন। তার ফলে এটি এখন একটি গুরুত্বপূর্ণ জীবিকা।

আবহাওয়া ঃ

পশ্চিমবঙ্গের আবহাওয়া উষ্ণ। এখানে ঋতুগুলি চারটি নির্দিষ্ট ভাগে বিভক্ত। বসন্তকালের সংক্ষিপ্ত বিরাম ছাড়া, গ্রীষ্ম, বর্ষা, বর্ষা পরবর্তী ঋতু হেমন্ত এবং শীতকাল। বসন্তকালের উপস্থিতি অতি সংক্ষিপ্ত।

গ্রীষ্মকাল মধ্য-মার্চ মাস থেকে মধ্য জুন মাস পর্যন্ত স্থায়ী হয়। সে সময় দিনের তাপমাত্রা রাজ্যের বিভিন্ন অংশে ৩৮° সেন্টিগ্রেড থেকে ৪৫° সেন্টিগ্রেড পর্যন্ত হয়। রাত্রের দিকে সাধারণতঃ শীতল জলকণা বাহিত দক্ষিণা বাতাস বঙ্গোপসাগর থেকে বইতে থাকে। উচ্চ তাপমাত্রার জন্য সমতল ক্ষেত্রে নিম্নচাপের গহ্বর সৃষ্টি হয় এবং তা পূরণ করার জন্য সংক্ষিপ্ত ঝড়ের সৃষ্টি হয় যা বাংলাতে 'কালবৈশাখী' নামে পরিচিত। এই ঝড়ের সাথে বজ্র-বিদ্যুৎসহ বৃষ্টি হয়। দার্জিলিং জেলার পার্বত্য এলাকায় গ্রীষ্মকালে আরামদায়ক ঠাণ্ডা থাকে।

বর্ষার আগমন ঘটে জুন মাসের মাঝামাঝি। প্রকৃত বর্ষা শুরু হওয়ার প্রায় দু'সপ্তাহ আগে অগ্রদূত হিসাবে মেঘের আনাগোনা শুরু হয় এবং এই সময়ের বর্ষা যা প্রখর গরমের থেকে একটু স্বস্তি দেয় তাকে 'ছোট বর্ষা' বলা হয়। পশ্চিমবঙ্গে বর্ষার বৃষ্টি প্রধানতঃ বঙ্গোপসাগর থেকে প্রবাহিত মৌসুমী বায়ুর দ্বারাই হয়ে থাকে। বৈচিত্র্যই পশ্চিমবঙ্গের বর্ষার চরিত্রগত বৈশিষ্ট্য। সেপ্টেম্বরের শেষ দিকে আবহাওয়ার এক সুস্পষ্ট, কাঙ্খিত পরিবর্তন অনুভব করা যায়। পশ্চিমবঙ্গে হেমন্ত একটি উৎসবের ঋতু। এই সময় মাঠে সোনালী ধানের দানা পাকতে শুরু করে এবং এই ঋতুর শেষ দিকে ফসল কাটা হয়। নানা উৎসবের সমাপ্তিতে নভেম্বর মাস শীতের আগমন চিহ্নিত করে।

তিনমাস স্থায়ী শীতের প্রভাব সমতলে অনেক কম। এ সময় গড় তাপমাত্রা সাধারণতঃ ১৫° সেন্টিগ্রেডের নীচে নামে না। এই সময় শুকনো উত্তরের হাওয়া বইতে থাকে এবং বাতাসের আর্দ্রতা কমে যায়। শীত হল রবি শস্য, ডাল, আলু রকমারী সব্জী এবং দার্জিলিং -এর কমলালেবু কাল। সাধারণতঃ ডিসেম্বর মাসের শেষ সপ্তাহ থেকে জানুয়ারী মাসের প্রথম সপ্তাহের একটি সংক্ষিপ্ত বিরামের মধ্যে কিছু মেঘ ও বৃষ্টির আনাগোনা দেখা যায়। এটার কারণ প্রধানতঃ আরব সাগর থেকে পশ্চিমী মৌসুমী বায়ুর আগমন। এসময় পার্বত্য অঞ্চলে প্রচণ্ড ঠাণ্ডা পড়ে এবং আরও উচ্চতায় বিশেষ করে বৃষ্টির সময় পাতলা বরফের আস্তরণ ও তুষারপাতও দেখা যায়। মধ্য ফেব্রুয়ারীতে আবহাওয়া খানিকটা গরম হয় যা খুবই সংক্ষিপ্ত বসন্তকালকে মাসখানেকের জন্য আহ্বান করে আনে।

জলসম্পদ ঃ

দার্জিলিং জেলাসমন্বিত উত্তরেব পার্বত্য এলাকা তিস্তা নদীর সৃষ্ট গভীব গিবিখাত দ্বাবা খণ্ডিত। তিস্তা প্রায় দুই থেকে তিন কিলোমিটাব উঁচু গিবিখাতেব মধ্য দিয়ে উত্তব থেকে দক্ষিণে প্রবাহিত। দার্জিলিং-এব দক্ষিণে সেবকে তিস্তা সমতলে অবতবণ কবাব পব তিস্তা এক খবস্রোতা নদীরূপে মোটামুটি সবলবেখায় প্রবাহিত হয়ে শেষ পর্যন্ত বাংলাদেশে ব্রহ্মপুত্রেব সাথে মিলিত হয়। হিমালয়ে উদ্ভূত তিস্তা ছাড়া ছোট নদীগুলি হল জলঢাকা, তোর্সা, [illegible] এবং বায়ডাক। এদেব মধ্যে সব থেকে উত্তাল হল তোর্সা। এই নদীসমূহ হিমালয়েব বিবাট অববাহিকায় বর্ষাব [illegible] জলবাশি বহন কবে। শুকনো সময়ে সমতলে এই নদীগুলি যাতায়াতেব উপযোগী থাকে। মহানন্দা ডাওহিলেব [illegible] বিভিন্ন ঝর্ণা থেকে উৎপত্তি হয়ে মহানন্দা দার্জিলিং শহবেব নিচে এক দর্শনীয় ঝবনা গিয়ে পড়ছে এবং দার্জিলিং জেলাব দক্ষিণে সমতলে প্রবাহিত হয়ে আরও তিনটি নদী মহানদী, বালাসন ও মেচি নদীব সাথে যুক্ত হয়ে আঁকাবাঁকা ভাবে মালদহ জেলা দিয়ে প্রবাহিত হয়ে বাংলাদেশে পদ্মায় গিয়ে মিশেছে।

মধ্যাঞ্চলে মহানন্দা এবং অন্যান্য সেই নদীগুলি যা সমতলে উৎপত্তি হয়েছে যেমন টাঙ্গন, পুনর্ভবা এবং আত্রেয়ী। তাব মধ্যে প্রথম দুটি আবাব একত্রভাবে হয়ে মহানন্দায় মিলিত হয়েছে এবং আত্রেয়ী বাংলাদেশে গিয়ে পদ্মায় মিলিত হয়েছে। দক্ষিণাঞ্চল আবাব দুই বকম নদীব্যবস্থাব অন্তর্গত। একটি হল মালভূমি এবং গঙ্গাব বদ্বীপেব পশ্চিমেব সমতলভূমি এবং অপবটি গঙ্গাব বদ্বীপ অঞ্চল। পূর্ববর্তী এলাকাতে অনেকগুলি নদী যাদেব উৎপত্তি পশ্চিমেব মালভূমিতে এবং দক্ষিণপূর্বে প্রবাহিত হয়ে ভাগীবথীতে মিলিত হয়েছে। ভাগীবথী হচ্ছে গঙ্গাব পশ্চিম দিকেব প্রবাহ যা গিয়ে বঙ্গোপসাগবেব মোহনায় এসে মিলিত হচ্ছে। এগুলোর মধ্যে সর্বাপেক্ষা উত্তবে হচ্ছে ময়ূবাক্ষী যাতে ব্রাহ্মণী, দ্বাবকা, বক্রেশ্বব এবং কোপাই নামে উপনদীগুলি এসে মিলিত হচ্ছে, এব একটু দক্ষিণে অজয় নদেব উৎপত্তি বিহাবেব পর্বতাঞ্চলে। মালভূমিব ধাব বরাবব প্রবাহিত হয়ে অজয় বাঁকুড়া এবং বীবভূম জেলাব সীমাবেখা সৃষ্টি কবে কাটোয়াতে গিয়ে ভাগীবথীতে মিলিত হচ্ছে। অন্যান্য তিনটি ছোট উপনদী - খড়ি, বাঁকা ও বেহুলা একসময় দামোদবেব উপনদী ছিল কিন্তু এখন শুধুমাত্র শীর্ণকায়া আঁকাবাঁকা জলধাবা। মালভূমিব কিনাবাব সর্বাপেক্ষা বড় নদী দামোদব বিহাবেব পর্বতাঞ্চলে উৎপন্ন হয়ে পূর্ব দিকে বয়ে চলে তাবপব দক্ষিণে ঘুবে হুগলী নদীতে প্রবাহিত হচ্ছে। হুগলী নদীকে বলা হয় 'দুঃখেব নদী'।

আবও দক্ষিণে রূপনাবায়ণ দুটি জলধাবাব মিশ্রণে তৈবী - দ্বাবকেশ্বব এবং শিলাই বা শিলাবতী। এই নদী হলদিয়াব মোহনাব কাছে হুগলী নদীতে গিয়ে মিলিত হচ্ছে। রূপনাবায়ণেব কোলাঘাট পর্যন্ত চিত্তাকর্ষক প্রস্থেব কাবণ হল হলদিয়াব মোহনাব জোয়ার-ভাঁটা। আবও দক্ষিণে আছে কংসাবতী বা কাঁসাই এবং সুবর্ণবেখা। শেষোক্ত নদীটিব উদ্ভব উড়িষ্যার পর্বতাঞ্চলে এবং পশ্চিমবঙ্গ ও উড়িষ্যাব মাঝের সীমানাবেখা বরাবর বয়ে চলেছে।

দক্ষিণাঞ্চলের বাকী অংশে গঙ্গাব মূলধাবা যা পদ্মা নামে পরিচিত তা বাংলাদেশে প্রবেশ কবে ব্রহ্মপুত্রেব সাথে মিলিত হয়ে পৃথিবীব অন্যতম বিশাল একটি মোহনা সৃষ্টি কবে বাংলাদেশেব নোয়াখালিব দক্ষিণে বঙ্গোপসাগরে গিয়ে মিলিত হয়েছে। গঙ্গাব মূল জলস্রোতকে পদ্মাই বহন কবছে। পশ্চিমবঙ্গে গঙ্গাব মূল জলধাবা বহন কবে ভাগীবথী যাব নিম্ন প্রবাহকে ব্রিটিশরা নামকবণ করেছিলেন হুগলী। মুর্শিদাবাদ জেলা থেকে আবম্ভ কবে ভাগীবথী দক্ষিণে কলকাতা বন্দবেব পাশ দিয়ে সমুদ্রে বয়ে গেছে। সমুদ্র-মুখেব কাছে রূপনাবায়ণ এসে হলদিয়াতে মিলিত হয়েছে। আব সব প্রধান জলধাবাব মধ্যে ভৈরব এবং জলঙ্গী ছিল বিশাল জলপথ। ভূমিকম্পেব কারণে সমতলেব উচ্চতাব হেবফেব হওয়ার কারণে এবং প্রচুর পবিমাণ লবণ জমা হওয়ার ফলে ভাগীরথী শুধুমাত্র জলনিকাশিব একটি পথে পর্যবসিত হয়েছে। নদীব প্রধান প্রবাহে পলি-জমার সমস্যা এত ভয়ানক আকার ধারণ করেছে যে বিভিন্ন জায়গায় এব ফলে চব পড়ে যাওয়ায় কলকাতা বন্দর পর্যন্ত জাহাজ নিয়ে যাওয়া ব্যাহত হচ্ছে। ১৯৭৪ সালে ফারাক্কা ব্যাবাজ প্রকল্পেব মাধ্যমে এব প্রবাহ পুনরুদ্ধারের চেষ্টা করা হয়েছিল।

জলপথগুলি বঙ্গোপসাগবের মুখের কাছে চওড়া এবং তুলনামূলকভাবে পলি মুক্ত। বর্ষার শেষ দিকে বা হেমন্তকালে পূর্ণিমাব দিন জোয়ারের জল মোহনার কাছে ছ'মিটাবের ওপরে এবং তিন মিটার পর্যন্ত কলকাতায় উঠতে দেখা যায়।

জোয়ার ভাঁটার নিম্নভূমিতে অন্যান্য প্রধান জলপ্রবাহ হল মনগঙ্গা বা বড়তলা, সপ্তমুখী, ঠাকুরানী, মাতলা, গোসাবা এবং রায়মঙ্গল যারা পশ্চিমবঙ্গ ও বাংলাদেশের সীমানা ঘেঁসে প্রতন্ত দক্ষিণে বয়ে চলেছে। এই সব নদীগুলিতে ভাল আবহাওযাব মাসগুলিতে গ্রাম্য নৌকা বা ষ্টীমারে ভ্রমণ নিবাপদ ও আনন্দদায়ক কেননা এই ভ্রমণে সুন্দরবনের অনবদ্য দৃশ্য অবলোকন করা যায়।

উদ্ভিদ ও প্রাণী ঃ

উদ্ভিদ ও প্রাণী সম্পদে পশ্চিমবঙ্গ যথেষ্ট সমৃদ্ধ। পশ্চিমবঙ্গে সুউচ্চ পর্বতমালা থেকে সমতলভূমি পর্যন্ত ব্যাপ্ত রয়েছে এক বৈচিত্র্যময় ভূ-খণ্ড। সমগ্র বাজ্যেব ৪% জমি সংবক্ষিত বন অধিকাব করে আছে। বন্য পশু-পাখী প্রভৃতি সংরক্ষণ ও বক্ষণাবেক্ষণেব জন্য ১৫টি আশ্রয়স্থল, ৫টি জাতীয় উদ্যান এবং বাঘেব জন্য সংবক্ষিত ২টি বন আছে। দক্ষিণ বাংলার সুন্দববন হল বিখ্যাত ব্যাঘ্রপ্রকল্পের কেন্দ্রস্থল - বাংলাব বাঘ নিশ্চিহ্ন হওযাব হাত থেকে বাঁচাতে সংরক্ষণের একটি প্রচেষ্টা। এটি ইউনেস্কো (UNESCO) দ্বারা স্বীকৃত পৃথিবীর বিভিন্ন ঐতিহ্যময় স্থলগুলি মধ্যে অন্যতম। এরকমই আরেকটি প্রকল্প চলছে উত্তরবাংলাব বক্সাতে। বন্যপ্রাণীদেব মধ্যে পাওয়া যায় ভাবতীয় এক শিংযুক্ত গণ্ডার, ভারতীয় হাতী, সম্বর, হরিণের সেই প্রজাতি যা ডাকে, বিন্দুদ্বারা চিহ্নিত হবিণ, শূওব-সদৃশ হবিণ, বুনো শূওর, রীসাস বাঁদর, বেজি, কুমীর, বুনো মোষ, জলপাই বং-এব রিড্লে কচ্ছপ, সামুদ্রিক কচ্ছপ, অজগর, সালভাটোব টিকটিকি, হেবণ, সারস, পানকৌড়ী, মাছধরা ঈগল, সাদা পেটেব সামুদ্রিক ঈগল, সামুদ্রিক গাল পাখী, টার্ণ, মাছরাঙ্গা, ইষ্টার্ণ নট, কারফিউ, স্যাণ্ড পাইপার, সোনালী প্লোভাব, পিনটেইল, সাদা চোখওয়ালা পোচার্ড ও শিস্ দেওযা টীল।

পশ্চিমবঙ্গেব বনাঞ্চলকে বিভিন্ন ভাগে ভাগ করা যায় - ক্রান্তীয়, প্রায় চিরহরিৎ, ক্রান্তীয় আর্দ্র পর্ণমোচী, ক্রান্তীয় শুষ্ক পর্ণমোচী, উপকূলবর্তী জলাভূমিতে অবস্থিত বনভূমি, নাতিশীতোষ্ণ পার্বত্য অঞ্চলের বনভূমি, পূর্ব হিমালয়ের নাতিশীতোষ্ণ আর্দ্র বনভূমি এবং অ্যালপাইন বনভূমি।

সুন্দরবনেব নামেব সুন্দরী গাছ থেকে উৎপত্তি হয়েছে! এখানে বহুসংখ্যক জেনোয়া, ধুন্দল, পাশুরি, গর্জন এবং কাঁকড়া গাছ আছে।

প্রাকৃতিক উদ্ভিদ ঃ

এই রাজ্যে তিনটি নির্দিষ্ট এলাকাব বনবাজি বিরাজ করে। এগুলি হল -

১। উত্তরের বনাঞ্চল যার অন্তর্গত হল নাতিশীতোষ্ণ পাহাড়ী বনাঞ্চল এবং ডুয়ার্সের ক্রান্তীয় বনাঞ্চল

২। মালভূমিব সীমান্তবর্তী পর্ণমোচী বন।

৩। সুন্দরবনের গরাণ গাছের বন।

১। (ক) দার্জিলিং-এর পর্বতাঞ্চলের বন ঃ

পাহাড়ের উচ্চতা ও আকৃতির তারতম্যে এই বনাঞ্চলের তারতম্য ঘটে। ১০০০ মিটারের নীচে আছে চিরহরিৎ বনভূমি। ১০০০ মিটারেব ওপরে বনাঞ্চলে উচ্চতাব প্রভাব নিশ্চিতভাবে বোঝা যায়। ক্রান্তীয় ১০০০ থেকে ১৫০০ মিটারের মধ্যে রয়েছে উপক্রান্তীয় অরণ্য। টার্মিনালিযা, সেড্রেলা, মিচেলিয়া প্রজাতিব গাছ এবং চিকন পত্র যুক্ত নানা ধরণের চিবহরিৎ গুল্ম ও বাঁশ এই অঞ্চলেব বৈশিষ্ট্য।

নাতিশীতোষ্ণ বনভূমি দেখা যায় ১৫০০ থেকে ৩০০০ মিটারের মধ্যে। এই বনাঞ্চলে নানা শ্রেণীর ওক ও সরলবর্গীয় গাছ জন্মায়। ম্যাগ্নোলিয়া ক্যাম্পবেলি এবং বড় বড় রডোডেন্ড্রন গাছও এই এলাকায় পাওয়া যায়। চা বাগান স্থাপন করার জন্য (এই বনাঞ্চলের অনেকাংশই) দার্জিলিং ও কার্সিয়াং-এর আশেপাশে- পরিষ্কার করে ফেলা হয়েছে। বীচ এবং বার্চ গাছও এখানে সহজলভ্য। পাইনের মত সরলবর্গীয় গাছগুলি আরেকটু বেশী উচ্চতায় দেখা যায়। ডাওহিল পাহাড়ের গায়ে বিস্তীর্ণ অঞ্চল দেবদারু গাছের ঘন বনে ঢাকা হয়ে সেঞ্চল পর্যন্ত বিস্তৃত এই বন সম্পূর্ণ টাইগার হিলকে ঢেকে রেখেছে। বার্চ গাছ সমস্ত দার্জিলিং এবং তার আশেপাশে দেখা যায়। ঘুম পাহাড়ের গায়ে খুব কমই দেবদারু গাছ আছে, সেখানে ওকই সাধারণতঃ দেখা যায়।

দক্ষিণে পাহাড়ের গায়ে কুয়াশার জন্য ওখানকার গাছগুলি শ্যাওলা এবং অর্কিডে ঢেকে থাকে। গাছের নীচে গুল্মলতার মধ্যে নাতিশীতোষ্ণ অঞ্চলের নানা রকম মিষ্টি শাঁসালো বীজবহুল ফল হতে দেখা যায়। কালিম্পং-এ ম্যাগনোলিয়া ও ওক হতে দেখা যায় এবং পাইন জাতীয় গাছ আরও উচ্চতায় পাহাড়ের ঢালু অংশ এবং চূড়া ঢেকে থাকে। ৩০০০ মিটারের ওপরে সাধারণতঃ রুপোলী ফার গাছ দেখা যায়। সিঙ্গালিলা পর্বতমালায়ও এই গাছ সাধারণতঃ দেখা যায়। ছোট আকারের রডোডেন্ড্রন গাছও এই এলাকায় দেখা যায়। আরও উপরে পাওয়া যায় অ্যালপাইন গাছে ভরা ঘাসজমি, ছোট ঝোপঝাড় ও ফুলের গাছ।

(খ) পাহাড়ের পাদদেশে অবস্থিত উষ্ণ অঞ্চলের মিশ্র চিরহরিৎ বনভূমি ঃ

পশ্চিমবঙ্গে হিমালয়ের পাদদেশ জুড়ে আছে বেশ গভীর বনাঞ্চল। এর মধ্যে অনেকগুলিই সুসংরক্ষিত এবং এদের সম্পদকেও উপযুক্তভাবে কাজে লাগানো হয়। আর্দ্র পর্ণমোচী জাতীয় এই বনে শাল গাছই সবচেয়ে দামী ও সর্বাধিক জন্মায়। এছাড়া যেসব গাছ বেশী সংখ্যায় পাওয়া যায় সেগুলো হল চম্পা (Michelia Champaea) এবং চিলাউনি (Schima Wallichi) খয়ের, গামার এবং টুন। বাঁশও এখানে পাওয়া যায়। লম্বা লম্বা ঘাসের সারি নদীর তীর বরাবর দেখা যায়। চিরহরিৎ লতাগুল্ম ও অন্যান্য গাছ যা স্যাঁতসেঁতে আবহাওয়ায় ভাল জন্মায় তাদেরও পর্ণমোচী গাছের এই অরণ্যে দেখা যায়।

এই বনাঞ্চলের একটি বিস্তীর্ণ অংশ উত্তরের জেলাগুলি বরাবর চলে গেছে। পূর্বে ডুয়ার্সের দিকে অরণ্য আরো বেশী চওড়া। পাহাড়ের নিচের দিকে অবস্থিত চা বাগানগুলি বনাঞ্চলের যথেষ্ট ক্ষতি সাধন করেছে। এ বনাঞ্চলের আরেকটি লম্বা ফালি মেচি, বালাসন, মহানদী, তিস্তা, জলঢাকা প্রভৃতি নদীগুলির খাত বরাবর এগিয়ে পাহাড় অতিক্রম করে গেছে।

সুগভীর এই বনে গাছপালার নীচে প্রচুর লতাগুল্ম ও ঝোপঝাড় জন্মায়। গাছের গায়ে অর্কিড জন্মায় এবং বিশালাকার লতাগুলি গাছপালা বেষ্টন করে সবুজের এক দুর্ভেদ্য আবরণ তৈরী করে। এই সব জঙ্গলে প্রচুর জীবজন্তু পাওয়া যায়। তার মধ্যে একশৃঙ্গ ভারতীয় গণ্ডার, হাতী এবং বাংলার বাঘ উল্লেখযোগ্য। এদের জন্য মহানন্দা, গরুমারা (জাতীয় উদ্যান), চাপড়মারি, নেওড়া ভ্যালী (জাতীয় উদ্যান), জলদাপাড়া ও বক্সার (ব্যাঘ্র সংরক্ষণ কেন্দ্র) অভয়ারণ্য তৈরী করা হয়েছে।

গাছপালা পচে সারমাটি থাকার কারণে এই বনাঞ্চলগুলির জমি স্বাভাবিকভাবেই যথেষ্ট উর্বর। নদীতীর বরাবর বিস্তীর্ণ জমিতে অনুর্বর বালি ও নুড়ি পাথর পাওয়া যায়। কোন কোন জায়গায় নুড়ি পাথরের উঁচু বাঁধ দেখতে পাওয়া যায়।

২। মালভূমির ধারে পর্ণমোচী বন ঃ

এখানে যে ধরণের গাছ জন্মায় তার মধ্যে পলাশ এবং মহুয়ার অনতিদীর্ঘ, পরিপূর্ণ সারি উল্লেখযোগ্য। এই গাছগুলি কাটা হয় না কারণ এদের ফুল, ফল এবং বীজ মদ, খাদ্য এবং তেল তৈরী করার জন্য ব্যবহৃত হয়। অন্যান্য গাছগুলি হল সিমাল, হালদু এবং হরা। বাঁশ এবং সাবাই জাতীয় বিভিন্ন রকমের লম্বা ঘাসও এখানে জন্মায়।

৩। সুন্দরবনের গরাণ বৃক্ষরাজি ঃ

এখানকার গাছগাছালিকে বিশেষ রকম পরিবেশের মোকাবিলা করতে হয়। নোনা জল এবং জোয়ার ভাঁটার সঙ্গে গাছেদের খাপ খাইয়ে নিতে হয়। এই গাছগুলির দাঁড়িয়ে থাকবার জন্য খুবই অল্প শক্ত জমি আছে। প্রায় সবটাই গভীর, পিছলে কাদা। গাছগুলিকে এই পরিবেশে সোজা দাঁড়িয়ে থাকবার জন্য নিজেদেরই ব্যবস্থা করতে হয়।

এই গরাণ গাছগুলির শিকড় সাধারণতঃ অনেকদূর প্রসারিত হয় যাতে তারা গভীর কাদাতে দাঁড়িয়ে থাকতে পারে। অনেক ক্ষেত্রে যেমন কেয়া বা কেওড়া গাছের শিকড়গুলি মাটি ফুঁড়ে ওপরে উঠে খুঁটির মত দাঁড়িয়ে থাকে যাতে তারা সহজে পড়ে না যায়। ভাঁটার সময় জলের ওপরে জড়াজড়ি করে থাকা শিকড়গুলির মাথা দেখা যায়।

গাছে থাকা অবস্থাতেই বীজ থেকে কিছু নতুন চারা উদগত হয়। যখন চারা-গাছটি মূল গাছটিতে থাকাকালীন বাড়তে থাকে তখন এটি থেকে একটি লম্বা শিকড় নীচের দিকে ঝুলে থাকে। এটির শিকড়টি আগার দিকে বেশ সরু থাকে। যখন নতুন চারাটি ভালোভাবে বেড়ে ওঠে তখন হঠাৎ এটি নীচে পড়ে শিকড়টি নরম কাদায় গেঁথে দেয়। ততদিনে এটি একটি ছোট পরিপূর্ণ গাছ হয়ে জীবনের নানা ঝুঁকির মোকাবিলা করতে প্রস্তুত।

সুন্দরবনে একটি পরিচিতি দৃশ্য হল মাটি ফুঁড়ে ওঠা সারি সারি কাঠির মত জিনিস যেগুলি আসলে গাছের শ্বাস-প্রশ্বাস নেবার শিকড় যা মাটির নীচে মূল শিকড়ের সাথে যুক্ত থাকে। এই কাঠিগুলি সরু নলের মত যার মধ্যে দিয়ে হাওয়া, জল কাদার নীচে গাছের শিকড়গুলিতে পৌঁছায়। নোনাজলে বৃদ্ধি আটকায় না এমন গাছগুলির মধ্যে অন্যতম সুন্দরী গাছ। এ জাতীয় অন্যান্য গাছগুলি হল গরাণ, গেওয়া, বায়েন এবং ধুন্দল। 'নীপা পাম' নামে একরকম ছোট ধরণের পাম গাছ প্রচুর সংখ্যায় নোনাজলের ধারে জন্মায়।

পশ্চিমবঙ্গ ঃ

ভূমি সংস্কার ঃ

পশ্চিমবঙ্গে বামফ্রন্ট সরকারের ভূমি সংস্কার রূপায়ণ তাদের গুরুত্বপূর্ণ সাফল্যগুলির অন্যতম। পশ্চিমবঙ্গে ভূমি সংস্কারের দুটি অংশ ছিল - প্রজাস্বত্বের সংস্কার ও জমির পুনর্বন্টন। প্রজাস্বত্বের সংস্কার রূপায়িত হয়েছিল ব্যাপক গণ আন্দোলনের মাধ্যমে - যা বর্গা আন্দোলন (Operation Barga) নামে পরিচিত। এটি ভাগচাষী বা বর্গাদারদের নাম জমির দলিলে পঞ্জীকরণের কাজ। ভূমি সংস্কার আইনের উপযুক্ত সংশোধন করে সমস্ত পঞ্জীকৃত বর্গাদারদের ইজারা দেওয়া জমিতে স্থায়ী এবং বংশানুক্রমিক ভাবে চাষ করার অধিকার দেওয়া হয়েছিল। বর্গা আন্দোলনে ১৪ লক্ষ বর্গাদার সামিল হয়েছিলেন, তার মধ্যে ৩০% শতাংশ ছিল দলিত এবং ১২% শতাংশের কিছু বেশী ছিল আদিবাসী শ্রেণীর। বর্গা আন্দোলনের মাধ্যমে প্রায় ১১ লক্ষ একর জমি বর্গাদারদের অধীনে স্থায়ীভাবে নিয়ে আসা হয়েছিল এবংএই জমিতে তাদেরই চাষ করার অধিকার নিশ্চিত করা হয়েছিল।

বর্গা আন্দোলন ভাগচাষীদের উৎখাত হওয়া বন্ধ করেছিল এবং ভাগচাষের চুক্তির আইনসঙ্গত শর্তাবলী বলবৎ করার ব্যবস্থা প্রবর্তন করেছিল। এই প্রত্যক্ষ সুবিধাগুলি ছাড়াও পরোক্ষে বর্গাদারদের পঞ্জীকরণ রাজ্যের হাতে ভাগচাষীদের জন্য ভর্তুকিযুক্ত ঋণের ব্যবস্থা করার এক হাতিয়ার হয়ে দাঁড়ায়।

ভূমি সংস্কারেব দ্বিতীয় অংশ ছিল সর্বোচ্চ সীমার ওপরে থাকা জমি অধিগ্রহণ কবে গবীব এবং ভূমিহীন চাষীদেব মধ্যে পুনর্বন্টন করা। ভূমি সংস্কার আইনের অধীনে সরকাব ১৩.৭ লক্ষ একর জমি অধিগ্রহণ কবতে সমর্থ হয়েছিলেন। ভূমি সংস্কার আইনের মাধ্যমে অধিগৃহীত জমি ভূমিহীন এবং প্রান্তিক চাষী পরিবারদেব মধ্যে পুনর্বন্টিত হয়েছিল। সর্বসাকুল্যে প্রায় ১০.৪ লক্ষ একর জমি প্রায় ২৫ লক্ষ পরিবারের মধ্যে বন্টন কবা হয়েছে। ভাবতে যত জমি পুনর্বন্টিত হয়েছে তার প্রায় ২০% জমি পুনর্বন্টিত হয়েছে পশ্চিমবঙ্গে ভূমি সংস্কার কার্যক্রমে।

জমির পুনর্বন্টন সমাজেব দুর্বল শ্রেণীব লোকদের যথেষ্ট উপকার সাধন কবেছিল। ভূমি সংস্কারেব ফলে উপকৃত লোকদের মধ্যে প্রায় ৫৫% তপশিলী জাতি এবং উপজাতিব লোক। পশ্চিমবঙ্গ এই ভূমি সংস্কাব রূপাযনে নাবীব অধিকাব ও শক্তি বৃদ্ধির প্রচেষ্টা যুক্ত করে এই আন্দোলনে একটি নতুন মাত্রা যোগ কবেছিল এবং ৫ লক্ষ যুগ্মস্বত্ব (জমিব) এবং ৫০,০০০ একর স্বত্ব (জমিব) মহিলাদের দেওয়া হয়েছিল। ভূমিসংস্কারের অধীনে কৃষিজমি পুনর্বন্টন ছাড়াও ৫ লক্ষ কৃষিমজুব, জেলে এবং কাবিগর পরিবারের মধ্যে বাস্তুজমি বন্টন কবা হয়েছিল।

পঞ্চায়েতীরাজ ব্যবস্থার পুনর্গঠন ঃ

ক্ষমতায় আসার পব বামফ্রন্ট সরকারের আমলে আরেকটি গুরুত্বপূর্ণ বিষয় ছিল গণতান্ত্রিক কাঠামোতে স্থানীয় শাসন ব্যবস্থাকে সম্পূর্ণ ঢেলে সাজানো। এজন্য সম্পূর্ণ গণতান্ত্রিক উপায়ে নির্বাচিত একটি ত্রিস্তব পঞ্চায়েত ব্যবস্থা প্রবর্তন কবা হয়।

পশ্চিমবঙ্গে স্থানীয় স্বায়ত্বশাসনের সংস্থাগুলিতে স্বল্প আয় এবং সমাজের পিছিয়ে পড়া শ্রেণীব এক বিরাট প্রতিনিধিত্ব আছে। বিভিন্ন জাত এবং সামাজিক শ্রেণীর মধ্যে দলিত এবং আধিবাসীদের সর্বাপেক্ষা বেশী এবং ক্রমবর্ধমান প্রতিনিধিত্ব আছে। স্থানীয় স্বায়ত্বশাসন সংস্থাগুলিতে ভূমিহীন, প্রান্তিক এবং ক্ষুদ্র চাষীদের প্রতিনিধিত্ব আনুমানিক ৭৫% থেকে ৯০%। ১৯৯৫ সাল থেকে পঞ্চায়েতীরাজ প্রতিষ্ঠানগুলিতে সভাপতি পদগুলির এক তৃতীয়াংশ মহিলাদেব জন্য সংরক্ষিত করা হয়েছে।

শিল্প উদ্যান ঃ

বাজ্যসরকার রাজ্যে শিল্পের উন্নতিব জন্য কিছু নির্দিষ্ট শিল্পাঞ্চল স্থাপনের ব্যবস্থা নিয়েছেন যাতে স্থানীয় সুবিধাগুলি পাওয়া যায়। সেজন্য বিশেষ কিছু অঞ্চলে বিশেষ কিছু শিল্প স্থাপনের ব্যবস্থা নেওয়া হযেছে। এই উদ্যোগগুলি হল -

- ডানকুনির ফুড-পার্ক
- খড়গপুরের নিবিড় শিল্পাঞ্চল
- বানতলার চর্মনগরী
- সল্টলেকের খেলনা-পার্ক

বৈদ্যুতিন, কম্পিউটার হার্ডওয়ার ও সফ্টওয়ার ঃ

সল্টলেক অঞ্চল ঃ এই রাজ্যে তথ্যপ্রযুক্তিকে আকৃষ্ট করার জন্য সল্টলেক তথ্যপ্রযুক্তি কেন্দ্রকে ১৯৮৮ থেকে উন্নত করার কাজ চলছে যাতে যথেষ্ট পরিমাণে দূরসংযোগ প্রযুক্তির পরিকাঠামো, সুদক্ষ সফ্টওয়ার কর্মী এবং সফ্টওয়ার রপ্তানীর পার্ক গড়ে উঠতে পারে।

দুর্গাপুর অঞ্চল : প্রধানতঃ আসানসোল দুর্গাপুর উন্নয়ন সংস্থার চেষ্টায় দুর্গাপুর সফ্টওয়ার প্রযুক্তি উদ্যান গড়ে উঠছে, সর্বাধুনিক কম্পিউটার এবং তথ্যের সুবিধাসহ এই উদ্যানকে সাজিয়ে তোলা হচ্ছে। এর মধ্যে আশ্রয় পাবে সফটওয়ার উন্নত করার কেন্দ্র, কল সেন্টার এবং তথ্য কেন্দ্র। এর ফলে পূর্বাঞ্চলে উচ্চ মানের ইঞ্জিনিয়ারিং কলেজের প্রসার ঘটবে এবং জীবনযাত্রার মানও উন্নত হবে এবং জাতীয় এবং আন্তর্জাতিক তথ্যপ্রযুক্তি কোম্পানীসমূহ এখানে তাদের শাখাগুলি স্থাপন করতে আকৃষ্ট হবে।

প্রধান শিল্পসমূহ :

বাজ্যের প্রধান শিল্পগুলি হল রাসায়নিক পদার্থ (পেট্রোলজাত রাসায়নিক), সূতীর কাপড়, কয়লা, লোহা এবং ইস্পাতের সামগ্রী, ভারী এবং হাল্কা ইঞ্জিনিয়ারিং শিল্পে প্রস্তুত জিনিস, চামড়া এবং জুতো, কাগজ, চা, পাটজাত জিনিস, মদ তৈরীর কারখানা, ভেষজ ও রাসায়নিক ওষুধ, বিদ্যুৎ ও বৈদ্যুতিন, প্লাস্টিক, সফ্টওয়ার ও তথ্যপ্রযুক্তি, গয়না, হাঁস-মুরগী পালন, হিমায়িত সামুদ্রিক উৎপন্ন।

চামড়া :

চর্মজাত সামগ্রী রপ্তানীর ব্যাপারে পশ্চিমবঙ্গ দেশের প্রথম সারির রাজ্যগুলি অন্যতম। দেশের ৭০% চর্মজাত সামগ্রী পশ্চিমবঙ্গ থেকেই রপ্তানী হয়। বাটা (ইণ্ডিয়া) লিমিটেড জুতো তৈরী ও বিপণনে দেশের সর্ববৃহৎ প্রতিষ্ঠান। পশ্চিমবঙ্গ চর্মশিল্প উন্নয়ন নিগম পশ্চিমবঙ্গে ক্ষুদ্রশিল্পে উৎপাদিত চর্মজ সামগ্রী বিপণনে নানা রকম সুযোগ সুবিধা প্রদান করে থাকে।

রপ্তানী বাজারে উচ্চমানের চামড়ার জুতো, কারুশিল্প ও অন্যান্য সামগ্রীর যথেষ্ট চাহিদা রয়েছে। রপ্তানী প্রধানতঃ ইউরোপীয় দেশগুলিতে যেমন জার্মানী, ইটালী, যুক্তরাজ্য, ফ্রান্স ইত্যাদি দেশে করা হয়। কলকাতার কাছেই রাজ্যের চর্মশিল্পের কেন্দ্রস্থল হিসাবে একটি চর্মনগরী গড়ে তোলার পরিকল্পনা আছে। কলকাতাতেই চর্মশিল্পে কুশলী প্রযুক্তিবিদ্ গড়ে তোলার জন্য একটি চর্মপ্রযুক্তির কলেজ আছে।

কলকাতার ইষ্টার্ণ মেট্রোপলিটান বাইপাস থেকে প্রায় ১৪ কি.মি. পূর্বে কলকাতা বাসন্তী রোডে কড়াইডাঙ্গাতে পশ্চিমবঙ্গ সরকার একটি অতি আধুনিক প্রযুক্তিসম্পন্ন একটি সম্পূর্ণাঙ্গ চর্মনগরী প্রতিষ্ঠা করেছেন। ১১৮০ একর ব্যাপী এই চর্ম নগরীতে চর্ম সংক্রান্ত সমস্ত কর্মকাণ্ডকে একত্র রাখার পরিকল্পনা করে হয়েছে। এটাই হবে পৃথিবীর মধ্যে সর্ববৃহৎ চর্মনগরী যা দৈনিক ১০০০ টন কাঁচা চামড়ার প্রক্রিয়াকরণ করতে সমর্থ হবে।

পাট :

রাজ্যে কাঁচা পাট যথেষ্ট পরিমাণে পাওয়া যায় বলে পাটবয়ন-শিল্প এখানকার একটি প্রধান শিল্প। পশ্চিমবঙ্গে বেশীর ভাগ পাটের কারখানা কলকাতার কাছে হুগলী নদীর উভয় তীরে অবস্থিত। পাট বয়নশিল্পে দেশের মধ্যে পশ্চিমবঙ্গের স্থান সর্বাগ্রে। পাটশিল্পের উন্নয়নের কারণ হল রাজ্যে পাটের সহজলভ্যতা, পরিবহনের সুবিধা এবং সস্তা শ্রম।

ইঞ্জিনিয়ারিং :

রাজ্যে প্রধান ইঞ্জিনিয়ারিং শিল্পের মধ্যে রেল ইঞ্জিন, ওয়াগন তৈরী করা, জাহাজ তৈরী করা, যন্ত্রপাতি তৈরী করা, বয়নশিল্পের যন্ত্রপাতি, পরিবহনের প্রযোজনীয় যন্ত্রপাতি এবং অন্যান্য ইঞ্জিনিয়ারিং সামগ্রী, দুর্গাপুর এবং বার্ণপুরের লোহা ও ইস্পাতের কারখানা অন্তর্ভুক্ত।

বিদ্যুৎশক্তি ঃ

৬৮৭৭ মেগাওয়াট বিদ্যুৎশক্তি উৎপাদনে সক্ষম পশ্চিমবঙ্গ বিদ্যুৎশক্তিতে উদ্বৃত্ত রাজ্য। বিদ্যুৎশক্তিব বেশীর ভাগটাই তাপবিদ্যুৎশক্তি ও সামান্য কিছু জলবিদ্যুৎ।

কাগজ ঃ

মহারাষ্ট্রের পরেই পশ্চিমবঙ্গ কাগজ উৎপাদনে দ্বিতীয় বৃহত্তম রাজ্য। এব কারণ কাঁচামালের সহজলভ্যতা, বাতিল কাগজের যোগান, হুগলী নদীর প্রচুর জল, সস্তায় পরিবহনের সুবিধা, জ্বালানীব সহজ যোগান এবং বাজাবে কাগজের বড় চাহিদা।

চা ঃ

চা উৎপাদনে পশ্চিমবঙ্গ ভারতের দ্বিতীয় বৃহত্তম রাজ্য। ভারতের চায়েব মোট উৎপাদনের ২১% শতাংশ পশ্চিমবঙ্গে উপাদিত হয়। উত্তরের দার্জিলিং ও জলপাইগুড়ি, এই দুটি জেলাতে বেশীব ভাগ চা-বাগান অবস্থিত। চা উৎপাদনের তিনটি অঞ্চল হচ্ছে - (১) দার্জিলিং (২) তরাই, (৩) ডুয়ার্স।

দার্জিলিং চা পৃথিবীর সর্বশ্রেষ্ঠ চা। পশ্চিমবঙ্গের অর্থনীতিতে চা-শিল্পের ভূমিকা গুরুত্বপূর্ণ। এই শিল্প বিভিন্ন উপায়ে কাজ সৃষ্টি করে, যেমন চা-পাতা তৈরী, প্রক্রিয়াকরণ এবং মোড়কজাত করা ইত্যাদি। চা রপ্তানী আয়ের একটি গুরুত্বপূর্ণ উৎস। কলকাতা হচ্ছে চা ওঠানো নামানোর ব্যাপারে ভারতের সর্ববৃহৎ বন্দব এবং চা-নীলাম কেন্দ্র। অনেক ছোট ছোট চা-বাগান কুচবিহার এবং উত্তর দিনাজপুরেও স্থাপিত হয়েছে।

পর্যটন ঃ

পশ্চিমবঙ্গ, কবির ভাষায়, একটি মনোমুগ্ধকর, চিত্তাকর্ষক রাজ্য, বিশাল প্রাকৃতিক সম্পদে পূর্ণ, বিচিত্রসুন্দর স্থানসমূহের সমাহার এবং উদ্ভিদের জীবজন্তুর সম্পদ-প্রাচুর্যে ধনী। উত্তরের তুষার কিরীট পর্বতরাজি থেকে আরম্ভ করে আঁকাবাঁকা নদী, পৃথিবীর বৃহত্তম বদ্বীপ, ঔপনিবেশীয় স্মৃতিসৌধ সমূহ নিয়ে এই বাজ্যে একমাত্র মরুভূমি বাদে আর সবকিছুই আছে।

রাজ্যে পর্যটন শিল্পেব দীর্ঘস্থায়ী ধারাবাহিক উন্নয়নের জন্য রাজ্যের পর্যটন দপ্তব কিছু নিশ্চিত পদক্ষেপ নিয়েছেন। বাস্তু-পর্যটন, গ্রাম-পর্যটন, ঐতিহ্য-পর্যটন, সাংস্কৃতিক-পর্যটন, অভিযান-বিনোদন পর্যটন এবং তীর্থ-পর্যটন তার মধ্যে উল্লেখযোগ্য।

পশ্চিমবঙ্গের মেলা ও উৎসব ঃ

গঙ্গাসাগর মেলা ঃ

রাজ্যের সর্ববৃহৎ মেলা, গঙ্গাসাগর মেলা, মকর সংক্রান্তি উপলক্ষে সাগরদ্বীপে জানুয়ারী মাসের মাঝামাঝি তিন দিন ধরে পালিত হয়। গঙ্গা ও বঙ্গোপসাগরের মোহানায় লক্ষ লক্ষ তীর্থযাত্রী পবিত্র স্নানের জন্য এখানে আসেন।

কেন্দুলী মেলা ঃ

জানুয়ারীর মাঝামাঝি মকর সংক্রান্তি উপলক্ষে বীরভূম জেলার কেন্দুলীতে আরেকটি মেলা অনুষ্ঠিত হয়। এই মেলা সবচেয়ে বেশী সংখ্যক বাউল এবং বাংলার ভবঘুরে চারণ কবিদের এখানে টেনে আনে।

জল্পেশ মেলা ঃ

ফেব্রুয়ারী মার্চ মাসে শিবরাত্রি উপলক্ষে জলপাইগুড়ি জেলার ময়নাগুড়ির কাছে জল্পেশে ভগবান জল্পেশকে উৎসর্গীকৃত এক বহু পুরোনো মন্দিরকে ঘিরে এক মাস ধরে এই মেলা চলে।

বসন্ত উৎসব ঃ

বসন্তের প্রারম্ভেই সারা ভারত জুড়ে হোলি উৎসব পালিত হয়। এই উৎসবই বীরভূম জেলার শান্তিনিকেতনে মার্চ মাসে বসন্ত উৎসব হিসাবে পালিত হয়। শান্তিনিকেতনে বিশ্বভারতী বিশ্ববিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা বং-এর এই ঋতুকে গান, নাচ এবং আবীর খেলার মাধ্যমে আবাহন করে থাকে।

নববর্ষ ঃ

বাংলা নববর্ষ এপ্রিল মাসের মাঝামাঝি পয়লা বৈশাখ থেকে শুরু হয়। সাধারণভাবে এই উপলক্ষ্যে বাঙালীরা এবং বিশেষ করে ব্যবসায়ীরা উৎসব উদ্‌যাপন করে থাকেন। নতুন কাপড় জামা পরা মন্দিরে পূজো দেওয়া এবং ফুল-মালায় সাজানো দোকানপাটে ক্রেতাদের আগমন ইত্যাদি নিয়ে দিনটি উদ্‌যাপিত হয়।

রথযাত্রা ঃ

জুন জুলাই মাসে শ্রীরামপুরের কাছে মাহেশে এক সপ্তাহ ধরে রথযাত্রা উৎসব পালিত হয়। ভগবান জগন্নাথ, বলরাম ও সুভদ্রার মন্দির থেকে যাতায়াতের পথে রথের লম্বা দড়ি টানবার জন্য অসংখ্য লোকের ভীড় হয়।

ঝাপান ঃ

আগষ্ট মাসের মাঝামাঝি বাংলা শ্রাবণ মাসের শেষ দিনে রাজ্যের সমগ্র পশ্চিমাংশে সর্প-দেবী মনসার সম্মানে এই উৎসব পালিত হয়। কিন্তু সব থেকে দর্শনীয় হল বাঁকুড়া জেলার বিষ্ণুপুরে অনুষ্ঠিত উৎসবটি যেখানে উঁচু খোলা বেদীতে জ্যান্ত সাপের খেলা দেখানো হয়।

বেড়া উৎসব ঃ

প্রতি বছর সেপ্টেম্বর মাসের মাঝামাঝি অর্থাৎ বাংলা ভাদ্র মাসের শেষ বৃহস্পতিবার লালবাগে ভাগীরথীর তীরে নবাবদের প্রাসাদের কাছে বেড়া উৎসব পালিত হয়। নানা আকারের এবং নানা রঙের বাজী এই উৎসবের জাঁকজমক বাড়িয়ে তোলে।

দুর্গাপূজা ও দীপাবলী ঃ

অক্টোবর মাসে অর্থাৎ বাংলা আশ্বিন মাসে বাঙালীর সর্বাপেক্ষা বড় উৎসব দুর্গাপূজা অনুষ্ঠিত হয়। এই পূজোর জন্য বিশেষভাবে তৈরী দেবী দশভূজার মূর্তি পুরোনো বাড়ীগুলিতে এবং বিভিন্ন বারোয়ারী প্যাণ্ডেলে পূজিত হয়। চারদিনব্যাপী এই উৎসবের পর মূর্তিগুলি নদীতে বিসর্জন হয়। কলকাতা শহরের সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ পূজো হল দুর্গাপূজা। এর পরেই আসে দীপাবলী - আলোর উৎসব। দেবী কালীর উপাসনা বাজীর রোশনাই ও বাজী ফাটিয়ে অনুষ্ঠিত হয়।

রাসমেলা ঃ

নভেম্বর মাসে রাসযাত্রা উপলক্ষে উত্তরবঙ্গের কুচবিহারে একটি মেলা বসে। এলাকার গুরুত্বপূর্ণ উৎসবগুলির মধ্যে এক মাসব্যাপী এই উৎসব অন্যতম।

জগদ্ধাত্রী পূজা ঃ

নভেম্বর নাগাদ বাংলা কার্তিক মাসে দেবী জগদ্ধাত্রীর পূজা অনুষ্ঠিত হয়। কলকাতার কাছে চন্দননগরে (বিশাল উঁচু) দেবমূর্তিগুলো, (দর্শনীয়) প্যাণ্ডেল, (অনবদ্য) আলোর রোশনাই সহ এই পূজো অনুষ্ঠিত হয়। প্রকৃতপক্ষে এখানে আলোকসজ্জাই সবচেয়ে বেশী প্রাধান্য পায়।

তিস্তা চা এবং পর্যটন উৎসব ঃ

এ সময়ে দার্জিলিং, ডুয়ার্স এবং সিকিমে তিস্তা চা এবং পর্যটন উৎসব পালন করা হয়। চা, কাঠ এবং পর্যটনের সম্ভাবনায় সমৃদ্ধ এই অঞ্চলকে পর্যটনের অবশ্যম্ভাবী গন্তব্যস্থলে পরিণত করতে ফি-বছর নভেম্বর-ডিসেম্বরে এই উৎসব পালিত হচ্ছে।

পৌষ মেলা ঃ

ডিসেম্বরের শেষ দিকে বাংলা পৌষের ৭ তারিখ থেকে ৯ তারিখ পর্যন্ত বীরভূম জেলার শান্তিনিকেতনে পৌষ মেলা অনুষ্ঠিত হয়। লোকগীতি, নাচ, লোকনাট্য এবং বাউল গানের অনুষ্ঠানসহ সাংস্কৃতিক সমৃদ্ধি এই মেলাই সম্ভবত এখানকার সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ উৎসব।

বিষ্ণুপুর উৎসব ঃ

বিষ্ণুপুরের মন্দির-শহরে প্রতি বছর ২৭ থেকে ৩১শে ডিসেম্বর পর্যন্ত এই উৎসব অনুষ্ঠিত হয়। এর বৈশিষ্ট্য হল স্থানীয় হস্তশিল্পের প্রদর্শনী ও বিক্রী এবং বিষ্ণুপুরের ঐতিহ্যময় সঙ্গীতের অনুষ্ঠান। এটি একটি খুবই জনপ্রিয় উৎসব।

হাওড়া রেল ষ্টেশন, হাওড়া

হাওড়া ব্রীজ, হাওড়া

কুচবিহার রাজবাড়ী, কুচবিহার

কুলিক পাখীবালয়, উত্তব দিনাজপুব

ছৌ নাচ, পুরুলিয়া

ইডেন গার্ডেন, কোলকাতা

মেট্রো রেল, কোলকাতা

অযোধ্যা পাহাড়, পুরুলিয়া

নন্দন, কোলকাতা

পশ্চিমবঙ্গ ঃ মূল পরিসংখ্যান

ভৌগোলিক আয়তন (বর্গ কিলোমিটারে), ২০০১

গ্রাম এলাকা	শহর এলাকা	মোট
৮৫,৪২৭.২৬	৩,৩২৪.৭৪	**৮৮,৭৫২.০০**

প্রশাসনিক বিভাগ (সংখ্যায়)

মহকুমা ২০০৩	থানা ২০০২	ব্লক ২০০৩	পৌরসভা / পৌরনিগম ২০০৩	পঞ্চায়েত সমিতি ২০০৩	গ্রাম পঞ্চায়েত ২০০৩	মৌজা ২০০১	শহর ২০০১
৬৬	**৪৫২**	**৩৪১**	**১২০+৬ (পৌঃনিঃ)**	**৩৩৩**	**৩,৩৫৪**	**৪০,৭৮২**	**৩৭৫**

জনসংখ্যা ও জনসংখ্যার ঘনত্ব (প্রতি বর্গ কিলোমিটারে)

জনসংখ্যা			জনসংখ্যার ঘনত্ব		
১৯৮১	১৯৯১	২০০১	১৯৮১	১৯৯১	২০০১
৫,৪৫,৮০,৬৪৭	**৬,৮০,৭৭,৯৫৬**	**৮,০১,৭৬,১৯৭**	**৬১৫**	**৭৬৭**	**৯০৩**

প্রতি দশকে শতকরা হিসাবে জনসংখ্যার তফাৎ (%)

১৯৭১-১৯৮১	১৯৮১-১৯৯১	১৯৯১-২০০১
২৩.১৭	**২৪.৭৩**	**১৭.৭৭**

গ্রাম ও শহর এলাকার জনসংখ্যা (সংখ্যায়)

জনসংখ্যা (সংখ্যায়)						শহর এলাকার জনসংখ্যা সমগ্র জনসংখ্যার অনুপাতে কত শতক	
১৯৯১			২০০১				
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	১৯৯১	২০০১
৬,৮০,৭৭,৯৬৫	৪,৯৩,৭০,৩৬৪	১,৮৭,০৭,৬০১	৮,০১,৭৬,১৯৭	৫,৭৭,৪৮,৯৪৬	২,২৪,২৭,২৫১	২৭.৪৮%	২৭.৯৭%

লিঙ্গ অনুসারে জনসংখ্যার বিভাজন

১৯৯১			২০০১		
পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা	পুরুষ	মহিলা	প্রতি শত মহিলা অনুপাতে পুরুষের সংখ্যা
৩,৫৫,১০,৬৩৩	**৩,২৫,৬৭,৩৩২**	**১০৯**	**৪,১৪,৬৫,৯৮৫**	**৩,৮৭,১০,২১২**	**১০৭**

তপশিলী জাতি ও উপজাতির জনসংখ্যা (সংখ্যায়), ২০০১

তপশিলী জাতি			তপশিলী উপজাতি		
মোট	গ্রাম এলাকা	শহর এলাকা	মোট	গ্রাম এলাকা	শহর এলাকা
১,৮৪,৫২,৫৫৫	**১,৫৫,২৪,৯২৫**	**২৯,২৭,৬৩০**	**৪৪,০৬,৭৯৪**	**৪১,৩৬,৩৬৬**	**২,৭০,৪২৮**

পশ্চিমবঙ্গ ঃ গবাদিপশু সম্পর্কিত পরিসংখ্যান

দুধ ও ডিম উৎপাদনের আনুমানিক হিসাব, ২০০৩-২০০৪

দুধ উৎপাদন (০০০টন)		ডিম উৎপাদন (লক্ষ)		মোট মাংসের উৎপাদন (মেট্রিক টন)	মোট পশম উৎপাদন (মেট্রিক টন)
মোট দুধ উৎপাদন	জনপ্রতি প্রাপ্য দুধ/দৈনিক গ্রামে	বার্ষিক উৎপাদন	জনপ্রতি প্রাপ্য ডিম/প্রতি বছর (সংখ্যায়)		
৩৬৮৬	১২১.৫	২৮,২০৩	৩৪.৪৭	৪,৬২,১৮৮	৬৫১.৪৩

বিভিন্ন দুধ সংঘ দ্বারা সম্পাদিত ক্রমপুঞ্জিত কাজের হিসাব, ২০০৩-২০০৪

দৈনিক গড় দুধ প্রক্রিয়াকরণ দুগ্ধ সমবায় সংঘ থেকে (০০০ কেজি)	দৈনিক গড় দুধ বিপণন (০০০ কেজি)	সমবায় সংঘ কর্তৃক সংগৃহীত	যে কটি দুধ সমবায় সংঘ কাজ করছে	যে কটি সমবায় সংঘ পঞ্জীকৃত হয়েছে	চাষী-সভ্যর সংখ্যা	স্ত্রী-বাছুর কতটি জন্মেছে
৩৪৩.১১	৩৪[illegible]	২৭০৩	১৭৭৩	১৬৬২	১,৯৯,৪৩০	৫০,৬৭৩

প্রতিনিধিত্বমূলক সংস্থা দ্বারা কৃত কৃত্রিম প্রজনন, ২০০৩-২০০৪

সরকারী	ব্যাংক[illegible]	সমবায় সমিতি	মোট কৃত কৃত্রিম প্রজনন	মোট কৃত্রিম প্রজনন কেন্দ্রের সংখ্যা
৬,২২,৬৭১	৩,৫৩,৫১৫	২,০৬,৩৫৩	১১,৮২,৫৩৯	৫৩৪৪

৩১শে মার্চ, ২০০৪-এ সংস্থা সমূহের সংখ্যা

জেলা পশু হাসপাতাল	প্রতিষ্ঠানের সংখ্যা								
	মহকুমা [illegible] স্বাস্থ্য কেন্দ্র	[illegible] স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত [illegible]	পশু উন্নয়ন সাহায্য কেন্দ্র	কৃত্রিম প্রজনন কেন্দ্র	চেক পোস্ট	রোগান্তরিত করার কেন্দ্র	নজরদারী কেন্দ্র	রোগমুক্ত বন্ধনী
১৯	৯১	৩৪১	২৭১	[illegible]৩৮	৫৩৪৪	১০	৩	৫	৬

জেলা রোগ নির্ণয় পরীক্ষাগার	রোগ নির্ণয় পরীক্ষাগার	সি.এম.এস. সাব-ডিপো	যক্ষ্মা কেন্দ্র	রোগ সম্পর্কিত অনুসন্ধানের পরীক্ষাগার	এম.এ.এইচ.সি. ও রোগ নির্ণয়াগার	আঞ্চলিক রোগ অনুসন্ধান পরীক্ষাগার	টি.বি.ও ব্রুসেলোসিস নিয়ন্ত্রণ কেন্দ্র	জলাতঙ্ক নিয়ন্ত্রণ কেন্দ্র	পরীক্ষাগারের পশু রাখার ঘর	পুলোর‍্যাম ও সাবেক অসুখের নিয়ন্ত্রণ কেন্দ্র	এল.ডি.আর.ও অন্যান্য প্রশিক্ষণ কেন্দ্র
১৮	২৭	১৪	৪	১১	১	৫	২	২	১	৩	৯

ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র, অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র এবং
পশু উন্নয়ন সাহায্য কেন্দ্রে চিকিৎসা (সংখ্যায়)

ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্রে চিকিৎসিত রোগের সংখ্যা				পশু উন্নয়ন সাহায্য কেন্দ্রে চিকিৎসিত রোগের সংখ্যা	মফঃস্বলে চিকিৎসিত রোগের সংখ্যা	সর্বমোট সংখ্যা
ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	ব্লক ও অতিরিক্ত ব্লক পশু স্বাস্থ্যকেন্দ্র	মোট			
২৭,৭৮,৮৬০	১৮,১০,৪১০	২,৩৬,৯১৬	৪৮,২৬,১৮৬	৪৬,২০,৮২১	৮,৮৯,১৩৯	১,১৫,১৮,২৮৭

পৌনঃপুনিকতা ও প্রজাতি বিভাজন অনুসারে বিভিন্ন রোগের চিকিৎসা,
২০০৩-২০০৪ (নতুন রোগী)

ঘোড়া জাতীয় প্রাণী	গরু জাতীয় প্রাণী	ভেড়া ও ছাগল	হাঁস ও মুরগী জাতীয় প্রাণী	অন্যান্য	শ্রেণী বহির্ভূত তথ্য	সর্বমোট
৭৩৪৮	৪০,৪১,০০৫	২৩,৪২,৫০৯	৪৫,৮৬,১৩০	১,৬৯,৩৫৩	২,২৬,৩০৫	১,১৩,৭২,৬৫০

পৌনঃপুনিকতা ও রোগের শ্রেণী বিভাগ অনুসারে বিভিন্ন ধরণের সংস্থায় বিভিন্ন রকম রোগের চিকিৎসা, ২০০৩-২০০৪ (নতুন রোগী)

ছোঁয়াচে রোগ	শল্য চিকিৎসা খাসিকরণসহ	স্ত্রীরোগ বিদ্যা সংক্রান্ত	পরজীবীয় এন.জি. এবং কুঁজে ঘা সহ	শরীরজনিত অসুখ বিসুখ
৪,৮৭,৬৪৪	৫,৭৮,৬৩০	১৩,২০,৬৬৭	৩৬,৯৬,৩৭১	৩০,৯৪,২৪৯

জলাতঙ্কজনিত	রক্তক্ষরণ জাতীয়	অন্যান্য অসুখ বিসুখ	শ্রেণী বহির্ভূত তথ্য	মোট
১২,৯৫১	৩৭,৩৪১	৮,৬৮,০৭১	১২,৭৬,৭২৬	১,১৩,৭২,৬৫০

বিভিন্ন ভাইরাসজনিত অসুখের কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

রিন্ডার পেস্ট			পা ও মুখের অসুখ			শুয়োরের জ্বর			ছাগলের জলবসন্ত		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
	-	-	৩৫২	২৩,১৮৭	৪৬	৭	১২১	২৬	১৫	৯৪৩	১০৫

জলাতঙ্ক			পেস্টে-ডি-পেটিট রুমিনান্ট			সর্বমোট সংখ্যা		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
২৯	৬৬	৬৬	৭০	৮৬৯৬	২৯৩০	৪৭৩	৩৩,০১৩	৩১৭৩

বিভিন্ন ব্যাক্টিরিয়াজনিত অসুখের কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

অ্যানথ্রাক্স			রক্ত বিষাক্ত হওয়ার কারণে			ব্ল্যাক কোয়ার্টার		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
	১০০	৯৪	৩৪	১১৫	৬৬	১৯১	১,০২৯	৪৫৫

স্যালমনেলিওসিস			এভিয়ান স্যালমনেলিওসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	৯	১,২৫৯	১৬৯	২৬৬	২,৫০৩	৭৮৪

বিভিন্ন পরজীবীজনিত অসুখের কারণে আক্রান্ত, অসুস্থ ও মৃত পশুর সংখ্যা, ২০০৩-২০০৪

ট্রাইপানাসোমিওসিস			প্যারামনিষ্টোমিওসিস			থাইলিবিওসিস			কক্কাই ডায়োসিস			এভিয়ান কক্কাই ডায়োসিস		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
২০	৪৪	৮	-	-	-	১৫	২১	৩	-	-	-	-	-	-

অ্যাম্ফিষ্টোমিওসিস			নেজাল গ্রানুলোমা			হেমোচুরিয়া			অ্যানাপ্লাসমোসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
-	-	-	-	-	-	-	-	-	৭	২০	১	৪২	৮৫	১২

হাঁস-মুরগী সংক্রান্ত অসুখে আক্রান্ত, অসুস্থ ও মৃত হাঁস-মুরগী জাতীয় পাখীর সংখ্যা, ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ			হাঁসের প্লেগ			আই.বি.ডি.			পাখীর কলেরা		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৩০৬	৩৩,০৫৭	১৩,৯৮৬	৪৪	৩৯৮৫	১৩৩১	১৩৬	১০,২০০	৪১৫১	৮	৪৮০	৩৫৮

পাখীর জলবসন্ত			হাঁসের কলেরা			প্লাসমোসিস			বাবাসিওসিস			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৮	৫৬৭	৭০	-	-	-	-	-	-	-	-	-	৫০২	৪৮,৬৪৫	১৯,৮৯৬

ভাইরাস, ব্যাক্টেরিয়া ও পরজীবীজনিত অসুখে, আক্রান্ত, অসুস্থ ও মৃত পশু পাখীদের সংখ্যা, ২০০৩-২০০৪

ভাইরাসজনিত অসুখ			ব্যাক্টিরিয়াজনিত অসুখ			পরজীবীজনিত অসুখ		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৪৭৩	৬৬,০১৩	৩১৭৩	২৬৬	২৫০৩	৭৮৪	৪২	৮৫	১২

হাঁস মুরগীর ভাইরাসজনিত অসুখ			সর্বমোট		
আক্রান্ত	অসুস্থ	মৃত	আক্রান্ত	অসুস্থ	মৃত
৫০২	৪৮,৬৪৫	১৯,৮৯৬	১২৮৩	৮৪,২৪৬	২৩,৮৬৫

ছোঁয়াচে ও সংক্রমণশীল প্রতিরোধকল্পে টিকা দেওয়ার সংখ্যা, ২০০৩-২০০৪

মহামারী রোধে টিকাকরণ (প্রাণীদের)									
রিন্ডার পেস্ট	অ্যানথ্রাক্স	রক্ত বিষাক্ত হওয়ার কারণে	ব্ল্যাক কোয়ার্টার	পা ও মুখের অসুখ	জলাতঙ্ক	ছাগলের জলবসন্ত	শুয়োরের জ্বর	অন্যান্য	মোট
-	১,১১,০০৩	২,১৭,৩৭৩	২,১৮,২০২	-	৮৩০৩	-	১৪,১৬৪	-	৫,৬৯,০৪৫

মহামারীজনিত কারণে অসুস্থতা ও মৃত্যু রোধে টিকাকরণের সংখ্যা (পাখীদের), ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ	মুরগীর জলবসন্ত	মুরগীর কলেরা	হাঁসের প্লেগ	হাঁসের কলেরা	অন্যান্য	মোট
৪০,৩৭৮	৩০৯২	৪৫০	১১,৭২১	১১৫০	-	৫৬,৭৯১

পশুপাখীদের ছোঁয়াচে ও সংক্রমণশীল রোগের মহামারীজনিত কারণে অসুস্থতা ও মৃত্যু রোধে টিকাকরণের সংখ্যা, ২০০৩-২০০৪

মহামারী রোধে টিকাকরণ		সর্বমোট
পশু	পাখী	
৫,৬৯,০৪৫	৫৬,৭৯১	৬,২৫,৮৩৬

পশুদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

মহামারী রোধে পাইকারী হারে টিকাকরণ (পশুদের)									
রিণ্ডার পেষ্ট	অ্যান্থ্রাক্স	রক্ত বিষাক্ত হওয়ার কারণে	ব্ল্যাক কোয়ার্টার	পা ও মুখের অসুখ	জলাতঙ্ক	ছাগলের জলবসন্ত	শুয়োরের জ্বর	অন্যান্য	মোট
৩৪,৫৮৭	-	-	-	১১,৪৬,৮১২	-	১,০৮,৮৩৫	-	-	১২,৯০,২৩৪

পাখীদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

রানীক্ষেত অসুখ	মুরগীর জলবসন্ত	মুরগীর কলেরা	হাঁসের প্লেগ	হাঁসের কলেরা	অন্যান্য	মোট
৫৮,৮৩,৪৬০	৫৬,৪২৫	৩৬,৮৮৪	১১,৯৮,৭৫৯	২৩,৫৯২	-	৭১,৯৯,১২০

পশু-পাখীদের রোগ প্রতিরোধে টিকাকরণের পৌনঃপুনিকতা, ২০০৩-২০০৪

মহামারী রোধে পাইকারী হারে টিকাকরণ		সর্বমোট
পশু	পাখী	
১২,৯০,২৩৪	৭১,৯৯,১২০	৩৪,৮৯,৩৫৪

পশ্চিমবঙ্গ ঃ অন্যান্য পরিসংখ্যান

সর্বসমেত মোট ফসলী এলাকা, নীট ফসলী এলাকা এবং ফসল ফলানোর প্রগাঢ়ত্ব (হাজার হেক্টরে), ২০০২-২০০৩

সর্বমোট ফসলী এলাকা	নীট ফসলী এলাকা	ফসল ফলানোর প্রগাঢ়ত্ব
৯,৫১০.৪২	**৫,৩৫৪.২০**	**১৭৮**

জমি সদ্ব্যবহারের মোটামুটি ধরণ (হেক্টরে), ২০০২-২০০৩

বিবৃত এলাকা	বিবৃত এলাকার শ্রেণীবিভাগ		
	চাষযোগ্য এলাকা	বন বাদে যে এলাকা চাষের জন্য ব্যবহারযোগ্য নয়	বন এলাকা
৮৬,৮৬,৬৩৯ (কলকাতা বাদে)	**৫৮,৫৯,৫৭৪ (৬৭.৪৬%)**	**১৬,৩৩,৪২৬ (১৮.৮০%)**	**১১,৯৩,৬৩৯ (১৩.৭৪%)**

জমির সদ্ব্যবহার (হেক্টরে)

মোট জমি	চাষযোগ্য জমি	গোখাদ্য চাষের জমি	গোচারণ ভূমি ও ঝোপঝাড়	ফলের বাগান	মিশ্র গাছ ও ফসল গুচ্ছ	চাষযোগ্য পতিত জমি	বনের জমি	অ-চাষযোগ্য পতিত জমি
৮৬,৭২,৩৬০	**৫৫,৬৯,৬৪০**	**১,০২,৬৭২**	**৬,৩৬০**	**১,১৬,৩৯০**	**৭৬,৮৩০**	**৬২,১৭০**	**১২,৯০,৮৬০**	**৭৭,৩৪০**

মাসিক বৃষ্টিপাত (মিলিমিটারে), (দশ বছরের গড় ১৯৯৩-২০০২)

জানুয়াবী	ফেব্রুয়ারী	মার্চ	এপ্রিল	মে	জুন	জুলাই	আগষ্ট	সেপ্টেম্বর	অক্টোবর	নভেম্বর	ডিসেম্বর
১৫.৬	**১৯.৫**	**৩০.২**	**৬৯.২**	**১৬০.৬**	**৩২৯.৬**	**৪১৯.৬**	**৩৭২.১**	**৩২৮.৯**	**১১৮.০**	**২৮.৩**	**৩.৮**

শতকরা সাক্ষর (লিঙ্গ-ভিত্তিক), ২০০১

মোট	পুরুষ	মহিলা
৬৮.৬৪	৭৭.০২	৫৯.৬১

শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা

বছর	শিশু শিক্ষা কেন্দ্রের সংখ্যা
২০০২-২০০৩	**১৪,৬৯৯**

বিদ্যালয়ের সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০২-২০০৩

প্রাথমিক	জুনিয়র / উচ্চ	উচ্চ ও উচ্চ মাধ্যমিক
৩,৪৬১	**১২১**	**৩৯২**

ছাত্রছাত্রীর সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০১-২০০২

ক্লাস	প্রথম থেকে পঞ্চম	ষষ্ঠ থেকে অষ্টম	নবম থেকে দশম	একাদশ থেকে দ্বাদশ
ছেলে	**৫২,৬৯,৫৭৩**	**১৮,৪০,৮৩৮**	**৮,২০,০৩৬**	**৩,৭০,১২৮**
মেয়ে	**৪৮,৮১,৭৮৯**	**১৩,৬৯,৭৮৯**	**৫,৫৬,১৯৫**	**২,১৮,১৪৬**
মোট	**১,০১,৫১,৩৬২**	**৩২,১০,৬২৭**	**১৩,৭৬,২৩১**	**৫,৮৮,২৭৪**

শিক্ষকের সংখ্যা (সাধারণ শিক্ষা), ২০০১-২০০২

বিদ্যালয়	প্রাথমিক	জুনিয়র উচ্চ	উচ্চ	উচ্চ মাধ্যমিক
পুরুষ	১,১৫,৮৭৪	৮,৮৯০	৫৪,৩৩৪	৩৮,৫২৭
মহিলা	৩৬,০৯৭	৩,২৩৪	২০,০১৮	১৫,৩৪০
মোট	**১,৫১,৯৭১**	**১২,১২৪**	**৭৪,৩৫২**	**১৫৩,৮৬৭**

কলেজের শ্রেণীবিভাগ, ২০০২-২০০৩

নাম	সংখ্যা
সাধারণ ডিগ্রী (বি.এ.,বি.এস.সি.,বি.কম.) কলেজ	৩৫৪
বি.এড./ফার্মাসী, স্নাতকোত্তর বি.টি. কলেজ	২৬
শারীর শিক্ষার কলেজ	৪
আইন কলেজ	৮
গার্হস্থ্য বিজ্ঞান কলেজ	১
গানের কলেজ	২
চারুকলার কলেজ	২
ইঞ্জিনিয়ারিং ও প্রযুক্তিবিদ্যার কলেজ	৩৮
চিকিৎসা শাস্ত্রের কলেজ	৭
ব্যবসায় ব্যবস্থাপনা শিক্ষার বিদ্যায়তন	১৮
বিশেষ প্রকারের বিদ্যায়তন	১
মোট	৪৬১

স্বাস্থ্য সম্পর্কিত সুবিধাবলী, ২০০২

হাসপাতাল	সংখ্যা	বিছানা সংখ্যা
হাসপাতাল (সরকারী, স্থানীয় অর্থে পরিচালিত ও স্বেচ্ছা সেবামূলক প্রতিষ্ঠান	৪২৯	৫৮,৩৪০
স্বাস্থ্যকেন্দ্র (গ্রামীণ, ব্লক প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র, প্রাথমিক স্বাস্থ্যকেন্দ্র)	১২৬৮	১২,৩৬৩
সাব-সেন্টার	৮১২৬	
মোট স্বাস্থ্য প্রতিষ্ঠান	৯৮২৩	৭০,৭৩৩

রাজ্যে শিল্পে উৎপাদিত দ্রব্যের নীট আনুমানিক হিসাব ও তার বর্তমান মূল্য, ২০০১-২০০২ (লাখ টাকায়)

কৃষি (পশুপালন সহ)	বনসৃজন	মৎস্য পালন	খনি ও খাদান	শিল্পোৎপাদন		নির্মাণ	বিদ্যুৎ, গ্যাস ও জল সরবরাহ
				পঞ্জীকৃত	অ-পঞ্জীকৃত		
৩৭,৫৮,৩০৬	১,০০,৬৬০	৪,৭৬,৯১৯	১,২৮,১৫৭	৫,৫৫,৫৬৮	১১,০৫,৮৩৯	৭,৮৫,২৭৬	১,৬১,১৪৬

পরিবহণ, সংরক্ষণ ও যোগাযোগ			বাণিজ্য, হোটেল ও রেষ্টুরেন্ট
রেলপথ	অন্যান্য উপায়ে পরিবহণ ও সংরক্ষণ	যোগাযোগ	
৮১,৫৪৫	৫,২৮,০৮১	১,৬৩,৯১৪	১৬,৪৭,০৪৮

ব্যাঙ্ক, ব্যবসায় ও বীমা	স্থাবর সম্পত্তি, বাসস্থান ও ব্যবসা সংক্রান্ত সেবাসমূহের মালিকানা	জন প্রশাসন	অন্যান্য সেবাসমূহ	মোট	বাৎসরিক মাথাপিছু আয়
১৭,৮৮,১৭৫	১১,০২,৫০৬	৭,৭৬,৩৬৭	১১,৯৪,২৬১	১,৪৩,৫৩,৭৬৮	১৭,৭৬৯.১৮

পশ্চিমবঙ্গের কৃষিজলবায়ু ভিত্তিক বিভাজন
উত্তরের পার্বত্য অঞ্চল
তরাই তিস্তা বন্যাপ্রবণ সমতলভূমি
গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি
পুরোনো বন্যাপ্রবণ সমতলভূমি
ঢেউখেলানো লালমাটি
উপকূলবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি
দক্ষিণ দিনাজপুর
বীরভূম
বর্ধমান
হুগলী
হাওড়া
কলকাতা

নতুন সংজ্ঞা অনুসারে পশ্চিমবঙ্গের কৃষি-আবহ অঞ্চল

কৃষি-আবহ অঞ্চল	কৃষি-আবহ উপ-অঞ্চল	জেলা অনুসারে বিভাজন
কৃষি-আবহ অঞ্চল এলাকা - ২	১. উত্তরে পার্বত্য অঞ্চল	দার্জিলিং (শিলিগুড়ি মহকুমা বাদে) ও জলপাইগুড়ির উত্তর সীমানা।
	২. তরাই-তিস্তার বন্যাপ্রবণ সমতলভূমি	জলপাইগুড়ি, কুচবিহার, শিলিগুড়ি মহকুমা (দার্জিলিং), ইসলামপুর মহকুমা (উত্তর দিনাজপুর)।
নিম্নগাঙ্গেয় সমতল অঞ্চল, এলাকা - ৩	৩. গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি	নদীয়া, মালদা ও দক্ষিণ দিনাজপুরের পশ্চিমাংশ, উত্তর দিনাজপুরের দক্ষিণাংশ, মুর্শিদাবাদের পূর্বাংশ, হুগলী, বর্ধমান এবং হাওড়া, উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার উত্তরাংশ।
	৪. সমুদ্রতীরবর্তী বন্যাপ্রবণ সমতলভূমি	উত্তর ও দক্ষিণ ২৪ পরগণার দক্ষিণাংশ, মেদিনীপুরের দক্ষিণ পূর্বাংশ, হাওড়া দক্ষিণাংশ।
পূর্বের মালভূমি ও পার্বত্য অঞ্চল এলাকা - ৭	৫. বিন্ধ্যায়নের পুরোনো বন্যাপ্রবণ সমতলভূমি	মুর্শিদাবাদের পশ্চিমাংশ, হুগলীর অধিকাংশ, বীরভূম, বর্ধমান, দক্ষিণ দিনাজপুর, মেদীনীপুর ও হাওড়ার মধ্যাংশ, বাঁকুড়ার দক্ষিণপূর্বে একটি ফালি ও মালদার উত্তর সীমানা এবং উত্তর দিনাজপুরের দক্ষিণাংশের একটি ছোট অংশ।
	৬. ঢেউ খেলানো লালমাটির এলাকা	পুরুলিয়া, বাঁকুড়ার অধিকাংশ, বীরভূম, মেদিনীপুর, বর্ধমানের পশ্চিমাংশ, মালদার পূর্বাশ, দক্ষিণ দিনাজপুরের মধ্য ও পূর্বাংশে ছোট ছোট এলাকা।

কৃষি-আবহ উপ-অঞ্চলের থানা অনুসারে মোটামুটি বিভাজন, পশ্চিমবঙ্গ

কৃষি-আবহ উপ-অঞ্চল	জেলা	থানা
উত্তরের পার্বত্য অঞ্চল	১। দার্জিলিং	কার্সিয়াং, মিরিক, সুখিয়াপোখরি, পুলবাজার, কালিম্পং, রংলি-রংলিয়ট, জোড়বাংলো, দার্জিলিং, গরুবাথান।
	২। জলপাইগুড়ি	বীরপাড়া (এস.পি), মাদারীহাট (এস.পি), কালচিনি (এস.পি), কুমারগঞ্জ (এস.পি)
তরাই-তিস্তা বন্যাপ্রবণ সমতলভূমি	১। দার্জিলিং	ফাঁসিদেওয়া, খড়িবাড়ী, নক্সালবাড়ী, শিলিগুড়ি
	২। জলপাইগুড়ি	রাজগঞ্জ, মাল, জলপাইগুড়ি, ময়নাগুড়ি, মেটেলি, ধুপগুড়ি, বীরপাড়া (এল.পি), কালচিনি (এল.পি), কুমারগ্রাম (এল.পি), আলিপুরদুয়ার
	৩। কুচবিহার	তুফানগঞ্জ, দীনহাটা, সিতাই, শীতলকুচি, কুচবিহার, মাথাভাঙ্গা, মেখলিগঞ্জ, হলদিবাড়ী
	৪। উত্তর দিনাজপুর	করণদিঘী, চাকুলিয়া, গোয়ালপোখর, ইসলামপুর, চোপড়া
গাঙ্গেয় বণ্যাপ্রবণ সমতলভূমি	১। উত্তর দিনাজপুর	কুশমণ্ডি (পি), কালিয়াগঞ্জ, হেমতাবাদ, রায়গঞ্জ
	২। দক্ষিণ দিনাজপুর	ইটাহার
	৩। মালদা	কালিয়াচক, ইংলিশবাজার পুরোনো মালদা (পি), গাজোল (পি) রতুয়া, মানিকচক, চাঁচল, হরিশ্চন্দ্রপুর.
	৪। মুর্শিদাবাদ	বেলডাঙ্গা, নওয়াদা, ডোমকল, জলঙ্গী, রানীনগর, জিয়াগঞ্জ, ভগবানগোলা, মুর্শিদাবাদ, বহরমপুর, হরিহরপাড়া, সাগরদিঘী (পি), খড়গ্রাম, লালগোলা, রঘুনাথগঞ্জ, সুতি, শামসেবগঞ্জ, ফারাক্কা
	৫। বীরভূম	নানুর, লাবপুর, ময়ূরেশ্বর (পি)
	৬। নদীয়া	কল্যাণী, হরিণঘাটা, চাকদা, রাণাঘাট, শান্তিপুর, নবদ্বীপ, কৃষ্ণনগর, হাঁসখালি, কৃষ্ণগঞ্জ, চাপড়া, নাকাশিপাড়া, তেহট্ট, কালীগঞ্জ, করিমপুর
	৭। বর্ধমান	কালনা, পূর্বস্থলী, কাটোয়া (পি)
	৮। হুগলী	বলাগড় (পি), মগরা (পি), পোলবা (এস.পি), চুঁচুড়া, চন্দননগর, ভদ্রেশ্বর, শ্রীরামপুর, উত্তরপাড়া, চণ্ডীতলা (এল.পি), হরিপাল (পি), সিঙ্গুর (পি)
	৯। হাওড়া	শ্যামপুর (এস.পি), উলুবেড়িয়া (এল.পি), বাউড়িয়া, সাঁকরাইল পাঁচলা (এস.পি), ডোমজুড় (এল.পি) লিলুয়া, বালী, হাওড়া
	১০। উত্তর ২৪ পরগণা	বাদুড়িয়া, স্বরূপনগর, গাইঘাটা, বনগাঁ, বাগদা, হাবড়া, আমডাঙ্গা বারাসাত, দেগঙ্গা, রাজারহাট, দমদম, বরাহনগর, বেলঘরিয়া, খড়দহ টিটাগড়, ব্যারাকপুর, নোয়াপাড়া-জগদ্দল, নৈহাটি, বীজপুর
	১১। দক্ষিণ ২৪ পরগণা	বারুইপুর, সোনারপুর (পি) যাদবপুর, বেহালা, বিষ্ণুপুর (পি) বজবজ (পি)

কৃষি-আবহ উপ-অঞ্চলের থানা অনুসারে মোটামুটি বিভাজন, পশ্চিমবঙ্গ

কৃষি-আবহ উপ-অঞ্চল	জেলা	থানা
বিন্ধ্যায়ন পুরোনো বন্যাপ্রবণ সমতলভূমি	১। বীরভূম	মুরারই (এস.পি), নলহাটি (এস.পি.এ), রামপুরহাট (পি), ময়ূরেশ্বর (এল.পি), লাবপুর (এস.পি), সাঁইথিয়া, সিউড়ী (পি), দুবরাজপুর (পি), খয়রাশোল (এস.পি), ইলামবাজার (এল.পি) বোলপুর (পি)
	২। মুর্শিদাবাদ	সাগরদিঘী (এল.পি), নবগ্রাম, খড়গ্রাম, বড়েঞা, ভরতপুর
	৩। বর্ধমান	কাটোয়া (এল.পি), মন্তেশ্বর, মেমারী, জামালপুর, রায়না, খণ্ডঘোষ, বর্ধমান, ভাতার, মঙ্গলকোট, কেতুগ্রাম, আউশগ্রাম (এস.পি), গলসী (এস.পি), বুদবুদ (এস.পি), কাঁকসা (এস.পি), দুর্গাপুর (পি), অণ্ডাল (এস.পি)
	৪। হুগলী	গোঘাট, আরামবাগ, পুরশুড়া, তারকেশ্বর, ধনিয়াখালি, পাণ্ডুয়া, বলাগড় (পি), মগরা (পি), পোলবা (এল.পি), দাদপুর, হরিপাল (এল.পি), সিঙ্গুর (এস.পি), জাঙ্গিপাড়া, খানাকুল, চণ্ডীতলা (এস.পি)
	৫। হাওড়া	উদয়নারায়ণপুর, জগতবল্লভপুর, পাঁচলা (এল.পি), উলুবেড়িয়া (পি), বাগনান (পি), ডোমজুড় (এস.পি)
	৬। মালদা	গাজোল (পি)
	৭। দক্ষিণ দিনাজপুর	বংশীহারী (পি), গঙ্গারামপুর (পি), কুমারগঞ্জ (পি), বালুরঘাট (পি), তপন (পি), কুশমণ্ডি (এস.পি)
	৮। পূর্বমেদিনীপুর	পাঁশকুড়া, ময়না (এল.পি), ভগবানপুর (পি), পটাশপুর, এগরা (এল.পি), রামনগর (এস.পি)
	৯। পশ্চিমমেদিনীপুর	চন্দ্রকোণা (পি), ঘাটাল, দাসপুর, মোহণপুর, দাঁতন, নারায়ণগড়, খড়গপুর (পি), মেদিনীপুর (পি), কেশপুর (এল.পি)
ঢেউখেলানো লালমাটি	১। পুরুলিয়া	ঝালদা, বাঘমুণ্ডি, বলরামপুর, বরাবাজার, বান্দোয়ান, মানবাজার, পুঞ্চা, হুরা, কাশীপুর, সাঁতুড়ি, নেতুরিয়া, রঘুনাথপুর, পারা, পুরুলিয়া, জয়পুর, আরশা।
	২। বাঁকুড়া	শালতোড়া, মেঝিয়া, গঙ্গাজলঘাটি, বরজোড়া, সোনামুখী (এস.পি), পাত্রসায়ের (এল.পি), ইন্দাস (পি), কোতলপুর (এল.পি), জয়পুর, বিষ্ণুপুর, ওন্দা, বাঁকুড়া, ছাতনা, ইন্দপুর, খাতরা, রাণীবাঁধ, রায়পুর, সিমলাপাল, তালডাংরা
	৩। পশ্চিমমেদিনীপুর	বিনপুর, গড়বেতা, চন্দ্রকোনা (পি), জামবনী, ঝাড়গ্রাম, নয়াগ্রাম, গোপীবল্লভপুর, সাঁকরাইল, কেশিয়ারী (এল.পি), খড়গপুর (পি), মেদিনীপুর (এল.পি), শালবনী, কেশপুর (এস.পি)

কৃষি-আবহ উপ-অঞ্চলের থানা অনুসারে মোটামুটি বিভাজন, পশ্চিমবঙ্গ

কৃষি-আবহ উপ-অঞ্চল	জেলা	থানা
ঢেউখেলানো লালমাটি	৪। বর্ধমান	আউসগ্রাম (এল.পি), গলসী (পি), বুদবুদ (এল.পি), কাঁকসা (এল.পি), দুর্গাপুর (এস.পি), অণ্ডাল (এল.পি), রানীগঞ্জ, আসানশোল, হীরাপুর, কুলটি, সালানপুর, বরাবনি, জামুরিয়া, ফবিদপুর
	৫। বীরভূম	ময়ূরেশ্বর (এস.পি), রামপুরহাট (এল.পি), নলহাটি (এল.পি), মুরারই (পি), মহম্মদবাজার (এল.পি), রামনগর, খয়রাশোল (এল.পি), দুবরাজপুর (পি), সিউড়ী (পি)
	৬। মালদা	ওল্ড মালদা, হাবিবপুর, বামনগোলা, গাজোল (পি)
	৭। দক্ষিণ দিনাজপুর	তপন (পি), বালুরঘাট (পি), হিলি, কুমারগঞ্জ (পি), গঙ্গারামপুর (পি), বংশীহারী (পি), কুশমণ্ডী (এস.পি)
সমুদ্রতীরের বন্যাপ্রবণ সমতলভূমি	১। হাওড়া	শ্যামপুর (এল.প), বাগনান (পি)
	২। পূর্বমেদিনীপুর	তমলুক, পাঁশকুড়া (পি), মহিষাদল, সূতাহাটা, নন্দীগ্রাম, খেজুরি, কাঁথি, বামনগর (এল.পি), ভগবানপুর (এল.পি), ময়না (এল.পি), এগরা (এস.পি), পটাশপুর (এস.পি)
	৩। দক্ষিণ ২৪ পরগণা	সাগর, নামখানা, পাথরপ্রতিমা, কাকদ্বীপ, ক্যানিং, মথুরাপুর, কুলতলি, বাসন্তী, কুলপি, ভাঙ্গড়, বিষ্ণুপুর (এস.পি), মগরাহাট, জয়নগর, গোসাবা।
	৪। উত্তর ২৪ পরগণা	হিঙ্গলগঞ্জ, হাসনাবাদ, সন্দেশখালি, মিনাখাঁ, হাড়োয়া

পি = থানার আংশ (মোটামুটি ৪৫% - ৫৫%)

এল.পি = থানার বড় অংশ (মোটামুটি ৭৫% - ৮৫%)

এস.পি = থানার সামান্য অংশ (মোটামুটি ৫% - ১৫%)

কৃষি-আবহ উপ-অঞ্চলের চরিত্রগত বিভাজন

উত্তরের পার্বত্য অঞ্চলের আবহাওয়া			
আবহাওয়ার বৈশিষ্ট্য	**মার্চ থেকে মে**	**জুন থেকে অক্টোবর**	**নভেম্বর থেকে ফেব্রুয়ারী**
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	৩৯৮.৫	২৬৩৭.৫	৬৮.৫
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	১৭.০	১৯.৫	১২.০
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	১০.৫	১৪.৩	৪.৮
আপেক্ষিক আর্দ্রতা (%)	৭৪.০	৮৮.০	৭৭.০
শিশিরপাত	পর্যাপ্ত	অপর্যাপ্ত	যথেষ্ট পর্যাপ্ত

তরাই-তিস্তা বন্যাপ্রবণ সমতল এলাকার আবহাওয়া			
আবহাওয়ার বৈশিষ্ট্য	**মার্চ থেকে মে**	**জুন থেকে অক্টোবর**	**নভেম্বর থেকে ফেব্রুয়ারী**
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	৩৭৬.৬	২১৩৪.০	৪২.৬
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩২.৩	৩১.৩	২৬.০
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২০.৫	২৪.৫	১২.৮
আপেক্ষিক আর্দ্রতা (%)	৬০.০	৮১.০	৭০.০
শিশিরপাত	সামান্য পর্যাপ্ত	অপর্যাপ্ত	যথেষ্ট পর্যাপ্ত

গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতল এলাকার আবহাওয়া			
আবহাওয়ার বৈশিষ্ট্য	**মার্চ থেকে মে**	**জুন থেকে অক্টোবর**	**নভেম্বর থেকে ফেব্রুয়ারী**
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	২৩৩.৮	১২০৬.০	৬৭.৮
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৫.০	৩২.২	২৭.৪
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৩.১	২৫.৬	১৫.৬
আপেক্ষিক আর্দ্রতা (%)	৫৮.০	৮০.০	৬৫.০
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত

কৃষি-আবহ উপ-অঞ্চলের চরিত্রগত বিভাজন

সমুদ্রতীরের বন্যাপ্রবণ সমতলভূমির আবহাওয়া			
আবহাওয়ার বৈশিষ্ট্য	**মার্চ থেকে মে**	**জুন থেকে অক্টোবর**	**নভেম্বর থেকে ফেব্রুয়ারী**
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	১৯৫.০	১৪৭৫.২	৮২.৮
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৪.০	৩২.০	২৮.২
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৪.৮	২৬.০	১৬.০
আপেক্ষিক আর্দ্রতা (%)	৭২.০	৮২.০	৬৮.০
শিশিবপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	পর্যাপ্ত

বিন্ধ্যায়ন পুরোনো বন্যাপ্রবণ সমতলভূমির আবহাওয়া			
আবহাওয়ার বৈশিষ্ট্য	**মার্চ থেকে মে**	**জুন থেকে অক্টোবর**	**নভেম্বর থেকে ফেব্রুয়ারী**
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	১৩৭.২৩	১২০৬.১২	৬৬.৬৮
বায়ুব তাপমাত্রা অধিকতম সে.	৩৫.৩৭	৩২.০	২৭.০
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৩.২৪	২৫.২৬	১৫.১৬
আপেক্ষিক আর্দ্রতা (%)	৪৪.৫৮	৭৮.৮০	৫৫.৬৫
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	পর্যাপ্ত

ঢেউখেলানো লালমাটি এলাকার আবহাওয়া			
আবহাওয়ার বৈশিষ্ট্য	**মার্চ থেকে মে**	**জুন থেকে অক্টোবর**	**নভেম্বর থেকে ফেব্রুয়ারী**
বৃষ্টিপাত (মিঃ মিঃ)	১৩৭.০	১২২৪.৪	৬৬.০
বায়ুর তাপমাত্রা অধিকতম সে.	৩৭.০	৩২.৪	২৭.২
বায়ুর তাপমাত্রা নিম্নতম সে.	২৩.৭	২৫.০	১৪.৮
আপেক্ষিক আর্দ্রতা (%)	৪৪.০	৭৮.০	৫৫.০
শিশিরপাত	অপর্যাপ্ত	অপর্যাপ্ত	পর্যাপ্ত

পশ্চিমবঙ্গে পশুখাদ্যের অবস্থা

পশ্চিমবঙ্গ একটি রাজ্য যেখানে গবাদিপশু খামারবাড়ীর এক অবিচ্ছেদ্য অংশ। ঐতিহ্যগতভাবে পশুপালন ও দুধ উৎপাদনকে চাষবাসেব সঙ্গে এক গ্রাম্য জীবিকা হিসাবে ধরা হয়। গবাদিপশু গ্রাম্য সমাজের এক অবিচ্ছেদ্য অংশ সুতরাং উন্নত খাদ্যের ব্যবস্থা করে গবাদিপশুর উন্নতি সাধন সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ।

পশুখাদ্যের প্রয়োজন এবং এর লভ্যতার মাঝে ভারতবর্ষে বিস্তর ফারাক আছে এবং পশ্চিমবঙ্গে এই অভাব আরও তীব্রতর। বিশাল আকারে সংকর জাতির গরু প্রজননের কর্মসূচী প্রবর্তনের ফলে এই চাহিদা আরও বেড়ে গেছে। পশ্চিমবঙ্গে পশুখাদ্যেব প্রাপ্যতা হচ্ছে ৪৩.২৫ লক্ষ মেট্রিক টন যেখানে প্রয়োজন হচ্ছে ৪৩৯.১৫ লক্ষ মেট্রিক টন।

এই অবস্থার জন্য কিছু সীমাবদ্ধতা দায়ী, এগুলো হল -

১। পশুখাদ্য উৎপন্ন করার জমির অভাব। (পশুখাদ্যের জন্য মাত্র ১.১৮% শতাংশ জমি রাখা আছে যেখানে জাতীয় গড় হল ৪.০০% শতাংশ)

২। পশুখাদ্য উৎপাদনের জন্য উৎকৃষ্ট বীজের অভাব।

৩। গবাদিপশু মালিক চাষীদের মধ্যে পশুখাদ্য চাষের বিষয়ে সচেতনতার অভাব।

৪। পশ্চিমবঙ্গে গবাদিপশু চবে বেড়াবার জমির অভাব (মোট জমির মাত্র ০.০৭% শতক)
গত কয়েক বছরে প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তর পশু খাদ্যের উৎপাদন বৃদ্ধিব জন্য রাজ্যে ধারাবাহিকভাবে অনেকগুলি কর্মসূচী হাতে নিয়েছেন। গত ৩ বছরে (২০০১-২০০২, ২০০২-২০০৩ এবং ২০০৩-২০০৪) যে সমস্ত কাজ সম্পন্ন করা হয়েছে নীচে তা উপস্থাপিত করা হল -

১) সরকারী পরিকল্পনার মাধ্যমে পশ্চিমবঙ্গে প্রায় ৫০০ হাজার মেট্রিক টন সবুজ পশুখাদ্য উৎপাদিত হয়েছে।

২) ৩৮৮.০৫ হাজার হেক্টর আয়তন বিশিষ্ট এলাকা পশুখাদ্য চাষের আওতায় আনা হয়েছে।

৩) ১৬টি সরকারী খামারে ৬০৭.২২ মেট্রিক টন শুকনো পশুখাদ্য উৎপাদিত হযেছে। এভাবে প্রয়োজন এবং প্রাপ্যতার ফারাক খানিকটা কমানো গিয়েছে।

৪) সরকারী পরিকল্পনার মাধ্যমে ৩২০.০ হেক্টর গোচরণ ভূমির উন্নয়ন সাধন কবা হয়েছে।

৫) ২১৯.০৩ মেট্রিক টন বীজ এবং ১৫৬.৩৯ মেট্রিক টন বিভিন্ন পশুখাদ্যের কলম শিকড় সবকারী খামারে তৈরী করে পরবর্তীকালে গবাদি পশুর মালিক চাষিদের মাঝে পশুখাদ্য চাষের জন্য বিতরণ করা হয়েছে।

৬) পশুখাদ্য চাষে উৎসাহিত করার জন্য ৬৭,৬৮৪টি পশুখাদ্য মিনিকিট চাষীদের মধ্যে বিতরণ করা হয়েছে।

৭) চাষীদের পশুখাদ্য তৈরীর প্রযুক্তিতে উৎসাহিত করতে তাঁদের হাতে কলমে শেখাবার জন্য ৭০৪৬টি পশুখাদ্য প্রদর্শন প্লটের ব্যবস্থা করা হয়েছিল।

৮) সরকারী পরিকল্পনার মাধ্যমে ২৪৩.৭ হাজার মেট্রিক টন ফসলের অবশিষ্টাংশব গুণমান উন্নত করার জন্য এক বিশেষ প্রক্রিয়া (Ures Molasses Treatment) গ্রহণ করা হয়েছিল।

৯) পশুখাদ্য উৎপাদনের প্রযুক্তির বিভিন্ন দিক সম্বন্ধে অবহিত করার জন্য ৯৩৬৯ জন চাষীকে শিক্ষা প্রদান করা হয়েছিল।

পশ্চিমবঙ্গের পশুখাদ্য ও পশুখাদ্য গাছ সংক্রান্ত কৃষি-আবহাওয়া অঞ্চলসমূহ

কৃষি-আবহাওয়া	কৃষি আবহাওয়া উপ অঞ্চল	পশুখাদ্য	পশুখাদ্য গাছ
পূর্ব হিমালয় অঞ্চল এলাকা - ২	উত্তরে পার্বত্য	নেপিয়ার ঘাস, সঙ্কর জাতির নেপিয়াব কাউপী (Cowpea)	যথেষ্ট সংখ্যক এস. পি.
	তরাই-তিস্তার বন্যাপ্রবণ সমতলভূমি	নেপিয়ার ঘাস, সঙ্কর জাতির নেপিয়ার, গিনি ঘাস, দুব ঘাস কাউপী, ওট্স, টিওসিন্টে, সেন্ট্রো, অঞ্জন ঘাস, সুদান ঘাস, নাট ঘাস	সুবাবুল, কাঁঠাল, আম, শিরীষ, বাঁশ, কলা, শিশু, বট, অশ্বত্থ, গুলমোহর, রেইনট্রি
নিম্ন গাঙ্গেয় সমতল অঞ্চল এলাকা - ৩	গাঙ্গেয় বন্যাপ্রবণ সমতলভূমি	নেপিয়াব ঘাস, সঙ্কর নেপিয়ার, গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, কাউপী, ওট্স, টিওসিন্টে সেন্ট্রো, অঞ্জন ঘাস, সুদান ঘাস, লুসার্ণ, জওয়ার, বারসিম, মকাই, গুয়ার, সূর্যমুখী, কুডজি, সেটারিয়া, স্টাইলো, রোড্স ঘাস, নাট ঘাস	আম, বাঁশ, বাবলু, বট, কাঁঠাল, কলা, সুবাবুল, নিম,' শিশু বিলাতী বাবলু, ধৈঞ্চা, অ্যাসসিয়া, অশ্বত্থ,টারমিনলিয়া, তিতালী, ঘোড়ানিম, বকফুল, শিরীষ, বের
	তীরবর্তী বন্যাপ্রবণ সতমলভূমি	গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস, নাট ঘাস, অঞ্জন ঘাস, স্টাইলো সেন্ট্রো	বাঁশ, কাঁঠাল, আম, সুবাবুল, অশ্বত্থ, বট বাবুল
পূর্ব মালভূমি এবং পার্বত্য অঞ্চল এলাকা - ৭	বিষ্ক্যায়ণ পুবোনো বন্যাপ্রবণ সমতলভূমি	নেপিয়ার ঘাস, সঙ্কর নেপিয়ার, গিনি ঘাস, পারা ঘাস, দুব ঘাস কাউপী, ওট্স, টিওসিন্টে, সেন্ট্রো, অঞ্জন ঘাস, গুয়ার সুদান ঘাস, লুসার্ন, বারসিম, জওয়ার, মকাই, রোড্স ঘাস, কুড্জি, সেতারিয়া, সূর্যমুখী, স্টাইলো	আম, বাঁশ, বট, কাঁঠাল, বাবুল, কলা, সুবাবুল, নিম, শিশু, বিলাতী বাবুল, ধৈঞ্চা, অ্যাকসিয়া, অশ্বত্থ, টারমিনলিয়া, তেতালী, ঘোড়ানিম, বকফুল, শিরীষ, বের
	ঢেউখেলানো লাল মাটি	ওটস্, গিনি ঘাস, পাবা ঘাস, দুব ঘাস, কাউপী, লুসার্ণ, বারসিম, সেন্ট্রো, স্টাইলো, বাজরা, গাফতাল, মকাই, ন'ট ঘাস	তেতালী, ঘোড়া নিম, টারমিনেলিয়া, বের, বট, কলা, অশ্বত্থ, বাবুল

বিভিন্ন প্রকারের পশুখাদ্য

উদ্ভিদবিদ্যায় যে নাম	ইংরেজী নাম	স্থানীয় নাম
পেনিসেটাম পারপুরিয়াম	নেপিয়ার গ্রাস হাইব্রিড নেপিয়ার	নেপিয়ার ঘাস, সঙ্কর নেপিয়ার
মেডিকাগো স্যাটিভা	লুসার্ণ	অ্যালফা-অ্যালফা
পেনিকাম ম্যাক্সিমাম	গিনি গ্রাস	--
ট্রাইফোলিয়াম আলেক্সাণ্ড্রিয়াম	বারসিম	--
ভিগ্না সাইনেসিস	কাউপী	ববরটি
জী মেজ	মেইজ	ভূট্টা
অ্যাভিনা স্যাটিভা	ওট্স	জভি
ব্র্যাকিয়ারিয়া মিউটিকা	পারা গ্রাস	--
সিয়ামোপ্সিস টেট্রাগোনোলোবা	গুয়ার, ক্লাস্টার বীন	--
সরঘাম বাইক্লোর	সরঘাম	জওয়ার
ইউক্লীনা মেক্সিকানা	টেওসিন্টে	মাকচারী
সেন্ট্রোসেমা পিউবেসেন্স	সেন্ট্রো	সেন্ট্রো
পুয়েরারিয়া ফ্যাসিওলয়ড্স	কুড্জু	কুড্জু
পেনিসেটাম পেডিসেলাটাম	দীননাথ গ্রাস	দীননাথ ঘাস
সাইনোবন ড্যাক্টিলন	দুব গ্রাস	ব্রহ্মা হবিয়ালি
সেন্‌ক্রাস সিলিয়ারিস	অঞ্জন গ্রাস	অঞ্জন ঘাস
ক্লোরিস গায়ানা	রোড্স গ্রাস	--
পেনিসেটাম টাইফয়েড্স	বাজরা	বাজরা
ট্রাইফোলিয়াম রিসুপিনেটাম	শ্যাফ্টাল	--
ডলিকোস ল্যাবল্যাব	ফিল্ড বীন	--
স্টাইলোসিন্থেস গ্র্যাসিলিস	স্টাইলো	--
সেটারিয়া টমেন্টোসা	সেটারিয়া	--
সরঘাম সুডানেন্স	সুডান গ্রাস	--
সাইপেরাস রোটাণ্ডাস	নাট গ্রাস	--
হিলিয়াস্থাস অ্যানাস	সানফ্লাওয়ার	সূর্যমুখী

পশ্চিমবঙ্গের গবাদিপশু

রাজ্যের প্রয়োজনীয় পালিত গবাদিপশু এবং পাখীদের মধ্যে আছে গরু, মোষ, ছাগল, ভেড়া, শুয়োর, খরগোশ, ঘোড়া, গাধা, মুরগী, হাঁস, কোয়েল এবং কিছু অন্যান্য ধরণের পাখী। চাষীরা এবং পশুপালকরা নানা জাতের বৈচিত্র্যময় প্রজাতির পশুপাখী শতাব্দীর পর শতাব্দী ধরে বাঁচবার প্রয়োজনে উৎপাদন করে এসেছেন। নানা নামকরণ যেমন স্থানীয়, দিশি, অনুন্নত সত্ত্বেও এই শ্রেণীর জমির প্রজাতিরা এখনও তাদের মধ্যে অমূল্য শারীরিক বৈশিষ্ট্য যেমন অসুখ প্রতিরোধ ক্ষমতা, শক্তি, কষ্টসহিষ্ণুতা, সুস্থ যৌনতা, সন্তান ধরনের ক্ষমতা এবং বাঁচবার জন্য অন্যান্য আর যা যা বৈশিষ্ট্য থাকা দরকার সব বহন করে চলেছে। এতদসত্ত্বেও নানা রকম প্রযুক্তি গ্রহণ করে এদের প্রজনন ক্ষমতা বৃদ্ধির জন্য ক্রমাগত প্রচেষ্টা চালানো হচ্ছে, বিভিন্ন প্রজাতির সাধারণ রূপরেখা নীচে উপস্থাপিত করা হচ্ছে।

গরুজাতীয় প্রাণী ঃ রাজ্যে গরু এবং মোষ এই জাতীয় প্রাণীর মধ্যে পড়ে। এদের সাধারণত ব্যবহার করা হয় দুধ উৎপাদন এবং বিশেষ কোন কাজের জন্য। হাল-চাষ করা, গাড়ীটানা, ফসল মাড়াইয়ের কাজ, আখপেষা, কাদা মেশানো এবং ঠাসা এইগুলিই হল বিভিন্ন রকম কাজ যাতে এদের ব্যবহার করা হয়ে থাকে। উত্তরবঙ্গের জঙ্গলে যথেষ্ট সংখ্যায় বুনো মোষ (BOS GAURUS) দেখা যায়।

গরু ঃ রাজ্যে ৯০ শতাংশের বেশী গরুই দিশি শ্রেণীর। রাজ্যের বিভিন্ন অংশে এদের গঠন, কাঠামো এবং উৎপাদন ক্ষমতার তফাৎ হয়। সামগ্রিকভাবে এরা আকারে ছোট, নামগোত্রবিহীন এবং সামান্য দুধ-উৎপাদক হয়। কিন্তু তারা অন্য কাজে যেমন ধান ক্ষেতে খুব পারদর্শী হয়। দেশীয় প্রজাতীর গরুর দুধ উৎপাদনের ক্ষমতা বাড়ানোর জন্য বিভিন্ন সময় মাননির্ধারণ এবং অন্য দেশীয় প্রজাতির যেমন সাহীওয়ালা, হরিযানা, গির ইত্যাদির সঙ্গে প্রজননের এবং বিদেশী প্রজাতির সঙ্গে যেমন জার্সি, হলস্টাইন, ফ্রীজিয়ান, ব্রাউন সুইস প্রজাতির সঙ্গে প্রজননের প্রচেষ্টা চালানো হয়েছিল।

দার্জিলিং-এর পার্বত্যঅঞ্চলে সিরি প্রজাতি পাওয়া যায়। এই প্রাণীদের কঠিন শীত ও বর্ষা থেকে রক্ষার জন্য গায়ের চামড়া মোটা হয়। এই প্রজাতির ষাঁড় ৩৭৫-৬৭০ কেজি ওজনের গাড়ী বিশেষ করে পার্বত্য অঞ্চলে টানতে খুবই কাজের হয়। ইলে খাওয়ানো হলে পরে এই প্রজাতির গাই খুব ভাল দুধ দেয়। বিশেষ বাছাই করা গাই ২৮০ দিনের দুগ্ধক্ষর সময়সীমার মধ্যে গড়ে ১৩৬০ কেজি দুধ দেয়, স্বাভাবিক অবস্থায় এই প্রাণীরা ১.৩৫-১.৮০ কেজি দৈনিক দুধ দেয়।

মোষ ঃ তুলনামূলকভাবে স্থানীয় মোষ আকারে ছোট হয়। অন্যান্য কাজে এরা উৎকৃষ্ট কিন্তু দুধ উৎপাদনের ক্ষেত্রে ভাল নয়। তা সত্ত্বেও শহরাঞ্চলে যেখানে দুধের চাহিদা বেশী সেখানে মুড়া (Murrah) এবং উচ্চতর মানের মুড়া (Murrah) মোষের সমাহার দেখা যায়।

ছাগল ঃ একমাত্র ছাগল রাজ্যে যা পাওয়া যায় তা হল বাংলা ছাগল (Bengal goat)। এদের প্রজনন ক্ষেত্রের কেন্দ্রস্থল হল পশ্চিমবঙ্গ এবং নিকটবর্তী বাংলাদেশ। এর সামান্য ভিন্ন রকমের প্রজাতি প্রচুর সংখ্যায় পূর্বভারতে পাওয়া যায়। কালো, বাদামী এবং সাদা রং-এর মধ্যে কালো বাং এর ছাগলই বেশী দেখতে পাওয়া যায় এবং এরা কালো-বাংলা (Black Bengal) নামে বেশ জনপ্রিয়। অবশ্য এদের এই প্রজননের এলাকায় বিভিন্ন রং-এর অনুপাত বিভিন্ন হয়। বিভিন্ন চরিত্রগত বৈশিষ্ট্যের দিক দিয়ে সন্তান প্রজননের ক্ষমতা, বাচ্চার এবং এর চামড়া খুবই উৎকৃষ্ট শ্রেণীর হয়। এর পা ছোট কিন্তু শরীর প্রসারিত হয়, পাঁঠাদের ওজন ১৪.০-১৫.৩ কেজি এবং ছাগলদের ওজন ৮.৪-১৩.৫ কেজি হয়। ছাগল

দু-বছরে তিনবাব বাচ্চা প্রসব করে। দুধেব উৎপাদন অবশ্য খুবই কম সম্ভবত শবীবের ছোট আকার এবং খাবারের প্রয়োজন কম বলে খাদ্যের স্বল্পতাব মধ্যেও এরা নিজেদেব খাপ খাইয়ে নিতে পারে। বাংলা-ছাগল (Bengal goat)-এর সাথে জমুনাপাড়ি, বিতাল, বরবরী, সিবোহী সংকব প্রজনন মাঝে মাঝে দেখা যায়।

ভেড়া ঃ বিভিন্ন কাবণে পশ্চিমবঙ্গেব অধিকাংশ জায়গায় ভেড়াব বংশগত উৎপত্তির উৎস হারিয়ে গেছে। এর মাংস বিশেষ ধরণের হওয়ায় এই মাংস কচিপাঁঠাব বা ছাগলের চামড়ার সাথে কঠিন প্রতিযোগিতার মুখোমুখি হয়। কারণ কচি পাঁঠার বা ছাগলের চামড়া বেশীবভাগ উপভোক্তাব কাছেই গ্রহণীয়। চাষীবা স্বাভাবিকভাবেই তাঁদের সমস্ত সঙ্গতি এই চামড়া প্রস্তুত করতে নিয়োজিত কবেন। যেখানে ফসল উৎপাদন অনিশ্চয়তার অন্ধকাবে থাকে, সীমিত কর্মসংস্থানের সম্ভাবনা ফসল উৎপাদনের ক্ষেত্রে, যেখানে ছাগল থেকে লাভ খুবই সামান্য সেখানে এই প্রজাতি খানিকটা অধিকার প্রতিষ্ঠা করতে পারবে এবং এরজন্যই চাষীদেব তুলনামূলকভাবে আরও মনোযোগ দেওয়ার প্রয়োজন।

রাজ্যেব তিন কোনায় তিন প্রজাতিব ভেড়া পাওয়া যায়। সুন্দরবন এলাকার গাড়োল নামে, পুরুলিয়া জেলাব মালভূমিগুলিতে, বাঁকুড়াব পশ্চিমাংশে এবং পশ্চিম মেদিনীপুর জেলাব ছোটনাগপুর পাহাড়ে ছোটনাগপুবী নামে এবং ডুয়ার্সেব সমতলক্ষেত্রে এবং নিকটবর্তী নদী উপত্যকাগুলিতে বনপালা নামে পাওয়া যায়। এই তিন প্রজাতিই মাংসের জন্য উপযুক্ত, তাদের লোম অমসৃণ ও তন্তু খোলা থাকে। লোম ছাড়ালে লোমেব রং বিভিন্ন ঘনত্বের সাদা থেকে সম্পূর্ণ কালো রং-এরও পাওয়া যায়। স্বভাবে এরা অপবিযায়ী হয়। রাজ্যেব বাকী অংশে বিভিন্ন জাযগায় ছড়িয়ে ছিটিয়ে থাকা নানা সংকর জাতের ভেড়াব দেখা পাওয়া যায়।

গাড়োল (যার বাংলা অর্থ হচ্ছে বোকা) জাতীয় ভেড়া মোটামুটি এক দশক আগে আবিষ্কৃত হয়েছে। যদিও ১৭৯২-৯৩ সাল নাগাদ এই প্রজাতিকে অষ্ট্রেলিয়া নিয়ে যাওয়া হয়েছিল আষ্ট্রেলিয়ার মেরিনো প্রজাতির জীনের সাথে সংযোগ ঘটানোর জন্য। সাম্প্রতিক অনুসন্ধান প্রমাণ করে যে পৃথিবীর প্রায় সমস্ত বহুপ্রসবী প্রজাতির ভেড়া বংশগত ভাবে এই গাড়োলের সাথে যুক্ত। স্তন্যপায়ী প্রাণীর প্রজননে এই প্রজাতি জৈবক্রিয়ার একটি আশ্চর্য উদাহরণ হিসাবে পরিগণিত হয়। বাস্তুতন্ত্রের অবনয়ন ও বাজাবেব বিরুদ্ধ শক্তি এ প্রজাতিব বিরুদ্ধে ক্ষতিকারক প্রভাব বিস্তার করেছে। এটি এমন একটি দুরূহ সমস্যা যে আজকাল চাষী অপসৃযমান প্রাকৃতিক সম্পদের সঙ্গে সামঞ্জস্য বাখতে স্বল্পপ্রসবী গাড়োল পছন্দ করেন। ফলস্বরূপ এই প্রজাতির যথেষ্ট অবনমন ঘটেছে যাতে বংশানুক্রমিক চরিত্রেব হানি হযেছে। খাঁটি প্রজাতির সংখ্যা ক্রমক্ষীয়মান হতে থাকায় পরিকল্পনামাফিক প্রচেষ্টাব প্রয়োজন হয়ে পড়েছে।

ছোটনাগপুরী ঃ এটি একটি মাঝাবি আকাবেব প্রজাতি যা মাঝে মাঝে যমজ প্রসব করে থাকে, নিজেদের ছোটনাগপুবেব পাথুরে এলাকার শুকনো বন, পাহাড় এবং মালভূমিতে খাপ খাইয়ে নিয়েছে। ফসল উৎপাদনে জোরের জন্য এই প্রজাতির গুরুত্ব কমছে। পরিকল্পনা মাফিক প্রচেষ্টার অভাবে এব বংশবৃদ্ধির বিশেষ ক্ষতি হচ্ছে।

নিশ্চিহ্ন হওয়ার আশঙ্কা যাদের আছে তারমধ্যে বনপালা (বন মানে জঙ্গল এবং পালা হচ্ছে পালন করা) পড়ে। এটি একটি মাঝারি আকারের প্রজাতি যা কার্যত ডুয়ার্সের সমতলে নদীতীরগুলিতে গিয়ে আশ্রয় নিয়েছে। বন, যা ছিল এই প্রজাতির স্বাভাবিক আবাস স্থল, সমানে অধিকৃত হয়ে চলেছে হয় অর্থকরী ফসল দ্বারা নয়তো চা বাগান দ্বারা অথবা এখন আইনসঙ্গত ভাবে সুরক্ষিত স্থল সেখানে গবাদিপশুর ঘাস খাওয়া বন্ধ। এ সমস্ত সমস্যার সঙ্গে আর্থিক সমস্যা মেলার ফলে এই প্রজাতি এবং চাষীর সদিচ্ছাও ক্রমে ক্রমে বিলীন হয়ে যাচ্ছে। যমজ প্রসবিনী হওয়া সত্বেও এ প্রজাতির সংখ্যা ও গুণমানের ব্যাপক ক্ষতি হয়েছে।

শুয়োর : পশ্চিমবঙ্গের বেশীর ভাগ গৃহপালিত অথবা স্থানীয় শুয়োর হচ্ছে নামগোত্রহীন আবর্জনা খাওয়া দেশী শুয়োর। বন্য শুয়োরকে ধীরে ধীরে চারপাশের নতুন পরিবেশের সাথে পোষ মানিয়ে এই অবস্থায় নিয়ে আসা হয়েছে। গরীব শ্রেণীর নিম্নবর্গীয় লোকেরাই প্রধানত এদের পোষে। স্থানীয় শুয়োরেরা খারাপভাবে বেড়ে ওঠে, কম প্রজনন ক্ষমতার হয়। প্রাণীদের লম্বা মুখ নাকের ফুটোর দিকে সরু হয়ে গেছে, ঘাড়ের ওপর লোম আছে এবং পিঠের একটি অংশ পুরু, লম্বা এবং খাড়া লোমে ঢাকা, দুপাশে লোমগুলো সরু এবং ছোট, মাথা এবং কাঁধ পেছনের দিক থেকে অনেক ভারী। পিঠ খানিকটা বাঁকা এবং পেছনদিক খানিকটা অবনত। কান ছোট এবং মাঝারি আকারের। স্ত্রী শুয়োরের স্তনের ৬-১২টি বাঁট থাকে।

ঘুংরু শুয়োর : পশ্চিমবঙ্গের পূর্বে হিমালয়ের পাদদেশে প্রজননের বৈশিষ্ট্যসূচক এই প্রজাতির শুয়োরকে চিহ্নিত করা গেছে। এই প্রজাতিকে ঘুংরু (স্থানীয় ভাষায় নূপুর) বলে। এই প্রজাতি সর্বাপেক্ষা দেখা যায় ৮৮° থেকে ৯০° পূর্ব দ্রাঘিমাংশ ও ২৬.৩০" থেকে ২৭.৩" উত্তর অক্ষাংশের মাঝে। চাষীরা এদের বাড়ীতেই খাওয়ান, অথবা দু'রকমেই বাড়ীতে এবং মাঠে চরিয়ে খাওয়ান। সাধারণ গৃহের ব্যবস্থা, বিশেষ করে বাঁশ ও পাটকাঠি দিয়ে বৃষ্টির হাত থেকে বাঁচবার মত করা হয়। শুয়োরগুলির রং কালো, আঁটো শরীর, মোটা, শক্ত ও লম্বা লোমে ঢাকা, লম্বা লেজ, ওপর দিকে বাঁকা নাক, মুখ চওড়া ও চাপা, কান হৃদয়ের আকারের, হাতীর মত। সাধারণ বা মাঝারি সময় বাচ্চার গড় মাপ ১১.৯২±০.০৬ কিউবিক ফুট হয়। ১৮ কিউবিক ফুট মাপ পর্যন্তও দেখা যায়। শরীরের ওজন পুরুষ ও স্ত্রী নির্বিশেষে জন্মের সময় ১.০৮±০.২২ কেজি, ৫ মাসে ৩৮.৯১±১.৪৯ কেজি এবং ১ বছর বয়সে ১০৬.৩±০.৩১ কেজি হয়। উন্নত শুয়োর উৎপাদন কর্মসূচীতে উন্নত 'জার্ম-প্লাজমা' অঞ্চলে উন্নত ধরণের প্রজাতিকে স্থানচ্যুত করার ক্ষমতা রাখে। নির্বিচার অন্যান্য ধরনের বিশেষ করে নামগোত্রহীন ধরণের প্রজাতির সাথে সঙ্কর প্রজাতি তৈরীর ফলে এই প্রজাতির নিশ্চিহ্ন হবার আশঙ্কা থেকে গিয়েছে। প্রগতিশীল চাষীদের মধ্যে সরকার কর্তৃক প্রচারিত বড়, সাদা, ইয়র্কশায়ার শুয়োর পালনের যথেষ্ট প্রবণতা দেখা যায়।

অশ্বসদৃশ প্রাণী : ঘোড়া, গাধা এবং খচ্চর হচ্ছে অশ্বসদৃশ প্রাণী যা রাজ্যে পাওয়া যায়। তুলনামূলকভাবে এদের স্থান কম গুরুত্বপূর্ণ এবং এদের স্থান মোট গবাদিপশুর মধ্যে খুবই নগণ্য। এ সব প্রাণীর প্রয়োজনীয়তা সারা পৃথিবীতেই অতি দ্রুত কমে যাচ্ছে।

এ রাজ্যে যা ঘোড়া পাওয়া যায় তা ছোট আকারের ও ধীরগতি সম্পন্ন। এদের অধিকাংশই ব্যবহার করা হয় কৃষিজ মালবহন করা বা যাত্রী পরিবহণের কাজে।

এ রাজ্যের গাধার আকার ছোট এবং রং গাঢ় ছাই রঙের। এদের ব্যবহার করা হয় স্বল্পদূরত্বে মাল পরিবহণের কাজে। সমাজের গরীব অংশই এদের কার্যত বিনা খরচেই পালন করেন। একমাত্র যখন গাধাকে অত্যাধিক কাজে লাগানো হয় সে সময় ছাড়া এই প্রাণীকে সাধারণতঃ খুবই সামান্য খাদ্য দেওয়া হয় বা একেবারেই দেওয়া হয় না। তাদের নিজেদের খাদ্য সংগ্রহের জন্য ছেড়ে দেওয়া হয় এবং এরাও যা পাবে তাই ঘুরে ঘুরে সংগ্রহ করে।

হাঁস-মুরগী জাতীয় প্রাণী : এই বিভাগে সব রকম গৃহপালিত পাখীকে অন্তর্ভুক্ত করা হয়, যেমন - মুরগী, হাঁস, রাজহাঁস, টার্কী, কোয়েল ইত্যাদি। এদের পালন করা হয় মাংস, ডিম এবং শিকার করবার জন্য।

মুরগী : পেছনের আঙ্গিনার মুরগী পালনের বিশেষত্ব হল দিশি মুরগী পালন - তাদের বেশীর ভাগই নামগোত্রহীন এবং খুবই কম উৎপাদন ক্ষমতাসম্পন্ন। একটি দিশি মুরগীর গড় উৎপাদন ক্ষমতা হচ্ছে বছরে ৫০টি ডিম। এই ডিমগুলির আকার খুবই ছোট, গড়ে প্রত্যেকটির ওজন হচ্ছে ৩০ গ্রাম, একবছর বয়সের দেশী মোরগের ওজন হচ্ছে প্রায় ১.০০-১.৩ কেজি। দিশি মুরগী পরিপন্থী পরিবেশে নিজেদের মানিয়ে নিয়ে বেঁচে থাকে। তাদের খাবার প্রয়োজন তারা বেশীরভাগই মিটিয়ে থাকে এদিক সেদিক ঘুরে, খুঁটে খেয়ে, অসুখের বিরুদ্ধে প্রতিরোধ গড়ে তোলে, শিকারীদের হাত থেকে পালাতে সমর্থ হয় এবং বংশবৃদ্ধি করে ও বেঁচে থাকে প্রতিকুল পরিবেশের মধ্যে।

ব্যবসায়িক কারণে পরিচালিত মুরগীর খামারগুলি উন্নত ধরমের প্রজাতি, যেগুলোকে উৎপাদন শিল্প সংক্রান্ত প্রজাতি বলে, ব্যবহার করে থাকে।

বাঁকুড়া, পুরুলিয়া ও পশ্চিম মেদিনীপুর জেলার কিছু এলাকাতে আসিল প্রজাতির মোরগ দেখা যায়। অবশ্য এই মোরগগুলির জাতিগত বৈশিষ্ট্য বিচার করা হয়নি।

হাঁস : মুরগীর পরেই হাঁস হচ্ছে সর্বাপেক্ষা গুরুত্বপূর্ণ পাখী। পেছনের আঙ্গিনার উদ্যোগ হিসাবে গ্রামের মানুষের কাছে খুবই জনপ্রিয়। মালিকরা হাঁসের ডিম পান প্রায় বিনা খরচেই। হাঁসদের বাইরে ঘুরে ঘুরে খুঁটে খাবার বিশেষ ক্ষমতা আছে এবং তাদের খুব কমই আলাদাভাবে খেতে দিতে হয় বা না দিলেও চলে। এক একটি দিশি হাঁস বছরে ৯০-১০০টি ডিম পাড়ে। হাঁসের মাংস উপাদেয়।

খাকী ক্যাম্পবেল হাঁস প্রগতিশীল চাষীদের কাছে জনপ্রিয়।

জাপানী কোয়েলকে সরকার জনপ্রিয় করার চেষ্টা চালাচ্ছেন।

জার্সি ষাঁড়

হলস্টিন ষাঁড়

গির ষাঁড়

শাহিওয়াল ষাঁড়

থারপার্কার ষাঁড়

মুড়া ষাঁড়

সংকর প্রজাতির জার্সি গরু, বাছুরের সাথে

সংকর প্রজাতির হলস্টিন গরু

কালো বাংলা ছাগল

শিবোহী ছাগল

উন্নত ধরণের শুয়োর

ভেড়া

উন্নত ধরণের মুরগি

টার্কি

মুরগি পোল্ট্রি

খাঁকি ক্যাম্পবেল হাঁস

সংকব প্রজাতিব নেপিয়াব (সবুজ পশুখাদ্য)

কাউপী (সবুজ পশুখাদ্য)

সংকর প্রজাতির নেপিযাব (সবুজ পশুখাদ্য)

বিভিন্ন গশুখাদ্য প্রদর্শনীর প্লট সমূহ, শালবনী

সবুজ পশুখাদ্যের ব্যবহার

হিমায়িত বীর্যের পরীক্ষাগার

হিমায়িত বীর্যের টিউব

ইনকিউবেটর

তরল নাইট্রোজেনেব কারখানা

ক্রায়ো পাত্র

মহিলা প্রাণীবন্ধু, কৃত্রিম প্রজননের ব্যবস্থা করছেন

পশু স্বাস্থ্য শিবির

পশ্চিমবঙ্গে প্রাণীসম্পদের উন্নয়ন

পশুপালন ও দুধ উৎপাদন ও সংরক্ষণ শিল্প গ্রামীণ কর্মসংস্থানের এক অনন্য সুযোগ এনে দিয়েছে। প্রাথমিক ক্ষেত্রে যেমন রোজগারের সুযোগ এনেছে, তেমন দ্বিতীয় ও তৃতীয় ক্ষেত্রে শহরাঞ্চল ও উপ-শহরাঞ্চলে প্রাণীসম্পদের উন্নতির জন্য পরিচর্যা ও সাহায্য প্রদানের ব্যবস্থা ও তার সঙ্গে বর্ধিত প্রোটিন খাদ্য যোগানের ব্যবস্থা করেছে। পশ্চিমবঙ্গে এই ক্ষেত্রের অন্তিম উদ্দেশ্য হচ্ছে প্রাণী সম্পদ থেকে উৎপাদিত জিনিসগুলি যেমন, দুধ, মাংস ও ডিম যেন লোকেরা মৌলিক পৌষ্টিক উপাদানের চাহিদা পূরণ করতে ন্যূনতম পরিমাণে পেতে পারে। দশম পরিকল্পনার প্রাক্কালে, যথেষ্ট উন্নতি হওয়া সত্বেও, পশ্চিমবঙ্গের পশুপালন ও দুধ উৎপাদন ও সংরক্ষণ শিল্প প্রয়োজন ও প্রাপ্ততার ফাবাক মেটাবার জন্য গবাদিপশু ও পাখীদের উৎপাদন বাড়াবার ক্ষেত্রে এক সমস্যার মুখোমুখি হয়েছে।

গরু ও মোষের উন্নয়ন ঃ

গরু ও মোষ উন্নয়নের মূল উদ্দেশ্য হল রাজ্যে দুধের উৎপাদন বাড়ানো যাতে আন্তর্জাতিক স্বাস্থ্য সংস্থার সুপারিশের পরিপ্রেক্ষিতে যা না কি দৈনিক ২১০ গ্রাম দুধ প্রত্যেকের জন্য সুপারিশ করে, অন্ততপক্ষে প্রত্যেকের জন্য দৈনিক ১৫১ গ্রাম দুধের ব্যবস্থা করা যায়। প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের কর্মকাণ্ডের প্রধান ক্ষেত্র হচ্ছে বাংলার দেশী গরুর সঙ্গে ভারতের স্বীকৃত জাতের যথা হরিয়ানা, সাহীওয়াল ইত্যাদি জাতের গরুর, বীর্য হিমায়িত করনের প্রযুক্তির সাহায্যে, তরল বীর্যদ্বারা প্রজনন ঘটিয়ে উন্নত সংকর জাতির গরু তৈরী করা। রাজ্যের সমস্ত প্রজনন সমর্থ গরুকে হিমায়িত বীর্য প্রযুক্তির সাহায্যে যত তাড়াতাড়ি সম্ভব কৃত্রিম প্রজননের আওতায় আনার জন্য ২০০১-২০০২ সালের একেবারে শেষ ভাগে ভারত সরকারের সাহায্যপুষ্ট গরু ও মোষ প্রজননের জাতীয় প্রকল্প (NPCBB) হাতে নেওয়া হয়েছে। ''পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থা'' নামে একটি সংস্থা এই দপ্তরের অধীনে প্রতিষ্ঠিত এবং সোসাইটিজ রেজিস্ট্রেশন অ্যাক্টের অধীনে পঞ্জীকৃত হয়েছে। এই সংস্থার প্রধান লক্ষ্য হচ্ছে উৎপাদন, সংগ্রহ ও গ্রামপঞ্চায়েত স্তরে যোগান দেওয়া, পরিকাঠামোর উন্নয়ন, কর্মীদের প্রশিক্ষণ এবং সবার ওপরে প্রশিক্ষিত বেকার যুবক-যুবতীদের (যাদের নাম ''প্রাণীবন্ধু'') দিয়ে ভ্রাম্যমান কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপন করা। কৃত্রিম প্রজননের কাজ ছাড়া তাঁরা কৃষকের দোরগোড়ায় প্রাথমিক প্রাণীস্বাস্থ্যের যত্নও নিয়ে থাকে।

হিমায়িত বীর্যপ্রযুক্তির সাহায্যে কৃত্রিম প্রজননের জন্য উৎপাদন, আহরণ, সংরক্ষণ ও তরল নাইট্রোজেনের ও খড় আচ্ছাদিত হিমায়িত বীর্যের জন্য বিশদ ব্যবস্থা করতে হয়। বর্তমান পরিকাঠামোকে আরও পোক্ত করা ছাড়াও ভারত সরকারের প্রকল্প অনুসারে একটি নতুন এফ.এস.বি.এস (FSBS) এই আর্থিক বছরে উত্তরবঙ্গে স্থাপন করবার জন্য প্রস্তাবিত হয়েছে।

হাঁস-মুরগী উন্নয়ন ঃ

রাজ্য সরকারের ২২টি হাঁস মুরগীর খামার প্রধানতঃ জোর দেয় ডিম পাড়ে এমন প্রাণীদের বংশ রক্ষা, ডিমের বিক্রী ও ডিম ফুটিয়ে একদিন বয়সের বাচ্চা বিক্রী করা। রাজ্য সরকার স্বনিযুক্তিতে সাহায্য করবার জন্য গরীব চাষীদের হাঁস-মুরগী পালনে উৎসাহ দিতে দুটি প্রকল্পের প্রবর্তন করেছেন। যে সমস্ত চাষীরা দারিদ্র্যসীমার নীচে আছেন তাঁদের মধ্যে (ক) উন্নত জাতের মোরগ, হাঁস ইত্যাদি বিতরণ করা, (খ) পরিবার ভিত্তিক আর্থিক সাহায্যযুক্ত প্রকল্প শুরু করা। এই প্রকল্পগুলি তপশীল জাতি ও উপজাতির জন্য বিশেষ উপাদান কর্মসূচীর অধীনে রূপায়িত হয়।

শুয়োর উন্নয়ন :

স্থানীয় জাতির শূয়োরকে উন্নীত মানে পরিণত করবার জন্য বড় সাদা ইয়র্কশায়ার জাতির শুয়োরের সঙ্গে কৃত্রিম প্রজনন ঘটিয়ে উন্নত সংকর জাতির শুয়োর করবার জন্য প্রকল্প হাতে নেওয়া হয়েছে। রাজ্যের মধ্যে হরিণঘাটার আঞ্চলিক শুয়োর প্রজনন কেন্দ্র এবং আটটি অন্যান্য শুয়োর প্রজননের ছোট খামারে কাজ চলছে।

ছাগল, ভেড়া, খরগোশ উন্নয়ন :

এখানে প্রধান লক্ষ্য হল ক্ষেত্রবিশেষে ভাল ভারতীয় জাতের সঙ্গে স্থানীয় জাতের প্রজনন করে উন্নত সংকর জাতের প্রাণী তৈরী করে রাজ্যে মাংসের উৎপাদন বৃদ্ধি করা। পাঁচটি ভেড়া, সাতটি ছাগল এবং চোদ্দটি খরগোশ খামারে কাজ চলছে। পশ্চিমবঙ্গে একটি উন্নত মানের ছাগল আছে - বাংলা ছাগল (অর্থাৎ কালো, বাদামী এবং সাদা জাতের) এবং এ জাতির বংশগত শুদ্ধতা বজায় রাখার জন্য এই দপ্তর প্রকল্প গ্রহণ করেছে।

পশুখাদ্যে উন্নয়ন :

সংকর জাতীয় গরু-মোষ বৃদ্ধির ফলে নানারকম পশুখাদ্যের চাহিদা বেড়ে গেছে। পশুখাদ্য উৎপাদনে উৎসাহ যোগাবার উদ্দেশ্যে পশুখাদ্য চাষের জন্য বীজ, গাছেব কলম ও পশুখাদ্যের মিনিকিট চাষীদের মধ্যে বিতরণ করা হয়।

পশ্চিমবঙ্গে পশুস্বাস্থ্য :

পশ্চিমবঙ্গে গ্রামপঞ্চায়েত পর্যন্ত একটি উৎকৃষ্ট পরিকাঠামোর জাল বিস্তৃত আছে। গবাদিপশুর সংখ্যার ঘনত্ব এক বর্গ কিলোমিটারে ৮৮৮ পর্যন্ত পৌছেছে। যতক্ষণ পর্যন্ত না গবাদিপশুর ভাল স্বাস্থ্যের ব্যবস্থা করা যাচ্ছে ততক্ষণ পর্যন্ত তাদের কাছ থেকে ভাল ফল পাওয়া যাবে না। নিম্নমানের স্বাস্থ্যের পরিবেশ অনুপযুক্ত বাসস্থল এবং অপুষ্টির কারণে প্রাণীদের অসুখের সমস্যা খুবই গভীর। প্রাণীসম্পদ দপ্তর এই সব অসুবিধা বিবেচনা করে প্রত্যেক গ্রামপঞ্চায়েতে বাৎসরিক প্রাণীস্বাস্থ্য শিবির করার জন্য বিশাল পদক্ষেপ গ্রহণ করেছে। গবাদিপশুর মালিকদের পঞ্চায়েতে প্রতিনিধিত্বের জন্য এবং তাঁদের সক্রিয় অংশ গ্রহণের জন্য প্রাণীসম্পদ দপ্তরের হিমায়িত বীর্যপ্রযুক্তি ব্যবহারে গত কয়েক বছবে এক জোয়ার এসেছে।

বাছুরের সমাবেশ, প্রাণীস্বাস্থ্য শিবির, একদিন বয়সের মুবগীর বাচ্চা এবং হাঁসের বাচ্চা বিতরণের ব্যবস্থা ত্রিস্তব পঞ্চায়েত রাজ্যের সক্রিয় সহযোগিতায় বেশীর ভাগ ব্লকেই করা হয়েছে।

গ্রাম অঞ্চলে পশুচিকিৎসকেরা 'জন স্বাস্থ্যকর্মী (Public Health Worker) হিসাবে 'জুনোটিক' (Zoonotic) অসুখ নিয়ন্ত্রণে আনবার জন্য জনচেতনা বৃদ্ধির কাজ করে চলেছেন।

হরিণঘাটা - কল্যাণী সমন্বয় কেন্দ্র :

১৯৪৪ সালে তদানীন্তন বাংলার লাটসাহেব লর্ড আর.জি. কেসী খারাপ উৎপাদনশীল সবরকম গবাদিপশুর উন্নয়নের জন্য একটি কেন্দ্রীয় গবাদি পশুসংক্রান্ত গবেষণাও প্রজনন কেন্দ্র (Central Livestock Research-cum-Breeding Station) স্থাপন করেন। অবশেষে ১৯৪৭ সালে স্বাধীনতার অব্যবহিত পরেই এই কেন্দ্রীয় গবাদিপশু সংক্রান্ত গবেষণাও প্রজনন কেন্দ্রটিকে হরিণঘাটা থানার অধীন মোহনপুর নামে একটি গ্রামে পুণঃস্থাপিত করা হয়। এখানে ৫০০০ একর জমি অধিগ্রহণ করে ১০০ স্বীকৃত রকমের গবাদিপশু যেমন হরিয়ানা, সাহীওয়াল, লাল সিন্ধি, গির এবং ৮ মার মোষ আনা হয় এবং একটি যন্ত্রচালিত পশুখাদ্যের খামার প্রতিষ্ঠা করা হয়। তখন থেকে একে একে মুরগী প্রজনন কেন্দ্র, হাঁস প্রজনন কেন্দ্র, ছাগল প্রজনন কেন্দ্র, আঞ্চলিক শুয়োর প্রজনন কেন্দ্র ও লবণে জারিত শুকনো শুয়োরের মাংস তৈরীর

কারখানা এবং অন্যান্য সহায়ক কেন্দ্র যেমন দুধ উৎপাদন ও সংরক্ষণের শিক্ষা প্রতিষ্ঠান (Institute of Animal Husbandry & Dairying) শারীরক্রিয়া ও রসায়ন সংক্রান্ত পরীক্ষাগার, একটি তৃণভূমি, গবাদিপশুর খাদ্যের গবেষণা কেন্দ্র ইত্যাদি যোগ করা হয়েছে এবং কেন্দ্রীয় গবাদিপশু সংক্রান্ত গবেষণা ও প্রজনন কেন্দ্রটি হরিণঘাটা খামার নামে জনপ্রিয় হয়। ১৯৬৫ সালে হরিণঘাটা থেকে ১০ কি.মি. দূরে কল্যাণীতে এক বিশাল সংকর প্রজননের প্রকল্প গ্রহণ করা হয় এবং এখন গবাদিপশু ও পশুখাদ্যের দুটি খামারকে নিয়ে একযোগে বলা হয় হরিণঘাটা-কল্যাণী সমন্বয় কেন্দ্র। এই গবাদিপশু সমন্বয় কেন্দ্র, বিশেষ করে যন্ত্রচালিত পশুখাদ্য খামার যার এলাকা হচ্ছে ২০০০ একর, একসময় ভারতের এই জাতীয় বৃহত্তম খামার হিসাবে পরিগণিত হত।

জন্ম থেকেই এই খামারে উদ্ভাবনমূলক গবেষণা, গবাদি পশুর এবং উৎপাদনের প্রযুক্তির উন্নয়নের কাজ চলে এসেছে। এই গবাদিপশু সমন্বয় কেন্দ্রে হিমায়িত বীর্য নিয়ে উন্নত ধরণের গরু সৃষ্টির জন্য কৃত্রিম প্রজনন, বৈজ্ঞানিক উপায়ে শুয়োর, ভেড়া, ছাগল, মুরগী ও হাঁস এবং সম্প্রতি খরগোশ পালন, শুয়োরের মাংস ও তার থেকে তৈরী বিভিন্ন জিনিস জনপ্রিয় করা, দুধ ও দুধের সামগ্রী আহরণ, প্রক্রিয়াকরণ এবং বিপণন সংক্রান্ত অসাধারণ কাজ হয়ে এসেছে। শুধুমাত্র এই নয় যে এই কেন্দ্র নতুন প্রযুক্তিসমূহের গতিপথ নির্ধারণ করে, যেমন, কৃত্রিম প্রজনন, বৈজ্ঞানিক উপায়ে পশুপালন ও প্রজনন, খাদ্যের ব্যবস্থা এবং গবাদিপশুর সামগ্রিক ব্যবস্থাপনা এছাড়াও দেশের পূর্বাঞ্চলের চাষীদের কাছে এনে দিয়েছে প্রশিক্ষণ এবং এই কাজে ব্যবহৃত প্রয়োজনীয় সামগ্রী সমূহের যোগান ।

লক্ষ্য ও অভীষ্ট ঃ

প্রাথমিক লক্ষ্য এবং অভীষ্টগুলি এ রকম ছিল ঃ

১) রাজ্যের গ্রামাঞ্চলে প্রধানতঃ বীজের ভাণ্ডার সৃষ্টি এবং প্রজননের কাজ চালাবার জন্য উন্নত ধরণের প্রজননক্ষম গরু, মোষ, ভেড়া, ছাগল, শুয়োর, হাঁস ও মুরগী উৎপাদন করা।

২) বৃহত্তর কলকাতার দুধের যোগান দেওয়ার জন্য আশেপাশের গ্রাম থেকে দুধ আহরণ করে এনে তার পক্রিয়াকরণ।

৩) উন্নতজাতের গবাদিপশু প্রজননের জন্য বিভিন্ন ধরণের প্রাণী উৎপাদনের উপর গবেষণা, পুষ্টির ব্যবস্থা করা, প্রজননের সুষ্ঠু ব্যবস্থা করা এবং অসুখ নিয়ন্ত্রণ করা।

৪) রাজ্যের জন্য বিভিন্ন রকমের উপযুক্ত পশুখাদ্য নির্বাচন। সারা বছর যোগান দেওয়ার মত উঁচু এবং নীচু জমি অনুসারে পালা করে উপযুক্ত শস্য নির্ণয় করে চাষ করা এবং সঙ্গে সঙ্গে পশুখাদ্য শস্য উপযুক্ত বায়ুনিরুদ্ধ প্রকোষ্ঠে সংরক্ষণ করা।

পরবর্তীকালে অভীষ্ট আরও প্রসারিত করা হয়েছে ঃ

১) বিভিন্ন ধরণের গবাদিপশুর জন্য আদর্শ খামার হিসাবে কাজ করা।

২) গ্রামাঞ্চলে প্রজনন এবং উৎপাদনের জন্য উন্নতধরণের গবাদিপশু বিতরণ।

৩) গবাদিপশু উৎপাদনের বিভিন্ন শাখায় গ্রাম্য কৃষকদের প্রশিক্ষণ দেওয়া।

৪) গবাদিপশু ব্যবস্থাপনার বিভিন্ন বিষয়ে, বিশেষ করে, গবাদি পশুপালনের আধুনিক ধারা সম্বন্ধে কর্মরত লোকেদের প্রশিক্ষিত করা।

গবাদিপশু বিভাগ ঃ

আগেকার গবাদিপশু শাখায় চারটি প্রজনন কেন্দ্র ছিল, যেমন - গরু, হাঁস-মুরগী, ছাগল এবং শুয়োর। পরবর্তীকালে অন্যান্য কেন্দ্র যোগ করা হয়। এখন সমস্তটাই - (১) গবাদিপশু শাখা ও (২) সংকর-প্রজনন প্রকল্প - এই দুটি শাখায় বিভক্ত।

সংকর প্রজনন প্রকল্প ঃ

এই প্রকল্পটি এ পর্যন্ত ভারতীয় কৃষি গবেষণা পরিষদের (ICAR) প্রকল্পের অংশ হিসাবে স্বাধীন একক হিসাবে ছিল। বর্তমানে রাজ্য এই প্রকল্পটি হাতে নিয়ে নিয়েছে এবং এই অংশটি (AICRPC) এখন থেকে প্রধান প্রজনন খামার হিসাবে কাজ করবে যেখানে স্থানীয় প্রয়োজন মেটাবার জন্য বিভিন্ন ধরণের সংকর উৎপাদিত হবে এবং যার ওপর নির্ভর করে রাজ্যের প্রজনন নীতি পরিচালিত হবে।

গরু প্রজনন খামার ঃ

অনেক আগে ১৯৪৯ সাল নাগাদ অজানা বাংলার গরুর মান উন্নয়ণের জন্য ভারতীয় স্বীকৃত দুধেল গরু এবং দুই প্রয়োজনই মেটায় এমন জাতের গরু যেমন, থারপারকার, সাহীওয়াল, হরিয়ানা ইত্যাদি নিয়ে অনুশীলন করা হয়েছিল। তারপর জেলাতে মান উন্নয়নের কাজ হাতে নেওয়া হয়েছিল।

দীর্ঘমেয়াদী বীর্য দিয়ে আগেই ১৯৫০ সালে খামারে কৃত্রিম প্রজননের চেষ্টা করা হয়েছিল। এই প্রযুক্তি সঙ্গে সঙ্গে বিস্তৃত ক্ষেত্রে স্থানান্তরিত হয়েছিল। ১৯৫৭ সালে বিদেশী জাতের ওপর প্রথম চেষ্টা করা হয়েছিল জার্সি এবং হোলস্টাইন ফ্রীজিয়ান নিয়ে। এই জাতের গরু নিয়ে পরবর্তীকালে বর্হিক্ষেত্রে সীমিত মাপে ফলাফল জানবার জন্য চেষ্টা করা হয়েছিল।

মাঝারি মোষের পালের সাফল্য যা কিনা ১৯৪৮ সাল থেকে বজায় রাখা হয়েছিল তা পশ্চিমবঙ্গ রাজ্যে মোষ পালনের সম্ভাবনার সাফল্য সম্পর্কে দিক্‌নির্দেশ করে।

এই কেন্দ্র প্রধান ভূমিকা পালন করেছে এই দপ্তরের গবেষণা কর্মীদের এবং বিশ্ববিদ্যালয়ের বৈজ্ঞানিকদের গবেষণা খামার হিসাবে।

হাঁস-মুরগী প্রজননের খামার ঃ

৮.৪.১৯৪৮ সালে হাঁস-মুরগী প্রজনন খামার চালু হয়েছিল উচ্চ মানের হাঁস-মুরগী উৎপাদন এবং বিভিন্ন জাতের হাঁস-মুরগীর ডিম ফুটিয়ে বাচ্চা উৎপাদনের উদ্দেশ্যে ডিম ও বাচ্চা হাঁস-মুরগী কৃষকদের মধ্যে বিতরণের মাধ্যমে পশ্চিমবঙ্গে এই শিল্পের উন্নয়ণের জন্য। এই খামার ব্যবহারিক গুরুত্ব অনুসারে গবেষণারও ব্যবস্থা করবে।

এই খামার পশ্চিমবঙ্গের আবহাওয়ায় উপযুক্ততা নির্ধারণের জন্য লাল জাতের রোড আইল্যাণ্ড, হোয়াইট লেগহর্ণ, নিউ হ্যাম্পশায়ার, লাইট সাসেক্স এবং ব্ল্যাক অষ্ট্রালোপ জাতীয় পাখীদের পালন করে।

আঞ্চলিক শুয়োর প্রজনন কেন্দ্র ও মাংস কারখানা ঃ

২৫.৬.৫৭ তে প্রথম শুয়োর পালনের বিভাগ চালু হয়। ১২.২.৬০ তারিখে শেষ পর্যন্ত একে আঞ্চলিক শুয়োর প্রজনন ক্ষেত্র হিসাবে পরিবর্তিত করা হয়। এই বিভাগ বিদেশী জাতের শুয়োর পালন করে।

শুয়োরের নোনা, শুকনো মাংসের (bacon) কারখানা শুরু হয় ১৭.১.১৯৬৫ সালে যেখানে এখন বৈচিত্র্যময় মাংস প্রক্রিয়াকরণ হাতে নেওয়া হয়েছে। এটিই দেশের একমাত্র মাংসের কারখানা যা (ISI) মার্কা মাংসের খাবার বিক্রী করে যা একমাত্র পাশ্চাত্য দেশের উৎপাদিত এই খাবারেব সাথে তুলনা করা যেতে পারে।

এই বিভাগের উদ্দেশ্যগুলো হল নিম্নরূপ :

১) বিদেশী জাতের শুয়োর পালন করা।

২) প্রজনন সক্ষম শুয়োর কৃষকদের মধ্যে বিতরণ করা।

৩) শুয়োরের মাংস এবং এই মাংস থেকে তৈরী বিভিন্ন জিনিসের কাম্য উৎপাদনের জন্য মাংসের কারখানা চালু রাখা।

৪) শুয়োর পালনের বিভিন্ন বিষয়ে পরীক্ষা-নিরীক্ষা করা।

৫) কৃষকদের প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৬) বিপণনের পন্থা সংগঠিত করা।

এই উদ্দেশ্যে বিদেশী শুয়োর পালন পদ্ধতিব পশ্চিমবঙ্গেব অবস্থা অনুসাবে মান নির্ধারিত হয়েছে এবং এই বাজ্যেব ও পার্শ্ববর্তী রাজ্যগুলির বহু সংখ্যক কৃষককে এই বিদেশী জাতেব শুয়োর দেওয়া হয়েছে।

ষাঁড়ের হিমায়িত বীর্য কেন্দ্র :

১৯৯০ সালে পশুপালন অধিকার (পরবর্তীকালে যার নাম হয়েছিল পশুপালন ও পশুচিকিৎসা অধিকার), পশ্চিমবঙ্গ সরকার 'হরিণঘাটা বীর্য কেন্দ্র' নামে এক সীমিত উৎপাদনশীল বীর্য-কেন্দ্র স্থাপন করেছিল। কিন্তু ১৯৯৩-৯৪ সালে কেন্দ্রের সাহায্যে আধুনিক বৈজ্ঞানিক দৃষ্টিভঙ্গী নিয়ে এই প্রকল্পটিকে নতুন করে গড়া হয়। এই অংশটি ৭ই মার্চ, ১৯৯৬ থেকে সম্পূর্ণ কর্মক্ষম অংশ হিসাবে কাজ শুরু করে। ১৯৯৬ সালের ডিসেম্বর মাস থেকে টি.এম.ডি.ডি. ও এন.ডি.ডি.বি-এর (TMDD & NDDB) সহায়তায় উৎপাদন শুরু হয়। এই অংশটি চালাবার জন্য এখানে ৪০টি ষাঁড় রাখবার জন্য একটি চালাঘর আছে এবং সম্পূর্ণভাবে ব্যবহৃত হচ্ছে।

তরল নাইট্রোজেন কারখানা :

হিমায়িত বীর্য কেন্দ্র এবং ষাঁড়ের চালাঘরের সাথে একটি তরল নাইট্রোজেন কারখানা, যার উৎপাদন ক্ষমতা হচ্ছে প্রতি ঘন্টায় ১০ লিটার তরল নাইট্রোজেন, ১৮.৩.৯৭ থেকে এই কেন্দ্রে চালু হয়।

পশুখাদ্য মিশ্রণ তৈরীর কারখানা :

হরিণঘাটা ও কল্যাণীর খামার ও নিবিড় গরু উন্নয়ন প্রকল্পের অধীন গরু প্রজননের জন্য সুষম পশুখাদ্য তৈরীর উদ্দেশ্য ১৩.৭.১৯৬৬ সালে এই অংশটি স্থাপিত হয়।

শুকনো পশুখাদ্যে খামার :

কৃষি-অর্থনীতি বিভাগের অধীন তিনটি খামার আছে - হরিণঘাটা প্রধান, হরিণঘাটা উত্তর ও কল্যাণীর শুকনো পশুখাদ্যের খামার ও তাছাড়া একটি সাজানো গোছানো কৃষিপ্রযুক্তি শাখা আছে খামারে বিদ্যুৎ সরবরাহের জন্য। তিনটি খামারেই যন্ত্রচালিত চাষ পদ্ধতি গ্রহণ করা হয়েছে।

এই খামারগুলির উদ্দেশ্য হল ঃ

১) যেসব গবাদিপশুকে হরিণঘাটা ও কল্যাণীর খামারে রাখা হয়েছে তাদের খাবার জন্য বিভিন্ন রকম সবুজ শুকনো খাদ্য তৈরী করা।

২) নমুনা, পরীক্ষা বা যুক্তির সাহায্যে বোঝাবার জন্য খামার।

৩) গোবারসার বা গবাদিপশুর বর্জ্যপদার্থ কাজে লাগিয়ে সবুজ পশুখাদ্য উৎপাদন সর্বাধিক কার্যকরী করা।

৪) অভাবের সময় ব্যবহারের জন্য উদ্বৃত্ত পশুখাদ্য সঞ্চয় করা।

হরিণঘাটা পশুখদ্যের খামার - প্রধান ঃ

এটি ভারতের সর্বাধিক পুরোনো যন্ত্রচালিত খামারগুলির অন্যতম। এটি শুরু হয়েছিল ৩০৭৫.৮৯ একর জমি নিয়ে। কিন্তু পরবর্তীকালে এখান থেকে বিভিন্ন প্রতিষ্ঠানকে কিছু জমি হস্তান্তর করতে হয়েছিল যেমন, নদী গবেষণা প্রতিষ্ঠান (River Research Institute), বিধানচন্দ্র কৃষি বিশ্ববিদ্যালয়, হরিণঘাটা থানা, স্বাস্থ্যকেন্দ্র ইত্যাদি। এই সব দেওয়ার পর অবশিষ্ট ছিল ১২৬১.২০ একর, আবার তারমধ্যে মাত্র ৫৯৭.০৬ একরে এখন চাষ করা হচ্ছে।

হরিণঘাটা পশুখাদ্যের খামার - উত্তর ঃ

সবুজ শুকনো খাবারের ক্রমবর্ধমান চাহিদা মেটাতে এই খামারটির প্রতিষ্ঠা হয়েছিল ১৯৬৭ সালে প্রধান খামার থেকে প্রায় ৫ কিঃ মিঃ দূরে ৭৯৮.৬১ একর জমি নিয়ে, যার মধ্যে প্রায় ৬৩৯.৩৮ একর জমিতে চাষ হচ্ছে।

কল্যাণী পশুখাদ্যের খামার ঃ

বিশাল সংখ্যক গরুর বর্ধিত চাহিদা মেটাতে কল্যাণী পশুখাদ্যের খামার ২৯৭৭.৫৬ একর জমির ওপর ১৯৫৭ সালে প্রতিষ্ঠিত হয়েছিল। অবশ্য এখানেও জমির একটা বড় অংশ কল্যাণী টাউনশিপ-এর জন্য ছেড়ে দিতে হয়েছিল। এখন খামারের আওতায় আছে মাত্র ৭০৬.৯৪ একর যার আবার ৪২৪.২১ একর জমি কৃষিযোগ্য। কল্যাণীর রাজ্য গবাদিপশুর খামারে এখান থেকে সবুজ শুকনো পশুখাদ্য সরবরাহ করা হয়।

প্রধান পশুখাদ্য যা যা এ তিনটি খামারে হয় তা হল সরগম, মকাই, কাউ-পী (Cow-pea) তেত্রাকলাই, ক্যালকারাটাস (Calcaratus) খরিফ মরসুমে হয় এবং রবি মরসুমে বারসীম, লুসার্ণ, ওট্স এবং সর্ষে হয়। এ সমস্ত ছাড়া সর্বকালীন শস্য যেমন শুদ্ধ এবং সংকর নেপিয়ার অনেক পরিমানেই এই খামারে হয়।

কৃষি প্রযুক্তি বিভাগ ঃ

২১টি সমতুল্য ট্রাক্টর বিভাগ নিয়ে ১৯৪৭ সালে এটি স্থাপিত হয়েছিল। এই বিভাগ বর্তমানে ছয়গুণ বর্ধিত হয়ে ১২৫টি সমতুল্য ট্রাক্টর বিভাগে রূপান্তরিত হয়েছে। সমস্ত যন্ত্রের সারাই এবং রক্ষণাবেক্ষণের একটি বড় এবং সুসজ্জিত কর্মশালা এখানে আছে।

জৈব গ্যাসের কারখানা ঃ

হরিণঘাটা খামারের গোয়ালে যথেষ্ট গোবর পাওয়া যায়, যা সবুজ পশুখাদ্যের জন্য জৈব সার হিসাবে ব্যবহৃত হয়। একটি জৈব গ্যাসের কারখানা আগেই তৈরী হয়েছে। এই কারখানার পাশের অংশে গোবর ব্যবহার করে শক্তি উৎপন্ন হবে যা পশুখাদ্য মিশ্রণ তৈরী করার কারখানাটি চালাতে এবং রাত্রে গরুর গোয়ালে আলো জ্বালাতে সাহায্য করবে। গোবরের তরল অংশও উৎকৃষ্ট সার হিসাবে ব্যবহৃত হতে পারে। সর্বাপেক্ষা কম ক্ষমতাসম্পন্ন অবস্থায় এই জৈব গ্যাস কারখানাটি এখন চালু আছে।

প্রাণীসম্পদ সহায়ক প্রশিক্ষণ শিক্ষাক্রম ঃ

পশ্চিমবঙ্গে গবাদিপশু শিল্পে এবং তার সঙ্গে হাঁস মুরগীর উৎপাদন বাড়াবার জন্য প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তর বৈজ্ঞানিক প্রযুক্তি এবং পদ্ধতি পরীক্ষাগার থেকে জমিতে স্থানান্তরিত কবতে সবরকম চেষ্টা চালাচ্ছে। রাজ্যে কৃষক সমাজকে, যাদের একটা বড় অংশের গবাদিপশু অথবা হাঁস-মুরগী পালনে কাজে লাগাবার জন্য, হয় খুব সামান্যই বিজ্ঞান সম্পর্কে জ্ঞান আছে নয়তো একেবারেই নেই উদ্বুদ্ধ কবতে তৃণমূল স্তরে একদল প্রশিক্ষিত 'কৃষক-বন্ধু'র প্রয়োজন। এই প্রয়োজন মনে রেখে গ্রামান্তরের এই গণশিক্ষক এবং খামার পদ্ধতিতে নৈপুণ্য বাড়াবার জন্য যারা কাজ করছেন তাঁদের আধুনিক খামাব পদ্ধতিতে বুনিযাদী শিক্ষা দরকার।

এই উদ্দেশ্য সাধনের জন্য প্রাণী সম্পর্ক বিকাশ সহায়ক প্রশিক্ষণ কেন্দ্র হরিণঘাটা খামারে এক বছরের সার্টিফিকেট শিক্ষাক্রম ২০০০ সালে প্রবর্তিত হয়েছে।

রাজ্য পশুপালন খামার, কল্যাণী ঃ

একই চত্বরের ভেতর প্রাথমিকভাবে ৫২০০ মারিয়ানা গরু দিয়ে বিশাল সংকর-প্রজনন কার্যক্রমের মাধ্যমে ১৯৬৫ সালে সেপ্টেম্বর মাসে কল্যাণীর রাজ্য পশুপালন খামারের পত্তন হয়েছিল। হরিণঘাটার কেন্দ্রীয় গবাদিপশু গবেষণা ও প্রজনন কেন্দ্র এবং দুগ্ধ উপনিবেশকে একসঙ্গে নিয়ে হবিণঘাটা কল্যাণী বহু অংশ সমন্বিত প্রতিষ্ঠান গঠিত হয়। প্রথমে হরিণঘাটাব কেন্দ্রীয় গবাদিপশু গবেষণাও প্রজনন কেন্দ্র প্রতিষ্ঠাব ভাবনা ১৯৪৫ সালে গৃহীত হয়। বাংলা বিভাজনের জন্য এই কাজ কিছুটা পিছিয়ে এটি পত্তনের কাজ ১৯৪৭ সালেব অক্টোবর মাসে শুরু হয় এবং খামাবটি স্থাপন করবার জন্য বিধিসম্মত আর্থিক অনুমোদন পশ্চিমবঙ্গ সরকার ১৯৪৮ সালেব নভেম্বব মাসে দেন।

কল্যাণীর রাজ্য পশুপালন কেন্দ্র এখন চলছে কল্যাণীর পশুখাদ্য কেন্দ্র, ভেড়া, ছাগল এবং খরগোশের খামার গরু ও মোষের প্রধান পশুপালন কেন্দ্র নিয়ে।

সবুজ শুকনো পশুখাদ্যের বর্ধিত চাহিদা পূবণ ও ১৯৫৫ সালের বৃহত্তর কলকাতা দুধ যোগান প্রকল্প চালু রাখার জন্য কল্যাণীর পশুখাদ্য কেন্দ্র ২৯৭৭.৫৬ একর জমি নিয়ে ১৯৫৭ সালের জুন মাসে চালু হয়। কল্যাণী টাউনশিপ ও [illegible] প্রকল্পের জন্য বেশ খানিকটা জমি হস্তান্তরিত করার পরেও এই পশুখাদ্য খামারের হাতে ৫৭৬.৬৩ একর জমি আছে, আবার তার মধ্যে ২৯৩.৮৫ একর জমিতে কল্যাণীর রাজ্য পশুপালন খামারে সবুজ পশুখাদ্য যোগান দেওয়ার জন্য চাষ হয়।

পশ্চিমবঙ্গে ছাগল প্রজননের খামার সৃষ্টির সম্ভাবনা খতিয়ে দেখতে, হরিণঘাটাতে ১৯৫১ সালে প্রথমত একটি ছাগল প্রজননের খামার প্রতিষ্ঠিত হয় যা পরে কল্যাণীর বুদ্ধ পার্কে স্থানান্তরিত হয়। জেলান্তরে উন্নত মানের প্রজননক্ষম পুরুষ ভেড়া যোগান দেওয়ার জন্য ১৯৬৪-৬৫ সালে ভেড়া প্রজনন কেন্দ্র প্রতিষ্ঠিত হয়েছিল। খামারটি সাহাওয়াদি, মান্ডুগা-নেলোর জাতের এবং পরে দক্ষিণ ২৪ পরগণার গাড়োল জাতের ভেড়া পালন করত। দক্ষিণ ২৪ পরগণার গাড়োল ভেড়া আনা হয়েছিল এর বহুবিধ জীনের (Gene) জন্য যার নাম ছিল বুরুবা (Burooba) জীন যা একজাত থেকে অন্য জাতে সহজেই প্রতিসঞ্চার করা যায়। এই জাতীয় ভেড়া যা ১৭৯২ সালে অষ্ট্রেলিয়াতে নিয়ে যাওয়া হয়েছিল, তার মধ্যে এই ব্যাপার লক্ষ্য করা গিয়েছিল। জেলার গ্রামীণ কৃষকদের লাভজনকভাবে খরগোশ পালনে উৎসাহিত করতে প্রজননক্ষম খরগোশ সরবরাহ করার জন্য ১৯৯৩ সালের নভেম্বরে এখানে খরগোশ যোগ করা হয়। এই ঘটনা পশুপালন শিল্পে পশ্চিমবঙ্গে এক নতুন মাত্রা যোগ কবে। প্রথম দিকে সোভিয়েত 'চিনচিলা' এবং ধূসর 'জায়ান্ট' ছিল আদি জাত।

পশ্চিমবঙ্গের নদীয়া এবং নিকটবর্তী জেলাগুলির বেকার যুবসমাজের স্বনিযুক্তির প্রয়োজন মেটাবার জন্য এবং বিশেষ করে গ্রামের গরীব এবং পিছিয়ে পড়া পরিবারগুলির আর্থ-সামাজিক অবস্থার উন্নতির জন্য এখানে একটি হাঁসের খামার স্থাপিত হয়েছে। খালি গরুর গোয়ালগুলির রূপান্তর সাধন করে সামান্য খরচে এবং খামারেরই লোকবলের সাহায্যে ২০০২ সালের জানুয়ারী মাসে ১৯৭টি খাকী ক্যাম্পবেল হাঁসের বাচ্চা নিয়ে হাঁসের খামারটি চালু করা হয়।

জার্সি এবং হলস্টাইন জাতের বিদেশী ষাঁড় নিয়ে বিশাল সংকর প্রজনন কর্মসূচীর মাধ্যমে উন্নত সংকর জাতের গরু উৎপাদন করে দুধের যোগান বাড়াবার জন্য ১৯৬৫ সালের সেপ্টেম্বরে হরিয়ানা ধরনের গরু নিয়ে আদি পশুপালন খামারটি স্থাপিত হয়েছিল। জেলাগুলিতে সরবরাহ করার এবং মড়ক লাগার পরে লক্ষণীয় ভাবে এদের সংখ্যা কমে গেছে। ১৯৯৪ সালের মার্চ মাসে কলকাতা মহানগর থেকে অপসারণের সময় কিছু ধরা পড়া (পরে বাজেয়াপ্ত করা) গরু ও মোষ থেকে বেছে কিছু মুড়া জাতের মোষ এ রাজ্যে মোষ প্রজননে জোর দেওয়ার জন্য এই খামারে নেওয়া হয়। একইভাবে হরিয়ানা ধরণের এবং বাছাই করা দেশী জাতের গরুকেও বাছা হয়েছে আমদানী করা জার্সি ও হলস্টাইন এফ.এস.স্ট্র (আর.এ.বি. অস্ট্রেলিয়া) -এর সাথে সংকর প্রজনন করে উৎকৃষ্ট মানের ষাঁড় উৎপাদন করে এফ.এস-এ ব্যবহারের জন্য। প্রজননের জন্য রাজ্য এফ.এস.স্ট্র উৎপাদন করবে।

খামারের উদ্দেশ্য ও অভীষ্ট (যা ছিল এবং যা হয়েছে) ঃ

রাজ্য পশুপালন খামার, কল্যাণী ১৯৬৫ সালের সেপ্টেম্বর মাসে স্থাপিত হয়েছিল যাতে দেশের মধ্যে একই প্রাঙ্গনে এক বিশাল সংকর প্রজননের কর্মসূচী হাতে নেওয়া যায়। এটি স্থাপনের মূল উদ্দেশ্যগুলি ছিল নিম্নরূপ ঃ

১) নতুন দুধ উৎপাদনক্ষম অর্থ সাশ্রয়কারী এক ধরণের গরু হরিয়ানা ধরণেব গরুব সাথে জার্সি এবং হলষ্টাইন ষাঁড়ের সংকর-প্রজনন করে উৎপাদন করা।

২) আরও বেশী দুধ উৎপাদনের জন্য রাজ্যের কৃষকদের কাছে সংকর প্রজাতির গরু সরবরাহ করা।

৩) রাজ্যে গরুর মান উন্নয়নের স্বার্থে বাছুর পরীক্ষা করার কর্মসূচী গ্রহণ যাতে উপযুক্ত ষাঁড় পাওয়া যায়।

৪) রাজ্যে গবাদিপশুর উন্নয়নের জন্য বিভিন্ন দৃষ্টিকোণ থেকে খাবার, প্রজনন এবং উৎপাদন সম্বন্ধে ফলিত গবেষণা এবং পরীক্ষা চালানো যা লাভজনক ভাবে কাজে লাগানো যায়।

কল্যাণীর পশুখাদ্য খামার ঃ

১৯৫৫ সালে বৃহত্তর কলকাতা দুধ সরবরাহ প্রকল্প প্রবর্তনের সঙ্গে সঙ্গে কল্যাণী পশুখাদ্য খামার, বিশাল সংখ্যক গরুর বর্ধিত প্রয়োজন মেটাবার জন্য, সবুজ পশুখাদ্য উৎপাদনের জন্য প্রতিষ্ঠিত হয়েছিল। ১৯৬৫ সালে কল্যাণীতে এটির কাজ শুরু হয় এবং সবুজ পশুখাদ্য যা এখানে তৈরী হয় তা যে-সমস্ত গবাদিপশু কল্যাণীর রাজ্য পশুপাদন কেন্দ্রে থাকে তাদের খাওয়াবার জন্য ব্যবহৃত হয়।

ভেড়া ও ছাগলের খামার ঃ দুটোরই প্রবর্তন করা হয় নিম্নলিখিত উদ্দেশ্য নিয়ে ঃ-

১) এই রাজ্যে ভেড়া-ছাগলের খামার তৈরী করার সম্ভাবনা অনুসন্ধানের জন্য।

২) দুধের মান উন্নয়নের জন্য বিভিন্ন রকম জন্ম-হার, বৃদ্ধির হার, মাংসের মান যা কালো বাংলা ছাগল এবং বরবরি ও সাওনেন জাতের ছাগলের সাথে তাদের সংকর প্রজাতি থেকে উদ্ভূত, তা খতিয়ে দেখা।

৩) বেশী মাংস-উৎপাদনশীল ছাগলের উন্নয়নের জন্য একটি আই.সি.এ. আর (ICAR) প্রকল্প চালু করা হয়েছিল।

৪) সাহাওয়াদি, মাণ্ড্য এবং নেলোর জাতির ভেড়ার প্রজনন বহুগুণে বৃদ্ধি করা যাতে ভালো জাতের ভেড়া রাজ্যের সব ক্ষেত্রে বিতরণ করা যায়।

৫) ভেড়ার বহু সন্তান সৃষ্টির ব্যবস্থাপনার পথ অনুসরণ করে পরীক্ষা-নিরীক্ষা করা।

৬) বুরুবা (Burooba) জীনের অন্য প্রজাতিতে সহজ প্রতিসঞ্চার পদ্ধতি পরীক্ষার জন্য গাড়োল প্রজাতির প্রবর্তন করা।

প্রযুক্তির অগ্রগতির সঙ্গে সঙ্গে সময়ও অনেকটা এগিয়ে গেছে। রাজ্যের আর্থ-সামাজিক ছবির পরিবর্তনের সঙ্গে সঙ্গে চাহিদারও অনেক পরিবর্তন ঘটেছে। যদিও খামার কিছু কিছু উদ্দেশ্য পূরণ করেছে এবং তার ফলে নিকৃষ্ট ধরণের গবাদিপশু অনেক উন্নত হয়েছে। তা সত্বেও পশুর মড়ক এবং আমাদের দেশের অন্যান্য কিছু পরিস্থিতি খামারের কার্যকলাপে প্রচণ্ড ধাক্কা দিয়েছে যার ফলে গবাদিপশুর সংখ্যা কমে গিয়েছে। ১৯৯৪ সালের মার্চ মাস থেকে বৃহত্তর কলকাতায় সরকারের খাটাল অপসারণ কর্মসূচীর ফলে সেখান থেকে ধরা গবাদিপশুর ভার এই খামারকেই বহন করতে হয়েছে। এখানকার গোয়ালগুলি রক্ষণাবেক্ষণের জন্য প্রয়োজনীয় অর্থের অভাবে এবং পুরোনো হওয়ার কারণে ভেঙে পড়েছে। কিন্তু কিছু বিশেষ চেষ্টার ফলে মানব সম্পদ ও ভাঙা গোয়ালগুলির উপযুক্ত ব্যবহার ও কিছু রদবদল করে নিম্নরূপে খানিকটা জনস্বার্থমুখী করা গেছে।

১) রাজ্যে দুধ উৎপাদন বাড়াবার জন্য মোষের সংখ্যা বাড়ানো। সেজন্য ধরা পড়া এবং বাজেয়াপ্ত করা মুড়া মোষ থেকে বাছাই করে পালন করে উচ্চ মানের বাচ্চা উৎপাদন করে বাঁকুড়া, পুরুলিয়ার মত জেলাগুলিতে প্রজননের জন্য সরবরাহ করা হচ্ছে।

২) উন্নত মানের প্রজননক্ষম সংকর জাতের পুরুষ ও স্ত্রী উৎপাদন করা। ধরে আনা এবং বাজেয়াপ্ত করা হরিয়ানা ধরণের দেশী মোষকে আমদানী করা হলস্টাইন ও জার্সি (আর.এ.বি অস্ট্রেলিয়া) জাতের সঙ্গে সংকর প্রজননের জন্য বাছাই করা হয়েছে। উন্নত জাতের সংকর বাছুরগুলি এখন বড় হয়ে উঠেছে।

৩) কল্যাণীর পশুখাদ্য খামার আগের মতই চলছে কিন্তু তার মধ্যে আরও কিছু পশুখাদ্য যোগ করা হয়েছে কৃষকদের মধ্যে বিতরণের জন্যে।

৪) ভেড়া ও ছাগলের খামার আগের মতই চলছে, কিন্তু সম্প্রতি ২০০২ সালে 'সিরোহী' ছাগল যোগ করা হয়েছে যাতে রাজ্যে কৃষকদের ছাগলের খামার করবার জন্য উদ্বুদ্ধ করা যায়। কালো বাংলা জাতের ছাগল এখানে রাখা হয়েছে যাতে অনভিপ্রেত সংকর-প্রজননের ফলে এই জাতের ছাগল হারিয়ে না যায়।

৫) রাজ্যে স্বল্পখরচে খরগোশ পালনের জন্য প্রচার চালানো এবং খরগোশ পালনে উদ্বুদ্ধ করা, পশ্চিমবঙ্গের বিভিন্ন জেলায় প্রজননক্ষম খরগোশ সরবরাহের জন্য বংশবৃদ্ধি করা হচ্ছে এবং তার সঙ্গে পরীক্ষা-নিরীক্ষাও চলছে।

৬) নদীয়া ও নিকটবর্তী অন্যান্য জেলাতে উৎকৃষ্ট হাঁসের বাচ্চা ও বাচ্চা ফোটাবার জন্য ডিম সরবরাহের মাধ্যমে হাঁস পালনের জন্য জোর দেওয়া হচ্ছে। একটি হাঁসের খামার চালু করা হয়েছে উৎকৃষ্ট মানের খাকী ক্যাম্পবেল হাঁস দিয়ে।

৭) পশুপালন প্রণালী এবং গবাদিপশুর রক্ষণাবেক্ষণের উন্নততর প্রযুক্তি সম্বন্ধে কৃষকদের প্রশিক্ষণ দেওয়া। কল্যাণীর রাজ্য পশুপালন খামারের ভেড়া প্রজনন কেন্দ্রে একটি প্রশিক্ষণ কেন্দ্র স্থাপিত হয়েছে। বর্তমানে ভেড়া, ছাগল ও খরগোশ পালনের একটি ১০ দিনের শিক্ষাক্রম চালু রয়েছে। হাঁস পালনের জন্য শিক্ষাক্রম চালুর প্রক্রিয়া চলছে এবং আশা করা যাচ্ছে, যে এটি শীঘ্রই চালু করা যাবে। কৃষকদের এবং বেকার যুবক যুবতীরা পশুপালন শিল্পের যে কোন অংশেই যাতে স্বনিযুক্ত হতে পারেন সে ব্যাপারে এই শিক্ষাক্রম সরাসরি সাহায্য করবে।

রাজ্য হাঁস-মুরগী খামার, টালীগঞ্জ - এক নজরে

১) প্রতিষ্ঠার তারিখ ঃ ১লা মার্চ, ১৯৫৯

২) খামারের মোট আয়তন ঃ ১৭.০৬ একর

এটি একটি পরিশুদ্ধ প্রজননের খামার যেখানে সাদা লেগ হর্ণ, কালো অষ্ট্রালোপ এবং লাল রোড আইল্যাণ্ড প্রজাতির মুরগী পালন করা হয়। একদিন বয়সের মুরগীর বাচ্চা সরবরাহ করে এবং স্থানীয় প্রজাতির মোরগ বদলে সে জায়গায় লাল রোড আইল্যাণ্ড এবং কালো অষ্ট্রালোপ সরবরাহ করে এই খামার পশ্চিমবঙ্গে প্রধানতঃ হাঁস-মুরগীর বংশগত উন্নয়নের কাজ করে যাচ্ছে। ১৯৯৯ সালের মার্চ মাস থেকে প্রজননের জন্য এই খামার কোয়েল পালন করছে। এছাড়া এই খামার প্রজননের জন্য টার্কী, গিনি ফাউল এই আর্থিক বছর থেকে পালন করছে।

বিপণন বিভাগ ঃ

১) **ডিমের মান নির্ধারণ-শাখা ঃ** এখানে ডিম ভাল করে দেখে, ডিমের ওজন এবং গুণমান অনুসারে বেছে সঠিক মান নির্ধারণ করা (যথা - গ্রেড-এ, গ্রেড-বি) হয়। ভাঙা ডিম দিয়ে একরকম দলা তৈরী করা হয় এবং নষ্ট হওয়া ডিম পাওয়া গেলে সেগুলো আলাদা করে ফেলে দেওয়া হয়। এখানে চারটি ওয়াক-ইন-কুলার আছে যেখানে সংগ্রহ করা ডিম গুণমান নির্ধারণের পর সংরক্ষণ করা হয়। এই ডিম বিভিন্ন সময়ে প্রয়োজনের তালিকা অনুসারে কলকাতা ও হাওড়ার বিভিন্ন হাসপাতালে,অন্যান্য প্রতিষ্ঠান এবং বিক্রীর জন্য বিভিন্ন কাউন্টারে সরবরাহ করা হয়।

২) **বিপণন শাখা ঃ** এই শাখার মাধ্যমে সমস্ত ডিম এবং কাটা ও পরিচ্ছন্ন মুরগীর মাংস বিক্রী করা হয় বিভিন্ন হাসপাতাল, প্রতিষ্ঠান ও বিভিন্ন বিক্রীর কাউন্টারে। মাংসের জন্য প্রাপ্ত মুরগীগুলিকে আলাদাভাবে 'হোল্ডিং পেন' -এ রাখা হয়। প্রয়োজন অনুসারে এই শাখায় মুরগী কাটা হয়। সেখানে একটি মাংস প্রক্রিয়াকরণের ঘর আছে যেখানে কাটা, পরিস্কৃত মাংস ওজন করা, প্যাকেটজাত করা এবং ডীপ ফ্রীজে সংরক্ষণের জন্য রাখা হয়। ২৪টি হাসপাতাল এবং প্রতিষ্ঠানকে সরবরাহ ছাড়াও ডিম এবং কাটা ও পরিচ্ছন্ন মাংস তিনটি বিক্রীর কাউন্টারের মাধ্যমে (যথা এস.পি.এফ, টালীগঞ্জ, যোধপুর পার্ক এবং মহাকরণ) বিক্রী করা হয়। যোধপুর পার্ক বিক্রীর কাউন্টারে হরিণঘাটার শুয়োরের মাংসের কারখানার শুয়োরের মাংস এবং শুয়োরের মাংস থেকে তৈরী নানা জিনিস বিক্রী হয়।

খাবার মিশ্রণ উপবিভাগ ঃ

এস.পি.এফ, টালীগঞ্জের খাবার মিশ্রণের অংশটি এখন হাঁস, মুরগী, কোয়েল, টার্কী, গিনি ফাউল এবং ব্রয়লার জন্য সুষম খাদ্য তৈরী করে এবং ছয়টি মুরগী-হাঁসের খামারে সরবরাহ করে। মোটামুটি প্রতিমাসে এই খাবার উৎপাদনের হার ৫০ মেট্রিক টনের মত।

রাজ্য পশুপালন সমন্বয় খামার - শালবনী

রাজ্য পশুপালন সমন্বয় খামার হল রাজ্য প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের দ্বারা সমন্বয়কৃত আগের শালবনী পশুখাদ্য খামারের নতুন নাম।

এই খামারটি দুটি আলাদা এলাকা নিয়ে গঠিত। এই দুটির একটি হল শালবনীতে যার লোকপ্রচলিত নাম হল শালবনী পশুখাদ্য খামার-১। সমন্বয়কৃত খামারটির প্রধান কার্যালয় হল পশ্চিম মেদিনীপুরের শালবনীতে রাজ্য প্রাণী সম্পদ উন্নয়ন দপ্তরের যুগ্ম অধিকর্তার প্রশাসনিক নিয়ন্ত্রণে। এই খামারটির উদ্দেশ্য সাধন করবার জন্য এই এলাকার ভেতর সাতটি অংশ স্বাধীনভাবে কাজ করে।

এই অংশগুলি হল ঃ

১) পশুখাদ্য খামারের অংশটি এখন কৃষি-অর্থনীতি সংক্রান্ত বিভাগ বলে পরিচিত (১৯৬৯)

২) কৃষি-প্রযুক্তি বিভাগ (১৯৭০)

৩) বিদেশী গবাদিপশু প্রজনন খামাব (১৯৮২)

৪) পশ্চিমবঙ্গ বনসৃজন প্রকল্প (১৯৯২)

৫) তরল নাইট্রোজেন তৈরীর কাবখানা (১৯৯৬)

৬) কৃত্রিম প্রজনন কিট ব্যাঙ্ক (২০০০)

৭) হিমায়িত বীর্য কেন্দ্র (২০০১)

এই খামারের অপর এলাকাটি সৈয়দপুরে অবস্থিত ও শালবনী পশুখাদ্য খামার-২ হিসাবে পরিচিত। এই এলাকাটি শালবনী থেকে প্রায় ১৩ কি.মি. দূরে মেদিনীপুরেব দিকে অবস্থিত। এটি মেদিনীপুর শহর থেকে ২০ কি.মি. দূরে অবস্থিত এবং রাস্তাব দ্বারা যুক্ত। এই এলাকায় অবস্থিত বিভাগগুলি হল ঃ

১) পশুখাদ্য বিভাগ যা কৃষি আর্থনীতি বিভাগ বলে পবিচিত (১৯৬৯)

২) কৃষি-প্রযুক্তি বিভাগ (১৯৭০)

৩) ছোট প্রাণী বিভাগ যথা ছাগল, ভেড়া ও শুয়োব (১৯৮২)

৪) পশ্চিমবঙ্গ বনসৃজন প্রকল্পেব অংশবিশেষ (১৯৯২)

রাজ্য পশুপালন সমন্বয় খামার সাধারণত নিম্নলিখিত অভীষ্ট সিদ্ধির প্রচেষ্টা চালাচ্ছে ঃ

১) এব নিজস্ব প্রাণীগুলির খাদ্য সংস্থানেব জন্য নানা রকম পশুখাদ্য শস্য উৎপাদন করা।

২) বিভিন্ন বকম পশুখাদ্য শস্যেব বীজ এবং কলম উৎপাদন কবা যাতে বাজ্যের প্রয়োজন মেটে এবং উদ্বৃত্ত অংশ অন্যান্য রাজ্য সরকারও প্রতিষ্ঠানকে সরবরাহ কবে।

৩) যেহেতু খামারটি রাজ্যেব শুকনো এলাকায় অবস্থিত তাই বছবে অভাবেব সময় খামারে রাখা গবাদিপশুর খাবার প্রয়োজন মেটাতে গবাদিপশুব খাদ্য সংরক্ষণেব জন্য মরাই-এব ব্যবস্থা করা যাতে এই সব গবাদিপশুর দুধ ও সন্তান উৎপাদন কোন ভাবে ব্যহত না হয়।

৪) বাজ্যের সংকর-প্রজননের প্রয়োজনে জার্সি জাতেব বিদেশী ষাঁড় উৎপাদন কবা।

৫) প্রজননক্ষম স্বীকৃত জাতের ছাগল, ভেড়া এবং শুয়োর (শুদ্ধ ও উন্নীত) উৎপাদন ও বিতরণ করা।

৬) নানা বকম পশুখাদ্য শস্য এবং গাছ সম্বন্ধে বিস্তাবিত গবেষণা হাতে নেওয়া এবং বিভিন্ন ধরণের পশুখাদ্য শস্য ও গাছেব চাষ করা।

৭) রাজ্যে সংকর-প্রজনন কার্যসূচী রূপায়িত করার লক্ষ্যে হিমায়িত বীর্য প্রযুক্তির প্রয়োগ শক্তিশালী করার জন্য তরল নাইট্রোজেন উৎপাদন ও সববরাহ কবা।

৮) রাজ্যের দক্ষিণাঞ্চলে কৃত্রিম প্রজননের পবিকাঠামো সরবরাহের প্রয়োজনে কৃত্রিম প্রজনন ব্যাঙ্কের প্রতিষ্ঠা।

৯) রাজ্যের স্থানীয় জাতের গরু ও মোষকে উন্নীত কবার লক্ষ্যে হিমায়িত বীর্যকেন্দ্র ও ষাঁড়ের খামার প্রতিষ্ঠা করে স্বীকৃত বিদেশী ও সংকর জাতের খড় আচ্ছাদিত হিমায়িত বীর্য-শলাকা প্রস্তুত করা।

এছাড়া দপ্তরের কর্মীদের ও কৃষকদের জন্য প্রশিক্ষণ কার্যক্রমের ব্যবস্থা করে পশুখাদ্য উৎপাদন, সংরক্ষণ, দুধ উৎপাদন, সংরক্ষণ ও বিতরণ, ভেড়া এবং ছাগল পালন ও শুয়োর পালন পদ্ধতি সম্বন্ধে আলোকপাত করা হয়। এর ফলে আধুনিক প্রযুক্তি সম্বন্ধে জ্ঞান বৃদ্ধির মাধ্যমে প্রযুক্তিগত দক্ষতা বৃদ্ধি এবং স্বনিযুক্তির মাধ্যমে আয়েব সুযোগও করে দেওয়া হয়।

শালবনী পশুখাদ্য খামার-১, শালবনী ঃ

এই খামারের মোট আয়তন ৩০২.২১ হেক্টব। এর মধ্যে প্রকৃত ৭৫.৫৬ হেক্টব এলাকায় সাধারণ চাষ এবং পশ্চিমবঙ্গ বনসৃজন প্রকল্পের অধীনে চাষ হয়। জলসেচেব জন্য ব্যববহৃত হয় ২৮.০০ হেক্টব। এই খামারের উদ্দেশ্য হল এখানকাব পালিত প্রাণীদের জন্য পশুখাদ্য উৎপাদন ও যোগান দেওযা। এছাড়া নিজেদের চাষেব প্রয়োজনে এবং রাজ্যের প্রাণীসম্পদ ও প্রাণীস্বাস্থ্য অধিকারের প্রযোজনে বীজ উৎপাদন করা।

শালবনী পশুখাদ্য খামার-২, শালবনী ঃ

খামারের মোট আয়তন হচ্ছে ৪৪৩.৫৪ হেক্টর। এব মধ্যে ১৯৯.৬৪ হেক্টর কৃষিকাজে ব্যবহৃত হয় এবং ১২.১৪ হেক্টব ব্যবহৃত হয় জলসেচের জন্য। এই খামাবে পালিত ছোট প্রাণীদের জন্য শুকনো পশুখাদ্য ও সবুজ পশুখাদ্য তৈরী করা। নিকটবর্তী এলাকাব গবাদিপশুর মালিকদের উদ্বৃত্ত পশুখাদ্য ও বীজ সরবরাহ করা যাতে তাঁরা তাঁদের প্রয়োজন এবং বাজ্যের পশুপালন ও পশুস্বাস্থ্য অধিকারের প্রয়োজনও মেটাতে পারেন।

কৃষি-প্রযুক্তি বিভাগ ঃ

কৃষি-প্রযুক্তি বিভাগের কাজ হল পশুখাদ্য বীজ উৎপাদন, জলসেচ ও খামারের প্রয়োজনে ও প্রাণীদের প্রয়োজনে পরিবহণ চালু রাখার জন্য প্রয়োজনীয় যন্ত্রপাতি সরবরাহ করা।

বিদেশীগরু প্রজননের খামার ঃ

এ খামারটির অবস্থান হচ্ছে শালবনী পশুখাদ্য খামার-১ -এর ভেতবে। এর উদ্দেশ্য হল শুদ্ধ জাতের ষাঁড় প্রজনন করানো যাতে এদের বীর্য কেন্দ্রীয় বীর্য আহরণ কেন্দ্রে পাঠিয়ে কৃত্রিম প্রজনন পদ্ধতির মাধ্যমে সংকর জাতির গরু উৎপাদন করা যায়। এখানে জন্মানো ষাঁড়দের পরবর্তীকালে রাজ্যে নতুন শুরু কবা হিমায়িত বীর্য কেন্দ্রে পাঠানো হয়।

পশ্চিমবঙ্গ বনসৃজন প্রকল্প (WBFP) পশুখাদ্য এবং গবাদি পশু উন্নয়ন প্রকল্প ঃ

এই প্রকল্পটি পশ্চিমবঙ্গ বনসৃজন প্রকল্পেব (Creadit-2341-IN) (যা কিনা আন্তর্জাতিক ব্যাঙ্কেব মাধ্যমে আন্তর্জাতিক উন্নয়ন এজেন্সীর (IDA) সাহায্যপ্রাপ্ত প্রকল্প ১৯৯২ সালের জুন মাস থেকে ১৯৯৭ সালের সেপ্টেম্বব এবং তারপর ১৯৯৭ সালের ডিসেম্বর মাস পর্যন্ত বর্ধিত হয়েছিল) অংশ হিসাবে পশ্চিমবঙ্গ সরকার কর্তৃক গৃহীত হযেছিল। বর্তমানে এটি একটি রাজ্য প্রকল্প যা পূর্বপ্রকল্পটির কর্মকাণ্ড অনুকরণ করেই এগিয়ে চলেছে। ১২০ রকম ঘাসেব বিভিন্ন শিকড় (স্থানীয় এবং বিদেশী), সারা বছর হয় এরকম শুঁটিওয়ালা গাছ এবং বিভিন্ন রকমের পশু খাদ্যের গাছের পরীক্ষা নিরীক্ষা বিভিন্ন কৃষি-মাটি-আবহাওয়ার অবস্থায় রাজ্য খামারে করার পর তার থেকে উপযুক্ত শিকড়গুলি যেমন শুকনো আবহাওয়া সহ্য করতে পারে এমন শিকড়, ছায়া সহ্য করতে পারে এমন শিকড় এবং নুন সহ্য করে বেঁচে থাকতে পারে এমন শিকড় বেছে নেওয়া হয় যাতে এরা সবরকম বিরূপ অবস্থার মধ্যে বেঁচে থেকে সারা বছর প্রাণীদের সবুজ ঘাস, গাছপালা যোগাতে পারে।

ছোট প্রাণী বিভাগ (ছাগল, ভেড়া ও শুয়োর) ঃ

প্রথমদিকে বাণিজ্যিকভাবে ছাগল পালনের কথা চিন্তা করা হয়েছিল। সেজন্য কালো বাংলা ছাগলকে অন্যান্য ছাগলের সাথে খামারে রেখে তাদের গতিবিধি কিছুদিন লক্ষ্য করা হয়েছিল। পরবর্তীকালে বিটেল ছাগল, শাবাদী ভেড়া, করিডেল, গাড়োল এবং ঘরপালা ছাগল প্রবর্তিত হয় জেলাতে জেলাতে এরকম ছোট প্রাণী পালন জনপ্রিয় করতে। ছোট প্রাণী পালন করলে স্বনিযুক্তিরও ব্যবস্থা হবে। তা ছাড়া, সারা বছর ধরেই রোজগারের উপায় হবে।

তরল নাইট্রোজেন কারখানা ঃ

তরল নাইট্রোজেন কারখানা রাজ্য পশুখাদ্য খামার-১-এ স্থাপিত হয়েছিল নিকটবর্তী জেলাগুলিতে তরল নাইট্রোজেন সরবরাহের জন্য যাতে কৃত্রিম প্রজননে ব্যবহৃত বিশেষ ধরণের খড় সংরক্ষণের জন্য। এখন এই কারখানাটি ষাঁড়ের খামার এবং হিমায়িত বীর্য কেন্দ্রেও ২০০১ থেকে তরল নাইট্রোজেন সরবরাহ করছে কৃত্রিম প্রজননে ব্যবহৃত খড়ের সংরক্ষণের জন্য।

ষাঁড়ের খামার ও হিমায়িত বীর্য কেন্দ্র ঃ

এটি রাজ্য পশুখাদ্য খামার ১ এর চত্বরেই শালবনীর রাজ্য পশুপালন সমন্বয় খামারের অধীনে ১৮ই জানুয়ারী, ২০০১ এ প্রতিষ্ঠিত হয়। এর উদ্দেশ্য ছিল এখানে পালিত বিদেশী ষাঁড়গুলির বীর্য সংগ্রহ করে হিমায়িত বীর্য শলাকা তৈরী করা এবং তা রাজ্যের নিকটবর্তী জেলাগুলিতে এবং কলকাতার বেলগাছিয়ার কেন্দ্রীয় বীর্য ব্যাঙ্কে সরবরাহ করা।

প্রশিক্ষণ ঃ

রাজ্য পশুপালন সমন্বয় খামার শালবনী, কৃষকদের দপ্তরের প্রযুক্তিবিদ্‌দের এবং অফিসারদের যাঁরা বিভিন্ন বিভাগে কর্মরত তাঁদের জন্য বিভিন্ন রকমের বিভিন্ন সময়সীমার প্রশিক্ষণ কর্মসূচী গ্রহণ করার ব্যাপারে এক গুরুত্বপূর্ণ ভূমিকা পালন করে। এর উদ্দেশ্য হল পশুপালন সম্বন্ধে জ্ঞানের প্রসার ঘটানো এবং স্বনিযুক্তি কর্মসূচীতে যুক্ত বেকার যুবক-যুবতীদের মধ্যে জ্ঞানের সঞ্চার করা যাতে তাঁরা ভালভাবে কাজ করে নিজেদের রোজগার বাড়িয়ে গ্রামের অর্থনীতির উন্নতির সূচনা করে।

দুগ্ধজাত দ্রব্য উৎপাদন ও বিতরণ অধিকার ঃ

পশ্চিমবঙ্গ সরকারের অধীন এই অধিকারটি বিভিন্ন সমন্বয়কৃত হিম-কেন্দ্রের মাধ্যমে কাঁচা হিমায়িত দুধ সংগ্রহ করার পরে প্রক্রিয়াজাত ও পাস্তুরাইজ করে সুসমন্বিত অবস্থায় নিয়ে এসে দুধ এবং দুগ্ধজাত দ্রব্য বিভিন্ন বুথ, সুরভি, প্রতিনিধি এবং বিতরকদের মাধ্যমে বিতরণ করে। মধ্য ১৯৭০-এর অপারেশন ফ্লাড (Operation Flood Programme) কর্মসূচী রূপায়ণের মাধ্যমে এই কর্মসূচীর প্রচার, প্রসার ও কৃষক-সম্পর্কিত ও দুগ্ধশালা উন্নয়ণ সম্পর্কিত সমস্ত দায়িত্ব সমবায় বিভাগ অর্থাৎ পশ্চিমবঙ্গ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সংঘ নিয়ে নিয়েছে।

এই অধিকারের অধীনে সর্বাপেক্ষা পুরোনো দুগ্ধশালা হরিণঘাটাতে স্থাপিত হয়েছিল ১৯৫০ সালের জুন মাসে। হাসপাতাল গুলোর এবং কাঁচরাপাড়া ও কল্যাণী শহরদ্বয়ের প্রয়োজন মেটাবার জন্য। পরবর্তীকালে আরও চারটি দুগ্ধশালা প্রতিষ্ঠিত হয়। যথাক্রমে কেন্দ্রীয় দুগ্ধশালা, কলকাতা, ১৯৬২ সালে, দুর্গাপুর ১৯৭২ সালে, বর্ধমান ১৯৮২ সালে এবং নদীয়া জেলার কৃষ্ণনগরে ১৯৮৭ সালে।

এই ক'টি দুগ্ধশালাকে কাঁচা হিমায়িত দুধ সরবরাহের জন্য আরও বিভিন্ন হিমকেন্দ্র প্রতিষ্ঠিত হয়। বর্তমানে হরিণঘাটা দুগ্ধকেন্দ্রের অধীনে ৩টি, কৃষ্ণনগর দুগ্ধকেন্দ্রের অধীনে ৪টি, দুর্গাপুর দুগ্ধকেন্দ্রের অধীনে ৩টি, বর্ধমান দুগ্ধ কেন্দ্রের অধীনে ৩টি এবং কেন্দ্রীয় দুগ্ধকেন্দ্রের অধীনে ১টি হিমকেন্দ্র কাজ করছে।

দুগ্ধশালা উন্নয়ন অধিকারের মূল উদ্দেশ্য হল ঃ

- দুধ ও দুগ্ধজাত দ্রব্য সংগ্রহ ও প্রক্রিয়াকরণের জন্য কৌশলগত অবস্থানসমূহে উপযুক্ত পরিকাঠামোর ও দুগ্ধশালাগুলিব মধ্যে সমন্বয়ের ব্যবস্থা করা।
- পশ্চিমবঙ্গ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সংঘের অধীনে দুগ্ধ সমিতিগুলির মাধ্যমে গ্রামীণ দুধ উৎপাদনকাবীদেব থেকে বিপণনযোগ্য অতিরিক্ত দুধ সংগ্রহ করা।
- বিভিন্ন ধরণের তরল দুধের হিমায়িতকরণ, প্রক্রিয়াকবণ ও মোড়কজাতকরণ।
- বিভিন প্রকারের বিশেষ দুগ্ধজাত দ্রব্য তৈরী করা।
- কলকাতা, শহরতলী ও অন্যান্য জেলা শহরের বিভিন্ন রকম দুধ ও দুগ্ধজাত জিনিসেব প্রযোজন মেটানো।
- সংশ্লিষ্ট এলাকার পঞ্চায়েত সমিতির সাহায্যে পবিকাঠামোগত সুযোগ সুবিধার ব্যবস্থা কবা।

পশ্চিমবঙ্গ দুগ্ধ উৎপাদনকারী সমবায় সংঘ ঃ

পশ্চিমবঙ্গ রাজ্যে একটি দুগ্ধ সমবায়ের শীর্ষ সংগঠন যা না কি নিম্নলিখিত অভীষ্ট সিদ্ধির জন্য আনন্দ আদর্শ অনুসরণ করে রাজ্যে দুগ্ধশালা উন্নয়নেব কাজে নিয়োজিত আছেঃ

কৃষক-সভ্যরা যা দুধ উৎপাদন করেন তার জন্য নিশ্চিত এবং সাশ্রয়কারী বাজাবেব ব্যবস্থা করা।

- শহরবাসী ভোক্তাদের জন্য উৎকৃষ্ট মানের দুধ যোগান দেওয়া।
- দুগ্ধশালা সংক্রান্ত কাজকর্ম সুষ্ঠুভাবে পরিচালনার জন্য সমবায় ক্ষেত্রে গ্রামভিত্তিক প্রতিষ্ঠানের সৃষ্টি করা।
- দুধ উৎপাদনের জন্য আনুষঙ্গিক বস্তুর ব্যবস্থা, প্রক্রিয়াকরণের সুযোগ সুবিধা ও কারিগবি জ্ঞানের বিতরণ নিশ্চিত করা।
- গ্রামস্তরে স্বনিযুক্তির সুযোগ প্রদান, গ্রাম থেকে শহরাঞ্চলে যাওয়া বন্ধ করা, নগদ টাকার অর্থনীতির প্রবর্তন এবং নিয়মিত রোজগারের ব্যবস্থা করে গ্রামোন্নয়ণের সুবিধা করা।

এই সংঘের নীতি হল মধ্যবর্তী দালাল লোপ করে যাতে দুধ-উৎপাদনকারীরা নিজেরাই নিজেদের প্রতিষ্ঠানের মালিক হন এবং পরিচালনা করেন, অর্থনীতির ভারসাম্য রক্ষা করে যাতে দুধ-উৎপাদকরা সর্বাধিক লাভ করতে পারেন এবং একই সঙ্গে যাতে উৎকৃষ্ট মানের দুধ উচিত দামে শহরবাসী ভোক্তাদের সরবরাহ করতে পারেন।

শেষপর্যন্ত সমবায় প্রতিষ্ঠানগুলির পরস্পরযুক্ত এই জাল বিরাট সংখ্যক গ্রামীণ উৎপাদনকারী ও লক্ষ লক্ষ শহরবাসী ভোক্তাদের মধ্যে এক যোগসূত্র গড়ে তুলবে যা রাজ্যের অভ্যন্তরে এক আর্থসামাজিক বিপ্লবে উপনীত হবে।

গ্রামস্তরে প্রাথমিক দুগ্ধ উৎপাদক সমবায় সমিতি উৎপাদক-সভ্যদের কাছ থেকে দুধ সংগ্রহ করে নির্দিষ্ট সময় অন্তর এই দুধের জন্য তাঁদের পাওনা মিটিয়ে দেয়। এছাড়াও বিভিন্ন উৎপাদক সভ্যদের জেলা দুগ্ধ সমিতির সহযোগে বিভিন্ন

পরিষেবা দেয়, যেমন গবাদিপশুর চিকিৎসার ব্যবস্থা, কৃত্রিম প্রজননের ব্যবস্থা ও গবাদিপশুর খাদ্যের ব্যবস্থা ইত্যাদি। এ সমিতিগুলি একই ছাদের তলায় (সাধারণত জেলার সঙ্গে সমসীম) মিলিত হয়ে জেলা দুগ্ধ সমিতি তৈরী করে যা প্রাথমিক দুধ উৎপাদক সমবায় সমিতিগুলির সংগ্রহকৃত দুধ তাঁদের দোরগোড়া থেকে সংগ্রহ করে, প্রক্রিয়াকরণ করে সেই দুধ হয় সেই জেলার মধ্যে, নয়তো তার বাইরে বিপণনের ব্যবস্থা করে প্রাথমিক সমিতিগুলি দুধের দাম মেটায়। আরও যা করে তা হল দুধ উৎপাদনের জন্য প্রয়োজনীয় জিনিসপত্র নিজেরা সংগ্রহ করে দুধ-উৎপাদকদের সরবরাহ করবার জন্য প্রাথমিক সমিতিগুলিকে দেয়। জেলা দুগ্ধ সমিতিগুলি আবার একসাথে মিলিত হয়ে পশ্চিমবঙ্গ দুগ্ধ সংঘ তৈরী করে যার ভূমিকা হচ্ছে অপারেশন ফ্লাড প্রকল্প (Operation Flood Project) ঠিকমত রূপায়ণের জন্য দুগ্ধ সমিতিগুলিকে পরিচালিত করা ও তাদের ওপর নজরদারি করা। এই সংঘ সমিতিগুলির যৌথ সমস্যাসমূহ সমাধান করে এবং দুগ্ধ সমিতিগুলির উদ্বৃত্ত দুধ চুক্তির ভিত্তিতে দায়িত্ব নিয়ে বিপণনের ব্যবস্থা করে।

সংঘ যে সমস্ত পরিকাঠামোর সঙ্গে যুক্ত আছে সেগুলি হল -

১) রাজ্য সরকারের দৈনিক ৬ লাখ লিটার মাথার ডেয়ারীর কেন্দ্র যা হুগলীর ডানকুনিতে সংঘই পরিচালিত করে। দৈনিক ১ লাখ লিটার হিমূল দুগ্ধ সমিতির ডেয়ারী কেন্দ্র, দার্জিলিং জেলার মাটিগাড়াতে, দৈনিক ১.৫০ লাখ লিটার ভাগীরথী দুগ্ধ সমিতির ডেয়ারী, মুর্শিদাবাদ জেলার বহরমপুরে এবং দৈনিক ৪ লাখ লিটার মেট্রো ডেয়ারী উত্তর ২৪ পরগণার বারাসতে।

২) দৈনিক ১০০ মেট্রিক টন গবাদিপশুর খাদ্য উৎপাদন সক্ষম দুটি কারখানা - একটি হিমূলের, মাটিগাড়াতে এবং অপরটি ভাগীরথীর, বহরমপুরে।

৩) কৃত্রিম প্রজননের ২ লাখ হিমায়িত শলাকা উৎপাদনক্ষম কেন্দ্র হিমূল, মাটিগাড়াতে।

৪) তরল নাইট্রোজেন কারখানা হিমূল ভাগীরথী এবং মেদিনীপুর দুগ্ধ সমিতির এবং

৫) ২৮টি হিমায়িত করার কারখানা যার মোট ক্ষমতা হল ১,৪২,৮০০ লিটার দৈনিক।

৬) ৪০০০ লিটার দৈনিক যা ১০,০০০ লিটার দৈনিকে বাড়ানো যায় ডেয়ারী বোলপুর এবং উত্তর দিনাজপুরে, ১০,০০০ লিটার দৈনিক ডেয়ারী কুচবিহারে ও ৫০০০ লিটার দৈনিক ডেয়ারী জলপাইগুড়ি জেলার গয়েরকাটাতে।

মহিলাদের আর্থিক ও সামাজিকভাবে স্বনির্ভর করবার জন্য ভারত সরকারের মানবসম্পদ উন্নয়ন দপ্তরের দেওয়া মহিলা দুগ্ধ উৎপাদন সমবায় প্রকল্পের টাকার সদ্ব্যবহার করে সংঘ এই প্রকল্পের কাজ করে চলেছে। এখনই ৪৭৩০৩ জন মহিলা সভ্য নিয়ে ৫৪২টি সমিতি গড়ে উঠেছে যারা গড়ে দৈনিক ৪০.৩৩৩ কেজি দুধ উৎপাদন করছে। ভারত সরকারের কৃষি মন্ত্রকের অর্থ দিয়ে সংঘ নিবিড় দুগ্ধ উৎপাদন উন্নয়ন প্রকল্প পশ্চিমবঙ্গের পাহাড়ী এবং পিছিয়ে পড়া এলাকায় রূপায়িত করছে।

কলকাতার মাদার ডেয়ারী, যা কিনা সংঘের অধীন, কলকাতা ও কলকাতার আশেপাশে যথেষ্ট নিপুণভাবে দৈনিক ৪.১০ লাখ লিটার দুধ, ৮৪৩ কেজি মিষ্টি দই ও ঘোলের যোগান দিয়ে উপভোক্তাদের সন্তুষ্ট করছে।

প্রযুক্তি সহায়তা পরিকল্পনার অধীনে সংঘ দুগ্ধ সমিতিগুলিকে পরিকাঠামো উন্নয়নে সাহায্য করে চলেছে। দুগ্ধ সমিতিগুলি থেকে প্রাপ্ত প্রকল্পগুলি একটি কমিটি মূল্যায়ন করেন এবং উত্তীর্ণ প্রকল্পগুলিকে ৫০:৫০ ভিত্তিতে আর্থিক সহায়তা দেওয়া হয়, অর্থাৎ প্রকল্পের মোট অর্থের ৫০% টাকা সংঘ, রাজ্যসরকার এবং মাদার ডেয়ারীর সম্মিলিত অর্থ ভাণ্ডার থেকে দেওয়া হয় এবং বাকী ৫০% দুগ্ধ সমিতির দেয়। প্রযুক্তি-সহায়তা পরিকল্পনার মাধ্যমে সংঘ ১৯৯৯ থেকে এ পর্যন্ত ৩ কোটি টাকা দুগ্ধ সমিতিগুলিকে অনুদান হিসেবে দিয়েছে।

সংঘ রাজ্য সরকারকে এবং জেলা সমিতিসমূহে অত্যন্ত ন্যায্য হারে তরল নাইট্রোজেন একই কেন্দ্র থেকে সরবরাহ করছে। এর ফলে অতি অল্প খরচে (যেটি দুধ উৎপাদনে পূর্ব প্রয়োজনীয়) কৃত্রিম প্রজনন কার্যক্রম রূপায়ণে খুবই সাহায্য হচ্ছে।

দামোদর, বর্ধমান এবং কিষাণ দুগ্ধ সমিতিগুলিতে অপ্রতুল কর্মী থাকাতে তাঁদের সংগ্রহ করা সম্পূর্ণ দুধ শহরের দুগ্ধশালাগুলিতে দিয়ে দিচ্ছে। এতে সমিতির মূল উদ্দেশ্য যথা সমিতি গঠন করা, প্রযুক্তিগত সাহায্য দেওয়া ইত্যাদি ব্যাহত হচ্ছে। তা সত্ত্বেও সম্প্রতি সংঘ আরও ভাল করে পরিকল্পনা রূপায়ণের প্রয়াসে এই সমিতিগুলিতে কিছু প্রযুক্তিবিদ পাঠাবার জন্য পদক্ষেপ গ্রহণ করেছে। এদের মাইনের একটা অংশ বহন করা হয় প্রযুক্তিগত সহায়তা পরিকল্পনার অর্থ থেকে, আবার এদিকে মেদিনীপুর এবং হিমুলে প্রয়োজনের অতিবিক্ত অনেক বেশী কর্মী থাকাব ফলে বিশাল স্থির ব্যয় এবং ক্রমবর্ধমান লোকসানে জর্জরিত। এই দুই সমিতি ও সংঘ কুশলতা এবং প্রযুক্তিবিদের অভাবে ভুগছে।

তরল দুধের হিমায়ণ ও প্রক্রিয়াকরণের বিষয়ে এই সমিতিগুলির পরিকাঠামো অপর্যাপ্ত। এরা কেবলমাত্র দুধ সংগ্রহ করেই শহরে বিক্রী করে দিতে উৎসাহী। দুগ্ধশালাগুলির নিজস্ব কতকগুলি সীমাবদ্ধতা রয়েছে যার সমাধানকল্পে উপ-দুগ্ধশালা কিছু কৌশলগত অবস্থানে, যেমন পুরশুড়া, আউশগ্রাম, বর্ধমান, ডেবরা, মেদিনীপুব, ডোমকল, মুর্শিদাবাদ ইত্যাদিতে স্থাপন করা যেতে পারে যেখানে দুধের প্রক্রিয়াকরণ এবং মোড়কজাতকরণ করে স্থানীয় নিকটস্থ বাজারে বিক্রী করা যেতে পারে।

বোলপুরের দুগ্ধশালা যা নাকি সম্প্রতি চালু হয়েছে, সেটি-ময়ূরাক্ষী দুগ্ধ সমবায় সমিতি চালাচ্ছে।

সংঘের দপ্তরের একতলায় সংঘ একটি হিমঘর বানিয়েছে যেখানে দুগ্ধজাত সামগ্রী মিষ্টি দই সহ মজুত করে রাখা হয়। মিষ্টি-দই-এর কলকাতার বাজারে প্রচুর বিকোবার সম্ভাবনা আছে। দুগ্ধ সমিতিুলোকে আকর্ষণীয় কমিশনের ভিত্তিতে সংঘের হয়ে সমস্ত দুগ্ধজাত সামগ্রী জেলায় জেলায় বিক্রী করতে উৎসাহী হতে হবে যার ফলে দুগ্ধ সমিতিসমূহের এবং সংঘের বাড়তি আয়ের সুযোগ হবে।

ভাগীবথী, কিষাণ, দামোদর এবং বর্ধমান দুগ্ধ সমিতিগুলি যেগুলি ক্রমবর্ধমান লোকসানে চলছিল সম্প্রতি লাভের মুখ দেখেছে। তাদের বকেয়া লোকসান সব মুছে ফেলেছে।

মাদার ডেয়ারী, কলকাতা ঃ

মাদার ডেয়ারী, কলকাতা হচ্ছে পশ্চিমবঙ্গ সরকারের একটি প্রকল্প। ২৭ একর জমির ওপর কলকাতা-দিল্লী হাইওয়ে (জাতীয় সড়ক-৬) রাস্তার পাশে কলকাতা থেকে ২৫ কি.মি. দূরে একটি সুন্দর পরিবেশে এটি স্থাপিত হয়। ১৯৭৮ সালের ডিসেম্বর মাসে এটি প্রথম দৈনিক ৪ লাখ লিটার দুধ প্রক্রিয়াকরণ ও বিপণন ক্ষমতাসম্পন্ন হিসাবে চালু হয়েছিল, পরে এটির ক্ষমতা দৈনিক ৬ লাখ লিটারে বৃদ্ধি করা হয়। সমবায় আন্দোলনে উৎসাহ দিয়ে এবং গ্রামের উদ্বৃত্ত দুধ বিপণনের ব্যবস্থা করে মাদার ডেয়ারী গ্রামীণ দুধ উৎপাদকদের স্বার্থ সুরক্ষা করে। এর ফলে দুধ-উৎপাদকরা তাঁদের সম্মিলিত চেষ্টায় প্রচ্ছন্ন শক্তি এবং ‘আনন্দ’-এর ধরণে যা ভারতে ‘দুধওয়ালা’ ডঃ ভি. কুরিয়েন করেছিলেন, গ্রামীণ সম্পদ সৃষ্টির বিষয়ে অবহিত হয়ে। প্রথম দিকে এর পরিচালনার ভার পশ্চিমবঙ্গ সরকার জাতীয় ডেয়ারী উন্নয়ন বোর্ডের হাতে ন্যস্ত করেছিল। এরাই এই ডেয়ারীর নক্সা তৈরী করে এর ক্ষমতাবৃদ্ধির কাজ করেছিলেন। ১৯৯৬ সালের নভেম্বর থেকে পশ্চিমবঙ্গ সরকার পরিচালনার ভার এদের কাছ থেকে নিয়ে আবার পশ্চিমবঙ্গ সমবায় দুগ্ধ উৎপাদক সংঘ, সল্টলেক সিটি, কলকাতা-র হাতে দেন।

এই ডেয়ারী স্বাস্থ্যকর, তাজা দুধ পশ্চিমবঙ্গের ভেতর এবং বাইরের দুধ সমবায় সমিতিগুলির থেকে সংগ্রহ করে। এরা প্রক্রিয়াকরণে পুনঃমিশ্রণ এবং পুনগঠিন প্রযুক্তি যা ডেয়ারী বিশারদদের দ্বারা উন্নত করা হয়েছে তা প্রয়োগ করেন। এই প্রযুক্তিতে গ্রহণযোগ্য মানের পুষ্টিকর ও তরল দুধ যার দাম সাধ্যের মধ্যেই তা সংগ্রহ করে শুকনো গুঁড়ো দুধ এবং মাখনের স্নেহ পদার্থের সাথে মিশিয়ে এক বিশেষ প্রক্রিয়ার পরে ভিটামিন -'এ' যুক্ত করে এর পুষ্টিগুণ আরও বাড়ানো হয়।

পাস্তুরায়নের সাহায্যে দুধকে জীবাণুমুক্ত ও স্নেহপদার্থকে বিশেষ পক্রিয়ায় (homogenize) অবদ্রবীভূত করে এই দুধ থেকে ডেয়ারী ডাব্‌ল টোন্ড দুধ বেশী পরিমাণে যা পলি পাউচে ভরে এবং টোন্ড দুধ বেশী পরিমাণে প্রস্তুত করে বিপণনের ব্যবস্থা করে। অন্যান্য দুগ্ধজাত জিনিস, যেমন মিষ্টি দই, সুগন্ধিযুক্ত এবং সাধারণ ঘোল দৈনিক ১৫০০ কে.জি. পরিমাণ প্রস্তুত করা হয়। বর্তমানে ডেয়ারী এফ. সি. এম. গাওয়া ঘি, বোতলজাত পানীয় জল, পনীর ইত্যাদি বিপণন করে।

প্রথম কাঁচা মাল পাওয়া থেকে বিভিন্ন প্রক্রিয়ার মধ্য দিয়ে মোড়কজাত হওয়া থেকে প্রস্তুত-মাল বাজারে পাঠানো পর্যন্ত এই ডেয়ারী বিভিন্ন পর্যায়ে কড়া পরীক্ষার এবং উন্নত মান রক্ষার নীতি গ্রহণ করেছে। ডেয়ারীর বিভিন্ন বুথে দুধের উপযুক্ত মান রক্ষার জন্য এবং উপভোক্তাদের দোরগোড়ায় মাদার ডেয়ারীর দুধ এবং দুগ্ধজাত জিনিস সম্বন্ধে সচেতনতা বৃদ্ধির উদ্দেশ্যে ভাল ব্যবস্থা সমন্বিত একটি ভ্রাম্যমান পরীক্ষাগারের ব্যবস্থা আছে।

সমগ্র পূর্বভারতে ডেয়ারী শিল্পে এই ডেয়ারীকে প্রথম আই.এস ও ৯০০২ প্রতিষ্ঠান (ISO 9002 Organisation) বলে ঘোষণা করা হয়েছে। পূর্বভারতে এটি একমাত্র এইচ.এ সি সি.পি. (HACCP) সংশিত অর্থাৎ আন্তর্জাতিক প্রতিষ্ঠান দ্বারা স্বীকৃত যা খাদ্যের সুরক্ষার জন্য প্রযোজনীয়।

মেট্রো ডেয়ারী লিমিটেড ঃ

অপারেশন ফ্লাড কার্যক্রমের (Operation Flood Programme) অধীনে মেট্রো ডেয়ারী লিমিটেড পশ্চিমবঙ্গ সমবায় দুগ্ধ উৎপাদক সংঘ, কেভেন্টার অ্যাগ্রো লিমিটেড এবং জাতীয় ডেয়ারী উন্নয়ন সংস্থার সমবেত উদ্যোগে সৃষ্ট একটি কোম্পানী। কোম্পানীটি ১৯৯১ সালের জুন মাসে মাদার ডেয়ারী বেনমিল্ক কেভেন্টার লিমিটেড হিসাবে নথিভুক্ত হয়। ১৯৯৫ সালের জুন মাসে কোম্পানীর নাম বদলে মেট্রো ডেয়ারী লিমিটেড নামে পরিচিত হয়। বিশ্বব্যাঙ্ক 'অপারেশন ফ্লাড' (পর্যায়-৩) টাকার প্রকল্পের সম্পূর্ণ টাকাটাই অনুদান হিসেবে দিয়েছে। এই ডেয়ারীটি যা তৈরী হয়েছিল ১৯৯৩-১৯৯৬ সালে, উত্তর-২৪ পরগনা জেলার বারাসতের নীলগঞ্জে অবস্থিত। এই ডেয়ারীর উৎপাদন ক্ষমতা হচ্ছে দৈনিক ৪ লাখ লিটার দুধ এর মধ্যে ৩ লাখ লিটার দুধ পাউচে ভরে এবং ১ লাখ লিটার দুধ তাপনিরোধক ট্যাঙ্কে করে নিয়ে গিয়ে পাইকারী ভাবে বিক্রী করা হয়। অধিকন্তু এই ডেয়ারীর দৈনিক ২০,০০০ লিটার আইসক্রীম তৈরীর ক্ষমতা আছে। প্রকল্প পরিকল্পনার সময় শুকনো গুঁড়ো (UHT) দুধ তৈরী করার কথা ও ভাবা হয়েছিল কিন্তু প্রকল্প রূপায়ণের সময় এর জন্য অর্থের লগ্নী বাদ দিয়ে দেওয়া হয়েছিল।

জাতীয় ডেয়ারী উন্নয়ন বোর্ডের (NDDB) তত্ত্বাবধানে কোম্পানী স্থাপনের প্রকল্প তৈরী ও রূপায়িত হয়েছিল। কোম্পানীর কারখানাটি সম্পূর্ণ স্বয়ংক্রিয় ব্যবস্থায় নিয়ন্ত্রিত ও কম্প্যুটার সমন্বিত। এখানে ক্রমাগত মান নিয়ন্ত্রণেরও ব্যবস্থা আছে। ভারতের এটিই একমাত্র ডেয়ারী যেখানে সমগ্র প্রক্রিয়ার প্রতিটি পর্যায়ে সমস্ত স্বাস্থ্যবিধির প্রয়োগ সম্পূর্ণভাবে নিশ্চিত করবার জন্য স্বপরিকল্পিত জীবাণুমুক্ত করার ব্যবস্থা রয়েছে। সর্বোৎকৃষ্ট আন্তর্জাতিক উৎসস্থল থেকে সমস্ত মাপজোক

নিয়ে সর্বাধুনিক ও পরিশীলিত যন্ত্রপাতি স্থাপন করা হয়েছে। এখানে বিস্তারিত ও সর্বাঙ্গীন বর্জ্য শোধন ব্যবস্থা আছে। এখনও আজ পর্যন্ত প্রক্রিয়াগত প্রযুক্তি ও নিয়ন্ত্রণ ব্যবস্থার দিক দিয়ে এটি এশিয়ার মধ্যে সর্বাধুনিক ডেয়ারী কারখানাগুলির অন্যতম।

কোম্পানীটি নির্দেশক মণ্ডলীর তত্ত্বাবধান ও পরামর্শক্রমে তাঁদের অধীন একদল পেশাদার ম্যানেজার দ্বারা পরিচালিত হয়। উদ্যোক্তাদের প্রতিনিধি ও জাতীয় ডেয়ারী উন্নয়ন বোর্ডের (যারা বিশ্বব্যাঙ্কের সীমাবদ্ধ ঋণ দেওয়ার ব্যবস্থাপক প্রতিষ্ঠান) প্রতিনিধিদের নিয়ে নির্দেশক মণ্ডলী গঠিত। নির্দেশক মণ্ডলীর সভাপতি হলেন পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের ভারপ্রাপ্ত মন্ত্রী মহোদয়। কোম্পানীর বর্তমান কর্মীসংখ্যা ১৬০-এর মত। এর অতিরিক্ত প্রায় ২০০ লোক ঠিকাদারের মাধ্যমে নানা আনুষঙ্গিক কাজে নিয়োজিত আছে।

কোম্পানী ১৯৯৬ সালের মার্চ মাসে দুধ প্রক্রিয়াকরণ শুরু করে, ১৯৯৯ সালের সেপ্টেম্বর আইসক্রীম উৎপাদন শুরু হয়। কোম্পানী বর্তমানে টোন্ড দুধ ও রোগীদের দুধ ৫০০ মি.লি. পাউচে বেং ডাব্‌ল টোন্ড দুধ (খোলা অবস্থায় তাপ নিয়ন্ত্রিত ট্যাঙ্কের মধ্যে ভরে) তৈরী ও বিপণন করে। কোম্পানী ১০০ মি.লি. কাপ, ১ লি. ব্রক ও ৪ লি. গ্যালন প্যাক এবং ৭০ মি.লি. ক্যাণ্ডি স্টিক নানা রকম স্বাদ ও গন্ধে তৈরী করে।

বৃহতর কলকাতাতে প্রধানত কোম্পানী এখানকার উৎপাদিত দ্রব্য ৫০০ খুচরো বিক্রেতার মাধ্যমে পাউচের দুধ এবং ১৭০টি খুচরো দোকানের মাধ্যমে খোলা দুধ বিপণন করে । আইসক্রীমের জন্য কোম্পানীর ২২জন বিতরক আছে যাঁরা বৃহতর কলকাতার ২১০০ খুচরো বিক্রেতার মাধ্যমে বিপণন করে। সম্প্রতি বর্ধমান ও দুর্গাপুরের বিতরকদের মাধ্যমে কোম্পানী এর দুধের বিপণন শুরু করেছে। দক্ষিণবঙ্গের প্রধান শহরগুলিতেও আইসক্রীম বিপণনের এলাকা সম্প্রসারণের কাজ শুরু হয়েছে।

কাঁচা দুধের ৮০ থেকে ৯০ শতাংশ কোম্পানী পশ্চিমবঙ্গের দুধ সমিতিগুলি থেকে পশ্চিমবঙ্গ দুধ মহাসংঘের মাধ্যমে সংগ্রহ করে। অবশিষ্টাংশ অন্ধ্রপ্রদেশের দুধ সরবরাহকারীদের কাছ থেকে পশ্চিমবঙ্গ দুধ মহাসংঘের মাধ্যমে সংগ্রহ করা হয়।

৮৮,৭৫২ বর্গ কি.মি. এলাকা (ভারতের এলাকার ২.৭%) এবং ৮.২১ কোটি জনসংখ্যা নিয়ে (১৯৯৯-২০০০)। পশ্চিমবঙ্গের জনসংখ্যার ঘনত্ব ৯২৫ জন প্রতি বর্গ কি.মি.। এটি দেশের দুটি সর্বাপেক্ষা জনবহুল রাজ্যের অন্যতম, মোট এলাকার ৮১.৪% জুড়ে আছে গ্রামীণ এলাকা যার মধ্যে ৪০,৯১১টি গ্রাম, আর ১৫.১% এলাকা জুড়ে আছে বন, বাকীটা আছে শহরের দখলে।

পশ্চিমবঙ্গের সমস্ত চাষযোগ্য জমিকে আগেই খাদ্যশস্য, অর্থকরী ফসল, ডাল, সব্জী ইত্যাদি চাষের আওতায় নিয়ে আসা হয়েছে। নতুন জমি চাষের আওতায় আনার কোন সম্ভাবনাই আর নেই। আসলে ক্রমে ক্রমে নগরায়ণের ফলে ধীরে ধীরে সুস্পষ্টভাবে চাষযোগ্য জমি সংকুচিত হয়ে যাচ্ছে। ক্রমাগত যান্ত্রিক এবং নতুন প্রযুক্তির সাহায্য নেওয়ার ফলে কৃষিকাজে লোকবলের প্রয়োজনও গ্রামাঞ্চলে দ্রুত কমে যাচ্ছে এবং সঙ্গে সঙ্গে গবাদিপশু পালনের ব্যাপারটাতেও এক নতুন অর্থ সংযোজিত হচ্ছে।

যারা কৃষিকাজে নিযুক্ত তার বাইরেও যে ক্রমবর্ধমান গ্রামীণ জনসংখ্যা তাঁদের কাছে এই অবস্থায় এবং ক্রমাগত গ্রামীণ জনসংখ্যা বৃদ্ধির ফলে নতুন কাজের সুযোগ কমে যাচ্ছে। স্বনিযুক্তির সুযোগও সীমিত হয়ে এসেছে। ফলস্বরূপ গ্রামীণ জনসংখ্যার আরও বেশী অনুপাতকে কৃষির সাথে জড়িত অন্যান্য কাজ গ্রহণ করবার জন্য উৎসাহিত করতে হবে।

উপরোক্ত অবস্থার পরিপ্রেক্ষিতে গ্রামীণ অর্থনীতিতে একমাত্র অর্থসাশ্রয়কারী বিকল্প বা বাস্তবানুগ বিকল্প হল গবাদিপশুর খামার করা, হয় প্রধান জীবিকা হিসাবে নয়তো অতিরিক্ত আয়ের উৎস হিসাবে। এই বিষয়কে মূল সূত্র হিসাবে বিবেচনা করে নবম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় সমস্ত প্রকল্প রূপায়িত হয়েছিল। এর আবেকটি গুরুত্বপূর্ণ অংশ ছিল জনগণের জন্য গবাদিপশুর সহজলভ্যতা নিশ্চিত করা এই জন্য যে যাতে সবাই বিশ্ব স্বাস্থ্য সংস্থা (WHO) ও ভারতীয় চিকিৎসা গবেষণা সংস্থার (ICMR) সুপারিশ অনুযায়ী ন্যূনতম দুধ, মাংস, ডিম ইত্যাদি দিয়ে তাদের শরীরের প্রোটিন খাদ্যের প্রয়োজন মেটাতে পারে।

জাতীয় অর্থনীতিতে গবাদিপশুর অংশ যে ভূমিকা পালন করছে এবং ভারত সরকার একে যতটা গুরুত্ব দিচ্ছেন তা সবিশেষ সমালোচনামূলক দৃষ্টিভঙ্গী থেকে প্রণিধানযোগ্য। যখন স্থূল জাতীয় উৎপাদন কৃষির (GDP) ১৯৮০-৮১ থেকে ১৯৯৪-৯৫ সালে ৪৬.৪৫% থেকে কমে ৩৬.৮২% হয়েছিল তখন গবাদিপশুর বৃদ্ধি স্থূল জাতীয় উৎপাদনের (GDP) শতকরা হারে ৮.৬৫% থেকে ৯.৩৩% হয়েছিল। আসলে গবাদিপশুর বৃদ্ধি কৃষির শতকরা হার হিসাবে ১৮.১৬% থেকে ২৬.৪৫% হয়েছিল। এই রাজ্যের গবাদিপশুব ক্ষেত্রে স্থূল উৎপাদন মূল্য (Gross Value Output) ১৯৯৯-২০০০ সালে ছিল ৯২,২২৯.০০ কোটি টাকা যা কৃষি ক্ষেত্রের ২৩% এবং এই বাজ্যেব মোট স্থূল জাতীয় উৎপাদনের ৬.৫%। ১লা মার্চ, ১৯৯৮-এ কেন্দ্রীয় সরকার প্রকাশিত নবম পবিকল্পনার খসড়ায় কৃষিতে ভালো পরিমাণ বৃদ্ধি অর্থাৎ ১৯.৪% বৃদ্ধি (অষ্টম পরিকল্পনায় যা ছিল ১৩.১%) প্রস্তাবিত হয়েছে যাতে পশুপালন ও ডেয়ারীশিল্প (কৃষির একটা অংশ) থেকে যা সম্পদ পাওয়া যাবে বলে আশা করা হয়েছে তা পূর্ববর্তী পরিকল্পনার ব্যয়িত অর্থ থেকে অনেক বেশী। এটা আশা করা গিয়েছিল যে ১০ম পঞ্চবার্ষিকী পরিকল্পনায় এই ক্ষেত্রে সম্পদ বন্টনে যথেষ্ট গুরুত্ব দেওয়া হবে যা ছাড়া এই ক্ষেত্রের কোন মৌলিক ভূমিকা পালন সম্ভব নয়।

পশ্চিমবঙ্গে গরু ও মোষের উন্নয়ন ঃ

ঘনবসতিপূর্ণ (৯২৫ প্রতি বর্গ কি.মি.) পশ্চিমবঙ্গ দুধের ব্যাপারে একটি ঘাটতি রাজ্য। দেশের মোট জমির ২.৭০% নিয়ে এই রাজ্যকে দেশের জনসংখ্যার ৮.০৯% অংশকে প্রতিপালন করতে হয়। কৃষি উন্নয়ন প্রায় শেষ সীমায় পৌঁছে গেছে। গ্রামীণ জনগণের কাছে যে একটিমাত্র বিকল্প আছে সেটি বোধহয় পশুপালন, বিশেষ করে ডেয়ারীর খামার।

সংখ্যার দিক দিয়ে দেখলে এই রাজ্য গবাদিপশুতে খুবই ধনী। কিন্তু উৎপাদনশীলতা খুবই কম (প্রায় ৪০০ লিটার প্রত্যেক বিয়োনোতে), এখানে কোন স্বীকৃত জাতের গরু নেই। মোষের সংখ্যাও ধর্তব্যের মধ্যে নয় যদিও তাদের পক্ষে আবহাওয়া আরামদায়ক।

এ রাজ্যে এখন ৩৮ হাজার গ্রামের ১০ লক্ষ পরিবারের ১.৮০ কোটি গরু এবং ১০ লক্ষ মোষ আছে।

পশ্চিমবঙ্গে সাধারণতঃ কৃষি এবং আনুসঙ্গিক কাজের জন্য ষাঁড় ব্যবহার করা হয়। এটা দেখা গেছে ৮১,১১,৮০৮টি ষাঁড়কে কৃষিজাত এবং এই রকম আনুষঙ্গিক ক্ষেত্রে কাজে লাগানো হয়েছে। এই সংখ্যা আগামী বছরগুলিতে কৃষিকাজে যান্ত্রিক ব্যবস্থা প্রবর্তনের ফলে কিছুটা কমে যাবে।

স্বীকৃত জাতের গরুর অভাব এবং নগণ্য সংখ্যার মোষের জন্য পশ্চিমবঙ্গ একটি সামান্য দুধ উৎপাদক রাজ্য।

গ্রামীণ দুধ উৎপাদকের কাছ থেকে সংগ্রহ ও প্রক্রিয়াকরণ এবং শহরাঞ্চলের সমবায়ের এবং বেসরকারী উপভোক্তাদের কাছে বিপণনের জন্য ভালো পরিকাঠামো তৈরী হয়েছে এবং আরও হওয়ার পথে।

সরকারী স্তরে দুধ সংগ্রহের দাম 'দ্বিগুণ অক্ষরেখা ব্যবস্থার' (double axis system) ওপর প্রতিষ্ঠিত। এই ব্যবস্থা জাতীয় স্তরে জনপ্রিয় যদিও আরেকটা সমান্তরাল দাম দেবার ব্যবস্থা চালু আছে যাকে 'এক অক্ষরেখা ব্যবস্থা' (Single axis system) বলে। যা মাপা হয় এস.এন.এফ (SNF)-এর ভিত্তিতে। ব্যক্তিগত দুধ বিপণনের ক্ষেত্রে এর উপস্থিতি পাওয়া যায় যা সাধারণত দেশের মিষ্টি দুধের দোকানে যোগান দেওয়া হয়। এই মিষ্টি দুধের উৎপাদিত জিনিসের ব্যবসা দুধের বাজারের প্রায় ৬০% অধিকার করে আছে। দ্বিগুণ অক্ষরেখা ব্যবস্থায় সংগ্রহের দাম ভিত্তি করা হয়। দ্বিগুণ অক্ষরেখা ব্যবস্থায় সংগ্রহমূল্য ঠিক করা হয় দুধের মধ্যে স্নেহপদার্থ ও এস.এন.এফ. দুধে কি পরিমাণে আছে দেখে। এখানে ভিত্তিমূল্য হচ্ছে ১১.৮০ টাকা ৪.৫% স্নেহপদার্থ এবং ৪.৫% এস.এন.এফ. সহ।

রাজ্যে পশুখাদ্য চাষ করার জমির দারুণ অভাব। মোট জমির ভেতর ৬৬.৪৬% হচ্ছে বহির্সাহায্যে চাষযোগ্য জমি। আবার এই চাষযোগ্য জমির ১.১৮% পাওয়া যায় গবাদিপশুর খাদ্য চাষের জন্য ১৯৯২-৯৭ - এ রাজ্যে বর্হিসাহায্যে রচিত একটি প্রকল্প যার নাম ছিল পশ্চিমবঙ্গ বনসৃজন ও পশুখাদ্য ও গবাদিপশু উন্নয়ন (West Bengal Forestry Dev. Project fodder and livestock development) প্রকল্প সেটি চালু ছিল। এই প্রকল্পের অধীনে বহু রকমেব দেশী ও বিদেশী উৎসের সম্ভাবনাময় অনাবৃষ্টি ও নুন প্রতিরোধী, ছায়া-পছন্দ ঘাস ও শুঁটি জাতীয় গাছ শনাক্তকরণ করা হয়েছিল। অবস্থার সাথে খাপ খাওয়াতে পারে কিনা তার পরীক্ষা-নিরীক্ষা পরীক্ষাস্থল ও খামারে রাজ্যের বিভিন্ন চরিত্রের কৃষি আবহাওয়া অঞ্চলে চালাবার পর যথেষ্ট আশাব্যঞ্জক ফল পাওয়া গিয়েছিল।

পশুখাদ্য চাষের জমির অভাব নজরে রেখে অনাবাদী জমি, অ-চাষ যোগ্য অনাবাদী জমি, বনের মধ্যে ফাঁকা জমি, ফলের বাগান ও গোচারণ ভূমি (যা সবিস্তারে ৬ নং সূচীতে বলা আছে) সনাক্ত করা গেছে এবং চেষ্টা চালানো হচ্ছে যাতে এইসব জমিকে পশুখাদ্য চাষের আওতায় আনা যায় পশুখাদ্য উৎপাদন বাড়াবার উদ্দেশ্যে। এসব করা হচ্ছে উন্নত ধরণের গবাদিপশুর প্রয়োজন মেটাবার উদ্দেশ্যে কারণ এই প্রয়োজনের উদ্ভব হবে যদি বিদেশী জাতের গবাদিপশু থেকে জাতাধিকার ৭৫% স্তরে আসে। এরকম ভাবেই গ্রামের রাস্তার ধার থেকে পাওয়া জমি, সামাজিক বনসৃজনের জমি, নয়নজুলি ইত্যাদি সবই বিবেচনা করা যায়।

পশ্চিমবঙ্গে হিমায়িত বীর্য প্রযুক্তির মাধ্যমে কৃত্রিম প্রজনন ঃ

নব্বই দশকের প্রথম দিকে আরও উচ্চ উৎপাদনশীল গরু ও মোষের ব্যাপক সংকর-প্রজননের এবং হিমায়িত বীর্য প্রযুক্তির মাধ্যমে উৎপাদনের কার্যক্রম গ্রহণ করা হয়েছিল কেন না এই প্রযুক্তিই একমাত্র বিজ্ঞানসম্মত প্রযুক্তি যার বহু উপযোগিতা আছে। প্রধান লক্ষ্য ছিল যত বেশী সংখ্যক উৎপাদনক্ষম গবাদিপশুকে যত কম সময়ে হিমায়িত বীর্য প্রযুক্তির সাহায্যে কৃত্রিম প্রজননের আওতায় আনা যায়। প্রথম দিকে পরিকাঠামো ছিল সরকারী স্থিতিশীল কৃত্রিম প্রজনন কেন্দ্রগুলি ত্রিস্তর পঞ্চায়েত ব্যবস্থার অন্তর্গত যার সর্বনিম্ন স্তর হচ্ছে গ্রাম পঞ্চায়েত। একটি কৃত্রিম প্রজনন কেন্দ্র স্থাপনের মাপকাঠি হচ্ছে ৮০০ প্রজননক্ষম গরু এবং এভাবেই পরিকাঠামো তৈরী করা যাতে সমস্ত প্রজননক্ষম গবাদিপশুকে এর আওতায় এনে অধিক উৎপাদনশীল সংকর জাতের গবাদিপশুর সৃষ্টি করা। এর ফলে শেষ পর্যন্ত রাজ্যে দুধের উৎপাদন বাড়বে। আমাদের বর্তমান লক্ষ্য হল ১০ম পঞ্চবার্ষিকী পরিকল্পনার শেষে প্রত্যেকের জন্য দৈনিক ১৫১ গ্রাম দুধ নিশ্চিত করা।

রাজ্যে বহু কার্যক্রম বিভিন্ন পরিকল্পনার সময়সীমার মধ্যে সাফল্যের সাথে রূপায়িত হয়েছে। কেন্দ্র এবং রাজ্যের অর্থে গরু ও মোষ প্রজনন কার্যক্রম শক্তিশালী ও বিস্তৃত করার জন্য বিশেষ করে ভারত সরকারের হিমায়িত বীর্য প্রযুক্তির বিকাশ প্রকল্প রূপায়িত করা হয়েছে। গরু প্রজননের জন্য যথেষ্ট পরিকাঠামো গড়া হয়েছে। আরও ভাল জাতের গবাদিপশু

তৈরী করা হয়েছে যার ফলে গরু ও মোষ থেকে অনেক বেশী উৎপাদন পাওয়া গেছে, বিশেষ করে দুধের উৎপাদন। রাজ্য তরল বীর্যের ব্যবস্থা করে এর সুবিধা ১৯৯৯ সালে ২৬০০ স্থিতিশীল সরকারী কৃত্রিম প্রজনন কেন্দ্র এবং ৫০০ ভ্রাম্যমান কৃত্রিম প্রজনন কেন্দ্র (শুধু তরল বীর্য সহযোগে) বিস্তৃত করে। এই কার্যক্রমের লক্ষ্য ছিল একটি হিমায়িত বীর্য প্রযুক্তি সহযোগে কৃত্রিম প্রজনন কেন্দ্র ৩২৪৭টি গ্রাম পঞ্চায়েতের প্রত্যেকটিতে (দার্জিলিং গোর্খা হিল কাউন্সিল এলাকা বাদ দিয়ে) স্থাপন করা। সমবায় ক্ষেত্রে ৬৬০টি কৃত্রিম প্রজনন কেন্দ্র সে বছরে চালু ছিল।

দোরগোড়ায় কৃত্রিম প্রজননের সুবিধা পৌঁছে দেবার জন্য এবং সরকারী দপ্তর বৃদ্ধি সংক্রান্ত প্রতিষ্ঠানগত খরচের সমস্যা কাটিয়ে ওঠার জন্য ১৯৯৯ সালে গ্রাম পঞ্চায়েতের অধীনে ভ্রাম্যমান কৃত্রিম প্রজনন কর্মীর প্রয়োজন অনুভব করা গিয়েছিল।

পশ্চিমবঙ্গ গোসম্পদ বিকাশ সংস্থা

গরু ও মোষ প্রজনন কার্যক্রমের জন্য একটি জাতীয় প্রকল্প

এই নতুন পরিকল্পনায়, যার নাম গরু ও মোষ প্রজননের জন্য জাতীয় প্রকল্প (NPCBB) ভারত সরকার ২০০১-২০০২ সালে শুরু করেছিলেন। এর অধীনে রাজ্য সরকার নিম্ন প্রস্তাবগুলি রেখেছিলেন ঃ

১) সমস্ত গবাদিপশুকে সংগঠিত প্রজনন কার্যক্রমের আওতায় নিয়ে আসা যাতে পঞ্চম বছরে সম্পূর্ণ করা যায়।

২) কৃষকের দোরগোড়ায় প্রজননের জন্য সমস্ত প্রয়োজনীয় জিনিস সরবরাহ করা।

৩) বীর্য উৎপাদনের জন্য ষাঁড়ের মান উন্নত করা।

৪) সেবা এবং প্রয়োজনীয় জিনিসপত্রের মানোন্নয়ন।

৫) প্রাপ্ত পরিকাঠামো কাম্য ক্ষমতা পর্যন্ত কাজে লাগানো এবং বর্তমান পরিকাঠামোকে আরও শক্তিশালী করা।

৬) পেশাদার এবং কৃত্রিম প্রজনন সংক্রান্ত কর্মীদের বারবার প্রশিক্ষণের ব্যবস্থা করা।

৭) স্থানীয় গরু, সংকর জাতের গরু ও মোষের বাচ্চা পরীক্ষা এবং ফলাফল লিপিবদ্ধ করে রাখবার জন্য কর্মীর প্রবর্তন করা।

রাজ্য সরকার গরু প্রজনন, উত্তরবঙ্গের অর্থনৈতিক দিক দিয়ে পিছিয়ে পড়া জেলাগুলিতে নজর দেওয়া এবং যে সমস্ত এলাকায় দুধ সংগ্রহ ও প্রক্রিয়াকরণের পরিকাঠামো আছে (যেমন ডেয়ারী কারখানা, হিমায়নের কারখানা ইত্যাদি) সেখানে দায়িত্ব অর্পণ করার ব্যাপারে যেখানে যেখানে গুরুতর ফাঁক আছে সেগুলো পূরণ করার জন্য বেশী গুরুত্ব আরোপ করেছেন।

সংকর প্রজননের অন্তিম উদ্দেশ্য হচ্ছে দুধের উৎপাদন বাড়াবার জন্য ভাল মানের সংকর জাতের গরু উৎপাদন করা। আমাদের রাজ্যে একটি বাছুর উৎপাদনের জন্য অন্তত তিনটি কৃত্রিম প্রজনন প্রক্রিয়া প্রয়োজন।

এটা স্পষ্ট যে ১.৮৯ লক্ষ বাছুরের জন্ম হয়েছে ২০০২-২০০৩ সালে, তার অর্থ হল রাজ্যের জন্য আরও ১.৬১ লক্ষ সংকর প্রজাতির গরুর প্রয়োজন। গর্ভধারণের হার যতদূর সম্ভব বাড়ানোর চেষ্টা চলছে।

প্রজননের জন্য প্রয়োজনীয় জিনিসগুলি যেমন এফ.এস.ডোজ (F S. dose), তরল নাইট্রোজেন, অন্যান্য জিনিসগুলির সংগ্রহ, উৎপাদন এবং বিতরণ-ই হল প্রধান কার্যাবলী। বর্তমান অবস্থায় আমাদের তিনটি বীর্য উৎপাদন কেন্দ্র আছে ঃ হরিণঘাটা (নদীয়া), শালবনী (পশ্চিম মেদিনীপুর) এবং বেলডাঙ্গা (মুর্শিদাবাদ)। আমাদের নয়টি তরল নাইট্রোজেন তৈরীর কারখানা আছেঃ জলপাইগুড়ি, মালদা, বর্ধমান, বিষ্ণুপুর, শালবনী, হরিণঘাটা, বেলগাছিয়া-১, বেলগাছিয়া-২ এবং কাকদ্বীপ। প্রাপ্তব্য লোকবল শুধুমাত্র সীমিতভাবে কারখানা চালাতে সাহায্য করে এবং কারখানা কাম্য ক্ষমতা পর্যন্ত চালাতে হলে যা লোকবল দরকার তা দেওয়া হয়নি। এছাড়া কাম্য উৎপাদনের পথে যন্ত্রপাতি বিকল হওয়া, লোডশেডিং, যান্ত্রিক ত্রুটি, ভোল্টেজের ওঠানামা (তিনটি জায়গায়) হল প্রধান অন্তরায়।

ডোজের উৎপাদন ২০০১-২০০২ সালে হয়েছে ৮,০৮,৩০৩। এখানে আবার উৎপাদন বেড়েছে ১৪.০৫%। আমাদের কুচবিহার, রায়গঞ্জ, শিলিগুড়ি, বহরমপুর, কৃষ্ণনগর, দুর্গাপুর, পুরুলিয়া, হুগলী, তমলুক ও সিউড়িতে ক্রায়ো ষ্টেশন ভি.এল.পি ৯৫০ (Cryo-Station VLP 950) -র সাহায্যে একসাথে গুদামজাত করার ব্যবস্থা আছে।

আমাদের কার্যাবলীর একটি মহৎ বৈশিষ্ট্য হল 'প্রাণীবন্ধু'র কাজ। প্রাণীবন্ধু হচ্ছেন একজন ভ্রাম্যমান, স্বনিযুক্ত, বেসরকারী কৃত্রিম প্রজনন কর্মী যিনি ২৪ ঘণ্টা বছরের সব দিনই কৃষকের দোরগোড়ায় কৃত্রিম প্রজনন সংক্রান্ত সেবা দিয়ে থাকেন।

একটি নির্বাচক মণ্ডলী বেকার যুবক-যুবতীদের থেকে বেছে নির্বাচিত প্রার্থীদের সাড়ে চার মাসের প্রশিক্ষণের ব্যবস্থা করেন। এর মধ্যে দেড় মাসের প্রশিক্ষণ হয় হরিণঘাটা, জাতিয়াকালি, রায়গঞ্জ, ডোমকল, সিউড়ী, মেদিনীপুর, শালবনী এবং অন্যান্য রাজ্য প্রশিক্ষণ কেন্দ্রে এবং তিন মাসের হাতে-কলমে শিক্ষা হয় প্রশিক্ষণ কেন্দ্রের বাইরে এস.এ.এইচ.সি. - বি.এ.এইচ.সি. - এ.বি.এ.এইচ.সি. (SAHC/BAHC/ABAHC) এবং কৃত্রিম প্রজনন কেন্দ্রগুলিতে। এরা এখন ভাল কাজ করছেন। ২০০৩ সালের ৩১শে মার্চ পর্যন্ত ১৯৬৩ জনকে প্রশিক্ষণ দেওয়া হয়েছে।

ভারত সরকারের নির্দেশ অনুসারে ও প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের পত্র নং ৬৬৪ তাং ১৮.০৩.০২ আদেশ বলে পশ্চিমবঙ্গ গো-সম্পদ বিকাশ সংস্থা নামে রাজ্যের একটি রূপায়ণ মাধ্যম গঠিত হয়েছে। এটা শুরু হয়েছিল ভারত সরকারকে একটি প্রকল্প - পশ্চিমবঙ্গের জন্য গরু ও মোষ প্রজননের জাতীয় প্রকল্প (NPCBB) পেশের মাধ্যমে। পশ্চিমবঙ্গ সমিতিসমূহের পঞ্জীকরণ আইনের অধীনে সংস্থাটির পঞ্জীকৃত সংখ্যা হচ্ছে ২০০২-২০০৩ সালের এস-১৯-৭৬৬১। প্রকল্পের প্রথম বছরের জন্য ভারত সরকার ৬.৭৭ কোটি টাকা অনুমোদন করেছিলেন। সংস্থার পঞ্জীকৃত দপ্তর হচ্ছে নবমহাকরণ, ৪র্থ-তল, ১, কিরণ-শঙ্কর রায় রোড, কলকাতা-৭০০ ০০১ এবং প্রশাসনিক দপ্তর, ৫৫ বি, মির্জা গালিব ষ্ট্রীট, ৬ষ্ঠতল, কলকাতা-৭০০ ০১৬।

গরু ও মোষ প্রজননের জাতীয় প্রকল্প (NPCBB) রাজ্যে রূপায়ণের জন্য রাজ্য রূপায়ণ মাধ্যম অর্থাৎ পশ্চিমবঙ্গ গোসম্পদ বিকাশ সংস্থা গঠিত হওয়ার ফলে রাজ্যে গোসম্পদ উন্নয়নের ক্ষেত্রে জোয়ার এসেছে।

অবশেষে এটা মনে রাখা প্রয়োজন যে নানা সীমাবদ্ধতার মধ্যেও আমরা কৃত্রিম প্রজননের সংখ্যা যা ১৯৭৬-৭৭ সালে ছিল ২.৪৩ লাখ, ২০০২ সালে এটা বেড়ে ১০.৭৬ লাখ হয়েছে এবং ১৯৭৬-৭৭ সালে যেখানে দুধের আনুমানিক উৎপাদন ১০.৬৪ লাখ মেট্রিক টন ছিল সেটা ২০০২-২০০৩ সালে আনুমানিক ৩৬.০০ লাখ মেট্রিক টনে পৌঁছেছে। ১৯৭৬-৭৭ সালে জনপ্রতি দুধের প্রাপ্যতা ছিল ৫৮.৭ গ্রাম।

পশ্চিমবঙ্গ ডেয়ারী ও হাঁসমুরগী উন্নয়ন নিগম ঃ

পশ্চিমবঙ্গ সরকারের প্রাণীসম্পদ উন্নয়ন দপ্তরের অধীনে 'ডেয়ারপোল' নামে একটি সংস্থা ১৯৬৯ সালে ৪ঠা ফেব্রুয়ারী ভারতীয় কোম্পানী আইন, ১৯৫৬ অনুসারে গঠিত হয়। প্রথম দায়িত্ব যেটা ডেয়ারপোলকে দেওয়া হয়েছিল সেটা হচ্ছে জলপাইগুড়ি-শিলিগুড়ি দুধ সরবরাহ কার্যক্রম ১০.১১.৭০ থেকে রূপায়ণ করতে। অবস্থার পরিপ্রেক্ষিতে সম্পূর্ণ দায়িত্ব নিয়ে এই সংস্থাটি দার্জিলিং জেলার পাহাড়ী অঞ্চলে অনেকগুলি দুধ সংগ্রহ ও হিমায়ণ কেন্দ্র স্থাপিত করে এই কার্যক্রমটি সম্পূর্ণভাবে সাফল্যমণ্ডিত করে। এই সময়ে সুষম প্রাণী খাদ্যের ধারণা অনেকটাই প্রচার লাভ করে এবং সরকারেরও মনে হয় যে এই ধারণাকে রাজ্যের কৃষকদের মধ্যে প্রচার করবার জন্য আর কালক্ষেপ করার কোনও যুক্তি নেই। ডেয়ারপোল স্বাভাবিক কারণেই এই কাজের জন্য নির্বাচিত হল এবং কার্যক্রম রূপায়ণের দৃষ্টিভঙ্গীর কেন্দ্রস্থল ডেয়ারী থেকে প্রাণী এবং প্রাণী থেকে প্রাণীখাদ্যে প্রতিসারিত হল। সুষম প্রাণী খাদ্যের ধারণা আত্মগত করার আকাঙ্খার কারণ ছিল দু'রকম। একটি ছিল দুধ, মাংস, ডিম এবং প্রাণী থেকে প্রস্তুত অন্যান্য সামগ্রী এবং মাছের উৎপাদনের বৃদ্ধি। উচ্চমানের প্রাণীখাদ্যের ব্যবহার নিশ্চিত করা, অপরটি ছিল উচ্চ মানের প্রাণীখাদ্য যা উচ্চ উৎপাদন ও পশুপাখীর ভাল স্বাস্থ্য এবং দ্রুত প্রজনন নিশ্চিত করে, ব্যবহার করে গবাদিপশু-পালক কৃষকদের ভাগ্য ফেরানো। যে বীজ উনত্রিশ বছর আগে বোনা হয়েছিল তা এখন মহীরুহতে পরিণত হয়েছে। ডেয়ারপোলের নিবেদিতপ্রাণ কর্মীবৃন্দ কাজ করার এবং সাফল্য লাভ করার ঐকান্তিক আগ্রহে তাড়িত হয়ে সরকারের স্বপ্নকে সাফল্যের সঙ্গে সত্যতে পরিণত করেছেন।

ডেয়ারপোল ব্যবসায়িক নাম 'এপিক' (EPIC) যে পশুখাদ্য বিতরণ করছে সেটা এরা যে বার্তা প্রচার করতে চাইছে তারই সংক্ষিপ্ত রূপ। 'এপিক' (EPIC) কথাটি হাঁস-মুরগীর জন্য প্রয়োজনীয় এবং গরুর জন্য অপরিহার্য (Essential for Poultry and Indispensable for Cattle) এই উদ্দেশ্যের প্রতীক। সরকার ডেয়ারপোলের ওপর যে আশা ন্যস্ত করেছেন তা বিফলে যায়নি এ থেকে বোঝা যায় যে নদীয়া জেলার কল্যাণীতে একটি পশুখাদ্য গুঁড়ো করার কারখানা (Feed Milling Plant) দিয়ে শুরু করে ডেয়ারপোলের এখন পাঁচটি আধুনিক পশুখাদ্যের কারখানা নদীয়া, মেদিনীপুর, বর্ধমান, দার্জিলিং এবং মালদা জেলাতে স্থাপিত হয়েছে যাদের বাৎসরিক উৎপাদন ক্ষমতা হচ্ছে ৪০,০০০ মেট্রিক টনের সামান্য ওপরে। পশ্চিমবঙ্গে প্রায় কোন গ্রামই নেই যেখানে 'এপিক' প্রবেশ করেনি। নিকটবর্তী দেশ বাংলাদেশেও 'এপিক' খুবই পরিচিত ব্যবসায়িক নাম। প্রাণীসম্পদ বৃদ্ধির সঙ্গে এপিক দেশে এবং বিদেশে সমার্থবোধক হয়েগেছে। যে সমস্ত কৃষকরা এপিকের গ্রাহক তারা সবাই এ কথার যথার্থতা স্বীকার করবেন। যে নীতির ওপর ডেয়ারপোলের উন্নতি নির্ভর করে সেটা হচ্ছে এদের উৎপাদিত দ্রব্যের মান, এপিক মার্কা জিনিসের উৎকর্ষ এই দাবীতে বিশ্বাস জাগায়। কাঁচামাল সংগ্রহ থেকে পশুখাদ্যে রূপান্তরিত করা পর্যন্ত প্রত্যেকটি পর্যায়ে উচ্চমান নিশ্চিত করা হয়।

বর্তমানে নিগমের পশুখাদ্য কারখানাগুলি নিম্নবর্ণিত স্থানগুলিতে স্থাপিত হয়েছে।

নাম	**স্থান**	**ক্ষমতা প্রতিশিফটে**	**কি ধরনের খাবার**
কল্যাণী পশুখাদ্য গুঁড়ো করার কারখানা	কল্যাণী, নদীয়া	৫০.০০০ মেট্রিকটন	চট্‌কানো এবং ছোট টুকরো
শালবনী পশুখাদ্য কারখানা	শালবনী, মেদিনীপুর	২২.০০০ মেট্রিকটন	চট্‌কানো এবং ছোট টুকরো
দুর্গাপুর পশুখাদ্য কারখানা	ডি.পি.এল. কলোনী, দুর্গাপুর	০৭.০০০ মেট্রিকটন	চট্‌কানো
শিলিগুড়ি পশুখাদ্য কারখানা	প্রধাননগর, শিলিগুড়ি	১০.০০০ মেট্রিকটন	চট্‌কানো ও টুকরো
গাজোল পশুখাদ্য কারখানা	গাজোল, মালদা	১৫.০০০ মেট্রিকটন	চট্‌কানো ও টুকরো

অল্প সময়ের মধ্যেই দুর্গাপুর পশুখাদ্য কারখানা টুকরো পশুখাদ্য কারখানায় পরিবর্তিত হবে। যখন এটা হবে সমস্ত কাবখানাগুলিতেই এই সুবিধা সম্প্রসারিত হবে। এটি গুরুত্বপূর্ণ, কারণ কৃষকদের পছন্দ ক্রমে ক্রমে চট্‌কানো খাবার থেকে টুকরো খাবারের দিকে যাচ্ছে।

কাজকর্ম বাড়াবার জন্য এই নিগম, এর কাজেব সাথে সম্পর্কযুক্ত অন্যান্য কাজ হাতে নিয়ে কাজে বৈচিত্র্য আনছে। সরকারী খামার কোম্পানীতে উৎপাদিত মাংস ও দুধের সামগ্রী উচিত দামে জনগণকে বিক্রী করার জন্য 'প্রাণীজ' নামে একটি দোকান-শৃঙ্খলের পত্তন করেছে। রাজ্য হাঁস-মুরগীর খামার, রানাঘাটে ব্রয়লার মুরগী উৎপাদনের জন্য একটি কেন্দ্র - উত্থাপিত প্রকল্প রূপায়ণের জন্য আগেই উপযুক্ত পদক্ষেপ নেওয়া হয়েছে। গোবরডাঙ্গায় রাজ্য হাঁস-মুরগীর খামারে হাঁস উৎপাদনের জন্য একই রকম পদক্ষেপ নেওয়া হয়েছে।

কল্যাণীর পশুখাদ্য পেষাই কারখানায় সিবোহী এবং বীট্‌ল জাতের ছাগল প্রজনন কেন্দ্র শুরু করা হয়েছে। এখান থেকে জ্যান্ত প্রাণীদের বিক্রী করা হয়। এছাড়াও সেখানে একটি হাঁস-মুরগীর (ব্রয়লার, RIR, হাঁস) খামার, কোয়েল খামার, খরগোশ খামার ও একটি স্ফোটনাগার আছে ব্রয়লার মুরগী, মুরগীর ও হাঁসের বাচ্চা উৎপাদনের জন্য।

'আস্থা' ও 'স্ট্রিম' ব্যবসায়িক ছাপ ও নামে দুধ উৎপাদনের জন্য ব্যবস্থা নেওয়া হয়েছে। এ সম্পর্কিত কাজকর্ম খুব অল্প সময়ের মধ্যেই শুরু হবে এবং বর্তমান বিক্রীর লক্ষ্যমাত্রা হচ্ছে ন্যূনতম দৈনিক ৫০০০ লিটাব।

জৈব সার 'ভার্মি কম্পোষ্ট' তৈরীর জন্য একটি যুগ্ম-সহযোগিতা সম্পন্ন প্রকল্প হাতে নেওয়া হয়েছে এবং এর উৎপাদনও শীঘ্রই নদীয়া জেলার কল্যাণীতে রাজ্য পশুপালন খামারে শুরু হবে।

পশ্চিমবঙ্গ গবাদিপশু প্রক্রিয়াকরণ উন্নয়ন নিগম লিমিটেড ঃ

পশ্চিমবঙ্গ গবাদিপশু প্রক্রিয়াকরণ উন্নয়ন নিগম লিমিটেড ১৯৭৪ সালে স্থাপিত হয়েছিল। এটি কোম্পানী আইন ১৯৬৫-র অধীনে ২৯৩৫৬ নম্বরে পঞ্জীকৃত হয়েছিল আইনসঙ্গত ক্ষমতাবলে অর্পিত ২ কোটি টাকা শেয়ারের মূলধন দিয়ে। এর উদ্দেশ্য, যা স্মারক (Memorandum) ও দলিলের ধারাগুলিতে (Articles of Association) নিহিত আছে, বিশেষ করে প্রধানত সমস্ত উপভোক্তাদের স্বাস্থ্যকর মাংস সরবরাহ করা, এই নিয়েই শুরু হয়েছিল। এই নিগমের কাজকর্ম

শুরু হয় ১.৯২ কোটি টাকা প্রদত্ত মূলধন (paid up capital) দিয়ে যাব মধ্যে কেন্দ্রীয় সরকারের প্রদত্ত অংশ হচ্ছে ২৫ লক্ষ টাকা, বাকীটা বাজ্য সবকার কর্তৃক প্রদত্ত।

এর স্মারক এবং সমস্ত ধারা সম্বলিত দলিলে নিম্নলিখিত কাজগুলি করার কথা নির্দেশিত আছে ঃ

১) সর্বসাধারণেব এবং নিজস্ব কসাইখানাগুলিতে পশু জবাই কবাব কার্যকবী ও আধুনিক স্বাস্থ্যসম্মত ব্যবস্থা সংগঠিত কবা ও তাব ব্যবস্থা কবা।

২) কসাইখানার পশুদের এবং বাইরের মৃত পশুদেব উপজাত পদার্থ, যেমন চামড়া, মাথা, রক্ত ইত্যাদি পুনরুদ্ধার, প্রক্রিয়াকরণ, উৎপাদন, কেনা ও বেচাব ব্যবস্থা করা।

৩) গরু, মোষ, ভেড়া, ছাগল, পাখী, শুয়োব এবং বিভিন্ন বকমের পশুপাখীদের খাদ্য, কিনে এবং বিক্রী করে ব্যবসা করা, এছাড়া পশুদেব জবাই কবে তাদের স্বাস্থ্যকর মাংস পাইকারী ও খুচরো বিক্রেতাদের কাছে বিক্রী কবা।

৪) কসাইখানা কেনা, বিক্রী কবা, ভাড়া নেওয়া অথবা বর্তমান কসাইখানাগুলোব আধুনিকীকরণ এবং পরিচালনা কবা এবং এগুলি ব্যবহাবেব জন্য বা সেবা প্রদানেব জন্য ফি অথবা দাম ধার্য করা এবং কসাইখানার সুযোগ গ্রহণ কবার জন্য লোককে ভাড়া দেওয়া ইত্যাদি।

কৃষিকাজের সাজসরঞ্জাম ও যন্ত্রপাতি

কর্ষণ ঃ (Tillage) টিলেজের সংজ্ঞা হিসাবে বলা যেতে পারে যে এটি কিছু যান্ত্রিক কাজ যার দ্বারা ফসলের তত্ত্বাবধানের জন্য বীজতলা তৈরীর কাজে মাটি ঘাঁটা হয়। উপযুক্ত কর্ষণের উদ্দেশ্য হল এমন একটি পরিবেশ তৈরী করা যেখানে অঙ্কুরোদগম, শিকড় বৃদ্ধি; আগাছা নিয়ন্ত্রণ, ভূমিক্ষয় নিয়ন্ত্রণ এবং আবহাওয়ার জলকণা নিয়ন্ত্রণ করা যায় এবং অতিরিক্ত জলকণা এড়ানো ও জলকণাজনিত চাপ কমানো যায়। প্রত্যেকটি টিলেজের কাজের মূল্যায়ন করা উচিত এর দ্বারা নিম্নলিখিত উদ্দেশ্যগুলির কতটা সাধন হয় তার ওপর ভিত্তি করে ঃ

- ফসলের অবশিষ্টাংশের ব্যবস্থাপনা
- ভূমিতে হাওয়া চলাচলের ব্যবস্থা
- আগাছা নিয়ন্ত্রণ
- সারের পরিমাণ নিয়ন্ত্রণ
- পোকা নিয়ন্ত্রণ
- অঙ্কুরোদগমের তাপমাত্রা নিয়ন্ত্রণ
- লাঙ্গলের ফলা যে গভীরতায় পৌঁছায় তার উন্নয়ন
- বীজ ও জমির ভাল সংস্পর্শের ব্যবস্থা

প্রাথমিক কর্ষণ ঃ প্রাথমিক কর্ষণে ভারী যন্ত্রপাতি ব্যবহার করে মাটি কাটা এবং ছড়ানো হয় এবং ওপরের কাজে জিনিসগুলো উল্টে পাল্টে নীচে পাঠিয়ে দিয়ে আবার সেটাকে কর্ষিত স্তরের সাথে মেশানো হয় বা ঐ অবস্থাতেই রেখে দেওয়া হয়। প্রাথমিক কর্ষণ সাধারণতঃ অনেক বেশী প্রবল হয় এবং তুলনামূলক ভাবে অনেক গভীরে কাজটা করা হয়। প্রাথমিক কর্ষণে প্রায়ই যে সমস্ত যন্ত্রপাতি ব্যবহার করা হয় সেগুলি হল ঃ

ক) দেশী লাঙ্গল

খ) ছাঁচ অনুযায়ী বোর্ডের নির্মিত লাঙ্গল

গ) গোলাকার চাকতিযুক্ত লাঙ্গল

ঘ) উপমৃত্তিকা খনন করবার যন্ত্র

ঙ) ছেনি / বাটালি যুক্ত লাঙ্গল

চ) ঘূর্ণায়মান যন্ত্রযুক্ত লাঙ্গল

বর্তমানে কর্ষণে বিভিন্ন কাজের নানা রকম নাম দেওয়া হয়েছে, এ সমস্ত নামের কিছু কিছু নীচে দেওয়া হল।

- প্রথাগত কর্ষণ
- ন্যূনতম কর্ষণ
- গাছের গোড়ায় ছড়িয়ে দেওয়া ভিজে খড়, পাতা দিয়ে কর্ষণ (Mulch)
- জমি কর্ষণ না করে গাছ লাগানো (Zero-till planting)

প্রথাগত কর্ষণ ঃ প্রথাগত কর্ষণে সাধারণতঃ নিম্নলিখিত কাজগুলি হয়ে থাকে -

- ফসলের অবশিষ্টাংশ সমূহ ভেঙ্গে ফেলা বা টুকরো করে কেটে ফেলা বা disking করা।
- মাটিকে গুঁড়ো গুঁড়ো করবার জন্য লাঙ্গল দেওয়া।
- মাটি জড়ো করে হেলানো ভাবে রাখা বা কেয়ারি করে রাখা।
- গাছের অঙ্কুরোদগমের জন্য চাষ দাঁতওয়ালা হ্যারো (harrow) যন্ত্র ব্যবহার করে মাটির ঢেলা ভেঙ্গে ওপরের স্তর শক্ত ও সমান করে হাওয়া যাতায়াতের পথ বন্ধ করা।
- দাঁতওয়ালা হ্যারো (harrow) যন্ত্র দিয়ে গোলাকার বীজতলা তৈরী করা।
- গাছ পোঁতার পর জমির মাটি ছুঁচোলা বা দাঁতওয়ালা হ্যারো (harrow) দিয়ে বিন্যাস করা।
- ফসল অনুসারে একটি একটি করে অথবা সারি সারি চাষ চালিয়ে আগাছা পরিষ্কার করে চাষ করা।

ন্যূনতম কর্ষণ ঃ এই ব্যবস্থায় কাজের পরিষ্কার কোন রূপরেখা নেই, মোটামুটি নীতিগতভাবে কর্ষণ করা হয়ে থাকে, এই ব্যবস্থার উদ্দেশ্যগুলি হল -

- ফসল উৎপাদনের ক্ষেত্রে শক্তির ব্যবহার ও শ্রমের প্রয়োজন কমানো
- জমির জলকনা সংরক্ষণ ও ভূমিক্ষয় কমানো
- জমির ওপরের স্তরকে বীজতলা বা শিকড়তলার সাথে এক করে কর্ষণ না করে যতটা কাম্য ততটা বীজতলা ও শিকড়তলার ব্যবস্থা করা।

মাল্চ (Mulch) কর্ষণ প্রথা ঃ এই প্রথার প্রধান উদ্দেশ্য হল জমির মাটির জলকনার এবং শক্তির সংরক্ষণ করা।

শূন্য কর্ষণ-রোপন ঃ এই ধরণের রোপন প্রথাকে প্রায় একই রকমের উৎপাদন পেতে ও একই সঙ্গে সময় ও শক্তি বাঁচাতে সুপারিশ করা হয়। পরবর্তী সময়ে কোন কর্ষণ না করেই জমি গর্ত করে রোপন বা এক একটি অংশকে গর্ত করে রোপন প্রথা তৈরী হয়েছে যেখানে সোজাসুজি জমিতে বীজ বপন করা যায়।

প্রাথমিক কর্ষণ সংক্রান্ত সাজ-সরঞ্জাম ঃ চাষযোগ্য জমি চাষ করতে প্রাথমিক কর্ষণের জন্য লাঙ্গল একটি গুরুত্বপূর্ণ যন্ত্র। জমিকে কাটতে, ভাঙ্গতে ও জমির উপবিভাগ সম্পূর্ণভাবে বা আংশিকভাবে ওলট পালট করতে চাষ করাটাই হচ্ছে প্রাথমিক কর্ষণের কাজ। চাষ করার মূল অর্থ হচ্ছে ভূমির ওপরের স্তর খোলা, মাটির ঢেলাগুলিকে ভাঙ্গা এবং জমিকে বীজ বপনের জন্য উপযুক্ত করে তোলা।

বিভিন্ন ধরণের লাঙ্গল ঃ এদের এভাবে ভাগ করা হয়েছে -

ক) দেশী লাঙ্গল

খ) ছাঁচ অনুযায়ী বোর্ডের নির্মিত লাঙ্গল

গ) গোলাকার চাকতিযুক্ত লাঙ্গল

ঘ) উপমৃত্তিকা খনন করবার যন্ত্র

ঙ) ছেনি-বাটালি যুক্ত লাঙ্গল

চ) ঘূর্ণায়মান যন্ত্রযুক্ত লাঙ্গল

পশ্চিমবঙ্গে কৃষিকাজে ব্যবহৃত দেশী যন্ত্রপাতির তালিকা

ক্রমিক সংখ্যা	ফসল	কাজের ধরণ	ব্যবহৃত দেশী যন্ত্রপাতি		
			নাম	শক্তির উৎস	আকার
১	ধান	জল জমানো	দেশী-বো[illegible] লাঙ্গল	এক জোড়া ষাঁড়	১২-১৫ সে.মি.
		প্রতিরোপন		-	-
		আগাছা দূরকরা	-	মানুষের শ্রম	-
		ফসল কাটা	কাস্তে	মানুষের শ্রম	৩২ মি.মি. x ১.৫ মি.মি. খাঁজ কাটা ফলা ১৩০ মি.মি. ব্যাসার্ধ বক্রতা সহ।
২	গম	রোপন	দেশী লাঙ্গল	এক জোড়া ষাঁড়, ২ জন মানুষের শ্রম	১২-১৫ সে.মি.
		আগাছা পরিষ্কাব	খুরপী	মানুষের শ্রম	৩৫ মি.মি. x ২ মি.মি. চ্যাপ্টা ফলা
		ফসল কাটা	কাস্তে	মানুষের শ্রম	৩২ মি.মি. x ১.৫ মি.মি. খাঁজ কাটা ফলা ১৩০ মি.মি. ব্যাসার্ধ বক্রতা সহ।
		ফসল ঝাড়া	-	এক জোড়া ষাঁড়	-
৩	সরষে	রোপন	জমিতে ছড়ানো	মানুষের শ্রম	-
		আগাছা পরিষ্কার	খুরপী	মানুষের শ্রম	৩৫ মি.মি. x ২ মি.মি. চ্যাপ্টা ফলা
৪	চীনেবাদাম	রোপন	৩ সারি মার্কার	মানুষের শ্রম	৩ x ৩০ সে.মি.
		মাটিতে পোঁতা	কোদাল	মানুষের শ্রম	১০-১৫ সে.মি. চওড়া ১২-১৮ সে.মি. লম্বা ফলা ছোট হাতল সহ
		খোঁড়া	কোদাল	মানুষের শ্রম	১২-২০ সে.মি. চওড়া ১৫-২০ সে.মি. লম্বা ফলা লম্বা হাতল সহ
		ছাড়ানো	পেডাল থ্রেশার	মানুষের শ্রম	৬০ সে.মি. লম্বা সিলিণ্ডার
		ডিকর্টিকেটিং	-	মানুষের শ্রম	-
৫	আলু	রোপন	সাবি মার্কাব	মানুষের শ্রম	৩ x ৩০ সে.মি.
		মাটিতে পোঁতা	কোদাল	মানুষের শ্রম	১০-১৫ সে.মি. চওড়া ১২-১৮ সে.মি. লম্বা ফলা ছোট হাতল সহ
		খোঁড়া	কোদাল	মানুষের শ্রম	১২-২০ সে.মি. চওড়া ১৫-২০ সে.মি. লম্বা ফলা ছোট হাতল সহ
৬	পাট	রোপন	-	মানুষের শ্রম	-

উন্নত বাখার ঃ

এই সরঞ্জামটি কালোমাটিতে বীজতলা তৈরী করার জন্য উপযুক্ত। এটার একটি পরিবর্তিত V-ফলা আছে যা আগেব প্রথাগত বাঁকা ফলার স্থান নিয়েছে যন্ত্রেব আকার একটু ছোট কববাব জন্য। পেছন দিকে যে রোলাব আছে তা মাটির ঢেলা গুঁড়ো কবে। যন্ত্রটির মধ্যে আছে একটি প্রধান কাঠামো, V-ফলা, হাতল, রোলার এবং বীম এবং মাটিব ধরণ অনুসাবে ফলাব কোণ নিয়ন্ত্রণের ব্যবস্থা।

পশুতে টানা প্যাটেলা হ্যারো ঃ

এটি কর্ষণ কাজের জন্য একটি গৌণ সরঞ্জাম যার দ্বারা মাটিব ঢেলা ভাঙ্গা, ফসল কাটার পর গাছের গোড়া এবং আজেবাজে জিনিস তোলা, বপন করার আগে জমির উপরের ভাগ সমান ও মসৃণ করা যায়। এটার মধ্যে আছে একটি শাল কাঠেব তক্তা, আজেবাজে জিনিস তোলবাব জন্য হুক (১৩টি), কগ হুইল এবং লীভার - তোলবার ব্যবস্থা করবার জন্য। এটা ১.৫ ও ২.০ মিটার চওড়াতে পাওয়া যায়।

লাগ্‌ড হুইল পাড্‌লার ঃ

এটি একটি পশুতে টানা যন্ত্র যার দ্বারা মাটির ঢেলা ভেঙ্গে গুঁড়ো করা হয়। যান্ত্রিক উপায়ে ধান চারা পুনঃরোপনের জন্য এই যন্ত্র দিয়ে মসৃণ-কাদা তৈরী হয়। এই যন্ত্রটি মাটি বেশী করে ছড়িয়ে অল্প জলে মসৃণ-কাদা তৈরী করতে পারে। এটির একটি প্রধান কাঠামো, হিচ্‌, চালকের আসন, অ্যাঙ্গল লাগ এবং রোলার হুইল আছে।

প্যাটেলা পাড্‌লার ঃ

এটি একটি পশুতে টানা যন্ত্র যা ব্যবহার করা হয় জমিতে সমস্ত মাটির ঢেলাকে ভেঙ্গে মসৃণ করে জল দিয়ে কাদা তৈরী করবার জন্য যাতে যান্ত্রিক উপায়ে ধান পুনঃরোপন করা যেতে পারে। এই যন্ত্রটি অল্প জলে অগভীর তলে আরো বেশী পরিমাণে মাটি যান্ত্রিক উপায়ে ছড়িয়ে দেবার জন্য উপযুক্ত। এই যন্ত্রটির ভেতর থাকে (MS) শীট দিয়ে তৈরী তক্তা, পেগ গ্যাং (যেটা সরানো যায়), ১০টি পেগ হাতল এবং হিচ ব্যবস্থা।

বিভিন্ন কাজে ব্যবহার্য টুল ফ্রেম ঃ

এটি একটি বহু কাজে ব্যবহার্য ফ্রেম যেটি কর্ষণ, রোপন, আগাছা নির্মূল করতে, জলসেচ দ্বারা চাষে interculture এর জন্য এবং গ্রামীণ পরিবহণের কাজে লাগে। এর বিভিন্ন অংশ হল অ্যাডজাস্টার সহ বীম, হাতল, গভীরতা ঠিকঠাক করে নেবার জন্য স্ক্রু, অন্যান্য যন্ত্রপাতি লাগাবার জন্য ব্র্যাকেট,বার, লাঙ্গল (নীচটা ২০০ মি.মি. - ১টি), সুইপ (৩০০-৪০০ মি.মি. - প্রত্যেকটিতে ২টি করে), বীজের বাক্স এবং পরিবহণ, বসবার জন্য বেদী।

পেজ টাইপ পাড্‌লার ঃ

এটি ৩৫ অশ্বশক্তি বিশিষ্ট বা আরও বেশী ট্র্যাক্টর দ্বারা টানা একটি সরঞ্জাম যা যান্ত্রিক উপায়ে ধান পুনঃরোপনের জন্য মাটি মসৃণ করে কাদা তৈরীর কাজে লাগে। কেজ হুইল নামে একটি যন্ত্রের সাথে এটি ব্যবহার করলে আরও ভালভাবে কাদা তৈবী করা যায়। এই যন্ত্রটিতে তিন পয়েন্টের হিচ ব্যবস্থা, প্রধান কাঠামো, ২৩টি পেজ ও পেগ ধরে রাখবার জন্য বার ইত্যাদি আছে।

নবীন ডিব্‌লার ঃ

এটি একটি একই সারির মনুষ্যচালিত যন্ত্র যা দ্বারা বড় বা মাঝারি ধরণের বীজ ভাল করে তৈরী করা জমিতে সারিতে বা ফাঁকে ফাঁকে পোঁতা যায়। এই যন্ত্রটি গর্ত করে সয়াবীন, জোয়ার-বাজরা এবং মকাই পাহাড়ী এলাকাতে বা ছোট জমিতে বপনের কাজে উপযুক্ত। এই যন্ত্রটিতে চোয়ালের মত বীজ ফেলাব জন্য একটি অংশ, সেল ধরণের একটি মিটারের ব্যবস্থা (wooder) রোলার এবং চোয়াল জাতীয় অংশটির জন্য লীভার ধরণের পবিচালন ব্যবস্থা ডেলিভারী দেওয়ার ব্যবস্থা সমেত বীজের বাক্স আছে।

রোটারী ডিব্‌লার ঃ

ভাল প্রস্তুত করা জমিতে একই রকম তফাতে বড় এবং মাঝারি আকারের বীজ সারি সারি বপন করার জন্য এই মনুষ্যচালিত যন্ত্রটি ব্যবহার করা হয়। এটি মকাই, সয়াবীন, শালগম, পায়রা-মটর এবং বাংলা ডালের বীজ কালো বা পলিমাটিতে বপনের কাজে উপযুক্ত। এই যন্ত্রটির বিভিন্ন অংশ হচ্ছে সীড হপার, সীড ডেলিভারি জ, অপারেটিং লীভার, উডার রোলার, হাতল, পরিবহণ ও প্রেস হুইল।

মনুষ্যচালিত সীড ড্রিল ঃ

এটি একটি মনুষ্যচালিত চষা খাতে বীজ বপন করার যন্ত্র। এটি এক সারিতে বীজ বপন ও সার ছড়ানোর কাজ এক বিশেষ ধরণের রোলার - ফ্লুটেড রোলার দ্বারা করে। এটি সয়াবীন, মকাই, পায়রা-মটর, জোয়ার-বাজরা, সবুজ ডাল, বাংলা ডাল ও গম ইত্যাদির বীজ বপনের জন্য উপযুক্ত। এর বিভিন্ন অংশ হচ্ছে হাতল, কাঠামো, বীজ ও সারের প্রকোষ্ঠ সহ হপার, মিটার সহ রোলার, হলরেখা সৃষ্টি করার জুতার মতো দেখতে যন্ত্রাংশ, গ্রাউন্ড ড্রাইভ হুইল।

স্বল্প মূল্যের সীড ড্রিল ঃ

এটি একটি পশুতে টানা চষা খাতে দুই সারিতে বীজ বপন ও সার ছড়াবার যন্ত্র, এটি সয়াবীন, মকাই, পায়রা-মটর, জোয়ার-বাজরা, বাংলা ডাল, গম, সূর্যমুখী, স্যাফ্লাওয়ার, সর্ষে ইত্যাদির বীজ বপনের জন্য উপযুক্ত। এর বিভিন্ন অংশ হচ্ছে বীজ ও সারের প্রকোষ্ঠসহ হপার, সেল সহ মিটারিং রোলার, চেইন ও স্প্রোকেট ড্রাইভ গ্রাউন্ড হুইল, হলরেখা সৃষ্টির জন্য জুতোর মত দেখতে যন্ত্রাংশ ইত্যাদি।

ছোট বীজ বোনার ড্রিল ঃ

এটি একটি পশুতে টানা যন্ত্র দুই সারিতে বীজ ও সার দেওয়ার জন্য ব্যবহৃত হয়। সাধারণত ছোট বীজ, যেমন রেপসীড, সর্ষে এবং জোয়ারের দানা বুনতে এই যন্ত্র সাহায্য করে। যে সমস্ত অঞ্চলে কালো মাটি আছে সেসব অঞ্চলে ছোট বীজের পক্ষে এটি উপযুক্ত। এটির একটি প্রধান কাঠামো, মিটারযুক্ত সারের বাক্স, হলরেখা সৃষ্টির যন্ত্র, মাটিতে চালাবার চাকা ও শক্তি সঞ্চারের ব্যবস্থা আছে।

দুই সারির বীজের ড্রিল ঃ

এটি একটি পশুতে টানা সহজ হাল্কা, ঘনসন্নিবিষ্ট যন্ত্র যা ব্যবহৃত হয় বিভিন্ন ফসল যেমন ডাল, গম, জোয়ার-বাজরা, সয়াবীন, মটরশুঁটি, সূর্যমুখী, স্যাফ্লাওয়ার ইত্যাদির বৃষ্টিসিক্ত কালো মাটিতে বীজ বপন করতে। ফ্লুটেড রোলার মিটারিং যন্ত্রকৌশল যা এই যন্ত্রে ব্যবহার করা হয়েছে তা চেইন এবং স্প্রোকেটের মাধ্যমে ৩০০ মি.মি. ব্যাসার্ধের গ্রাউন্ড ড্রাইভ হুইল থেকে চালিত হয়। হলরেখা সৃষ্টি করার জন্য জুতোর মত দেখতে যন্ত্রাংশ নন-ক্লগিং বুটসহ বীজকে কাম্য গভীরতায় টেলিস্কোপিক গ্রাউন্ড ড্রাইভ হুইলের সাহায্যে বপন করে।

দুই সারির বীজ ও সারের ড্রিল ঃ

এটি একটি পশুতে টানা সহজ, হাল্কা এবং ঘনসন্নিবিষ্ট যন্ত্র যা-দ্বারা গম, ডাল, জোয়ার-বাজরা, সয়াবীন, শুঁটি, মটরশুঁটি, সূর্যমুখী, স্যাফ্লাওয়ার ইত্যাদির বীজ বপন করা ও বৃষ্টিসিক্ত কালো জমিতে সার ছড়ানো যায়। ফ্লুটেড রোলার মিটারিং যন্ত্রকৌশল যা এ যন্ত্রে ব্যবহার করা হয়েছে তা চেইন ও স্প্রোকেটের মাধ্যমে ৩০০মি.মি. ব্যাসার্ধের গ্রাউন্ড ড্রাইভ হুইল থেকে চালিত হয়। হলরেখা সৃষ্টি করার জন্য জুতোর মত নন ক্লগিং বুটসহ বীজকে কাম্য গভীরতায় টেলিস্কোপিক গ্রাউন্ড ড্রাইভ হুইলের সাহায্যে বপন করে।

তিন সারির বীজের ড্রিল ঃ

এটি একটি পশুতে টানা সহজ, হাল্কা এবং ঘনসন্নিবিষ্ট যন্ত্র যা দ্বারা গম, ডাল জোয়ার-বাজরা, সয়াবীন, শুঁটি, মটরশুঁটি, সূর্যমুখী, স্যাফ্লাওয়ার ইত্যাদির বীজ কালো জমিতে বৃষ্টিসিক্ত অবস্থায় বপন করা যায়। ফ্লুটেড রোলার মিটারিং যন্ত্রকৌশল যা এযন্ত্রে ব্যবহৃত হয়েছে তা চেইন ও স্প্রোকেটেব মাধ্যমে ৩০০মি.মি. ব্যাসার্ধের গ্রাউন্ড ড্রাইভ হুইল থেকে চালিত হয়। হলরেখা সৃষ্টির জন্য জুতোর মত দেখতে ননক্লগিং বুটসহ বীজকে কাম্য গভীরতায় টেলিস্কোপিক গ্রাউন্ড ড্রাইভ হুইলের সাহায্যে বপন করে।

তিন সারির বীজ ও সারের ড্রিল ঃ

এটি একটি পশুতে টানা সহজ, হাল্কা এবং ঘনসন্নিবিষ্ট যন্ত্র যা দ্বারা গম, ডাল, জোয়ার-বাজরা, সয়াবীন, শুঁটি, মটরশুঁটি, সূর্যমুখী, স্যাফ্লাওয়ার ইত্যাদির বীজ ও সার কালো জমিতে বপন করা যায়। ফ্লুটেড রোলার মিটারিং যন্ত্রকৌশল যা এ যন্ত্রে ব্যবহৃত হয়েছে তা চেইন ও স্প্রোকেটের মাধ্যমে ৩০০ মি.মি. ব্যাসার্ধের গ্রাউন্ড ড্রাইভ হুইল থেকে চালিত হয়। হলরেখা সৃষ্টির জন্য জুতোর মত দেখতে নন্ ক্লগিং বুটের মাধ্যমে বীজকে কাম্য গভীরতায় টেলিস্কোপিক গ্রাউন্ডড্রাইভ হুইলের সাহায্যে বপন করে।

পশু দ্বারা টানা প্লান্টার ঃ

এটা তিন সারিতে গাছ লাগাবার যন্ত্র যা হেলানো প্লেট মিটারিং যন্ত্রকৌশল দ্বারা চীনে বাদাম, মকাই, পায়রা-মটর, জোয়ার-বাজরা অন্যান্য তৈলবীজ এবং ডাল জাতীয় গাছ লাগানো যায়। এটার মধ্যে বীজ, সারের বাক্স, জমির গভীরতা নিয়ন্ত্রণের চাকা, জুতোর মত দেখতে হলরেখা সৃষ্টির যন্ত্র এবং চেইন স্প্রোকেট ড্রাইভের ব্যবস্থা, অ্যালুমিনিয়াম ফ্লুটেড রোলারের দ্বারা সারের মিটারিং ব্যবস্থা করা যায়।

যন্ত্রচালিত টিলার দ্বারা টানা বীজ ও সারের ড্রিল ঃ

এ ড্রিলটির বিশেষ করে যন্ত্রচালিত ৮-১০ অশ্বশক্তির টিলারের সঙ্গে ব্যবহারের জন্য নক্সা করা হয়েছে যাতে বীজ বপন এবং সার ছড়ানোর কাজটা সারিবদ্ধভাবে হয়। এটা বিভিন্ন ফসলের মাঝারি বা ভারী ধরণের মাটিতে বীজ বপনের জন্য যেমন- গম, সয়াবীন, বাংলা ডাল, জোয়াব-বাজরা ইত্যাদি বপনের জন্য ব্যবহার করা হয়। এর মধ্যে একটি প্রধান কাঠামো, বীজ ও সারে বাক্স, মিটারের যান্ত্রিক কৌশল, পবিবহণের চাকা, হলরেখা সৃষ্টির জন্য যন্ত্র ও হিচ ব্যবস্থা আছে।

যান্ত্রিক টিলার চালিত টিল প্লান্ট যন্ত্র ঃ

১০-১২ অশ্বশক্তি বিশিষ্ট যান্ত্রিক টিলারের সাথে সামঞ্জস্য বেখে এই যন্ত্রের বিশেষ নক্সা করা হয়েছে। এ যন্ত্রের কাজ হল বীজতলা তৈরী করা এবং একই সাথে মাঝারি বা ভারী মাটিতে বীজ বপন বা সার ছড়ানো। এটি গম, বাংলা ডাল, সয়াবীন প্রভৃতিব জন্য উপযুক্ত। এটা গঠিত হয়েছে একটি প্রধান কাঠামোয় প্রমাণ মাপের হিচের সাথে, বীজ, সারের বাক্স, পরিবহণের চাকা চালানোর ব্যবস্থা ইত্যাদি দিয়ে।

বীজ বপনের স্বয়ংসম্পূর্ণ যন্ত্র ঃ

এটি ছোট এবং বড় বীজ বপনের জন্য একটি ২৫ অশ্বশক্তি সমন্বিত বা তার বেশী ক্ষমতার একটি ট্রাক্টর চালিত যন্ত্র। এটি চীনে বাদাম, সর্ষে, সয়াবীন, বাংলা ডাল প্রভৃতি বপন করবার ... যুক্ত। এটা একটা স্বয়ংসম্পূর্ণ কাঠামো, প্রত্যেকটি সারির ... একটি করে হপার বীজ ও সার প্রকোষ্ঠ সহ, খাড়া রোলার, মিটারের যান্ত্রিক ব্যবস্থা, মাটিতে চালাবার জন্য চাকা দিয়ে গঠিত।

ব্যবসায়িক বায়ুচালিত বীজবপনের যন্ত্র ঃ

